শ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও অনুবাদ

Sulekha

(শ্রী হরিদাস দাসের সংগৃহীত)
খাতা নং — ১১

Out of 19 Khatas

Khata no — 11

মোট ১১খানি খাতার মধ্যে খাতা নং ৭

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের্ অন্বয় ও বঙ্গানুবাদ =

দ্বাদশ সর্গ (Contd)

৮৫) হরে (হে শ্রীকৃষ্ণ!) ~~সেই দেখুন~~ সুদীর্ঘনামা ইতি (সুদীর্ঘ নামা-নামক) সুপক্কমাকন্দে (সুপক্ক আম্র ফলের মধ্যে) বিদ্রুতচঞ্চুং পিকম্ আকলয্য (কোকিল পক্ষীকে চঞ্চু বিন্যাস অর্থাৎ আঘাত করিতে দেখিয়া, [শ্রীরাধার মুখে আপনার চুম্বনকালীন ওষ্ঠ-সংযোগের স্মরণ হওয়ায়]) পুর: (সম্মুখভাগে) নিজালী: (নিজ সখীগণকে) স্মেরাননা: প্রেক্ষ্য (মুখে মৃদু হাস্য প্রকাশ করিলে তাহা দেখিয়া) বিনম্রবক্ত্রাং প্রিয়াং পশ্য (অতএব তোমার প্রিয়তমা মুখ নত করিতেছেন, লক্ষ্য কর)।। ৮৫।।

৮৬) স: অয়ং (এই, সেই সুপ্রসিদ্ধ) তমাল: (তমাল তরু) ইহ (এখানে) চারুতল্লীতট-ভুবি (সুরম্য ক্ষুদ্র সরোবরের তটভাগে) নমল্লোললোলালিমালা-চিল্লীভি: (অতিচঞ্চল ভ্রমরশ্রেণীরূপ ভ্রূভঙ্গীযুক্তা), ক্রুধ্যৎকন্দর্প-মল্লীকৃত-কুসুমচয়োদ্যৎস্মিতাভি: ([এবং] অতিক্রুদ্ধ কন্দর্প কর্তৃক মল্লরূপে সম্পাদিত কুসুমরাজিরূপ ঈষৎ হাস্য বিশিষ্টা), মল্লীবল্লীমতল্লী-ততিভি: (সুপ্রশস্ত মল্লিকালতারাজির সহিত) মাধুহল্লীশকেলিং (মনোহর হল্লীশ-নৃত্যের) বিদধৎ (অনুষ্ঠান করিতে করিতে) মদবল্লবীভি: (সুন্দরী

গোপাঙ্গনাগণের সহিত [মিলিত ও নৃত্যরত]) শ্রীগোপ-
পল্লীপতিসুতঃ ইব (শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দনের ন্যায়)
চকাস্তি? (শোভা পাইতেছে?) ॥৮৭॥

৮৮। রাধামুকুন্দৌ (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) মধুমঙ্গলস্য (মধু-
মঙ্গলের) বাচং (বাক্য) নিশম্য (শ্রবণ করিয়া)
স্মিত-শোভিতাস্যৌ (মুখে হাস্যশোভা ধারণপূর্বক)
পরস্পরং শ্রবণে (পরস্পর পরস্পরের কর্ণে) বৃন্দা-
বিতীর্ণেন (বৃন্দাদেবী-প্রদত্ত)
শিরীষপুষ্পস্তবকান্ (শিরীষপুষ্পের স্তবকরাজি)
ন্যধত্তাং (বিন্যস্ত করিয়াছিলেন) ॥৮৮॥

৮৯। [অনন্তর] কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) করারবিন্দেন (স্বীয় করকমল
দ্বারা) প্রিয়ায়াঃ (প্রিয়তমার) পরাগপাংশুলান্
(পুষ্পপরাগ-ধূসরিত) অলকান্ (চূর্ণকুন্তলসমূহকে)
ব্যতুস্তুষৎ (ধূলিমুক্ত করিলেন)।
অথ (অতঃপর) সা অপি (শ্রীরাধাও) বিকাশিদোর্মূলং
(বাহুমূল প্রদর্শনপূর্বক) অস্য (শ্রীকৃষ্ণের) চূড়োপরি-
কেকিচন্দ্রকান্ (চূড়ার উপরিস্থিত ময়ূরপুচ্ছ সমূহকে
[illegible]) অলকান্ অপি (চূর্ণ বা কুন্তল কেশকলাপকে [ধূলিমুক্ত
করিয়াছিলেন]) ॥৮৯॥

১০। [অনন্তর শ্রীকৃষ্ণ] প্রিয়াং (প্রিয়তমার) হৃদি স্পৃশন্
(বক্ষঃস্থল স্পর্শ করিয়া) আহ (বলিলেন) প্রিয়ে
(হে প্রিয়তমে!) শৈত্যগুণঃ (শৈত্যগুণ) নিদাঘতাপৈঃ
(গ্রীষ্মসন্তাপে) উপতাপিতঃ (পীড়িত হইয়াই) অভিতঃ
পলায়মানঃ (সকল স্থান হইতে পলায়নপূর্বক) তব
(তোমার) কুচশৈলদুর্গং (স্তনরূপ গিরিদুর্গে)
সমাশ্রিতঃ অস্তি কিম্ (আশ্রয় গ্রহণ করিয়াছে কি)? ॥১০॥

১১। কান্তে (হে প্রিয়তমে!) সকান্তাঃ খগাঃ (নিজ-নিজ-
প্রিয়ার সহিত বিহঙ্গগণ) ত্বদ্বক্ত্র-শুভ্রকিরণোদয়বাম্বু-
পূরে (তোমার মুখচন্দ্রের উদয়হেতু জলপ্রবাহশালী)
সুধাংশুমণিবদ্ধ-নগালবালে (চন্দ্রকান্তমণিবিরচিত
বৃক্ষালবালে অর্থাৎ বৃক্ষমূলবেষ্টক খাতবিশেষে)
স্নাত্বা (স্নান করিয়া) সলিলং নিপীয় (জলপান করিয়া)
বিগতোষ্ণতাপাঃ (গ্রীষ্মসন্তাপমুক্ত হইয়া) তৎসেতু-
মূর্ধ্নি (উক্ত আলবালের উপরি ভাগে) বিলসন্তি
(বিলাস করিতেছে)॥১১॥

১২। ততঃ (অনন্তর) সুবলঃ অপি (সুবলও) তৌ রাধাকৃষ্ণৌ
(সেই শ্রীরাধাকৃষ্ণকে) প্রাহ (বলিলেন) অয়ে
([তোমরা] সম্মুখে) প্রাবৃড় রম্যং (বর্ষাগমে রম্য)

বনভাগং (বন-বিভাগ) পশ্যতং (দর্শন কর) ইহ (এখানে) এষ: (এই) মত্তময়ূরব্রজ: (মত্ত ময়ূরবৃন্দ) প্রনয়াকৌ বাং (প্রেমমত্ত তোমাদের উভয়কে) বিদ্যুন্মেঘৌ মত্বা (বিদ্যুৎ ও মেঘ মনে করিয়া) আরাৎ (নিকটেই) নৃত্যতি (নৃত্য করিতেছে) ॥ ৭২ ॥

৭৩ পশ্যতং (ঐ দেখ) অস্মিন্ (এ স্থানে) আত্তগর্বা: (গর্বরতা), ছন্দতঃ: (ছায়াপরায়ণা) মালিকা: (মালিকা-রাজি) মল্লীমতল্লী-কুলপালিকানাং (সুপ্রশস্ত মাল্লিকারূপা কুল পালক্ষীগণের) অঙ্কে (ক্রোড়দেশে) নিষণ্ণান্ (অবস্থিত) মুলোলান্ (অতি চঞ্চল) ভ্রমরান্ (ভ্রমরগণকে) স্বসৌরভৈ: (নিজ সৌরভ-দ্বারা) কর্ষন্তি (আকর্ষণ করিতেছে) ॥ ৭৩ ॥

৭৪ অস্মিন্ (এই স্থানে) বর্ষাবর্ষোর্জিতা (বর্ষাঋতুর মেঘাগমে বৃষ্টির জললাভে সুসমৃদ্ধা) ভৃঙ্গালি-ললিতা (ভ্রমর বৃন্দের গুঞ্জনহেতু সুরম্যা [এবং]) ঘন-মেঘাবৃতা (নিবিড় মেঘাচ্ছন্না) অটবী (বৃন্দাটবী) যূথী-যূথীকৃতালিকা (যূথিকা পুষ্পরাশি-দ্বারা ভ্রমরগণকে একত্রিত করিয়া) ভাতি (শোভা পাইতেছে) ॥ ৭৪ ॥

১৫। অস্মিন্ (এই বনবিভাগে) অভ্রং (আকাশমণ্ডল) অভ্রাবৃতং (মেঘাচ্ছন্ন), ভুবনং (জগৎ অর্থাৎ ধরাতল) ভুবনাপ্লুতং (জলপ্লাবিত [এবং]) ককুভঃ (দিক্‌সমূহ) ফুল্লৈঃ (বিকসিত) ককুভৈঃ (অর্জুনবৃক্ষ [ও]) নীপকদম্বকৈঃ চ (কদম্ব বৃক্ষবৃন্দ দ্বারা) ব্যাপ্তাঃ (পরিব্যাপ্ত হইয়াছে)॥১৫॥

১৬। ইহ (এখানে) পিকালী (কোকিলগণ) মুদা (হর্ষভরে) আলোলগীতি (মঞ্জুস্বরে আলাপ করিতেছে); দাত্যূহমালা অপি চ (ডাহুকপক্ষিগণ) কোকগীতি (অব্যক্ত নিনাদ করিতেছে); অত্র চ (আর, এখানে) চাতকালিঃ হি (চাতকশ্রেণিও) ঝংকারগীতি (উচ্চ রব করিতেছে; [এবং]) শালূরবীথিঃ (ভেকসকল) পরিরোরগীতি (বারম্বার নিনাদ করিতেছে)॥১৬॥

১৭। অত্র (এখানে) এষা (এই) বকালিঃ (বকশ্রেণি) বিরাবগীতি (অতিশয় রব করিতেছে); শিখাবলশ্রেণী অপি (ময়ূরবৃন্দ) দংগীতি (পুনঃ পুনঃ কেকারব প্রচার করিতেছে); কোয়ষ্টিকালী (টিট্টিভ পক্ষিগণ) প্রনিনাদগীতি (প্রকৃষ্টরূপে নিনাদ করিতেছে [এবং]) অত্র (এখানে) মদ্গুমণ্ডলিঃ চ (মদ্গু অর্থাৎ পানকৌড়ি পক্ষিগণও) প্রসংস্বনগীতি (উচ্চকণ্ঠে শব্দ করিতেছে)॥১৭॥

৯৮। পুর: ([হে দেবদ্বয়] সম্মুখভাগে) ঘনাবলী-নীল-নিচোল-সংবৃতা (মেঘমালারূপ উত্তরীয়-বসনে আবৃতা), বলাকিকা-মৌক্তিকহারধারিণী (বকবৃন্দরূপ মুক্তাহার-বিভূষিতা [এবং]) বলারি-কোদণ্ডক-মণ্ডনা (ইন্দ্রধনুরূপ অলঙ্কারে সুশোভিতা) প্রাবৃট্ (এই প্রাবৃট্ অর্থাৎ বর্ষা) সখী ইব (সখীর ন্যায়) বাং (তোমাদের উভয়কে) নিষেবিতুং ইচ্ছতি (সেবা-করিতে অভিলাষ করিতেছে)।। ৯৮।।

৯৯। অমী (এই) প্রাবৃড্-লক্ষ্মী: (বর্ষা-লক্ষ্মী) বাং (তোমাদের উভয়ের) চরণকমলেষু (পাদপদ্মে) কদম্বৈ: (কদম্বপুষ্পবিরচিত) প্রালম্বান্ (লম্বমান হার সমূহ), কুটজকুসুমৈ: (কুটজ-পুষ্পবিরচিত) গর্ভকবরান্ (উত্তম কেশভূষণ পুষ্পমাল্য সমূহ), রঞ্জনযুতৈ: (রঞ্জন নামক বৃক্ষের পুষ্পযুক্ত) কেতক্যা: দলসমুদয়ৈ: (কেতকীপুষ্পের পত্র-রচিত) কিরীটান্ (কিরীটবৃন্দ [এবং]) স-ককুভৈ: (অর্জুন বৃক্ষের পুষ্পযুক্ত) স্ফুটৈ: যূথী-পুষ্পৈ: (বিকসিত যূথিকা-কুসুম রাশি রচিত) বিবিধ-হারান্ অপি (নানাবিধ হারসমূহ) অর্পয়তি (অর্পণ করিতেছে)।। ৯৯।।

১০০।
[হে ব্রজেশ্বরনন্দন!]
সা (এই বর্ষালক্ষ্মী) ত্বয়ি (তোমার নিমিত্ত) পক্বতালৈঃ (পক্ব তালফল সমূহ দ্বারা) তব (তোমার) দয়িতায়াঃ (প্রিয়তমার) ঘুসৃণ-মদবিলিপ্তোরোজয়োঃ (কুঙ্কুম ও মৃগমদবিলিপ্ত কুচযুগলের), পক্বজম্বূফলৈঃ (সুপক্ব জম্বুফলরাশি দ্বারা) লসদলকততীনাং (সুশোভন অলকরাজির [ও]) পক্বখর্জূরকৈঃ (পক্ব খর্জুর ফলসমূহ দ্বারা) অঙ্গুলী-পর্ব-কান্তেঃ (সুরম্য অঙ্গুলী-গ্রন্থিসমূহের) উপমিতিং (সাদৃশ্য) আভিধত্তে (প্রকাশ করিতেছে)॥ ১০০॥

১০১। কৃষ্ণং বিনা (শ্রীকৃষ্ণব্যতীত) কঃ বা (কেই বা) সুশীলঃ (সর্বমনোহর-লীলারতি, [আর]) ব্রজং বিনা (ব্রজব্যতীত [অন্যত্র]) ক্ব বা (কোথায়ই বা) লীলা (লীলা [হয়?]) ইতি— দাত্যূহৈঃ (ডাহুক পাখিগণ) 'কো বা কো বা ক্ব বা ক্ব বা' ইতি বিরুতৈঃ ('কো বা কো বা ক্ব বা ক্ব বা' ইত্যাকার উচ্চনিনাদে) ইতি (ইহাই) ভণ্যতে (ব্যক্ত করিতেছে)॥ ১০১॥

১০২। নিতরাং (নিরন্তর) স্বলীলা-ঘনরসভাবিতৈঃ (নিজ-লীলা-দ্বারা ঘনরস অর্থাৎ বাৎসল্যাদি রসসমূহরূপ বারি-বিতরণপূর্বক) প্রাবৃষং (বর্ষাকালের) সংসৃজন্তং (সৃষ্টিকারী) কৃষ্ণং হিত্বা (শ্রীকৃষ্ণব্যতীত) ক্বচিৎ

অপি চ (কোন দেশে বিশেষে) কদা অপি (কোন কাল-
বিশেষে) অম্বুবৃষ্টিং দদানাঃ (জলবর্ষণকারী) পয়োদাঃ
কে বা? (মেঘসকল কে? [আর]) ষড়্‌জুষু ধ্বনিতঃ
(ষড়্‌জস্বরের মতো ধ্বনিত), ধামধূমপ্রধানঃ (ধামধ্বয়-
সমন্বিত) সঃ (সেই) প্রাবৃট্‌কালঃ কঃ বা? (বর্ষাকাল ই
বা কে?) ইতি (এইরূপে) ভেকাঃ (ভেকসমূহ)
প্রহর্ষাৎ (অতিশয় হর্ষভরে) কেকোক্তিনাদৈঃ ('কোঁকোঁ'
~~এইরূপ~~ ধ্বনি দ্বারা) দিশি দিশি (চতুর্দিকে) তান্‌
তং চ (মেঘসমূহকেও বর্ষাকালকে) নিন্দন্তি
(নিন্দা করিতেছে) ॥১০২॥

১০৩। অলং তৎ (ঐ দেশে) মধুস্রাবঃ (বৃক্ষরাজির পুষ্পমধু-
বর্ষণ) বর্ষায়তে (বর্ষার ন্যায় আচরণ করিতেছে);
মধুপালী ([আর] ভ্রমরবৃন্দ) ঘনায়তে (মেঘের
ন্যায় আচরণ করিতেছে, [এবং]) পুরঃ (সম্মুখ-
বর্তী) ইয়ং (এই) কদম্ববাটী (কদম্ববাটিকা)
দুর্দিনায়তে (মেঘাচ্ছন্ন দিনের ন্যায় আচরণ অর্থাৎ ছায়া দান
করিতেছে) ॥১০৩॥

১০৪। অস্মিন্‌ (এইস্থানে) স্বপ্রেয়সা (নিজ প্রিয়া ময়ূরীর
সহিত) বিলসন্‌ (বিলাসরত) [অসৌ] শিখণ্ডী (ময়ূরটি)

পুরঃ (সম্মুখভাগে) মধ্যেতাঃ (মধ্যগত) শিখণ্ডিনীঃ বীক্ষ্য (অপর ময়ূরীগণকে দর্শন করিয়া) নিজপিচ্ছতত্যা (নিজ পুচ্ছপুঞ্জ দ্বারা) তাঃ আচ্ছাদয়ন্ (নিজ ময়ূরীকে আচ্ছাদন করিতে করিতে) তাঃ (অপর ময়ূরীগণকে) পুরতঃ স্থিত্বা (সম্মুখে করিয়া) নৃত্যতি (নৃত্য প্রকাশ করিতেছে)॥ ১০৪॥

১০৫। রাধাশম্পালিঙ্গিতঃ (শ্রীরাধারূপা বিদ্যুৎকর্তৃক আলিঙ্গিত) এষঃ (এই) কৃষ্ণমেঘঃ (শ্রীকৃষ্ণরূপী মেঘ) ইত্থং (এইরূপে) প্রাবৃষেণ্যাং তাং শ্রিয়ং (বর্ষাকালীন সেই বিচিত্র শোভাসম্পদের) পুষ্ণন্ (পুষ্টি সাধন করিতে করিতে) আলীচক্ষুশ্চাতকান্ (সখীগণের নয়নরূপ চাতকগণের) মুহুঃ (সম্যক্‌ভাবে) প্রীণন্ (সন্তোষ বিধানে রত থাকিয়া) স্বৈঃ (স্বীয়) লীলামৃতৈঃ (লীলামৃত-রাশিদ্বারা) বিশ্বং সিঞ্চতি (নিখিল ব্রহ্মাণ্ডকে সেচন করিতেছেন)॥ ১০৫॥

১২। শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে (যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ শ্রীমদ্ রূপ গোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে

(পরম ধার্মিক বিদ্বান্ সুপণ্ডিত শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামিপাদ যাঁহার বিষয়ে উপদেশ করিয়াছেন), শ্রীজীবসন্তোষদং তে (শ্রীজীব গোস্বামিপাদের সন্তোষ ফলে যাহার উদ্ভব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথ ভট্ট বরতে (শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরের বা অনুগ্রহের ফলে যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক সেই কাব্যের অন্তর্গত), মধ্যাহ্নলীলানু (শ্রীরাধাকৃষ্ণের] মধ্যাহ্নলীলা বিষয়ক) এষঃ (এই) দ্বাদশঃ (দ্বাদশ) সর্গঃ (সর্গ) সুষ্ঠু (সুন্দরভাবে) নিরগাৎ (সমাপ্ত হইল) ॥ ১২॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে শ্রীরাধাকৃষ্ণের
মধ্যাহ্নলীলায় শ্রীবৃন্দাবন-বন বিহার
দ্বাদশ সর্গ মূলসহ বঙ্গানুবাদ
সমাপ্ত।

ত্রয়োদশ সর্গ

১। ততঃ (অনন্তর) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) তৈঃ (পূর্বোক্ত সকলের সহিত) কানন-ভাগয়োঃ (বর্ষা ও শরৎ ঋতুর অধিকৃত বনবিভাগদ্বয়ের) সীমাং (সীমায়) আগতঃ (উপস্থিত হইয়া) কান্তায়ৈ (প্রিয়তমার নিকটে) ঋতুযুগ্মশ্রিয়া অন্বিতাং (ঋতুযুগলের সম্পদ্‌রাশি দ্বারা সুসমৃদ্ধ) তচ্ছোভাং (তদীয় শোভা) আহ (বর্ণন করিতে লাগিলেন)।।১।।

২। প্রিয়ে (হে প্রিয়ে!) পুরঃ পশ্য (সম্মুখে এই দেখ) নির্যদ্‌বর্ষাশ্রী বাল্যোদ্যচ্ছরত্তরুণিমাঙ্কুরা (যাহার বর্ষারূপ বাল্যদশার ক্ষয় হইয়া শরৎরূপ নবীন তারুণ্যের উদয় হইতেছে, এই) অটবী (বৃন্দাটবী) কিশোরীতনুবৎ (কিশোরীর দেহলতার ন্যায়) ভাতি (শোভা পাইতেছে)।।২।।

৩। অসৌ (ঐ) ভ্রমরঃ (ভ্রমরটি) কালে (সম্প্রতি) প্রবয়স্কাম্ ইব (বর্ষীয়সী নায়িকার ন্যায়) প্রাবিগত-কুসুমাং (কুসুমসম্পদ্‌-রহিতা) যূথিকাং হিত্বা (যূথিকা-লতাকে ত্যাগ করিয়া) মুগ্ধাম্ ইব (মুগ্ধা নায়িকার ন্যায়) প্রোদ্যৎকুসুমাং (নবীন-কুসুমসম্পত্তিশালিনী) জাতীং (মালতীলতার সহিত) সংমিলতি (সম্যগ্‌ভাবে মিলিত হইতেছে)।।৩।।

~~[কাটা]~~) সংমিলতি (মিলিত হইতেছে)॥ ৩॥

৪। পরিণত-বয়-গুঞ্জা-পুঞ্জ-শোণা (পরিপক্ক উত্তম গুঞ্জাফলরাশির পতনহেতু রক্তবর্ণা) ইয়ং (এই) অটবী (বনভূমি), পতিতালীনশিখণ্ডা (পতিত ময়ূরপুচ্ছরাশির শোভাযুক্ত [ও]) কাশ-পুষ্পৈঃ স্মিতা (কাশপুষ্পের বিকাশে শুক্লবর্ণ) ভূঃ (ধরাতল), মূকা (মৌনভাবাপন্ন) শিখিততিঃ (ময়ূরবৃন্দ), বাগ্মিনী হংসপংক্তিঃ এব অপি (এবং নিনাদরত হংসসমূহ) নঃ (আমাদিগকে) শারদীং (শরৎ-সম্বন্ধিনী) ঋতুলক্ষ্মীম্ (ঋতুলক্ষ্মীর) আগতাং (আগমন) কথয়তি (জ্ঞাপন করিতেছে)॥ ৪॥

৫। সুমুখি (হে সুমুখি!) তদানীং (মুরলীর সন্ধানকালে) ~~[কাটা]~~ অহং (আমি) যাং যাং (যে যে) সখীততিং (সখীবৃন্দের) সমার (অভিমুখে গমন করিয়াছিলাম), সা সা (সেই সেই সখীবৃন্দ) যদ্বৎ (যেরূপ) চকিতা (চঞ্চলভাবে) অপসসার (পলায়ন করিয়াছিল, [সেইরূপ]) সতৃষ্ণঃ (তৃষ্ণাকুল) অলিঃ (ভ্রমরও) মুদা (হর্ষভরে) যাং যাং (যে যে) শেফালিকাকুসুমপালিং

(শেফালিকা-কুসুম-সমূহকে) সম্পাতি (সমর্পণ করিয়াছে), যা যা (যেই যেই শেফালিকা) সংস্খলতি স্ম (ভূতলে স্খলিত হইয়াছে)॥ ৫॥

৬। অয় (অয়ি) কুন্দলতা (কুন্দলতা) অবদৎ (বলিলেন), বৃন্দাবনেশ্বরৌ! (হে বৃন্দাবনের ঈশ্বরি ও ঈশ্বর! [তোমরা]) অগ্রতঃ (সম্মুখে) বাং (তোমাদের উভয়ের) বয়স্যয়া (বয়স্যা) শরদা বিভূষিতং (শরৎ কর্তৃক অলঙ্কৃত [এবং]) ইহ (এস্থানে) শরচ্ছোভয়া (শরৎকালীন সৌন্দর্য হেতু) অথবা 'শরচ্ছোভা' নামে বিশ্রুতং (বিখ্যাত) ইমং (এই) বনভাগং (বনবিভাগ) নিচায়তং (দর্শন কর)॥ ৬॥

৭। নাথৌ! (হে ঈশ্বরি, হে ঈশ্বর!) পশ্যতং (এই দেখ), অত্র (এস্থানে) চঞ্চৎ-খঞ্জন-লোচনা (চঞ্চল খঞ্জন-যুগলরূপ নয়নযুগল বিশিষ্টা), অম্বুজমুখী (কমলরূপ বদনশোভা-সম্পন্না), লোলালি-সালালকা (চঞ্চল ভ্রমর বৃন্দরূপ অলকরাজি শোভিতা), খেলৎকোককুচা (ক্রীড়ারত চক্রবাকযুগলরূপ স্তনযুগলশালিনী), সিতচ্ছদ-সিচয়া (শুক্ল জলদ বসনা), রক্তোৎপলৌষ্ঠাধরা

(রক্তোৎপলরূপ ওষ্ঠাধরযুক্তা), কুরুৎসারস-আলী-
রম্যরসনা (কলনাদী সারস শ্রেণীরূপ রমণীয়
কাঞ্চীবিভূষিতা), নীলোৎপললোত্তংসিকা ([এবং]
নীলোৎপলরূপ কর্ণভূষণালঙ্কৃতা), ইয়ং (এই)
সখী শরৎ (সখী শরৎ) বঃ (তোমাদের উভয়ের)
সেবোৎসুকা আস্তে (পরিচর্যার নিমিত্ত উৎকণ্ঠিতা হইয়া
বিরাজ করিতেছে)॥ ৭॥

৮ শরৎসহচরী (এই শরৎসখী) কুঞ্জগৃহে (নিকুঞ্জ-
ভবনে) সহ রঞ্জনাভিঃ (রঞ্জনপুষ্পের সহিত) জাতীভিঃ
(মালতীপুষ্পসমূহ দ্বারা) অম্লানালঙ্কৃতীঃ (সর্বাঙ্গের
অলঙ্কার), কৈরবৈঃ (শ্বেতকুমুদপুষ্পসমূহ দ্বারা)
উত্তংসান্ (শিরোভূষণ), সুভগৈঃ (সুরম্য)
রক্তোৎপলেন্দীবরৈঃ (রক্তোৎপল-ও নীলকমলসমূহ দ্বারা)
অবতংসকান্ চ (কর্ণভূষণ [এবং]) স্বয়ং নিপাতিতৈঃ
(স্বয়ং ভূ-পাতিত) শেফালিকা-সঞ্চয়ৈঃ (শেফালীপুষ্প-
রাশি দ্বারা) শয্যাং (শয্যা) নির্মায় (রচনা করিয়া)
অর্পয়িতুং ([এই সমুদয়] সমর্পণ করিবার নিমিত্ত)
বঃ (তোমাদের) বর্ত্ম (পথের দিকে)
সংবীক্ষতে (দৃষ্টিপাত করিতেছে)॥ ৮॥

৩৭।২০। প্রফুল্লসপ্তচ্ছদদানসৌরভঃ (সপ্তপর্ণ বৃক্ষের পুষ্প-বিকাশে মদগন্ধশালী), সিতাম্বুদালী-কুথসংবৃতাঙ্গঃ (শুক্ল মেঘরূপ কম্বল দ্বারা সর্বাঙ্গে আবৃত), কাশপ্রসূনাবলি-চারুচামরঃ (কাশপুষ্পরূপ সুন্দর চামর শোভিত), সরোনদোত্থালি-বিরাব-বৃংহিতঃ (কামমত্ত ভৃঙ্গবৃন্দের গর্জনরূপ বৃংহনধ্বনিযুক্ত), নভোনদৎ-সারস-কিঙ্কিণীকলঃ (আকাশমার্গে সারস-পক্ষীদের ধ্বনিরূপ কিঙ্কিণী-ধ্বনিশালী), ঘনমরালাদিক-পত্রি-নিস্বনদ্ঘণ্টাচয়ঃ (কলরব-রত হংসাদি পক্ষিবৃন্দ-রূপ ঘণ্টাধ্বনিসম্পৃক্ত), সঃ অয়ং (এই সুপ্রসিদ্ধ), শরৎকাল-মনোজ্ঞবারণঃ (শরৎঋতু কন্দর্প-মহারাজের বাহন কুঞ্জরের রূপে) কাননে (বনমধ্যে) পুরঃ (সম্মুখভাগে) দীব্যতি (বিলাস করিতেছে)।। ৩৭।২০।।

৩৮। সদা (সর্বদা) কমলাকরলালিতা (কমলাকর অর্থাৎ পদ্মবনদ্বারা পরিপুষ্টা, ভগবত্তনুপক্ষে— কমলা অর্থাৎ লক্ষ্মীদেবীর কর বা হস্তদ্বারা সেবিতা), পরমহংস-কুলৈকসংশ্রয়া (রাজহংসগণের একমাত্র আশ্রয়ীভূতা, পক্ষান্তরে — পরমহংসগণের একমাত্র গতিস্বরূপা), বিলসচ্চক্ররুচিঃ (বিলাসশীল চক্রবাক-পক্ষিকুলের শোভাযুক্তা, পক্ষান্তরে— সুদর্শন চক্র-শোভিতা)

এষা শরৎ (এই শরৎ) ভগবত্তনূঃ ইব (ভগবানের তনুর ন্যায়) ভূরঃ (সম্পূর্ণভাবে) ব্যভৌৎ (বিরাজ করিতেছে)॥ ১১॥

১২। অথ (অতঃপর) তে (তাঁহারা) সর্বে (সকলে) তদধঃস্থিতাঃ (পক্ক আম্রতরুর নিম্নভাগে অবস্থান করিয়া) পক্কাচূতফলদ্রুমে (পক্কফলশালী আম্রবৃক্ষে) শারিকাবৃন্দৈঃ (সারিকাগণের সহিত) শুকানাং (শুকপক্ষিগণের) বিতণ্ডাং (বিবাদ) শুশ্রুবুঃ (শ্রবণ করিয়াছিলেন)॥ ১২॥

১৩। [শুকগণের উক্তি—] বয়ং (আমরা) বেদান্তাধ্যাপনাচার্যাঃ (বেদান্তশাস্ত্রের অধ্যাপনের গুরু [ও]) অনূচানাঃ (শাস্ত্রজ্ঞ গুরুর নিকট হইতে পাঠপ্রাপ্ত) দ্বিজাঃ (দ্বিজ বলিয়া) স্ত্রীভিঃ (স্ত্রীলোকগণকর্তৃক) আস্পৃষ্টবৃক্ষাণাং (স্পৃষ্ট বৃক্ষসমূহের) ফলভক্ষণাৎ (ফল ভক্ষণ করিলে) পতামঃ (পতিত হইব)॥ ১৩॥

১৪। দাসিকাঃ শারিকাঃ! (হে দাসী শারীগণ!) প্রতুষ্যতা বৃন্দাবনেশেন (বৃন্দাবনাধীশ্বর শ্রীকৃষ্ণ অতিশয় সন্তুষ্ট হইয়া) অস্মভ্যং (আমাদিগকে) এতৎ (এই) বনং (বন) দত্তম্ (দান করিয়াছেন);

তস্মাৎ (সেইহেতু [তোমরা]) অন্যত্র (অন্যত্র) গচ্ছত (গমন কর)।১৪॥

১৫। [সারিকাগণের উক্তি — হে শুকগণ!] যূয়ং (তোমরা) প্রভুদ্বিষ: (রাজদ্রোহী) প্রজা: (প্রজা); যৎ (যেহেতু) রাধা এব (শ্রীরাধাই [যে]) বনেশ্বরী (এই বনের অধীশ্বরী) পুরাণেষু (পুরাণশাস্ত্রসমূহে) ইদম্ এব (ইহাই) উক্তং (কথিত হইয়াছে যে), বৃন্দাবনে বনে রাধা (শ্রীরাধা বৃন্দাবননামক বনের অধীশ্বরী)।১৫॥

১৬। [শুকগণের উক্তি —] যৎ (যেহেতু) শ্রুত্যা (শ্রুতি) এতৎ বনং (এই বনকে) কৃষ্ণবনত্বেন (শ্রীকৃষ্ণের বনরূপে) গীয়তে (কীর্তন করিয়াছেন), তৎ (সেই হেতুই) শ্রুত্যা (শ্রুতিদ্বারা) স্মৃতি: (স্মৃতির) বাধিতা হি (বাধা যে অবশ্যই হইয়াছে) স্বয়ং (স্বয়ংই) বিচারয়ত (ইহা বিচার করিয়া দেখ)।১৬॥

১৭। হরে: (শ্রীকৃষ্ণের) ইয়ং বনেশতা (এই বনের আধিপত্য) সমস্তলোকবিশ্রুতা (সর্বলোকে সুবিখ্যাত), শ্রুতিস্মৃতিপ্রমাণিকা ([ও] শ্রুতিস্মৃতিপ্রমাণমূলক), জগন্মন:প্রমোদিকা ([এবং] জগদ্বাসী প্রাণিমাত্রেরই চিত্তের হর্ষজনক)।১৭॥

১৮। [সারিকাগণের উক্তি—] অত্র বনে (এই বনে) রাধায়াঃ (শ্রীরাধার) কেবলঃ (কেবলমাত্র) স্ব-স্বামিসম্বন্ধঃ ন (স্ব-স্বামিত্ব-সম্বন্ধই নহে), অপি চ (অধিকন্তু) যৎ (যেহেতু) অত্র (এই বনে) তদংশবিম্বতা (শ্রীরাধার অংশাদির প্রতিবিম্ব বর্তমান, [সেই হেতু]) অংশাংশি-সম্বন্ধঃ (অংশাংশিভাবরূপ সম্বন্ধও [রহিয়াছে]) ॥১৮॥

১৯। অন্তঃকৌটিল্য-মালিন্যাঃ (অন্তরে কুটিল ও মলিন), বহির্বীক্ষণ-রঞ্জনাঃ (অথচ বাহিরে নয়নসুখদায়ক) অমী (এই) গোপালাঃ (গোপালকগণ) পক্ব মহাকাল-ফলোপমাঃ ভান্তি (পক্ব মহাকাল বা মাকাল ফলের ন্যায়ই শোভা পাইতেছে) ॥১৯॥

২০। [শুকগণের উক্তি—] নারিকেলফলানাং বা (নারিকেল ফলরাশির ন্যায়) গোপিকানাং (গোপিকাগণের) রসাস্থিতিঃ (রসের অবস্থিতি) বাম্য-বল্কলসংছন্না (বামভাবরূপ বল্কলাচ্ছন্ন [ও]) দৃঢ়মানাস্থিসংবৃতা (সুদৃঢ় মানরূপ অস্থি দ্বারা সমাবৃত) ॥২০॥

২১। মে ([পরন্তু] আমাদের) স্বামিনঃ (প্রভু শ্রীকৃষ্ণের) রসাস্থিতিঃ (রসের অবস্থিতি) দ্রাক্ষাফলোৎকরস্য ইব (দ্রাক্ষাফলরাশির ন্যায়) বহিঃ অন্তঃ চ একরূপা (অন্তরে ও বাহিরে একরূপ [এবং]) দোষত্বগংশবর্জিতা (দোষরূপ ত্বগাংশ-বিহীন) ॥২১॥

২২। [সারিকাগণের উক্তি—] অন্তঃ (অন্তরে) সদা (সর্বদা) রসময়ঃ অপি (রসময় হইয়াও) বহিঃ সমুদ্যৎ-কৌটিল্য-ধার্ষ্ট্য-ময় বল্কল-পর্ব-রূক্ষঃ (বাহিরে প্রকাশিত কুটিলতা ও ধৃষ্টতারূপ বল্কলের ও গ্রন্থিযোগ-হেতু রূক্ষ অর্থাৎ স্নেহশূন্য), বঃ (তোমাদের) অচ্যুতাখ্যঃ (শ্রীকৃষ্ণনামক) অসৌ (সেই) প্রভুঃ (প্রভুটি) ইক্ষুপ্রকাণ্ডঃ ইব (ইক্ষুকাণ্ডের ন্যায়) মানাখ্য-যন্ত্রণং ঋতে (মানরূপ যন্ত্রের সহযোগ ব্যতীত) রসপ্রদঃ ন (রস দান করেন না)।।২২।।

২৩। কৃষ্ণতিলাৎ ইব (কৃষ্ণতিলের ন্যায়) অন্তঃস্নিগ্ধাৎ (অন্তরে স্নিগ্ধ, [অথচ]) বহিঃ শাঠ্য-বল্কলাৎ (বহির্ভাগে শঠতারূপ বল্কলযুক্ত), কৃষ্ণাৎ (শ্রীকৃষ্ণের নিকট হইতে) বাম্য-নিষ্পীড়নাৎ এব (বামভাবরূপ যন্ত্রের প্রবল চাপে পীড়নেই) স্নেহলম্ভনং (স্নেহ অর্থাৎ অনুরাগ লাভ হয় [কৃষ্ণতিলপক্ষে — স্নেহ অর্থ তৈল])।।২৩।।

২৪। [শুকগণের উক্তি—] গোপীশ্রেণী (গোপীগণ) জবালী ইব (জবাপুষ্পরাজির ন্যায়) অন্তোরক্তা (ভিতরে রক্তপূর্ণা), বহিঃ উজ্জ্বলা ([অথচ] বাহিরে দীপ্তিমতী), নীলোৎপলদল-নিভঃ ([আর] নীলোৎপলের পাপড়ি সদৃশ) কৃষ্ণঃ

(শ্রীকৃষ্ণ) সুরুচিঃ সৌরভান্বিতঃ (মনোহর কান্তি ও-
সৌরভ-সম্পন্ন) ॥২৪॥
[সারিকাগণের উক্তি—] "ইয়ং মদীয়া (আমাদের ঈশ্বরী
শ্রীরাধা) মাঞ্জিষ্ঠা ইব (মাঞ্জিষ্ঠার ন্যায়) অন্তঃ বহিঃ
অপি (অন্তরে ও বাহিরে) সদা (সর্বদাই) একরাগা
(একরূপ অনুরাগ, মাঞ্জিষ্ঠীপক্ষে — রক্তিমা, ধারণ
করেন, [পরন্তু]) তে (তোমাদের) অয়ম্ ঈশঃ
(প্রভু শ্রীকৃষ্ণ) স্ফটিকমণিবৎ (স্ফটিকের ন্যায়) নব-
নব-সঙ্গাৎ (নব নব বস্তুর সহযোগে) বিভিন্ন-
রাগঃ (তদনুরূপ রাগ অর্থাৎ মানসিক ভাব,
স্ফটিক পক্ষে — বিভিন্ন বর্ণ [প্রকাশ করেন]) ॥২৫॥
[শুকগণের উক্তি—] "যেন (যিনি) স্ববলানলং
(নিজ-বলরূপ অগ্নি) প্রজ্বাল্য (প্রজ্বালিত করিয়া)
দৈত্যশলভাঃ (দৈত্যরূপ কীটগণকে) দাহিতাঃ
(দগ্ধ করিয়াছেন [এবং]) যেন (যিনি) অদ্রীশঃ
(গোবর্ধন গিরিরাজকে) উদ্ধৃতঃ (উত্তোলন করিয়াছিলেন),
তেন (তাঁহার সহিত) কঃ (কে) সাম্যম্ আপ্নুয়াৎ
(সমতা লাভ করিতে পারে) ॥২৬॥
২৭ [সারিকাগণের উক্তি—] "ব্রজেশ্বরাবর্ধন-তুষ্টাবিষ্কুনা

(ভগবান্ বিষ্ণু ব্রজরাজের আরাধনায় সন্তুষ্ট হইয়া)
কৃষ্ণে (শ্রীকৃষ্ণের মধ্যে) আত্মন: (স্বীয়) অদ্ভুতশক্তিং
নিধায় (বিচিত্র শক্তি সমর্পণ-পূর্ব্বক) বকী-বকাদ্যা:
(পূতনা ও বক প্রভৃতি) সুরারয়: (অসুরগণকে)
নিহতা: (নিহত করিয়াছেন; [পরন্তু]) ইহ (এই বৃন্দা-
বনে) অনভিজ্ঞৈ: (মূঢ় ব্যক্তিগণ) কৃষ্ণে (শ্রীকৃষ্ণেই)
কীর্ত্তি: অর্পিতা ([ঐ সকল অসুরবধের] কীর্ত্তি
আরোপ করিয়াছে)॥২৭॥

~~ইন্দ্র~~ ব্রজস্য বলিভুক্ (ব্রজবাসিগণের প্রদত্ত পূজার উপহার-
সামগ্রী ভোগ করিয়া) অদ্রি: (গিরিরাজ গোবর্দ্ধন)
তুষ্ট: (সন্তুষ্ট হইয়া) স্বয়ং (স্বয়ংই) সমুত্থায়
(ঊর্দ্ধদেশে আরোহণ পূর্ব্বক) নভসি (আকাশমণ্ডলে)
অতিষ্ঠৎ (অবস্থান করিয়াছিলেন; [পরন্তু]) কৃষ্ণ:
(শ্রীকৃষ্ণ) অস্য (গোবর্দ্ধন গিরির) অধ: (অধোভাগে)
হস্তং নিধায় (হস্ত ~~নিক্ষেপ~~ স্থাপন করিয়াই) ধরোদ্ধৃতৌ
(গিরিধারণের) কীর্ত্তিং (কীর্ত্তি) চৌরীচকার
(লাভ করিলেন)॥২৮॥

কাননের উক্তি
অহো (অহো!) যস্য (যাঁহার) ~~কীর্ত্তিং (কীর্ত্তি)~~
সৌন্দর্য্যং (সৌন্দর্য্য) ললনালি-ধৈর্য্য-দলনং (ললনাগণের

ধৈর্য্যকে পরাভব করে); লীলা (যাঁহার লীলা) রমা-সুখহারী (লক্ষ্মী-দেবীরও সুখকে আহরণ করে), বীর্য্যং (যাঁহার বীর্য) কন্দুকিতা-দ্রিবর্য্যং (গোবর্দ্ধন-গিরিরাজকে কন্দুকরূপে পরিণত করে), অমলাঃ গুণাঃ (যাঁহার নির্মল গুণরাশি) পারেপরার্দ্ধং (পরার্দ্ধ-সংখ্যাকেও অতিক্রম করে অর্থাৎ অসংখ্য ও অপরিমেয়), শীলং ([এবং যাঁহার] শীল) (স্বভাব সত্যপরায়ণতা সাধুচরিত্র) সর্বজনানুরঞ্জনং (নিখিল প্রাণিমাত্রের আনন্দ দান করে), বিশ্বজনীনকীর্তিঃ (বিশ্বজনীন কীর্তি-শালী), জগন্মোহনঃ (বিশ্বমোহন), অস্মাদৃশাং (আমাদের) অয়ং স্বামী (সেই প্রভু শ্রীকৃষ্ণ) বিশ্বম্ অবতু (জগতের পরিপালন করুন) ॥২৯॥

৩০। [সখীগণের উক্তি] শ্রীরাধিকায়াঃ (শ্রীরাধার) প্রিয়তা (প্রীতি), সুরূপতা (সৌন্দর্য), সুশীলতা (সুস্বভাব), নর্তন-গানচাতুরী (নৃত্য-গীত-নৈপুণ্য), গুণালি-সম্পৎ (অশেষ গুণসম্পত্তি [এবং]) কবিতা চ (কবিত্বশক্তি) জগন্মনোমোহন-চিত্তমোহিনী রাজতে (জগতের মনোমোহন শ্রীকৃষ্ণেরও চিত্তকে মুগ্ধ করিয়া বিরাজমান) ॥৩০॥

৩১। [শুকগণের উক্তি] কৃষ্ণে (শ্রীকৃষ্ণ) রসয়তি (পরিহাস ও আলিঙ্গনাদিরূপ রসের সঞ্চার করিলে)

রাধা (শ্রীরাধা) তচ্চরণ-সেবাতি-লৌল্যং (তদীয় চরণ-সেবায়ই অতিশয় লোভের) রময়াতি (আস্বাদ করেন; [পরন্তু]) সল্লাং (রসবতী শ্রীকৃষ্ণ সান্নিধ্যায়) অলি: ইব (ভ্রমরের ন্যায়), অসাং রসয়ন্ত্যাং (শ্রীরাধা অনুরাগ সঞ্চার করিলে) স: (শ্রীকৃষ্ণ) তদধররসাত্রং (শ্রীরাধার অধররসই) রসয়াতি (আস্বাদন করেন)। ৩১॥

[সারস্বতীর উক্তি] রাধিকা (শ্রীরাধা) ইহ (এই) বিপিন-বীবৃতি (বৃন্দাবন-প্রদেশে) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) সঙ্গং (সঙ্গ) বাঞ্ছতি (কামনা করেন); তু (কিন্তু) লব্ধং তং (তাঁহাকে লাভ করিলে) ভূমান-বৃষার্কতাপৈ: (প্রবল মানরূপী জ্যৈষ্ঠমাসীয় সূর্যের তাপে) বাধতে (সন্তাপ প্রদান করেন; [এইরূপে তিনি]) তৎপ্রীতিসেবনতঃ (তদীয় প্রীতিসেবাবিমুখ) নামমাত্রা অপি (প্রার্থনা করিলেও) তস্য অলং নাশ্যতি (তাঁহার উপরে যে অতিশয় প্রভুত্ব বিস্তার করেন, [ইহাই]) চিত্রং (অতিশয় আশ্চর্য)॥৩২॥

যা বংশী (যে বংশী) সরিৎস্তম্ভিনী (নদীসমূহের স্তব্ধতা উৎপাদন করে), বিশ্বাকর্ষিণী (বিশ্বকে আকর্ষণ করে), সর্বমোহিনী (সকল লোককে মুগ্ধ করে

[এবং]) স্ত্রীনাং (ললনাগণের) মঙ্ক্ষুধৈর্যোচ্চাটিনী
(শীঘ্রই ধৈর্যের উন্মূলন করে), যা (উহাই)
হরেঃ সঙ্গিনী (শ্রীকৃষ্ণের সঙ্গিনী)।।"৩৩।।

৩৪ [শুকগণের উক্তি] কিং নু (কোন ব্যক্তিই বা) কৃষ্ণস্য
(শ্রীকৃষ্ণের) বংশ্যাঃ (বংশীর) মহিমানং (মহিমা)
কথয়তু (বর্ণন করিতে পারে) যা (যে বংশী) নাদ-
পীযূষবৃষ্ট্যা (নাদরূপ অমৃতবর্ষণদ্বারা) জগদবলানাং
(জগতের নারীগণের) তদিতরপুরুষে (শ্রীকৃষ্ণেতর-
পুরুষবিষয়ক) রাগপঙ্কং (অনুরাগ-পঙ্ক) বিধূয়
(প্রক্ষালিত করিয়া) হৃদি (হৃদয়ে) সহজ-দয়িত-
কৃষ্ণে (নিত্যসিদ্ধ প্রাণবল্লভ শ্রীকৃষ্ণবিষয়ক) রাগং
আবিষ্করোতি (অনুরাগের আবির্ভাব ঘটাইয়া থাকে)।।"৩৪।।

৩৫ অথ (অতঃপর) স্বেশয়োঃ (নিজ-নিজ-ঈশ্বরের ও ঈশ্বরীর)
প্রণয়োন্মদাঃ (প্রণয়ে উন্মত্ত হইয়া) কীরাঃ চ
শার্যঃ চ (শুক ও শারীগণ) স্বস্বগোষ্ঠ্যাং
(নিজ-নিজ-পরিষদে) মুদা (হর্ষভরে) মিথঃ
(পরস্পর) প্রশ্নোত্তরালাপং চক্রুঃ (প্রশ্নোত্তররূপ
এইরূপ আলাপ করিয়াছিল)।।৩৫।।

[কোন শুক অপর শুককে প্রশ্ন করিলেন]

"ভো: (হে গুরু!) ক: (কে) করৈকেন (এক হস্তে) অহার্যং (গোবর্দ্ধন গিরিকে) নভসি (আকাশমণ্ডলে) বিধৃত্য (ধারণ করিয়া) মহেন্দ্র পর্বতাদ্রিং (ইন্দ্রের ~~[illegible]~~ গর্ব রূপ পর্বতকে) অধ: অনয়ৎ (অধ:পাতিত করিয়াছিলেন, [এবং]) ক: (কে) কালিয়াহে: (কালিয় নাগের) ফণবৃন্দরঙ্গে (ফণাবৃন্দ রূপ রঙ্গমঞ্চে) ননর্ত (নৃত্য করিয়াছিলেন), তং বদ" (তাঁহার নাম বল"; [উত্তর]) 'এষ: কৃষ্ণ:' (ইনিই শ্রীকৃষ্ণ')॥ ৩৬॥

৩৭॥ [এক নারী অপর নারীকে প্রশ্ন করিল, হে নারি!] "কা (কে) নিজহৃদি (নিজ বক্ষ:স্থলে) ধৃতবক্ষোজাদ্রি-যুগোপরিষ্টাৎ (ধৃত স্তনদ্বয় রূপ পর্বতযুগলের উপরি-ভাগে) গিরিধরম্ অপি (গিরিধারী শ্রীকৃষ্ণকেও) লীলাপদ্মবৎ (লীলাপদ্মের ন্যায়) বিভর্তি (ধারণ করেন, [এবং]) কা (কে) ভুজগদমন-চেতোবৃত্তি-চঞ্চদ্ভুজঙ্গী-শিরাসি (কালিয়দমন শ্রীকৃষ্ণের চিত্তবৃত্তিরূপা চঞ্চল ভুজঙ্গীর মস্তকে) নটতি (নৃত্য করেন), তাং ব্রূহি" (তাঁহার নাম বল", [উত্তর]) 'সা শ্রীরাধা' (তিনিই শ্রীরাধা')॥ ৩৭॥

* ~~আমিন বহ (এই বৃন্দাবনে)~~

৩৮। [এক পুরুষের প্রতি অপর পুরুষের প্রশ্ন—[illegible] !]
অস্মিন্ (এই) বনে (বৃন্দাবনে) ভাজঃ (প্রেমগ্রহণকারী)
সদা এব মুক্তাঃ (নিত্যমুক্ত ব্রহ্মনিষ্ঠ পুরুষগণ)
তথা (এবং) অতিমুক্তাঃ চ (মাধবীলতা-রাজি) ~~পরি-~~
~~[illegible]~~ কস্য প্রভাবাৎ (কাঁহার প্রভাবে) পরি-
ফুল্লিতাঙ্গাঃ (নিজ-দেহে প্রফুল্লতা লাভ করিয়া)
স্বৈঃ রসৈঃ (পুরুষপক্ষে — ভক্তিরসদ্বারা, মাধবীলতা-
পক্ষে — স্বীয় মধুদ্বারা) সারঙ্গগণান্ (ভক্তগণকে,
পক্ষে - মধুকরগণকে) পুষ্ণন্তি (পোষণ করেন),
বদ" (বল"; [উত্তর—] 'মাধবস্য' (মাধবের [প্রভাবে] অর্থাৎ
মুক্তপক্ষে — শ্রীকৃষ্ণের [প্রভাবে], মাধবীলতাপক্ষে — বসন্তের
প্রভাবে]) ॥ ৩৮॥

৩৯। [নারী-বিশেষের প্রতি অপর নারীর প্রশ্ন—] সদা এব
মুক্তাঃ চ (নিত্যমুক্ত পুরুষগণ) তথা (এবং) অতি-
মুক্তাঃ (মাধবীলতাগণ) মাধ্বীককাম্যাঃ উৎপদ্য
(পুরুষপক্ষে গূঢ় অর্থ — ভক্তিজনক হইয়া, সদর্থ—
মদ্যপ্রস্তুতকারী হইয়া, মাধবীপক্ষে — মধুরাশির
উৎপাদিকা হইয়া), মধুপালি-সঙ্গাঃ জাতাঃ :
(প্রথমপক্ষে গূঢ় অর্থ — ভক্তগণের সঙ্গী হইয়াছে,

সাধ্বার্থে — সৎ) নায়িকাদের সঙ্গী হইয়াছে, মাধবীপক্ষে —
ভ্রমরগণের সঙ্গী হইয়াছে); তত্র (এ বিষয়ে)
হেতুঃ বদ (কারণ কী, তাহা বল; [উত্তর —]) কস্যাপি
(কোন এক) রামানুগতস্য সঙ্গাৎ (প্রথমপক্ষে সূর্যার্থ
— রাম অর্থাৎ বলদেবের অনুগত শ্রীকৃষ্ণের সঙ্গহেতু,
সাধ্বার্থে — রামা অর্থাৎ সুন্দরী রমণীর অনুগত শ্রীকৃষ্ণের
সঙ্গহেতু, মাধবীপক্ষে — রামের অর্থাৎ আরামের বা
উদ্যানের অনুগত বসন্তের সঙ্গহেতু) ॥ ৩৯ ॥

৪০। [এক নারী অপর নারীকে প্রশ্ন করিল —] কঃ (কে)
অংশুকং হৃত্বা (বস্ত্রহরণপূর্বক) কৌটবীঃ (নগ্না
~~করিয়া রমণী~~ নারীগণকে) পশ্যতি (দর্শন করে)? কঃ
(কে) সাধ্বীততেঃ (পতিব্রতাগণের) সুকৃতং (পুণ্য পাতিব্রত্য)
ভিনত্তি (বিনাশ বা হরণ করে)? [এবং] কঃ বা (কে-ই বা)
স্ত্রিয়ং (স্ত্রীজাতিকে), বৎস-বৃষৌ চ (বৎস ও
বৃষকে) নিঘ্নন্ (নিহত করিয়াও) ন লজ্জতে
(লজ্জিত হয়না)? তৎ বদ (তাহার নাম বল,
৪১,৪২ [উত্তর —]) এষঃ (সেই ইনি) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) ॥ ৪০ ॥

[এক শুক অপর শুককে প্রশ্ন করিল —] ব্রজে (ব্রজমধ্যে) কঃ (কে) কিল মাতুলাং ~~[illegible]~~ তাং
(সেই ~~[illegible]~~ মাতাকে [অর্থাৎ প্রেমবারিণী ~~মাতৃসমা~~ পূতনাকে]) নিঘ্নন্ (বধ

শ্রীমৎ-সাত্বত
করিয়াও) সাতুকারক: (সাত্বত রক্ষক অর্থাৎ, আনন্দদায়ক),
অভবৎ (হইয়াছেন)? কঃ (কে) বকমকং (বকমক [অর্থাৎ
বকাসুরকে বধ করিয়াও]) বকমকশাসক: (বকমকশাসক
[হইয়াছিলেন]) ? কঃ (কে) ধেনুকং (ধেনুককে
[বধ করিয়াও]) অলং ধেনুক-রক্ষক: ? (ধেনুক অর্থাৎ
ধেনুগণের অতিশয় পালক [হইয়াছিলেন ? এবং])
বৃষং চ (বৃষকে [বধ করিয়াও] বৃষবর্দ্ধন: ~~(বৃষবর্দ্ধ~~
(বৃষবর্দ্ধক [অর্থাৎ ধর্মবৃদ্ধিকারী হইয়াছিলেন]) ?
কুমারী-বরনে (কুমারীগণের বরণ-বা-অনুগ্রহকালে)
তদঙ্গহৃদ্‌বাক্‌পরীক্ষা নীতি: (তাহাদের দেহের, চিত্তের ও
বাক্যের পরীক্ষা করাই নিয়ম) ইতি (এই বলিয়া) কঃ (কে)
তাং চ (সেই রূপ পরীক্ষা) অকরোৎ? (করিয়াছিলেন?
~~[এবং কে]~~ কঃ [এবং কে]) অবলানাং (ললনাগণের)
সতীত্বম্ আছিদ্য (সতীত্ব হরণপূর্বক) স্বয়ং সতীত্বং
চক্রে (স্বয়ং সতীত্ব বিধান করিয়াছেন)? তং বদ
(তাঁহার নাম বল, [উত্তর]) স: কৃষ্ণ: (তিনি এই
শ্রীকৃষ্ণ) ।। ৪১ ও ৪২ ।।

৪৩। স-সখ্যৌ (সখীগণের সহিত) তৌ (শ্রীরাধা ও
শ্রীকৃষ্ণ) পটুবিহগালীং (সুনিপুণ বিহঙ্গ ও বিহঙ্গী-

গণের) ইতি (এইরূপ) বাক্‌-বিলাসামৃতানি (সুমধুর
বাক্য বিলাসরূপ সুধা) শ্রবণ-চষক-পূরং (কর্ণযুগল রূপ পাত্রে
পূরণ করিয়া) পিবন্তৌ (পান করিতে করিতে) তৎ-
প্রীণনায় (সেই শিশুগণ ও শিশুপত্নীগণের সন্তোষবিধানের
নিমিত্ত) নিজ-নিজ-সুহৃদং (নিজ-নিজ-সুহৃদ্‌কে) আদিশন্তৌ
(আদেশ প্রদান করিয়া) তত্র-শরদুত্তুলশ্রীং (শরৎ-
কালের সুবিস্তৃত শোভাসম্পত্তি) লোকয়ন্তৌ
(দর্শন করিতে করিতে) চেরতুঃ ([উক্ত বনমধ্যে]
বিচরণ করিয়াছিলেন)॥ ৪৩॥

৪৪। [অনন্তর] ললিতা (শ্রীললিতা) সারীভ্যঃ (সারীগণকে)
পক্ক-দ্রাক্ষা-স্তবককং (সুপক্ক দ্রাক্ষাগুচ্ছ) দদৌ
(দান ~~করিয়াছিলেন~~, [আর]) সুবলঃ (শ্রীসুবল) কীরেভ্যঃ
(শুকপক্ষীগণকে) পক্ক-দাড়িম্ব-বাটিকাং (সুপক্ক
দাড়িম্ব ফলের উদ্যান) প্রাদাৎ (দান করিয়াছিলেন)॥ ৪৪॥

৪৫। তৎ অনু (তদনন্তর) নান্দীমুখী (নান্দীমুখী) তৌ
(তাঁহাদিগকে) অবদৎ (বলিলেন) হে বনেশৌ!
(হে বৃন্দাবনেশ্বরি, হে বৃন্দাবনেশ্বর! [আপনারা])
স্ফুরতঃ (নিত্য-প্রকাশমান) নিত্যৌ: (শ্রীয়) সৎ-
সম্পচ্চয়ৈঃ (উত্তম সম্পদ্‌রাশিদ্বারা) বাং (আপনাদের)

চরণার্চিতুং (চরণ-পূজার নিমিত্ত) উৎসুকং (উৎসুক্য-যুক্ত [তাঁকে]) হেমন্ত-লক্ষ্মতয়া প্রসিদ্ধং (হেমন্ত-লক্ষণ অর্থাৎ হেমন্তকালে সরস সুখদায়করূপে অথবা তন্নামে প্রসিদ্ধ), এতং (এই) বনভাগং (বনবিভাগ) নিরীক্ষ নিচয়তং (দর্শন করুন) ॥৪৫॥

৪৬। ইহ (এখানে) অম্লান-কুরুণ্টকৈঃ চিত্রা (সমাসন্ন ও পীতবর্ণ সমাসন্ন-পুষ্প বৃক্ষরাজির সমাবেশে বিচিত্র অর্থাৎ নয়নানন্দদায়িনী), ফুল্লৈঃ (বিকসিত) কুরুবকৈঃ (কুরুবক-পুষ্প রাজিদ্বারা) লসৎসৌরভা (সৌরভসমৃদ্ধা অর্থাৎ নাসিকাযুগলের আনন্দদায়িনী), মদমত্ত-তিত্তিরি-লাব-ষট্পদ-কিরী-কীরারবৈঃ মঞ্জুলা (মধুর মত্ত তিত্তিরি, লাব, ভ্রমর, কিরী ও শুকপাখিগণের মঞ্জুল নিনাদ-হেতু কর্ণযুগলের আনন্দদায়িনী), পাক্কিম-নাগরঙ্গ-রুচকৈঃ (সুপক্ক অম্লমধুর নাগরঙ্গ ও মাতুলুঙ্গ ফলের দ্বারা) হৃদ্যা (হৃদ্যা অর্থাৎ রসনানন্দদায়িনী [এবং]) তুষারানিলৈঃ (শীতল বায়ুর সংস্পর্শে) শীতা (সুশীতলা অর্থাৎ স্পর্শেন্দ্রিয়ের আনন্দদায়িনী) সা ইয়ং (এই) বনস্থলী (বনস্থলী) ভবতোঃ (আপনাদের উভয়ের) পঞ্চেন্দ্রিয়াহ্লাদিনী ভাতি (পঞ্চ ইন্দ্রিয়ের আনন্দ উৎপাদন করিয়া শোভা পাইতেছে) ॥৪৬॥

৪৭। কৃষ্ণ! (হে শ্রীকৃষ্ণ!) স্ফুরিত-সহচরালী-বেষ্টিত: ([হেমন্ত-কালপক্ষে—] প্রস্ফুটিত নীলঝিণ্টী রাজিদ্বারা, [শ্রীকৃষ্ণের দেহপক্ষে—] প্রফুল্লচিত্ত সহচরগণের দ্বারা পরিবেষ্টিত), অম্লানকান্তি: ([প্রথমপক্ষে—] মহামহাবৃক্ষের কান্তিযুক্ত, [দ্বিতীয়পক্ষে—] নির্মলকান্তিযুক্ত), ভত-কুসুম-বৃন্দ-মূর্চ্ছালি-গোপবধূপ্রগীত: ([প্রথমপক্ষে—] যাহা কন্দর্পজনিত 'মূর্চ্ছ' অর্থাৎ হর্ষ বিস্তার করে এবং যাহারা 'শালিগোপী' অর্থাৎ ক্ষেত্রমধ্যে শুকাদি পাখিগণের নিবারণদ্বারা শালিধান্যের রক্ষায়িত্রী কৃষকনারীগণের সঙ্গীত সমৃদ্ধ, [দ্বিতীয়পক্ষে—] কন্দর্পজনিত হর্ষশালিনী গোপীগণের দ্বারা প্রগীত অর্থাৎ প্রশংসিত), বিকচ-কুসুমবাণ: ([প্রথমপক্ষে—] বিকসিত নীলঝিণ্টী পুষ্প-শোভিত, [দ্বিতীয়পক্ষে—] কন্দর্পের বিলাসশোভিত, [এবং]) মুখরিত-শুকলীল: ([প্রথমপক্ষে—] শব্দায়মান শুকপাখি-গণের লীলাবিলসিত, [দ্বিতীয়পক্ষে—] শ্রীশুকদেব বা শুক-পাখিগণের মুখরতাজনক সুরম্য লীলারাশিদ্বারা সুসমৃদ্ধ), হেমন্তকাল: (হেমন্তকাল) তে (তোমার) দেহতুল্য: (দেহের ন্যায়) ভাতি (শোভা পাইতেছে)।৪৭।।

৪৮। অথ (অতঃপর) হরিঃ (শ্রীকৃষ্ণ) অতিমুদিতঃ (অতিশয় হৃষ্ট হইয়া) কান্তাং প্রতি (প্রিয়তমার নিকটে) তাং (সেই) হিম-ঋতুলক্ষ্মীং (হেমন্ত ঋতুর শোভা) কুরুতে স্ম (প্রকারান্তরে প্রতিপাদন করিয়াছিলেন)॥৪৮॥

৪৯। সুমুখি! (হে সুমুখি!) কলয় (ঐ দেখ) রুচির-বিবিধ-বর্ণা (মনোহর বিচিত্রবর্ণা), পক্ক-শাল্যংশুকাঢ্যা (সুপক্ক শালিধান্য রাশিরূপ বসনে আবৃতা), মদকল-শুকপালী-নাদ-নান্দীমুখী ইব (নান্দীপাঠের ন্যায় মদমুখর শুক পাখিগণের ধ্বনিযুক্তা, [ও]) পরিণতোত্তুঙ্গ-নাগরঙ্গ-স্তনী (সুপক্ক ও উন্নত নাগরঙ্গফলরূপ স্তন-বিশিষ্টা) ইয়ং (এই) হেমন্তলক্ষ্মীঃ (হেমন্তলক্ষ্মী) বরনটী ইব (শ্রেষ্ঠা নটীর ন্যায়) আভাতি (সম্যগ্‌রূপে শোভা পাইতেছে)॥৪৯॥

৫০। সখি! (হে সখি!) হিমর্তুম্ অনু (হেমন্তকালে) ভানোঃ ঔষ্ণ্যং (সূর্যদেবের উষ্ণতা) তুষারভীত্যা (শীতের ভয়ে) তে (তোমার) হৃদয়াখ্য-দুর্গং (হৃদয়-দুর্গে) সমাশ্রয়তি (আশ্রয় গ্রহণ করিতেছে; [আর]) স্তন-কোকযুগ্মং ([তোমার] স্তনরূপ চক্রবাক পক্ষিদ্বয়) তৎসংশ্রয়াৎ (সূর্যদেবের উষ্ণতার সংশ্রয়হেতু) অনুপলব্ধ-

বিয়োগদুঃখং (পরস্পরের বিরহ দুঃখ উপলব্ধি না করিয়া) রাত্রিন্দিবং বিলসতি (দিবা রাত্র একত্র বিহার করিতেছে। [নিশাকালে চক্রবাকযুগলের পরস্পর সংবিচ্ছেদ প্রসিদ্ধ; এস্থলে স্তনরূপ চক্রবাক-যুগলের সর্বদা সূর্যসংস্পর্শহেতু নিশাকালের অনুদয়-বশতঃ নিত্য মিলন সুলভ হইতেছে])॥ ৫০॥

৫১। ইহ ঋতৌ (এই হেমন্ত ঋতুতে) অগ্নেঃ (অগ্নির) প্রবলোষ্ম-ভারাঃ (প্রবল উষ্মরাশি) হিমালয়াঃ (শিশিরের) ভীত্যা (ভয়ে) পরিতঃ (চতুর্দিকে) দ্রবন্তঃ (ধাবিত হইয়া) কেচিৎ (কেহ কেহ) কূপাম্বু (কূপের জলে) বিনিপত্য লীনাঃ (পতিত ও লুক্কায়িত হইয়াছে); অন্যে চ (কেহ কেহ বা) দ্রুমস্য ক্রোড়ে (বৃক্ষের ক্রোড়দেশে [ও]) অদ্রিদরীষু (পর্বতগুহায় [লুকাইয়াছে]) ॥ ৫১॥

৫২। সা ইয়ং (এই সেই) হিমানী-ডাকিনী (হিমানীরূপ ডাকিনী) ইহ (এই ভূতলে) অহর্নিশং (সর্বদা) অলক্ষিতং (অলক্ষিত ভাবে) ভানু-বৃহদ্ভান্বোঃ (সূর্য ও অগ্নির) উষ্ণশোণিতং (উষ্ণতারূপ রক্ত) প্রপিবতি (পান করিতেছে)॥ ৫২॥

৫৩। অদ্য (এই হেমন্তকালে) কান্তান্ আলিঙ্গ্য [নিজ-নিজ-] কান্তাকে

আলিঙ্গন করিয়া পশ্চাদ্গত [ও পশ্চাৎ]) কুচোৎকণ্ঠা-
সংবিভ্রংশিনৈঃ (কান্তার স্তনযুগলের অনুভূত উৎকণ্ঠার
সংহেতু কাতর), তরুণৈঃ (যুবকগণ) আরাধিতঃ
অর্কঃ (সূর্যের আরাধনা করিলে তিনি) কৃপয়া (অনু-
গ্রহপূর্বক) বিলম্ব্য প্রোদ্যন্ (বিলম্বে উদিত হইয়া)
নিশাভিবৃদ্ধিং (রাত্রির পরিমাণ বৃদ্ধি) বিধত্তে
(করিতেছেন)॥ ৫৩॥

৫৪ রাসে (রাসলীলায়) কুমারীগণ-কুঙ্কুমাঙ্কিত-স্তনাবলী
(কুমারীগণের কুঙ্কুমাঙ্কিত স্তননিচয়) যাং (যাহাকে)
নৌ (আমাদের) স্মৃতিং (স্মৃতিপথে) আনিনায়
(উদিত করিয়াছিল), অগ্রতঃ (সম্মুখভাগে)
সা অসৌ (এই সেই) পক্বনারঙ্গফলালিঃ (পক্ব
নারঙ্গ ফলরাশি) তৎস্মারকত্বং দধানং (সেই কুমারী-
গণের স্তনরাজির স্মৃতিজনকরূপ নিজগুণ) ব্যনক্তি
(প্রকাশ করিতেছে)॥ ৫৪॥

৫৫ অথ (অতঃপর) বনেশা (বৃন্দাদেবী) সমুৎকণ্ঠৌ (উৎ-
কণ্ঠিতচিত্ত) পুরঃ (সম্মুখবর্তী) অরণ্যভাগং (বন-
ভাগের প্রতি) আলোকয়ন্তৌ (দর্শনরত)
নিজেশৌ (শ্রীরাধাকৃষ্ণকে) অবাদীৎ (বলিলেন)॥৫৫॥

৫৬। প্রবিশদখিলজন্তুকম্প-রোমাঞ্চকারী (নিকটে প্রবিষ্ট নিখিল প্রাণিগণের প্রবল কম্প ও রোমাঞ্চ উদ্গমকারী), ক্বচিৎ (কোনস্থলে) অনল্পনগাধঃকোষ্ণতা-শীতহারী (বৃহৎ বৃক্ষসমূহের নিম্নভাগে ঈষৎ উষ্ণতাহেতু শীত-নিবারক), মৃদুলিতরবিকান্তিঃ (সূর্যালোকের মৃদুতা-সম্পাদক [প্রেরক]) দাক্ষিণাশাগতার্কঃ (দাক্ষিণ-দিকে সূর্যদেবের গতিযুক্ত), শিশির-রুচির নাম্না (শিশির-রুচির নামক), অরণ্যকদেশঃ (এই বন-বিভাগ) ভাতি (প্রকাশ পাইতেছে)॥৫৬॥

৫৭। শিশির-ঋতুলক্ষ্মীঃ (এই শীতঋতুর লক্ষ্মী) জবা-বন্ধূকাভারুণ-বর দুকূলং (জবা-ও-বন্ধূক পুষ্পের কান্তিরূপ রক্ত পট্টবস্ত্র), দমনক-প্রভা-চোলীং (দমনক পুষ্পের দীপ্তিরূপ ~~নিচোল~~ কঞ্চুক [প্রেরক]) কুন্দদ্যুতি-সিত-নিচোলং চ (কুন্দপুষ্পের দ্যুতিরূপ শুভ্র নিচোল) দধতী (ধারণ করিতে করিতে) ভরদ্বাজ-শ্রেণী-বিরুতিযুত-হারীত-রুতিভিঃ (ভরদ্বাজ পক্ষিগণের নিনাদের সহিত হারীত পক্ষিগণের নিনাদচ্ছলে) প্রেমতঃ (প্রেম-ভরে) বাং স্তুবতী ইব (তোমাদের স্তুতি করিয়াই যেন) মিলতি (এখানে উপস্থিত হইতেছে)॥৫৭॥

৫৮| সায়মাদ্যন্তকালাগত-রবি-কর-কোষ্ণে (প্রভাত ও সন্ধ্যাকালে সমাগত সূর্যকিরণের সংস্পর্শে ঈষদুষ্ণ [ও]) সূর্যকান্তাশ্মিতে (সূর্যকান্তমণি-নির্মিত), নিবিড়দল-তরূণাং (নিবিড় পত্রশালী বৃক্ষগণের) অঙ্কে (ক্রোড়ে অর্থাৎ মূলসংলগ্ন তলদেশে) উপবিষ্টা (উপবিষ্ট [এবং]) মন্দরোমন্থরম্যা (ধীর রোমন্থন-ক্রিয়াদ্বারা রমণীয়) মৃগততি: (মৃগগণ) বাং সখীকা (তোমাদিগকে দর্শন করিয়া) প্রকটপুলক-বাষ্পম্ (পুলক ও আনন্দাশ্রু প্রকাশপূর্বক) অভ্যুপৈতি (নিকটে আসিতেছে)॥ ৫৮॥

৫৯| অস্মিন্ ঋতৌ (এই শীত ঋতুতে) মৃদুভি: (মৃদু) তুষারৈ: (শিশিররাশি) অনুদিনং (প্রতিদিন) চণ্ডাংশো: অপি (প্রচণ্ডকিরণশালী সূর্যদেবেরও) উচ্চৈ: (অতিশয়) তেজ:ক্ষতি: (তেজ:ক্ষয়), প্রাণসুহৃদাং তদীয় (প্রাণপ্রিয়) সরোজানাং (পদ্মসমূহের) নাশ: (বিনাশ [ও]) সুখসময়াহ্ন: অপি (দিবসরূপ উঁহার সুখের সময়েরও) লঘুতা (অল্পতা) কৃতা (সম্পাদন করিয়াছে); হত (হায়!) একং (একমাত্র)

বিশ্বেশং বিনা (জগদীশ্বর ভিন্ন) কঃ (কে-ই বা) কাল-
বশগঃ (কালের বশীভূত) ন হি ভবতি (না হয়) ॥৫৯॥
৬০। ভানুঃ (সূর্যদেব) প্রবলশিশিরভীত্যা (প্রচণ্ড শীতের
ভয়ে) ধারিতোষ্মাং (স্বীয় উষ্ণতারূপ সম্পদকে)
বল্লবীনাং (গোপীগণের) স্তনযুগ-গিরিদুর্গে (স্তন-
যুগলরূপ পর্বত দুর্গে) ন্যধত্ত (লুকাইয়া রাখিয়া-
ছিলেন); অমূভিঃ (গোপীগণ) ত্বরিতং (সত্বরই)
ইদং (এই রূপ সম্পদকে) কৃষ্ণভোগায়
(শ্রীকৃষ্ণের ভোগের নিমিত্ত) ক্লৃপ্তং (উৎসর্গ করিয়া-
ছেন); হি (যেহেতু) গাঢ়প্রেম্নি (প্রগাঢ় প্রেম
থাকিলে) ধর্মাদ্যপেক্ষা (ধর্মাদির অপেক্ষা অর্থাৎ
বিধান বা নিয়ম) ন প্রভবতি (কার্যকর হয়না); [অর্থাৎ
এস্থলে সূর্যদেবের গচ্ছিত উষ্ণতাসম্পদ গোপীগণ যে
শ্রীকৃষ্ণের সেবায় ব্যবহার করিলেন, ইহাতে
তাঁহাদের প্রবল প্রেমই ন্যায়-অন্যায়-বিচার শিথিল
করিয়াছে]) ॥৬০॥
৬১। অথ (অতঃপর) সঃ বকারিপুঃ (শ্রীকৃষ্ণ)
ইতি তদ্গিরা (বৃন্দাদেবীর পূর্বোক্ত বাক্যে) প্রহ্লাদিতঃ
(হৃষ্ট হইয়া) অগ্রে (বৃন্দাবনের শিশির-কাতরতাযুক্ত

বি প্রদেশে) শিশির-ঋতুজাং (শীত ঋতু জনিত)
বনশ্রিয়ং (বনশোভা) কলয়ন্ (দর্শন করিতে
করিতে) তদা (তৎকালে) নিজপ্রিয়াং (শ্রীরাধিকে)
ললিতং জগাদ (মধুরভাবে এইরূপ বলিতে
লাগিলেন) ॥৬১॥

৬২। সুন্দরি! (হে সুন্দরি!) যৎ (যেহেতু) অত্র (এখানে)
ভ্রমৎ (ভ্রমণরত) ইন্দিন্দির-বৃন্দং (ভ্রমরগণ) অরবিন্দে
(পদ্মের প্রতি) মন্দাদরং (অল্প আদর প্রকাশপূর্বক)
কুন্দে (কুন্দপুষ্পে) আনন্দং (আনন্দ) বিন্দতি (লাভ
করিতেছে, [অতএব তাহারা]) শিশিরাগমং
(শীত ঋতুর আগমন) দিশতি (সূচনা করিতেছে) ॥৬২॥

৬৩। সুন্দরি! (হে সুন্দরি!) পশ্য (ঐ দেখ) সম্প্রতি
(সম্প্রতি) ইন্দিন্দির বৃন্দসংযুতা (ভ্রমরবৃন্দের
সহিত মিলিতা) ইন্দিরা (লক্ষ্মী) প্রবলৈঃ (প্রবল)
হিমৈঃ (শিশির-সংস্পর্শে) দংদহ্যমানং (দগ্ধ-
প্রায়), নিজম্ অরবিন্দ-মন্দিরং (পদ্মরূপ
স্বীয় মন্দির) বিহায় (পরিত্যাগ করিয়া)
কুন্দাবলীং (কুন্দরাশিকে) মন্দিরীয়তি (মন্দির রূপে
পরিণত করিতে ইচ্ছা করিতেছে) ॥৬৩॥

৬৪। রাহুসেনানী: (রাহুর সেনাপতি) হিমানী (শিশির-রাশি) সূর্যং (সূর্যকে) নির্জেতুং (পরাজিত করিতে) অক্ষমা (অসমর্থ হইয়া) তামিন্ প্রনয়িনীং জাত্বা (তাঁহার প্রণয়িনী জানিয়া) পদ্মিনী-ততিং (পদ্মিনীরাশিকে) অজ্বালয়ৎ (পীড়াদিত করিয়াছে)॥ ৬৪॥

৬৫। তোয়োত্থিতায়া: ([কাত্যায়নী ব্রত পালনকালে স্নানান্তে] জল হইতে উত্থিতা) ব্রজকন্যকা-ততে: (ব্রজকুমারীগনের) স্তনাবলী (স্তনসমূহ) যাং (যাহাকে) মে (আমার) স্মৃতিং আনিনায় (স্মৃতি-পথে আনয়ন করিয়াছিল), সা অসৌ (এই সেই) পাকোন্মুখী (পক্কপ্রায়) মদ্‌বদরী-ফলাবলী (সুরম্য বদরীফলরাশি) অত্র (এখানে) তাং (ব্রজকুমারীগনের সেই স্তনবৃন্দকে) মৎস্মৃতিং (আমার স্মৃতি-পথে) আনয়তি (উপস্থিত করিতেছে)॥ ৬৫॥

৬৬। অথ (অতঃপর) হরি: (শ্রীকৃষ্ণ) বৃন্দয়া (বৃন্দাকর্তৃক) আনীয় দত্তৌ (আনীত ও প্রদত্ত),

সিত-মৃদুল-জবান্তর্মঞ্জরী-কর্ণপূরৌ (সুকোমল
শ্বেতজবা-পুষ্পের মধ্যে মঞ্জরীরূপ কর্ণপূরযুগল)
সপুলক-করকাম্বং (পুলক ও করকমলের সহিত)
দয়িতায়াঃ (প্রিয়তমার) কর্ণয়োঃ (কর্ণযুগলে)
সংন্যধিত (বিন্যাস করিলেন, [আর]) এষা অপি
(প্রিয়তমা শ্রীরাধাও) তস্য (শ্রীকৃষ্ণের) শ্রুতিযুগং
অনু (কর্ণদ্বয়ে) কৌন্দাবতংসৌ (কুন্দপুষ্প-
রচিত অলঙ্কারদ্বয় [বিন্যাস করিলেন]) ॥ ৬৬॥
অথ (অনন্তর) বৃন্দয়া (বৃন্দাদেবী) মুদা (হর্ষসহকারে)
রাধায়াঃ (শ্রীরাধার) করপঙ্কজে (করকমলে) যা
কৌন্দী মালা (কুন্দপুষ্পের যে মালাটি) নিহিতা
(অর্পণ করিয়াছিলেন), এষা (তাহা) লঘু-লোহিতোৎ-
পল-কুল-সন্দীপ্তিং (ঈষৎ রক্তবর্ণ উৎপলরাজির
দীপ্তি) দধে (ধারণ করিল; [আবার উহা])
অনয়া (শ্রীরাধা কর্তৃক) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) কণ্ঠে
(কণ্ঠদেশে) অর্পিতা (অর্পিত হইয়া) মুগ্ধেন্দীবর-
মালরোচিঃ (ঈষৎ নীলবর্ণ পদ্মের মালার কান্তি
[ধারণ করিল এবং পুনরায়]) তেন (শ্রীকৃষ্ণ-

সপুলকে (পুলকাকুল)
কর্তৃক) অস্যাঃ (শ্রীরাধার) হৃদি (বক্ষঃস্থলে) যোজিতা
(মিলিত হইলে [উহা]) চাম্পেয়মালাদ্যুতিং (চম্পক-
মালের দীপ্তি [ধারণ করিয়াছিল]) ॥ ৬৭॥

৬৮ [অনন্তর] সেরা (মৃদুহাস্যযুক্তা) বিশাখা (বিশাখা)
অবদৎ (বলিলেন) এতৎ (ইহা) অদ্ভুতং (অতিশয়
আশ্চর্য রূপে) পশ্যত (দর্শন কর); পুষ্পিণী
([সম্প্রতি] পুষ্পশোভিতা), সুকোমলা (কোমলাঙ্গী),
একা কুন্দবল্লিকা এব (একাকিনী কুন্দলতা [illegible])
স্মরোন্মাদৈঃ (কামোন্মত্ত) ভ্রমরৈঃ (ভ্রমরগণ)
অনিশং (সর্বদা) ক্রমোৎক্রমাভ্যাং (ক্রম ও বিপরীত
ক্রমানুসারে) প্রণীয়তে (মধুপান অর্থাৎ উপভোগ করিতেছে) ॥৬৮॥

৬৯ চিত্রা (চিত্রা) অব্রবীৎ (বলিলেন) সাক্ষি (হে সাক্ষি!)
বার্ক্ষ্যাং (বার্ক্ষিণী নাম্নী কন্যার প্রতি) প্রচেতসাং
(প্রচেতোগণের) যথা এব আস (যেরূপ [রতি]
ছিল, সেইরূপ) অমীষু (এই ভ্রমরগণের প্রতি)
অত্যনুরাগবত্যাং (অতিশয় অনুরক্তা) অস্যাং
(এই কুন্দলতার প্রতি) এষাং (উক্ত ভ্রমরগণের)
যৎ (যে) সৌভদ্রং (সুখময়) রমণং (রমণ)

বিভাতি (শোভিত হয়) এতৎ (ইহা) চিত্রং ন (বিচিত্র নহে) ॥ ৬৯॥

৭০। কৌন্দী ([তখন] কুন্দলতা) আললাপ (বলিলেন) আলি (হে সখি!) অদ্ভুতং কলয় (এক বিচিত্র ব্যাপার দর্শন কর) শতশঃ (অসংখ্য) ভ্রমর্যঃ (ভ্রমরী) নিকটান্তিক-গতানাং (নিকটনিকট সমীপবর্তী), ~~ফুল্লানাং (বিকসিত)~~ স্মেরাণাং (নিকট-নিকট-আবির্ভূত), ফুল্লানাং (প্রফুল্লভাবযুক্ত) বন্ধুজীবানাং আলী (বন্ধুজীব নামক কুসুমগুলিকেও) সন্ত্যজ্য (পরিত্যাগপূর্বক) ধৈর্যবাহিতাঃ (অধীরা হইয়া), তং ইমং (এই সেই) একং নববন্ধুজীবং (এক নবীন বন্ধুজীবকে) নিষেবন্তি (উপভোগ করিতেছে) ॥ ৭০॥

৭১। চিত্রা (চিত্রা) আহ (বলিলেন) কৃষ্ণকান্তিঃ (শ্রীকৃষ্ণের ন্যায় কান্তিযুক্তা), অতিপূতা (অতিপবিত্রা), সারগ্রাহিণী (সারসংগ্রহশীলা), পঞ্চমগানগুর্বী (পঞ্চমস্বরের চিত সঙ্গীতের শিক্ষয়িত্রী [গুরুং]) উদ্যন্মধুমাত্রবৃত্তিঃ (একমাত্র মধুকেই জীবিকা-রূপে অবলম্বনকারিণী) ভৃঙ্গীততিঃ (ভ্রমরীশ্রেণি),

যত্র (যেখানে) অতিশুদ্ধং মধু (অতিবিশুদ্ধ মধুর [আস্বাদ-প্রাপ্তি ঘটে]), তত্র (সেখানেই) সক্তাঃ (আসক্ত হয়) ॥৭১॥

৭২। অথ (অতঃপর) হরিঃ (শ্রীকৃষ্ণ) নর্মণা (পরিহাসের সহিত) তাং দয়িতাং (প্রিয়তমাকে) আবভাষে (বলিলেন) রাধে! (হে রাধে!) তব (তোমার) অতুলগুণৈঃ (অতুলনীয়-গুণরাজিদ্বারা) বিধুতাভিমানা (যাঁহার অভিমান অপনীত হইয়াছে, এইরূপ) সা (সেই) শ্রীঃ অপি (লক্ষ্মীদেবীও) তব (তোমার) অনুগতিং (অনুগমনে) ন অর্হতি (সমর্থ হন না), অন্যাঃ কুতঃ (অন্য ললনাগণ কিরূপে সমর্থ হইবেন) ইতি (ইহা) শ্রুত্বা (শ্রবণ করিয়া) সা অপি (শ্রীরাধাও) হরিণা সহ (শ্রীকৃষ্ণের সহিত) সংললাপ (কথোপকথনে প্রবৃত্তা হইলেন) ॥৭২॥

৭৩। [শ্রীরাধার উক্তি—] সা (সেই) শ্রীঃ (শ্রী) ত্বংশ্রী (তোমারই শ্রী) ॥৭৩॥

৭৪। [শ্রীকৃষ্ণের উক্তি—] যৎ (যেহেতু) ত্বং (তুমিই) সা (সেই) শ্রীঃ (শ্রী) ॥৭৪॥

৭৫। [শ্রীরাধার উক্তি—] গোপস্ত্রীনাং (গোপনারীগণ) কস্মাৎ (কীরূপে) স্ত্রীত্বং (স্ত্রী হইতে পারে?) ॥৭৫॥

৭৬। [শ্রীকৃষ্ণের উক্তি—] যস্মাৎ (যেহেতু) গোপস্ত্রীণাং (গোপরমণীগণের পতিই) শ্রীশঃ (শ্রীপতি) ॥৭৬॥

৭৭। [শ্রীরাধার উক্তি—] তে (তোমার) নারীত্বে (নারী অর্থাৎ প্রকৃতি হইবার নিমিত্ত) লোলায়াঃ অস্যাঃ (লোলুপা লক্ষ্মীর) রাগঃ (অনুরাগ) কুতঃ (সুস্পষ্ট) ॥৭৭॥

৭৮। [শ্রীকৃষ্ণের উক্তি—] সত্যং (সত্যই) ত্বদ্রূপা যা (তোমার রূপ ধারণ করিয়া লক্ষ্মী) সে (আমার) নারীত্বং প্রাপ্তা (কান্তা হইয়াছে) ॥৭৮॥

৭৯। [শ্রীরাধার উক্তি—] বেণুনা (বেণুনাদে) আকৃষ্টা (আকৃষ্টা) ধূলী অপি (ধূলীও তো) ত্বৎপ্রিয়া (তোমার প্রিয়া) ॥৭৯॥

৮০। [শ্রীকৃষ্ণের উক্তি—] ধূলী ত্বৎসদৃশলোচনা (ধূলীর নয়ন তোমারই নয়নের ন্যায় [মলিন হয়]), তৎ (সেই হেতু অর্থাৎ তাই) ধূলী (ধূলী) মৎপ্রিয়া (আমার প্রিয়া) ॥৮০॥

৮১। [শ্রীরাধার উক্তি—] কান্ত্যা নাম্না (কান্তি এবং নামদ্বারা) সাম্যং প্রাপ্তা ([যিনি তোমার] সাম্য লাভ করিয়াছেন), ভানুকন্যা (সূর্যকন্যা) সা (সেই কৃষ্ণা অর্থাৎ যমুনাও তো) তে (তোমার) কান্তা (প্রেয়সী) ॥৮১॥

~~সুন্দর) মে (আমার) কান্তা (প্রিয়া)॥৮১॥~~

৮২। [শ্রীকৃষ্ণের উক্তি—] তে (তোমার) আলী (সখী) ইয়ং যা (এই যে) লালস-হীনা (বিলাসা), সা ইয়ং (সেই ইনিই) ত্বদ্‌রূপা (তোমার স্বরূপা [অভিন্না] বলিয়া) মে (আমার) কান্তা' (প্রিয়া')॥৮২॥

৮৩। [শ্রীরাধার উক্তি—] যা ইয়ং (এই সেই) ভৃঙ্গীপংক্তিঃ (ভ্রমরীগণ) তে (আপনার) বক্ষসি (বক্ষঃস্থিত) স্রজি (মালার মধ্যে) রমনী ইব (অর্থাৎ কান্তের রমনীর ন্যায়) সুপ্তা আস্তে' (নিদ্রা যাইতেছে')॥৮৩॥

৮৪। [শ্রীকৃষ্ণের উক্তি—] যৎ (যেহেতু) অসৌ (সেই ভৃঙ্গীগণ) ইহ (জগতে) তে (তোমার) অলকাবলী-সদৃশী (অলকরাজির ন্যায় কান্তি ধারণ করে), তৎ (সেইহেতু) সদা (সর্বদা) মম (আমার) প্রিয়া' (প্রিয়া হয়')॥৮৪॥

৮৫। [শ্রীরাধার উক্তি—] নীলোৎপলদলমৃদ্বী (নীলোৎপলের দলরাজির ন্যায় সুকোমলা [ও]) তনুমধ্যা (মধ্যদেশে ক্ষীণা) তে (তোমার) এষা (এই) মূর্তিঃ (মূর্তি) কথং (কীরূপে) সপ্তাহং (সপ্তাহ কাল) অগং (গোবর্ধন গিরিকে) দধ্রে?' (ধারণ করিয়াছিল?')॥৮৫॥

৮৬। [শ্রীকৃষ্ণের উক্তি—] তব (তোমার) মৃদ্বী মূর্তিঃ (সুকোমল মূর্তি) কথং (কিরূপে) নিত্যং (সর্বদা) হৃদি (বক্ষঃস্থলে) অমূঃ (সাক্ষাৎ) উচ্চৈঃ (অত্যুন্নত) হেমাচলযুগ্মং (সুমেরু-পর্বতযুগল) ধত্তে? (ধারণ করিতেছে?)॥ ৮৬॥

৮৭। [শ্রীরাধার উক্তি—] প্রিয় (প্রিয়) সোমরাজী (চন্দ্রশ্রেণী) বিয়োগাসহিষ্ণুঃ (বিরহ সহ্য করিতে না পারিয়া) কলাভিঃ বিভিন্না (বহু কলায় বিভক্ত হইয়া) তে (তোমার) হৃদি (বক্ষঃস্থলে) ভাতি? (শোভা পাইতেছে?)॥ ৮৭॥

৮৮। [শ্রীকৃষ্ণের উক্তি—] মে (আমি) শশিবদনায়াঃ (চন্দ্রমুখী) তে (তোমার) নখপংক্তিঃ (নখরাজি) মনসি ধৃতা (মনোমধ্যে ধারণ করিয়াছিলাম), সা (তাহা) বহিঃ অপি (বাহিরেও) অভূৎ? (প্রকট হইয়াছে?)॥ ৮৮॥

৮৯। [শ্রীরাধার উক্তি—] সততং মধুমতী (সর্বদা মধুযুক্তা) ইয়ং (এই) ব্রততিততিঃ (লতারাজি) ভ্রমরযুক্ অপি (ভ্রমর-শোভিত হইয়া) তে (তোমার) হৃদয়ং অতিতনুতে? (অতিশয় বিস্তার করিতেছে?)॥ ৮৯॥

৯০। [শ্রীকৃষ্ণের উক্তি—] যৎ (যেহেতু) ইয়ং (এই লতারাজি) তে (তোমার) সদর্বরম্ ইব

~~সুন্দরীর~~ সুন্দরীর
(সুন্দরীর অধরের ন্যায়) কিশলয়-নিচয়ঃ ([আরক্ত] পল্লবরাজি [সমূহ])। স্মিতম্ ইব ([তোমারই] মৃদু হাস্যের ন্যায়) কুসুমং চ (পুষ্প তায়) বহতি (বহন করিতেছে)।। ৯০।।

৯১ [শ্রীরাধার উক্তি—] কুমার! (হে কুমার!) ললিতাঙ্গী (ললিততনু) ইয়ং (এই) কুমার-ললিতা (কুমারী ললিতা) কুমার-জননী ইব (পার্বতীর ন্যায়) সুমার-রণশূরা (কন্দর্প-সংগ্রামে সুনিপুণা)।। ৯১।।

৯২ [শ্রীকৃষ্ণের উক্তি—] সুকণ্ঠি! (হে সুকণ্ঠি স্ত্রীলোক!) বচঃসমরশূরা (বাক্‌যুদ্ধে নিপুণা) ইয়ং (এই) ললিতা (ললিতা) সুমার-রণভূতা (কন্দর্পসংগ্রামের আহ্বানে) পলায়নপরা আস্তে (সর্বদাই পলায়ন করে)।। ৯২।।

৯৩ ~~[শ্রীরাধার উক্তি]~~ তে (তোমার) বক্ষোজোপরি (স্তনের উপরিভাগে) চিত্রা (বিচিত্র) মদলেখা (কস্তুরীরেখা) যদ্বৎ (যেরূপ [শোভা পায়, সেইরূপ]) সৌবর্ণাম্বুজকোষে (সুবর্ণপদ্মের কোষমধ্যে) লগ্না (লগ্ন হইয়া) অলিপংক্তিঃ (ভ্রমরশ্রেণি) ভাতি (শোভা পাইতেছে)।। ৯৩।।

৯৪। [শ্রীরাধার উক্তি—] তব (তোমার) চিত্রপদা (বিচিত্রপদ-বিন্যাস-যুক্তা) বাণী (বাণী) সুকৃপাণী যথা (উত্তম কৃপাণের ন্যায়) ভাতি (শোভা পায়; [উহা]) বহিঃ (বাহিরে) তরুণীনাং (যুবতীগণের) হ্রীশ্রিয়কৃৎ (হ্রীশ্রিয় নিচয়কে ছেদন করিয়া) অন্তঃ (অভ্যন্তরে) হৃৎ (হৃদয়কেও) কৃন্ততি (ছেদন করে)॥ ৯৪॥

~~এষঃ (এই) পিকঃ (কোকি~~

৯৫। [শ্রীকৃষ্ণের উক্তি—] এষঃ (এই) পিকঃ (কোকিল) যৎ (যে) সহজং পঞ্চমং (স্বাভাবিক পঞ্চমস্বরে) উচ্চৈঃ গায়তি (উচ্চ সঙ্গীত করে, [আর উহাতে যে]) তরুণীনাং (তরুণীগণের) দর্পক-রুক্ (কন্দর্প-পীড়া জন্মে), ইহ (ইহাতে) কঃ পিক-দোষঃ? (কোকিলের কী দোষ?)॥ ৯৫॥

৯৬। [শ্রীরাধার উক্তি—] তব (তোমার) অতুলা (অতুলনীয়) সুবংশিকা (উত্তম বংশী) বিধিশাস্ত্র-শংসিকা (বিধিশাস্ত্রের বিরুদ্ধে মত প্রকাশ করিয়া) কুট্টিনী-ক্রিয়াপরা (দুষ্টা কুট্টিনীর কার্যে নিযুক্ত রহিয়াছে) জগদ্বধূ-প্রমাণিকা (জগতের বধূগণের সতীত্ব বিষয়ে প্রমাণ)॥ ৯৬॥

৭৭। [শ্রীকৃষ্ণের উক্তি—] অদ্য (সম্প্রতি) ইহ (এখানে) গোবিন্দানি-দোষ-নাশহেতুঃ (ললিতা নামের দোষ-নাশের কারণরূপে) ধর্মশাস্ত্র-শংসিকা (ধর্মশাস্ত্রের নির্দেশকারিণী) বংশিকা (বংশী) মনস্পৃহা-সমাপনিকা হি আস্তি (তোমার অভিলাষ পূরণ করিয়াই বিরাজ করিতেছে)॥ ৭৭॥

৭৮। [শ্রীরাধার উক্তি—] কাত্যায়নী-ব্রতপরা (কাত্যায়নী-ব্রতপরায়ণা), মৃদুলা (কোমলাঙ্গী) কন্যকা-ততিঃ (কুমারীবৃন্দ) কথং (কিরূপে) মত্তেভসদৃশঃ (মত্তমাতঙ্গসদৃশ) তব (তোমার) আমর্দং (আলিঙ্গনাদি পীড়ন) সহতে? (সহ্য করিতে পারে?)॥ ৭৮॥

৭৯। [শ্রীকৃষ্ণের উক্তি—] মানিকা (এই যূথিকা) কলিকা-প্রায়া (কলিকার ন্যায় রহিয়াছে; [পক্ষান্তরে,]) অয়ং (এই) ভ্রমরঃ (ভ্রমরটি) মহান্ মত্তঃ (অতিশয় মত্ত; [পরন্তু, এই যূথিকা]) তদামর্দং (ভ্রমরের পীড়ন) সহমানা (সহ্য করিয়া) অক্ষতা (স্বয়ং অক্ষতদেহে) তং (সেই ভ্রমরকে) ন পুষ্ণাতি কিম্ ([মধুদ্বারা] পোষণ করিতেছে না কি?)॥ ৭৯॥

১০০। [শ্রীরাধার উক্তি—] যৎ (যেহেতু) ইহ (এই বৃন্দাবনে) ইয়ং (এই) নবনবীনকনকশ্রেণী (অভিনব সুবর্ণময়ী ভূমি) ভুজগালি-প্লুতা অপি (সর্পশ্রেণী কর্তৃক পরিব্যাপ্ত হইয়াও) তে (তোমার) তনুরোমালী-মৃদুদর-সদৃশী (সুন্দর রোমরাজিযুক্ত উদরের ন্যায় [শোভা পাইতেছে, সেইহেতু উহা]) ইষ্টা (অভীষ্ট বিষয়ই হয়)॥১০০॥

১০১। [শ্রীকৃষ্ণের উক্তি—] তব (তোমার) যা আভীরাটবী-স্থলী (গোবর্ধনের সুবর্ণময়ী ভূমি) ভুজঙ্গ-সঙ্গতা অপি (ভুজঙ্গগণের দ্বারা যুক্ত হইয়াও) যৎ (যেহেতু) তে (তোমার) বেণিকাযুত-পৃষ্ঠপট্টিকা ইব (বেণী-শোভিত পৃষ্ঠের ন্যায়) বিভাতি (শোভা ধারণ করে, [সেইহেতু উহা]) প্রিয়া (সকলেরই প্রিয়)॥১০১॥

১০২। [শ্রীরাধার উক্তি—] প্রিয় (হে প্রিয়তম!) ইয়ং (এই) চকোরশ্রেণিকা (চকোরশ্রেণী) কথং (কিহেতু) চন্দ্রসান্নিধ্যং (চন্দ্রের সান্নিধ্য) বিহায় (পরিত্যাগ করিয়া) অহনি (দিবাভাগে) ইহ (এস্থানে) অন্তিকে খে (নিকটবর্তী আকাশে) সঙ্গতা (মিলিত হইয়া)

নন্দিতা (আনন্দের সহিত) মনোরমা (সুচারুরূপে) প্রভাতি ("বিচরণ করিতেছে") ॥১০২॥

১০৩। [শ্রীকৃষ্ণের উক্তি] প্রিয়া (এই চকোর শ্রেণী) খেন্দুং (আকাশের চন্দ্রকে) ক্ষয়যুতং হিত্বা (ক্ষয়রোগযুক্ত বলিয়া পরিত্যাগ করিয়া) নিজপরিতোষে (নিজের প্রীতিকামনা-পূর্তি বিষয়ে) কলঙ্কং দৃষ্ট্বা ([তোমার মুখচন্দ্রকেই] উপযুক্ত দেখিয়া) ত্বৎ-শ্রীমুখ-বিধু-কান্তি-জ্যোৎস্নাং (তোমার শ্রীমুখচন্দ্রের কান্তিরূপ জ্যোৎস্না) পীত্বা (পান করিয়া) সুখং লব্ধা (সুখ অনুভবপূর্ব্বক) ইহ (এখানে) ভাতি (বিরাজ করিতেছে) ॥১০৩॥

১০৪। অথ (অতঃপর) তৎপ্রণয়াতিনিঘ্নৌ (সখীগণের প্রণয় দ্বারা অতিবশীভূত) রাধাচ্যুতৌ (শ্রীরাধাকৃষ্ণ) প্রশ্নোত্তরাভ্যাং (প্রশ্ন-ও-উত্তরক্রমে) নর্মভঙ্গ্যা (পরিহাসচ্ছলে) তত্তৎস্বভাবস্তুতিগর্ভপদ্যৈঃ (সেই সেই সখীবৃন্দের স্বভাবস্তুতিপূর্ণ বিবিধ পদ্য-দ্বারা) আলীমালীঃ (সকল সখীকেই) বিলজ্জয়া-মাসতুঃ (বিশেষভাবে লজ্জা প্রদান করিয়াছিলেন) ॥১০৪॥

১০৫। [শ্রীকৃষ্ণের প্রশ্ন: হে শ্রীরাধে!] কা (কে) পটুবাক্‌-
প্রসরা (সুনিপুণ বাক্যপ্রয়োগে প্রসরা [এবং]) চণ্ডী
অপি (কোপস্বভাবা হইয়াও) বিষমেষুরণে (কন্দর্প-
সংগ্রামে) ভূতা (আভূতা হইয়া) পলায়তে
(পলায়ন করেন; [আর]) তত্র (সেই কন্দর্প-
সংগ্রামে) উৎকান্তাঃ চ (উৎকণ্ঠিত অন্য সুন্দরী-
গণকেও) অস্মাৎ (উহা হইতে) নিবারয়তি ?
(নিবারণ করেন? [ইহা]) আশু (শীঘ্র) বদ
(বল; [শ্রীরাধার উত্তর]) সা (তিনি) ললিতা
(ললিতা) ॥১০৫॥

১০৬। [শ্রীকৃষ্ণের প্রশ্ন] কা (কে) বিষমশরাহবিমুখী
(কন্দর্পসংগ্রামে পরাঙ্মুখী, [এবং]) কাচিৎ (কদাচিৎ)
কুচযুগকুঙ্কুম-মদাগুরু-পটীরৈঃ (স্তনযুগলে লিপ্ত
কুঙ্কুম, কস্তুরী, অগুরু ও সুগন্ধ চূর্ণ দ্বারা) ইষ্টদেবং
(ইষ্টদেবের) আরাধয়তি (আরাধনা
করেন? [ইহা])
বদ (বল; [শ্রীরাধার উত্তর]) ইয়ং
(ইনি) বিশাখা (বিশাখা) ॥১০৬॥

১০৭। [শ্রীকৃষ্ণের প্রশ্ন—] কা (কে) বল্লী অপি (লতা হইয়াও) চংক্রমমাণা (ইতস্তত: গমনশীলা বলিয়া) অন্তিকগং (সমীপাগত) ধবং (বৃক্ষবিশেষকে, অর্থান্তরে — পতিকে) হিত্বা (পরিত্যাগ করিয়া) সুদূরস্থং (অতিদূরবর্তী) কৃষ্ণতমালং (কৃষ্ণবর্ণ তমালবৃক্ষকে, অর্থান্তরে — শ্রীকৃষ্ণরূপী তমালকে) সারিতা (লাভ করিয়া) বিভাতি? কথয় (শোভা পায়? তাহা বল); [শ্রীরাধার উত্তর—] ইয়ং (ইনি — এই) চম্পকলতা (চম্পকলতা) ॥১০৭॥

১০৮। [শ্রীকৃষ্ণের প্রশ্ন—] ইহ (এখানে) কা (কে) বহুবিধ-শৃঙ্গারবিরচনাভিঃ (নানারূপ বেশভূষাবিরচনার সহিত) নানা চিত্রে (নানারূপ চিত্র-কার্যে) নিপুণা (সুনিপুণা), মৃদুঃ (মৃদুস্বভাবা [কোমল]) অতিমানাসহনা (অতিরিক্ত মানবিষয়ে অসহনশীলা হইয়া) নঃ (আমাদিগকে) সুখয়তি (আনন্দ দান করেন)? [শ্রীরাধার উত্তর—] ইয়ং (ইনি — এই) চিত্রা (চিত্রা) ॥১০৮॥

১০৯। [শ্রীকৃষ্ণের প্রশ্ন—] যা (যিনি) কন্দর্পাগমবিদ্যা-পটুঃ (কামশাস্ত্রবিদ্যায় সুনিপুণা বলিয়া) ইহ (এখানে) নিভৃতং (গোপনে) আশ্রানি (নি[illegible]-

^মঞ্জুমেধা-
(অর্থাৎ পরিচারিকা দাসী / মঞ্জরীর
স্ত্রীয়
সখ্যুঃ) আলিপ্রস্যঃ (~~সখীর~~ প্রিয়ের) অঙ্গে (অঙ্গে) ন্যস্যতি
(বিন্যস্ত করেন), অমু আশু বদ (শীঘ্র তাঁহার নাম
বল)? [শ্রীরাধার উত্তর—] ইয়ং (ইনিই সেই)
তুঙ্গবিদ্যা (তুঙ্গবিদ্যা) ॥১০৯॥

[শ্রীকৃষ্ণের প্রশ্ন—] কা (কে) উদয়ে (উদয়কালে) প্রকটিত-রাগা
বিশদা অপি (সুস্পষ্ট অনুরাগযুক্তা, অর্থান্তরে—
সুস্পষ্ট রক্তিমাযুক্তা [এবং] সুনির্মলস্বভাবা,
অর্থান্তরে — স্বচ্ছ হইয়াও) ইহ (এস্থানে)
স্বকলাভিঃ কুটিলা (নিজ কলাদিতে পুনঃ-প্রদর্শনে
বামভাবান্বিতা, অর্থান্তরে — ষোড়শ-ভাগরূপ
কুটিলকলাযুক্তা [অথচ]) মদনোদয়জননেক্ষণা
(দর্শনমাত্রেই কন্দর্পাবেশ-সঞ্চারকারিণী)?
তাং ব্রূহি (তাঁহার নাম বল); [শ্রীরাধার উত্তর—]
ইয়ং (ইনিই সেই) ইন্দুলেখা (ইন্দুলেখা) ॥১১০॥

১১১ [শ্রীকৃষ্ণের প্রশ্ন—] ইহ (এস্থানে) কা
(কে) রঙ্গে (নৃত্যস্থলে) সহনৃত্যে (একত্র নৃত্য-
কালে) নটনৈঃ লাস্যৈঃ (পুরুষনৃত্য ও স্ত্রীনৃত্যদ্বারা)
দীব্যন্তী (বিলাসশীলা হইয়া) নঃ (আমাদিগকে)
সুখয়তি (আনন্দদান করেন [এবং]) ভ্রূলতা

পরিবেষ্টন
(দ্রুতগতি দ্বারা) মামু অপি (আমাকেও) বেবেষ্টি?
([illegible] করেন? [আজ্ঞা]) বদ; (বল) [শ্রীরাধার
উত্তর]) ইয়ং (ইনিই) রঙ্গদেবী (রঙ্গদেবী)॥১১১॥

১১২। [শ্রীকৃষ্ণের প্রশ্ন] শিশুকাবুকেলৌ (শিশুক্রীড়ায়)
নিপুণা কা (সুদক্ষা বালিয়া কে) মামু অপি (আমাকেও)
জিত্বা (পরাভূত করিয়া) পণীকৃতং (পণরূপে নির্দ্ধারিত)
চুম্বক-রত্নং (চুম্বককান্তাসক ধাতু বিশেষকে, গূঢ় অর্থে—
চুম্বন রূপ রত্নকে) গৃহ্ণাতি (গ্রহণ করেন, [কিন্তু])
অজয়ে (নিজের পরাজয় হইলে) ন হি দিৎসতি?
([পণস্বরূপ চুম্বন] দান করিতে ইচ্ছা করেন না?
[শ্রীরাধার উত্তর]) ইয়ং (ইনিই) সুদেবী
(সুদেবী)॥১১২॥

~~চন্দ্রবদনে (হে চন্দ্রমুখি!) কাঃ (কাহারা) অন্যতরস্য~~
~~(অপরের) তুষ্ট্যৈ (তুষ্টিতে) তুষ্টিং আয়ান্তি:~~
~~(তুষ্টি বোধ করেন~~

১১৩। [শ্রীকৃষ্ণের প্রশ্ন] চন্দ্রবদনে! (হে চন্দ্রমুখি!)
কে (কাহারা) শ্রীবৈষ্ণবশ্রেণয়ঃ যথা (শ্রীমান্‌

বৈষ্ণববৃন্দের ন্যায়) ইহ (এই বৃন্দাবনে) অন্যজনস্য (অপরের ভূমিতে) ত্রাস্তিম্ আপ্নিতা: (ভ্রান্তিবোধ করেন; [অপরের]) দুঃখে (দুঃখে) মহা-দুঃখিতা: (অতিশয় দুঃখিত হ'ন); লব্ধৈ: স্বীয়-সুখালী-দুঃখনিচয়ৈ: (স্বীয় সুখ বা দুঃখসমূহে) ন হর্ষোদ্বেগোদয়া: (হর্ষ বা উদ্বেগ প্রকাশ করেননা; [এবং]) শেষ্টারাধনতৎপরা: (~~ইষ্ট~~ (নিজাভীষ্ট আরাধনায় তৎপর থাকেন); তা: ক্রহি; (তাঁহাদের নাম বল; [শ্রীরাধার উত্তর]) তা: (তাঁহারা) ইমা: মদ্বয়স্যা: (আমার এই সহচরীগণ) ॥ ১১৬ ॥

১১৭॥ বল্লীনাং (লতাবলির) কিশলয়-ফলাস্বাদমত্ত: (নবপল্লব-ও ফলপ্রান্তির আস্বাদনহেতু মদমত্ত) পিকেশ: বা (কোকিল রাজের ন্যায়) স: কিল (সেই শ্রীকৃষ্ণ) ইত্থং (এইরূপে) অখিল-কলা-শালি-সীমন্তিনীনাং (সমগ্রকলানিপুণা ব্রজসুন্দরীগণের সহিত) নর্মচ্ছিদাধর-কুচকর-স্পর্শ-পুষ্পার্চনাদ্যৈ:

(পরিশ্রমজলে তাঁহাদের অশ্রুজল ও স্বেদ-অর্পণ ও পুষ্পেরও সহায়-প্রদানাদি দ্বারা) দীব্যন্ (বিহার করিতে সহর্ষে) ক্রামং ক্রামং (চলিতে চলিতে) ললিতা-নন্দদং (ললিতানন্দদ-নামক) কুঞ্জং আপ (কুঞ্জে উপস্থিত হইলেন) ॥১১৪॥

সঙ্কেতের ভাবাভিজ্ঞা) বিজ্ঞা (সুপণ্ডিতা) বৃন্দা
(বৃন্দাদেবী), 'পঠ' ইতি ('পাঠ কর' এই বলিয়া)
কীরং (শুককে) সমাদিশৎ (আদেশ করিলেন [এবং])
কীরঃ অপি (শুকও) সভাং (সভাগণকে) আনন্দয়ন
(আনন্দদান করিয়া) পপাঠ (পাঠ করিতে লাগিল) ॥৪॥

৫। যৎ অপি (যদিও) মে (আমার) কবিতা (কবিতা)
কৈঃ (কাব্যোচিত) গুণৈঃ হীনা (গুণসমৃদ্ধিশূন্যা
বলিয়া) অতিমধুরা ন (অতিশয় মাধুর্যযুক্তা নহে),
অথাপি (তথাপি [ইহা]) অচ্যুতগুণচুম্বিতত্বেন
(শ্রীকৃষ্ণের অক্ষয় গুণসম্বন্ধযুক্ত হেতু:) সতাং (সজ্জন-
বৃন্দের) স্বাদ্যা ভবিতা (আস্বাদযোগ্যা হইবে);
মৃগয়ুঃ গৃহস্থা (ব্যাধের গৃহে অবস্থিত) অয়ঃ শস্ত্রী
(লৌহ ছুরিকা) স্পর্শমণিনা স্পৃষ্টা (স্পর্শমণির
স্পর্শে) সুবর্ণত্বং প্রাপ্তা (সুবর্ণত্ব লাভ করিয়া)
মহতাং (মহাজনগণের) ভূষণকৃতে (অলঙ্কার-
নির্মাণের) ভবতি (উপযোগী হয়) ॥৫॥

এই শ্লোকে 'দৃষ্টান্ত' নামক অলঙ্কার। সমানধর্ম-
বিশিষ্ট বস্তুদ্বয়ের উপস্থাপনেই এই অলঙ্কার হয়।

এস্থলে শ্রীকৃষ্ণের গুণসম্বন্ধকীর্তন: স্বাভাবিক-গুণবিহিত
শুকবচনের মধ্যে মহাজনগণের আদরণীয় এবং
স্বর্ণমণির মধ্যে মূর্তিপ্রাপ্ত কাষ্ঠস্থিত
লৌহ ছুরিকার, সজ্জন অলঙ্কারনির্মাণে
উপযোগ সমর্থবিশিষ্ট হইয়াছে ।।৫।।

৬। চক্রার্ধেন্দু-যবাষ্টকোণ-কলশৈ: (চক্র, অর্ধচন্দ্র, যব, অষ্টকোণ চিহ্ন, কলস), ছত্র-ত্রিকোণাম্বরৈ: (ছত্র, ত্রিকোণ চিহ্ন, বস্ত্র), চাপ-স্বস্তিক-বজ্র-গোষ্পদ-দরৈ: (ধনু:, স্বস্তিক, বজ্র, গোষ্পদ, শঙ্খ), মীনোর্ধ্ব-রেখাঙ্কুশৈ: (মৎস্য, ঊর্ধ্বরেখা, অঙ্কুশ), অব্জোজ-ধ্বজ-পক্বজাম্বুফলৈ: (পদ্ম, ধ্বজ এবং পক্ব জম্বুফল স্বরূপ), শ্রীপুরুষোত্তমত্ব-সম্বন্ধৈ: সল্লক্ষণৈ: (শ্রীপুরুষোত্তমত্বজ্ঞাপক শ্রেষ্ঠ লক্ষণরাজিদ্বারা) অঙ্কিতং (চিহ্নিত) শ্রীকৃষ্ণপাদদ্বয়ং (শ্রীকৃষ্ণপাদযুগল) জীয়াৎ (জয়যুক্ত হউন) ।।৬।।

এই শ্লোকে শ্রীকৃষ্ণের পদযুগলের স্বাভাবিক অবস্থার বর্ণনহেতু 'স্বভাবোক্তি' নামক অলঙ্কার হইয়াছে ।।৬।।

৭। যৎ শ্রীকৃষ্ণাঙ্ঘ্রিযুগং (শ্রীকৃষ্ণের যে পদযুগল) সকৃৎ (একবারমাত্র) শ্রুতিগতং (কর্ণগোচর হইলেই) সর্বান্যস্পৃহাহরং (নিখিল ইতর বস্তুবিষয়ে প্রীতি-

মাত্রেরই অভিলাষকে পূরণ করেন), ধ্যাতং ([যাঁহার] ধ্যান করিলে) বিপদাং বিলোপননিপুণং ([তিনি] বিপদ্‌রাশির বিনাশে সুনিপুণ হইয়া) সৎসম্পদাং দায়কং (উত্তম সম্পদ্‌রাশি বিতরণ করেন), দৃষ্টং ([যাহা] নয়নগোচর হইয়া) চারুতয়া (সৌন্দর্যহেতু) চমৎকৃতিপদং (চমৎকারের বিষয় বলিয়া) সর্বেন্দ্রিয়াহ্লাদকং (নিখিল ইন্দ্রিয়বর্গের আহ্লাদজনক, [এবং]) যৎ স্পৃষ্টং (যাঁহার স্পর্শ) ক্লমহৃৎ নির্বৃতিকরং (সকল ক্লেশনাশক ও পরমানন্দজনক), তৎ (তাহা) মে (আমার) কাঙ্ক্ষিতং ক্রিয়াৎ (অভিলাষ পূরণ করুন)॥

[এই শ্লোকে শ্রীকৃষ্ণের চরণযুগলসম্বন্ধে ইতরদুঃখনাশকত্ব প্রভৃতি পরমসমৃদ্ধির বর্ণনহেতু 'উদাত্ত' এবং উহা স্বাভাবিক বলিয়া তদ্বর্ণনহেতু 'স্বভাবোক্তি' নামক অলঙ্কার হইয়াছে।]॥৭॥

৮। ধ্যাতমাত্রং (ধ্যানমাত্রেই) প্রাকৃতাপ্রাকৃতানাং (প্রাকৃত ও অপ্রাকৃত) সৌভাগ্যানাং (সৌভাগ্যসমৃদ্ধির), সদ্‌রুচাং (সৎকান্তির), সদ্‌গুণানাং (সদ্‌গুণ, [এবং]) সম্পত্তীনাং (সম্পদ্‌রাশির) দাতৃ (প্রদাতা)

লীলাগারং (অশেষ লীলার আলয়স্বরূপ) কৃষ্ণপাদাম্বুজং
(শ্রীকৃষ্ণপাদপদ্ম) নঃ (আমাদের) সর্ব্বস্বমস্তু
(সর্ব্বস্ব হউক) ॥৮॥

[এস্থলে শ্রীকৃষ্ণপাদপদ্মের অদ্ভুত সর্ব্বসম্পত্তির ও স্বভাবের
বর্ণনহেতু পূর্ব্ব শ্লোকবৎ 'উদাত্ত' ও 'স্বভাবোক্তি' অলঙ্কার।]

৯। যস্য (যাঁহার) উপাসনয়া (উপাসনাদ্বারা) আপ্ত-
শাক্তিলবতঃ (প্রাপ্ত শক্তির লেশমাত্রের) কাশ্চিৎ
(কতিপয়) শিলাঃ (শিলা) চিন্তামণিত্বং (চিন্তামণিত্ব),
কাশ্চিৎ (কতিপয়) ধেনবঃ চ (ধেনু) কামধেনুত্বং
(কামধেনুত্ব [এবং]) কেচিৎ (কতিপয়) ভূমিরুহাঃ
(তরু) কল্পানতাং (কল্পতরুত্ব) এত্য (লাভ করিয়া)
প্রাণিনাং (প্রাণিগণের) অখিলাভীষ্টপ্রদাঃ বভূবুঃ
(সর্ব্বাভীষ্টদাতা হইয়াছে), তৎ (সেই) স্বপ্রদং
(সর্ব্বস্বদাতা অর্থাৎ আত্মদানকারী) শ্রীকৃষ্ণপদারবিন্দ-
যুগলং (শ্রীকৃষ্ণপাদপদ্মযুগলকে) কঃ ন আশ্রয়েৎ?
(কে আশ্রয় না করে?) ॥৯॥

[এই শ্লোকে শ্রীকৃষ্ণপাদপদ্মাশ্রয়ণবিষয়ে পূর্ব্বোক্ত বাক্য
হেতুরূপে উপন্যস্ত হওয়ায় 'কাব্যলিঙ্গ' নামক
অলঙ্কার ইত্যাদি।] ॥৯॥

১০। কঃ সন্ রসিকঃ (কোন্ রসিক পুরুষ) পরিমলসুবাসিত-ভুবনং (সৌরভ দ্বারা সর্ব জগতের আমোদজনক), স্বরসামোদিত রসজ্ঞ রোলম্বং ([স্বীয়ং] স্বীয় রসে রসজ্ঞ বা রসিকরূপ ভ্রমরের আনন্দদায়ক) গিরিধরপাদাম্ভোজং (শ্রীকৃষ্ণপাদপদ্ম) হাতুং (পরিত্যাগ করিতে) সমীহতে (ইচ্ছা করে?) ॥১০॥

১১। লাবণ্য-মধু-পূর্ণং ([যাহা] লাবণ্যরূপ মধুদ্বারা পূর্ণ), স্বাঙ্গুলিশ্রেণিপর্ণং (স্বীয় অঙ্গুলি বৃন্দই যাঁহার পত্র-স্বরূপ), যুবতি-নয়ন-ভৃঙ্গ-স্পৃহণীয়ং (যুবতীগণের নয়নরূপ ভ্রমরগণ যাঁহার লাবণ্য-মধু-পান করে), নখশ্রেণিকর-রোচিঃ কেশরং (নখশ্রেণিই যাঁহার কেশর-স্বরূপ), সৌরভ ভাগী পরিমলিত দিগন্তং (যাঁহার সৌরভপ্রবাহে দিগন্ত সুবাসিত হয়, [এতাদৃশ]) সুশীতং (সুশীতল) কৃষ্ণপাদাব্জং (শ্রীকৃষ্ণপাদ-পদ্মকে) ভজে (বন্দনা করি) ॥১১॥

(এই শ্লোকে শ্রীকৃষ্ণের পদ ও অম্বুজ এবং লাবণ্য-প্রভৃতি ও মধু-প্রভৃতির তাদাত্ম্য বর্ণনাহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।)॥১১॥

১২। [যাহা] মহত্তমৈ: সর্বেন্দ্রিয়াহ্লাদি-গুণৈ: (সর্ব
ইন্দ্রিয়ের আহ্লাদজনক অতিমহৎ গুণসমূহ দ্বারা)
রত্নোৎপলাব্জানি (রত্নোৎপলকে ও পদ্মসমূহকে [এবং])
বদান্যাদিভি: (বদান্যতা প্রভৃতি [গুণরাজি দ্বারা])
কল্পদ্রুমাণাং (কল্পতরুসমূহের) পল্লবান্ চ
(পল্লবরাজিকে) জিতবৎ (জয় করিয়াছে), হরে:
(শ্রীকৃষ্ণের [সেই]) চরণাম্বুজং (পাদপদ্ম) কেন
উপমেয়ং (কাহার সহিত তুলনীয় হইতে পারে)?
এই শ্লোকে রত্নোৎপল, পদ্ম ও কল্পতরুর পল্লবরূপ
উপমান বস্তু অপেক্ষা উপমেয় শ্রীকৃষ্ণপাদপদ্মের
উৎকর্ষবর্ণন-হেতু 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে। ॥১২॥

১৩। কৃষ্ণপাদপ্রয়াগে (শ্রীকৃষ্ণের চরণরূপ প্রয়াগ-
তীর্থে) নখালীতিরুচি-গঙ্গা (নখরকান্তির শুভ্রকান্তি-
রূপে গঙ্গা), তদুপরি (তাহার উপরিভাগে) নীল-
রোচি: (কৃষ্ণকান্তিরূপে) ভানুজা (যমুনা [এবং])
অধস্তাৎ (নিম্নভাগে) অরুণকিরণধারা (রক্তিমাচ্ছলে)
ধাতুকন্যা অপি (সরস্বতী নদীও) সঙ্গতা আসীৎ
(সম্মিলিতা হইয়াছে; [সেই হেতু]) ইয়ং (ইহা) নিখিল-
সর্বাভীষ্টদা (নিখিল লোকের সর্বাভীষ্ট দায়িনী)
ত্রিবেণী লসতি (ত্রিবেণীরূপে বিলাস করিতেছে)।

[এই শ্লোকে নখস্থিত শুক্লকান্তি প্রভৃতির ও শশাঙ্কপ্রভৃতির তাদাত্ম্যবর্ণনহেতু 'রূপক' এবং শ্রীকৃষ্ণপাদপদ্মযুগকে ত্রিভুবনীরূপে সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]॥১৩॥

১৪। কংসারেঃ (শ্রীকৃষ্ণের) চরণযুগলস্য (চরণযুগলের) এষঃ (এই) মহিমা (মহিমা) অপূর্বঃ (অপূর্বই বটে), যং (যাহাকে) আশ্রিত্য (আশ্রয় করিয়া) ধ্বান্তং (অন্ধকার) স্বকদনকৃতে (নিজ বিনাশের জন্য) প্রাপ্তং (সমাগত) অরুণং (অরুণকে) নিযুদ্ধে (বাহুযুদ্ধে) অধঃ কৃত্বা (অধঃপাতিত করিয়া) উপরি (উপরিভাগে) লসতি (বিরাজ করিতেছে, [আর]) যং বীক্ষ্য (উক্ত ঘটনা দেখিয়া) সঃ (সেই) উডুপঃ অপি (পূর্ণচন্দ্রও) ভয়াৎ (ভয়ে) অমলং বপুর্দুর্গং কুর্বন্ (সুনির্মল কায়-দুর্গ রচনা করিয়া) ইদং (এই চরণযুগল) আশ্রয়ৎ (আশ্রয় করিয়াছে। [এস্থলে পাদযুগলের উপরিভাগ-স্থিত কৃষ্ণবর্ণ অন্ধকার, তলগত রক্তিমা অরুণ এবং নখরাজির কায়দুর্গাশ্রিত চন্দ্র])॥১৪॥

এই শ্লোকে উপমান অন্ধকার, অরুণ ও চন্দ্র কর্তৃক যথাক্রমে উপমেয় কৃষ্ণবর্ণ, অরুণবর্ণ ও নখরাজির

প্রাপ্যত্ব অন্তর্ভুক্তি হেতু 'অতিশয়োক্তি' অলঙ্কার এবং
অরুণতাদি অপেক্ষা শ্যামবর্ণতাদির উৎকর্ষ প্রতিপাদনহেতু
'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে ॥

তত: (অনন্তর) কল্লোক্তি: (কল্লোক্তি-নাম্নী) সা (সেই)
সারী (সারী) বৃন্দয়া (বৃন্দাকর্তৃক) দৃশা প্রেরিতা
(নয়নসঙ্কেতদ্বারা আদিষ্টা হইয়া) কৃষ্ণপাদাম্বুজবর্ণনৈ:
(শ্রীকৃষ্ণের পাদপদ্মের বর্ণনাদ্বারা) রসজ্ঞাং (নিজ
জিহ্বাকে) বাসিতাং চক্রে (সৌরভশালী অর্থাৎ পবিত্র
করিয়াছিল) ॥১৫॥

চণ্ডাংশো: (সূর্যের) কিরণৈ: (কিরণমালাদ্বারা)
প্লুষ্টবর্ষ্মা (শরীর দগ্ধ হইলে) অরুণ: (অরুণ)
ইহ (ইহলোকে) শীতচ্ছায়ং (শীতলচ্ছায়াযুক্ত)
কৃষ্ণপাদাব্জযুগ্মং (শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলে)
প্রাবিষ্ট: (প্রবেশ করিয়াছিল, [তার]) অস্য
(সেই অরুণের) অরুণিম্না (রক্তিমাদ্বারাই) ব্যাপ্তং
(ব্যাপ্ত হইয়াই) ইদং (এই পাদপদ্মযুগল) অত্যরুণং
অভূৎ (অতিশয় রক্তবর্ণ হইয়াছে), ইয়ং (ইহা)
কবীনাং (কবিগণের) উৎপ্রেক্ষা (উৎপ্রেক্ষামাত্র),
তু (কিন্তু) মম (আমার) ইদং মতং (অভিমত

এই যে), কৃষ্ণরাগাতিরক্তং (শ্রীকৃষ্ণের অনুরাগে
অতিশয় রক্তিমাযুক্ত) রাধাচিত্তং (শ্রীরাধার চিত্ত)
'ইদং এব (ইহাই) মম আস্পদং (আমার একমাত্র
আশ্রয়)' ইতি (এইরূপ বিচারপূর্বক) অস্য ধাম্না
(নিজ রক্তিমাদ্বারা) তৎ (উক্ত পাদপদ্মযুগলকে)
ব্যাপ্নুত (ব্যাপ্ত করিয়াছে) ॥১৬॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের চরণগত স্বাভাবিক রক্তিমাকে
শ্রীরাধার চিত্তরাগসংস্পর্শজনিতরূপে সম্ভাবনা
করায় 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।

যৎ (যাহা) অরবিন্দদৃশাং (কমললোচনা গোপ-
রমণীগণের) করাব্জে (করকমলে) লীলারবিন্দং
(লীলাপদ্মস্বরূপ), উরোজস্বর্ণকুম্ভে (স্তনরূপ
স্বর্ণকলসের উপরিভাগে) কঙ্কেল্লিপল্লবং
(অশোক-পল্লবস্বরূপ [এবং]) হৃৎসরসি
(চিত্তসরোবরে) রক্তোৎপলং (রক্তোৎপলস্বরূপ),
ইহ (ইহলোকে) অরবিন্দবিলোচনস্য (কমলনয়ন
শ্রীকৃষ্ণের) ইদং (এইরূপ) পদারবিন্দং
(শ্রীপাদপদ্মের) ঈড়ে (বন্দনা
করি) ॥১৭॥

এই শ্লোকে একই শ্রীকৃষ্ণপাদপদ্মকে যথাক্রমে
লীলারবিন্দ, অশোকপল্লব ও রক্তোৎপল রূপ অনেক
বস্তুর সহিত তাদাত্ম্য অর্থাৎ অভিন্নরূপে বর্ণন হেতু
'মালারূপক' নামক অলঙ্কার হইয়াছে।

[যাহা] চন্দ্রেন্দীবর-চন্দনেন্দু-নলদাৎ শীতং (চন্দ্র,
নীলপদ্ম, চন্দন, কর্পূর এবং উশীর হইতেও সুশীতল),
রাধায়াঃ (শ্রীরাধার) স্তনসঙ্গলোলুপতমং (স্তন-
সংসর্গের জন্য অতি লোলুপ), তৎপাণিসংলালিতং
(শ্রীরাধার হস্তদ্বারা যত্নসহকারে লালিত), তৎশ্রী-
কুঙ্কুম-চর্চিতং (উক্ত স্তনগত কুঙ্কুমরাগে লিপ্ত),
সুলালিতং (অতিমনোরম [এবং]) শোভালি-
লীলাস্পদং (সৌন্দর্যরূপ ভ্রমরাবলির লীলার
আশ্রয়), তৎ শ্রীকৃষ্ণপদাম্বুজং (শ্রীকৃষ্ণের
সেই শ্রীপাদপদ্ম) সদা (সর্বদা) নঃ (আমাদের)
সংবাহনীয়ং ভবতু (সংবাহন অর্থাৎ মর্দনাদি-
সেবার যোগ্য হউক)॥১৮॥

এই শ্লোকে ~~যথাক্রমে~~ শ্রীকৃষ্ণপাদপদ্মের
পরম সমৃদ্ধি ও স্বভাবের বর্ণনা হেতু যথাক্রমে
'উদাত্ত' এবং 'স্বভাবোক্তি' নামক অলঙ্কার
জ্ঞাতব্য।

[অনন্তর] রাধিকা প্রেরিতঃ (শ্রীরাধার প্রেরণায়)
সমাযযিকঃ শুকঃ (সারিকার সহিত শুক) সভ্যকর্ণৌ
(সভ্যগণের কর্ণযুগল) সুধাপূর্ণৌ রচয়ন্ (সুধা-
রসে পরিপূর্ণ করিয়া) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) অন্যানি
(অপর) অঙ্গানি (অঙ্গসমূহের) অবর্ণয়ৎ (বর্ণনা
করিয়াছিল)।।১৯।।

[যাহা] লাবণ্যতরঙ্গোচ্ছলিতৌ (লাবণ্য তরঙ্গে
উচ্ছলিত [এবং]) সুবর্তুলৌ (মনোরম বর্তুলাকার),
বকারেঃ (শ্রীকৃষ্ণের) আতিচিক্কণৌ (অতিমসৃণ,
[এইরূপ]) গুলফৌ (গুলফদ্বয়) কলিন্দকন্যা-
তনুবীচিনির্ঝরাৎ (যমুনার ক্ষুদ্র তরঙ্গনির্ঝর
হইতে) অর্দ্ধোদিতেন্দীবর-কোরকৌ ইব
(অর্দ্ধ উদগত নীলপদ্মের কলিকাযুগলের ন্যায়)
লসতঃ (বিলাস করিতেছে)।।২০।।

এই শ্লোকে শ্রীকৃষ্ণের দেহকে যমুনা-
প্রবাহের ন্যায়, উহার সৌন্দর্য তরঙ্গের ন্যায় - এইরূপ
লাবণ্যতরঙ্গোচ্ছলিত রূপ হেত্বন্তরের উল্লেখমাত্রে
ধ্বনিত হইয়াছে। অর্দ্ধোদিত ই-ন্দীবরকোরক অপেক্ষা
গুলফযুগলের উৎকর্ষ জ্ঞাপন হেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার
হইয়াছে।

(ভ্রূদ্বয়)
মুরারেঃ (শ্রীকৃষ্ণের) পুটিকে (ভ্রূদ্বয়) লাবণ্যবন্যামধুপূর্ণতমালনব্য-পত্রালি-চিত্রপুটিকে (লাবণ্যরূপ উত্তম মধুপূর্ণ তমালের নূতন-পত্ররচিত অতিবিচিত্র পুটিকাপুটকস্বরূপ বলিয়া) ললনালিঃ (রমণীরূপ ভ্রমরীগণ) আরাৎ (দূর হইতে) নেত্ররসনাগ্রিময়া (নয়নরূপ রসনার অগ্রভাগদ্বারা) সকৃৎ (একবারমাত্র) যে (উক্ত পুটিদ্বয়) আলিহ্য (লেহন করিয়া) সদা (সর্বদা) মত্তা (মত্ত হইয়া) বিঘূর্ণতি (ঘূর্ণিত হইতেছে) ॥ ২১ ॥

এই শ্লোকে লাবণ্য-প্রভৃতির সহিত মধু-প্রভৃতির তাদাত্ম্য বর্ণন হেতু 'রূপক' এবং ললনাগণের ঘূর্ণনরূপ হেতুদ্বারা লাবণ্যরূপ মধু-পানের সাধন-হেতু 'অনুমান' অলঙ্কার হইয়াছে।

ধাত্রা (বিধাতা) শ্রীরাধিকানয়নকীরযুগ্মম্ (শ্রীরাধার নয়নরূপ শুকযুগলের) পুষ্ট্যৈ (পুষ্টির জন্য) পূতনারেঃ (শ্রীকৃষ্ণের) শ্রীমৎপদাম্বুজযুগোপরি (শ্রীপাদপদ্মযুগলের উপরিভাগে) গুল্ফযুগলস্য মিষেণ (গুল্ফদ্বয়ের ছলে) সম্পুটে (সম্পুট) করমর্দফলে (দুইটি করমর্দ-ফল) নিগূহ্য ন্যধায়ি মন্যে (গোপন করিয়া রাখিয়াছেন মনে হয়) ॥ ২২ ॥

এই শ্লোকে 'শ্রীরাধার নয়নকমল গুচ্ছযুগলের শোষণের নিমিত্ত' এই বাক্যটিকে হেতু করিয়া 'মনে' এই পদের প্রয়োগদ্বারা করমর্দ্দযুগল অপেক্ষা গুচ্ছযুগলের উৎকর্ষসম্ভাবনা করায় 'উৎপ্রেক্ষা' এবং শ্রীরাধার নয়নযুগল ও গুচ্ছযুগলের তাদাত্ম্যবর্ণনহেতু 'রূপক' এবং গুচ্ছযুগলের স্বরূপ অপহ্নবপূর্ব্বক করমর্দ্দফল-যুগে স্থাপনহেতু 'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।

স্ফুরৎশ্রীপার্শ্বং (যাহার পার্শ্বদ্বয় সুসংলগ্ন), হরেঃ (শ্রীকৃষ্ণের) তৎ (সেই) শ্রীমুষ্টিকাযুগং (গুচ্ছযুগল) বভৌ (অতিশয় শোভা পাইতেছে), যৎ (আর উহা) শশ্বৎ (নিরন্তর) কুমারয়ন্ত্যাঃ রাধামনোবৃত্তি-কুমারিকালেঃ (শ্রীরাধার চিত্তবৃত্তিরূপা ক্রীড়ারতা কুমারীগণের) লঘুকন্দুকত্বং অবাপ (ক্ষুদ্র কন্দুকযুগলের ভাব ধারণ করিয়াছে)॥ ২৩॥

এই শ্লোকে শ্রীরাধার মনোবৃত্তি ও কুমারীগণের তাদাত্ম্যবর্ণনহেতু 'রূপক' এবং কন্দুক অপেক্ষা গুচ্ছযুগলের উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।

গোকুলকুলযুবতীনাং (গোকুলের কুলরমণীগণের)

ধৈর্যোদ্ভট-ভট-বিনষ্টয়ে (ধৈর্যরূপ বলবান্ সৈন্যগণের
বিনাশের জন্য) হরিজঙ্ঘাযুগদম্ভাৎ (শ্রীকৃষ্ণের
জঙ্ঘাযুগলের ছলে) অতনোঃ (কন্দর্পরাজের) —
তমালসারময় (তমালতরুর সারবিরচিত) লঘুপরিঘ-
যুগং (ক্ষুদ্র পরিঘ বা মুদ্গরযুগল [বিরাজ
করিতেছে]) ॥ ২৪ ॥

এই শ্লোকে ধৈর্য ও সৈন্যের তাদাত্ম্য বর্ণনহেতু এবং
জঙ্ঘাযুগলে পরিঘত্বের আরোপনিবন্ধন 'রূপক'
এবং ~~বাস্তব জঙ্ঘাদ্বয়কে~~ জঙ্ঘাদ্বয়ের বাস্তবত্ব
গোপনপূর্বক পরিঘরূপে উপস্থাপনহেতু
'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।

ধাত্রা (বিধাতা) মরকতমণিরম্ভা-স্তম্ভ-মধ্যেদ্ধি
(মরকতমণিময় কদলীতরুরাজির গর্ভস্থায়ী) যৎ
([শ্রীকৃষ্ণের] যে [জঙ্ঘাযুগলকে]) ভুবন-ভবন-
মূলস্তম্ভতাং লম্ভিতং (ভুবনরূপ মন্দিরের মূল-
স্তম্ভ করিয়াছেন), যুবতিনিচয়চেতঃপীলু-নীলাশ্ম-
কীলং (যুবতীগণের চিত্তরূপ হস্তীর বন্ধনার্থ ইন্দ্র-
নীলমণিময় স্তম্ভস্বরূপ) হরি-জঙ্ঘাযুগ্মং (শ্রীকৃষ্ণের
সেই জঙ্ঘাযুগল) অঘৌঘাবিঘাতং প্রণয়তু (পাপ-
রাশির বিনাশ করুক) ॥ ২৫ ॥

এই শ্লোকে মরকতমণিময় কদলীদল উপমান অপেক্ষা
বক্ষোযুগলরূপ উপমেয় বস্তুর আধিক্য বা উৎকর্ষ-
বর্ণনহেতু 'ব্যতিরেক' এবং ভুবনমন্দিরের স্তম্ভ ও
ইন্দ্রনীলমণিময় স্তম্ভের সহিত বক্ষোদ্বয়ের অভেদ্যবর্ণন-
হেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

লবণিমামৃতভঙ্গৈঃ ([যাহা] লাবণ্যরূপ অমৃতের তরঙ্গ-
যুক্ত), চারুহংসক-কলা-ললিতান্তে ([যাহার] প্রান্ত-
ভাগ মনোরম পাদবলয়ের, যমুনার ধারাপক্ষে —
মনোরম হংসের — বিলাসহেতু রমণীয় [এবং যাহা])
দেহকান্তিযমুনালঘুধারা-সন্নিভে (শ্রীকৃষ্ণের দেহকান্তি-
রূপ যমুনার ক্ষুদ্রধারা সদৃশ), মুরারিপোঃ (শ্রীকৃষ্ণের)
তে (সেই) প্রসূতে (বক্ষোযুগল) দীপ্যতঃ (অপূর্ব
শোভা প্রকাশ করিতেছে) ॥ ২৬ ॥

এই শ্লোকে যমুনার ধারা প্রভৃতির সহিত শ্রীকৃষ্ণের
অঙ্গকান্তি প্রভৃতির অভেদ্যবর্ণনহেতু 'রূপক' এবং
উপমানভূত যমুনার ধারা প্রভৃতি অপেক্ষা উপমেয়
অঙ্গকান্তি প্রভৃতির উৎকর্ষ প্রকাশহেতু 'ব্যতিরেক'
অলঙ্কার হইয়াছে।

অস্য (শ্রীকৃষ্ণের) যে বক্ষ (যে বক্ষোযুগল)

মিথ: (পরস্পরের) সৌন্দর্য-সৌষ্ঠব বিলোকনত:
(সৌন্দর্য ও সৌষ্ঠব দর্শন হেতু) প্রলুব্ধে (প্রলুব্ধ হইয়া)
মিলিতুং সমুৎসুকে (মিলনের জন্য উৎকণ্ঠিত হইয়া-
ছিল), বেণুবাদনকৃতে (বেণুবাদনের জন্য) আশ্রিন-
হরৌ (এই শ্রীকৃষ্ণ) স্থিরতাং গতে (স্থির ভাবে অবস্থান
করিলে) তে (সেই জঙ্ঘাযুগল) লব্ধান্তরে (অবসর-
প্রাপ্ত হইয়াই) পরিরভ্য (পরস্পর আলিঙ্গন পূর্বক)
চিরং স্থ: নু (দীর্ঘকাল বিরাজ করিতেছে বলিয়া
মনে করি) ॥ ২৭ ॥
এই শ্লোকে স্বভাবত: মিলিত জঙ্ঘাযুগলের মিলন-
ব্যাপারে তাদৃশ হেতুর সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা'
অলঙ্কার জ্ঞাতব্য।

মাধুর্যলক্ষ্ম্যা: (মাধুর্য-লক্ষ্মীর) রুচিরাসনদ্বয়ং (সুরম্য
আসনযুগলস্বরূপ), লাবণ্যবল্ল্যা: (লাবণ্যলতিকার)
গুরু (স্থূল) পর্বযুগ্মকং (গ্রন্থিযুগলস্বরূপ [এবং])
শোভাশ্রিয়: (সৌন্দর্যলক্ষ্মীর) অলঙ্কৃতি-পেটিকা-
যুগং (অলঙ্কাররক্ষার পেটিকাযুগলস্বরূপ),
হরে: (শ্রীকৃষ্ণের) মনোহরং (মনোরম) জানুদ্বয়ং ভাতি
(জানুযুগল শোভা পাইতেছে) ॥ ২৮ ॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের জানুযুগলের সহিত সামুদ্গকীয়
আধানাদি বহু বস্তুর তাদাত্ম্য বর্ণনহেতু 'সাঙ্গরূপক'
অলঙ্কার জানিবে।

হরেঃ (শ্রীকৃষ্ণের) রম্যোরুপর্বদ্বয়ং (সুরম্য জানুযুগল)
মহেন্দ্রনীলং (ইন্দ্রনীলমণিরচিত) ~~অদ্ভুতং (বিচিত্র)~~
লঘু (ক্ষুদ্রাকৃতি) ~~সম্পুটদ্বয়ং (দুইটি সম্পুট অর্থাৎ
কৌটা~~) ~~যৎ (যেহেতু)~~ বিচিত্রং (বিচিত্র)
সম্পুটদ্বয়ং (দুইটি কৌটা), যৎ (যেহেতু) অসংখ্য-
গোপসুভ্রূ-কুরঙ্গনাততেঃ (অসংখ্য গোপরমণী-
গণের) তে চিত্তচিন্তামণয়ঃ (ও চিত্তরূপ চিন্তামণি-
রাশি) অত্র (ইহার মধ্যে) মান্তি (পরিমিতরূপেই
স্থান লাভ করিয়াছে) ॥২৯॥

এই শ্লোকে জানুযুগল ও সম্পুটযুগলের তাদাত্ম্যবর্ণন-
হেতু 'রূপক', তাদৃশ চিন্তামণিরাশিরূপ আধেয় বস্তু
অপেক্ষা শ্রীকৃষ্ণের জানুদ্বয়রূপ কৌটাযুগলের
আধিক্য অর্থাৎ মাহাত্ম্যগত প্রাধান্যবর্ণনহেতু
'অধিক' এবং তাদৃশ চিন্তামণিরাশির যথাযথ সমাবেশ-
রূপ হেতুদ্বারা উক্ত জানুযুগলরূপ সম্পুটদ্বয়ের
অদ্ভুতত্ব সাধনহেতু 'অনুমান' অলঙ্কার জানিবে।

শ্রীপাদয়োঃ (সুরম্য পদযুগলের) প্রসারণে (প্রসারণকালে)
যৎ (যাহা) বলিমৎ (বলিযুক্ত [এবং]) নিকুঞ্চনে
(আকুঞ্চনকালে) নির্বলিতং (বলিশূন্য), শ্রীরাধিকা-শ্রীকর-
লালিতং (শ্রীরাধার করদ্বারা লালিত [ও]) সুমাংসলং
(সুপুষ্ট), হরেঃ তৎ (শ্রীকৃষ্ণের সেই) রুচিরং (মনোরম)
জানুযুগ্মং (জানুযুগল) নঃ (আমাদের) শ্রিয়ে অস্তু
(সম্পদরাশির বিধান করুক)॥৩০॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের জানুযুগলের স্বভাববর্ণনহেতু
'স্বভাবোক্তি' অলঙ্কার জ্ঞাতব্য।

[যাহা] কন্দর্পবৃন্দবরনর্তক-নাট্যরঙ্গং (অসংখ্য কন্দর্প-
রূপ নর্তকগণের নৃত্য রঙ্গমঞ্চ), লাবণ্যকেলিসদনং
(লাবণ্যরাশির ক্রীড়ানিকেতন), অধঃক্রমকার্শ্যযুক্তং
(অধোভাগে ক্রমশঃ ক্ষীণ), সুচিক্কণং (অতিমসৃণ),
পীনং (স্থূল), ললিতং (মনোরম [এবং]) সুবলিতং
(সুগঠিত), বকারেঃ (শ্রীকৃষ্ণের [সেই]) ঊরুদ্বয়ং
(ঊরুযুগল) নঃ (আমাদের) হৃদি (হৃদয়ে)
চকাস্তু (দীপ্তি বিস্তার করুক)॥৩১॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের ঊরুযুগলের সহিত তাদৃশ রঙ্গ-
স্থল ও ক্রীড়াভবনের তাদাত্ম্য বর্ণনহেতু 'রূপক' এবং
ঊরুযুগলের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার
জ্ঞাতব্য।

ইদং কিং (ইহা কি) ইন্দ্রনীলরচিতং (ইন্দ্রনীলমণি-রচিত), অনঙ্গশালাস্তম্ভদ্বয়ং (প্রমোদগৃহের স্তম্ভদ্বয়?), কিং (অথবা ইহা কি) অতনোঃ (কন্দর্পের) মখযূপযুগ্মং (যজ্ঞীয় যূপযুগল?), কিং বা (অথবা ইহা কি) ললনাহৃদয়েভবন্ধনালানদ্বয়ং (রমণী-গণের চিত্তহস্তীর বন্ধনের উপযোগী স্তম্ভযুগলই হইবে?), ন (না), ইদং তৎ হরিসক্থিযুগ্মং (ইহা শ্রীকৃষ্ণের সেই জানুযুগল) ॥৩২॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের জানুযুগলসম্বন্ধে প্রথমতঃ তিনপ্রকার সন্দেহ এবং পশ্চাৎ নিশ্চয় হেতু 'নিশ্চয়ান্ত-সন্দেহ' অলঙ্কার জ্ঞাতব্য।

এতে (ইহা) হরেঃ (শ্রীকৃষ্ণের) উরুচ্ছলাৎ (উরুযুগলের ছলে) শ্রোণিবরাঙ্কুরোচ্চমূলীভবদধোমুখনীল-রম্ভে (নিতম্ব দেশরূপ উচ্চ অঙ্কুরমূলীজাত অধোমুখ নীল কদলীবৃক্ষযুগল), যে (এই কদলীবৃক্ষযুগল) স্বমাধুর্যফলৈঃ (নিজ মাধুর্যরূপ ফলদ্বারা) ললনাক্ষি-কীরপুষ্ট্যৈ (রমণীগণের নেত্ররূপ শুকপক্ষিগণের পুষ্টিবিধানে) অলং স্তঃ (সমর্থ হয়) ॥৩৩॥

এই শ্লোকে নিতম্ব দেশ ও অঙ্কুরমূলী প্রভৃতির আরোপ্যবর্ণন হেতু 'রূপক' এবং বাস্তব উরুযুগলের অপহ্নবপূর্বক

নীল কদলীবৃক্ষরূপে স্থাপন হেতু 'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।

যে রম্ভাদিগর্বভর-দারুণ-সন্নিবেশে (যাহার সুগঠন কদলীতরুরাজির গর্বরাশি বিনষ্ট করে [এবং]) মত্তেভ-হস্ত-মদ-মর্দন-মার্দবে (যাহার মৃদুতা মত্ত হস্তীর শুণ্ডের দর্প সংহার করে), শ্রীরাধিকা-করভ-সন্তত-সেব্যমানে (শ্রীরাধিকার হস্তের অগ্রভাগদ্বারা নিরন্তর সেবিত), তে (সেই) হরি-সক্থিনী (শ্রীকৃষ্ণের সেই ঊরুযুগলকে) কবয়: (কবিগণ) কেন উপমান্তু (কাহার সহিত তুলনীয় করিবেন)॥৩৪॥

এই শ্লোকে কদলীপ্রমুখ উপমান হতে অপেক্ষা উপমেয় ঊরুযুগলের উৎকর্ষ প্রতিপাদন হেতু 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে।

বিস্তীর্ণ-পীনং ([যাহা] বিস্তৃত, স্থূল), অতিসুন্দর-সন্নিবেশং (অতিরমণীয় গঠনযুক্ত), সরতি-কামনটার্বুদানাং ([যাহা] রতিদেবীর সহিত মিলিত অর্বুদ কন্দর্পরূপী নর্তকগণের) রাসস্থলং (রাসক্ষেত্র [এবং]) আভীর-ধীর-রমণী-কমনীয়শোভং (যাহার সৌন্দর্য ধীর-স্বভাবা গোপ-রমণীগণেরও কামনীয়), মুরারে: (শ্রীকৃষ্ণের [সেই]) শ্রোণিমণ্ডলং (সুরম্য নিতম্বপ্রদেশ)

শরং বিলসতি (শরৎস্বরূপে বিলাস প্রকাশ করিয়াছে)॥ ৩৫॥

এই শ্লোকে নিতম্বদেশ ও তাদৃশ রাসস্থলীর তাদাত্ম্যবর্ণন-হেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

লসদূর্মিলয়-তমালনীলাশ্ম-কৃতালবালং (সুশোভন উর্মিদেহরূপ তমালবৃক্ষের সম্বন্ধে ইন্দ্রনীলমণিরচিত আলবাল-স্বরূপ), কৃষ্ণস্য কটীরবিম্বং (শ্রীকৃষ্ণের এই কটিদেশ) লাবণ্যজলালি-খেলৎ-কাঞ্চী-মরালী-বলিতং বিভাতি (লাবণ্যরূপ জলরাশিতে ক্রীড়ারত কাঞ্চীরূপ হংসীগণের দ্বারা পরিবেষ্টিত হইয়া) বিভাতি (শোভা পাইতেছে)॥ ৩৬॥

এই শ্লোকে কটিদেশ ও তাদৃশ আলবালের তাদাত্ম্য-বর্ণনহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।

কৃষ্ণাঙ্গ-সিংহাসন-সন্ততোপবিষ্টস্য (শ্রীকৃষ্ণের অঙ্গরূপ সিংহাসনে সর্বদা উপবিষ্ট), রাধাহৃদয়স্য রাজ্ঞঃ (শ্রীরাধার চিত্তরূপ রাজার) সুখাপ্ত্যৈ (সুখলাভের জন্য) ধাত্রা (বিধাতা) শ্রোণিমিষাৎ ([শ্রীকৃষ্ণের] নিতম্বচ্ছলে) নীলাংশুক-স্থূলবিধূপধানং কৃতং (নীলবর্ণ বস্ত্রদ্বারা চন্দ্রের ন্যায় স্থূল সুগোল উপধান রচনা করিয়াছেন)॥ ৩৭॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের অংস ও সিংহাসন, শ্রীরাধার হৃদয় ও রাজা এবং নিতম্ব ও উপধানের তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক', নিতম্বদেশের বামুখতা অপহ্নবপূর্বক উপধানরূপে স্থাপনহেতু 'অপহ্নুতি' এবং নিতম্বের উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

যে (যাহা) গোপিকাদৃক্শফরালিকেলয়ে (গোপীগণের দৃষ্টিরূপ শফরীগণের ক্রীড়ার জন্য) লাবণ্যঘনামৃত-পূর্ণপল্বলে (লাবণ্যসলিলপূর্ণ ক্ষুদ্র দুইটি জলাশয়স্বরূপ [এবং]) যে (যাহা) রাধিকা-চিত্ত-মৃগেন্দ্র-কন্দরে (শ্রীরাধার চিত্তরূপ সিংহের বিশ্রামার্থ দুইটি গুহাস্বরূপ, [আমি]) হরেঃ (শ্রীকৃষ্ণের) সুন্দরে তে (সেই সুন্দর) ককুন্দরে নৌমি (ককুন্দরদ্বয়ের অর্থাৎ নিতম্বস্থিত গর্ত-দ্বয়ের বন্দনা করি)॥ ৩৮॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের ককুন্দরযুগলের সহিত তদৃশ ক্ষুদ্র জলাশয় ও তদৃশ গুহাদ্বয়ের তাদাত্ম্যনির্দেশ-হেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

অধস্তীর্ণ-রেখা (নিম্নবর্তী রোমরেখাই) সরিৎ (নদী), উপরি (তাহার উপরে) নাভি-সরসী (নাভিই

সরোবর), তয়োঃ মধ্যে (এই উভয়ের মধ্যে) অস্যারিপোঃ
(শ্রীকৃষ্ণের) বাহুঃ (বাহুভাগ) স্ফুরৎ পুলিনং অস্তি
(নিশ্চয়ই পুলিনরূপে বিরাজ করিতেছে), যৎ
(যেহেতু) শ্রীরাধায়াঃ (শ্রীরাধার) হৃদয়-নটরাজঃ
(চিত্তরূপ নটরাজ) নিজবৃত্ত্যদ্ভুত-নটীচয়ৈঃ (নিজের
বৃত্তিরূপ বিচিত্র ~~নটী~~ নর্তকী-গণের সহিত) সদা
(সর্বদা) ইহ (ইহার মধ্যে) রাসক্রীড়াং (রাসলীলায়)
প্রনয়তি (অনুষ্ঠান করিতেছে) ॥৩৯॥

এই শ্লোকে শ্রীরাধার হৃদয় প্রভৃতি এবং নটরাজ-
প্রভৃতির অভেদনির্দেশ হেতু 'রূপক', তাদৃশ
নটরাজকৃত রাসলীলার আচরণরূপ হেতুদ্বারা
শ্রীকৃষ্ণের বাহুভাগের পুলিনত্ব সাধন করায়
'অনুমান' এবং সাধারণ পুলিন অপেক্ষা বাহু-
দেশের উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার
জ্ঞাতব্য।

ধাতা (বিধাতা) তৃষ্ণার্ত গোপীগণ-লোচনানাং
(তৃষ্ণার্ত গোপীরূপ ধেনুগণের) পানায়
(জলপানের জন্য) অচ্যুতাঙ্গে (শ্রীকৃষ্ণের দেহে)
শ্রীবাহু রোমাবলী-নাভিদম্ভাৎ (বাহু ও রোমাবলি-

সংযুক্ত নাভির স্থলে) নিপান-সদ্‌রজ্জুসুবোধদকূপান্‌, (নিপান অর্থাৎ কূপের নিকটস্থ জলাশয়, রজ্জুরাজি এবং অমৃতকূপ) অসৃজৎ (নির্মাণ করিয়াছেন) ॥ ৪০॥

এই শ্লোকে নাভিপ্রভৃতির সহিত কূপপ্রভৃতির তাদাত্ম্যবর্ণনহেতু 'রূপক', গোপীগণকে ধেনুরূপে কল্পনাহেতুই ~~নাভি~~ তাহাদের সাদৃশ্যে নাভিকে কূপরূপে কল্পনা করায় ~~হেতু~~ ~~সুতরাং~~ ধেনুত্বকল্পনার সার্থক ও কূপত্বকল্পনা সার্থক হওয়ায় 'অনুমান', নাভির বাস্তবতা অপহ্নবপূর্বক কূপরূপে স্থাপনহেতু 'অপহ্নুতি' এবং সাধারণ কূপ অপেক্ষা নাভিকূপের উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।

বিধিঃ (বিধাতা) গোপীমনোধান্যচয়ান্‌ বাসনাতুষাপহারোত্তরসংস্কৃতৌ (গোপীগণের চিত্তরূপ ধান্যরাশির ইতর বাসনারূপ তুষ অপহরণপূর্বক সংস্কারের অর্থাৎ বিশুদ্ধিসাধনের জন্য) যৎ কৃষ্ণাবলগ্নং (শ্রীকৃষ্ণের যে দেহমধ্যভাগকে) নীলোপলোলূখলতাং নিনায় (নীলপ্রস্তরের উদূখল করিয়াছেন), তৎ (সেই) মে (আমার) হৃদি (চিত্তমধ্যে) চকাস্তু (বিরাজ করুক) ॥ ৪১॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের দেহমধ্যভাগ এবং তাদৃশ ডমরুর তাদাত্ম্য প্রতিপাদনহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।

ধাত্রা (বিধাতা), উমাপতেঃ (শিবের প্রতি) বিস্পর্দ্ধয়া (স্পর্দ্ধাহেতু) আরাধিতয়া (আরাধনাসহকারে) মুহুঃ অর্থিতে (বারম্বার প্রার্থনা করিলে) স্মরায় (কন্দর্পকে) কৃশাবলগ্নস্য মিশাৎ (শ্রীকৃষ্ণের দেহের মধ্যভাগচ্ছলে) পূর্বাপর-স্থূল বিভাগসংযুতঃ (পূর্ব ও পশ্চাদ্বর্ত্তী স্থূল-বিভাগদ্বয়ের সহিত) ডমরুঃ (ডমরুটিই) বিতীর্ণঃ কিং (দান করিয়াছেন কি?) ॥ ৪২॥

এই শ্লোকে ডমরু অপেক্ষা শ্রীকৃষ্ণের মধ্যভাগের উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' এবং উক্ত মধ্যভাগের বাস্তবতার অপহ্নব পূর্বক ডমরুরূপে স্থাপনহেতু 'অপহ্নুতি' অলঙ্কার জ্ঞাতব্য।

নব্যং বয়ঃ (নবীন যৌবন) হরেঃ (শ্রীকৃষ্ণের) মধ্য-দম্ভাৎ (দেহের মধ্যভাগের ছলে) বক্ষঃকটুমত্যোঃ (বক্ষঃ ও কটিদেশের) অন্তরা স্থিতং (মধ্যবর্ত্তী) বিসর্গং (বিশেষ সৃষ্টিকে, [পক্ষান্তরে- বিসর্গ অর্থাৎ ঃ এতাকার বর্ণকে]) জিহ্বামূলাক্ষরং ব্যধাৎ (জিহ্বা-মূলীয় বর্ণ রূপে পরিণত করিয়াছে। [ককারলাভে

জিহ্বামূলীয় চিহ্ন X এইরূপ অর্থাৎ মধ্যক্ষীণ রূপে নির্দিষ্ট আছে। শ্রীকৃষ্ণের বক্ষঃস্থল এবং কটিদেশের মধ্য-ভাগও এইরূপ ক্ষীণ বলিয়া কবি সম্ভাবনা করিতেছেন যে, নবযৌবন শ্রীকৃষ্ণের মধ্যদেশের ছলে উহাকে জিহ্বামূলীয় বর্ণ করিয়াছেন। আবার ব্যাকরণের বিচারে 'ক' ও 'খ' পরে থাকিলে বিসর্গ বিকল্পে জিহ্বামূলীয় হয়। সুতরাং 'বক্ষঃকুক্ষ্যোঃ অন্তরাস্থিতং বিসর্গং' অর্থাৎ বক্ষঃ ও কুক্ষ্যতী বা কটির মধ্যস্থিত বিসর্গকে জিহ্বামূলীয় করিয়াছে — ইহার অপর অর্থ এইরূপ — বক্ষঃ + কুক্ষ্যতী — এই উভয়ের সন্ধিকালে [illegible] মধ্যস্থিত বিসর্গ জিহ্বামূলীয় হইলে বক্ষ X কুক্ষ্যতী — এইরূপ হয়]) ॥ ৪৩॥

এই শ্লোকে জিহ্বামূলীয় বর্ণ অপেক্ষা শ্রীকৃষ্ণের মধ্যভাগের উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

নারীন্দ্রসনাঃ (সিংহগণ) বকারেঃ (শ্রীকৃষ্ণের) অবলগ্ন-যৌবনং (মধ্যভাগের সুষমাকে) দৃষ্ট্বা (দেখিয়া) নিরাব-লম্বনা (স্বীয় মধ্যভাগের) কুকীর্তিলজ্জয়া (অপযশঃ আশঙ্কা করিয়া) দুর্গাকলকম্য (হিমালয়) ভূভৃতঃ (পর্বতের) দুর্গমু দরীষু (দুর্গম গুহাসমূহের মধ্যে) লিলিল্যিরে (লুক্কায়িত হইয়াছে) ॥ ৪৪॥

এই শ্লোকে সিংহের মধ্যদেশ অপেক্ষা শ্রীকৃষ্ণের মধ্যভাগের উৎকর্ষ সম্ভাবনামূলক উৎপ্রেক্ষা অলঙ্কার জ্ঞাতব্য।

Useful Factors

$(a+b)^2 = a^2 + 2ab + b^2$

$(a-b)^2 = a^2 - 2ab + b^2$

$a^2 - b^2 = (a+b)(a-b)$

$a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$

$a^3 - b^3 = (a-b)(a^2 + ab + b^2)$

$a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$

$a^2(b-c) + b^2(c-a) + c^2(a-b) = -(a-b)(b-c)(c-a)$

$bc(b-c) + ca(c-a) + ab(a-b) = -(a-b)(b-c)(c-a)$

$a(b^2 - c^2) + b(c^2 - a^2) + c(a^2 - b^2) = (a-b)(b-c)(c-a)$

ROUTINE

Days	1st. Hour	2nd. Hour	3rd. Hour	4th. Hour	5th. Hour	6th. Hour	7th. Hour
Monday							
Tuesday							
Wednesday							
Thursday							
Friday							
Saturday							

অসীম আকাশ শূন্য প্রসারি রাখে,

হোথায় পৃথিবী মনে মনে তার

অমরার ছবি আঁকে ।।

রবীন্দ্রনাথ

শ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও অনুবাদ

৪

Sulekha

মোট ১৯ খানা খাতার মধ্যে
খাতা নং — ১৪

Out of 19 Khatas Khata no 14

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ
ষোড়শ সর্গ (Contd.)

যা তৃষার্তগোপীহৃদয়েণপালিঃ (গোপীগণের চিত্তরূপ যে হরিণশ্রেণী তৃষ্ণার্ত হইয়া) লাবণ্যবন্যাপ্রচলতরঙ্গপূর্ণে (লাবণ্য-বারিপ্রবাহের ঘূর্ণন ও তরঙ্গপূর্ণ), বক্রীভিধো: গভীরে (শ্রীকৃষ্ণের সুগভীর) নাভিহ্রদে (নাভিহ্রদে) মগ্না এব ~~[illegible]~~ (নিমগ্না হইয়াই রহিয়াছে), কদাপি (কখনও) ন উন্মজ্জতি (উত্থিত হইতেছেনা) ॥৪৫॥

এই শ্লোকে নাভি ও হ্রদের অভেদ্য বর্ণনাহেতু 'রূপক' এবং গাম্ভীর্যে হ্রদ অপেক্ষা নাভির উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।

অস্মিন্ শ্রীকৃষ্ণবিগ্রহতমালসুরদ্রুমে (শ্রীকৃষ্ণের বিগ্রহরূপ এই তমালকল্পবৃক্ষে) সৌন্দর্যমরন্দপূর্ণনাভি-সুকোটর: অস্তি (সৌন্দর্যমধু দ্বারা পরিপূর্ণ নাভিরূপ মনোরম কোটর বিদ্যমান রহিয়াছে), যৎ (যেহেতু) যা বধূ-দৃগালিপালি: (গোপবধূগণের দৃষ্টিরূপ ভ্রমরপালি) লোভাৎ (লোভবশত:) ইহ (ইহাতে) প্রবিশ্য (প্রবেশপূর্বক) রসে নিমগ্না (রসে নিমগ্ন হইয়া) পুন: (পুনরায়) ন হি নিরেতি (নির্গত হইতেছেনা) ॥৪৬॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণবিগ্রহ প্রভৃতি ও তমালকল্পতরু-প্রভৃতির অভেদ্যনির্দেশহেতু 'রূপক' এবং তাদৃশ

দৃষ্টিরূপ ভ্রমররাজির প্রবেশ ও অনির্গমনরূপ সাধন না হেতু দ্বারা তাদৃশ নাভিকোটরের অতিশয় গভীর হওয়ায় 'অনুমান' অলঙ্কার জ্ঞাতব্য।

বলিনুতাৎ (বলিরাজকর্তৃক বন্দিত) বিষ্ণোঃ অঙ্ঘ্রিপদ্মাৎ (বিষ্ণুপাদপদ্ম হইতে) অগ্রে (অগ্রে) নীচগা (নিম্নগামিনী) গঙ্গা (গঙ্গানদী) অজনি (উৎপত্তি হইয়াছিল), তৎমাৎসর্য্যাৎ (তাঁহার প্রতি ঈর্ষাহেতু) ত্রিবলিপরিষ্কৃতাৎ (ত্রিবলিদ্বারা ভূষিত অর্থাৎ অলঙ্কৃত) শৌরেঃ (শ্রীকৃষ্ণের) নাভিপদ্মাৎ (নাভিপদ্ম হইতে) তনূরুহলতিচ্ছলাৎ (রোমরাজিচ্ছলে) ঊর্দ্ধগা (ঊর্দ্ধগামিনী) কৃষ্ণা (যমুনার) অজনি (জন্ম হইয়াছে), যা (উক্ত যমুনা) পশ্যতাং (দর্শনকারী ব্যক্তিগণের) বাসনাং (বিষয়বাসনা) সংহৃত্য (তিরস্কারপূর্ব্বক) তস্মিন্ (শ্রীকৃষ্ণবিষয়ে) পরাং প্রীতিং (পরম প্রীতি) জনয়তি (জন্মাইয়া থাকেন)॥ ৪৭॥

এই শ্লোকে বাস্তব রোমরাজিকে যমুনারূপে অপলাপকরণহেতু 'অপহ্নুতি' এবং গঙ্গা অপেক্ষা যমুনার উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা', এবং উপমান-ভূত গঙ্গা অপেক্ষা উপমেয়ভূত যমুনার আধিক্য-বর্ণনহেতু 'ব্যতিরেক' অলঙ্কার জ্ঞাতব্য।

হরেঃ (শ্রীকৃষ্ণের) নাভীবিলাৎ (নাভী-গর্ত হইতে) আসি-সমুদ্গতা (অর্দ্ধোত্থিত হইয়া) যা রোমাবলী- (রোমাবলী-রূপে যে) কৃষ্ণসর্পী (কৃষ্ণসর্পী) ভাতি (প্রকাশ পাইতেছে), সা (উহা) সূক্ষ্মতয়া অপি (অতিসূক্ষ্মা হইলেও) অহর্নিশং (সর্বদা) স্বং পশ্যতাং (নিজের দর্শনকারী ব্যক্তিগণের) চিত্তানিলান্ (চিত্তরূপ বায়ুরাশিকে) সঞ্চুলুকীকরোতি (সম্পূর্ণরূপেই পান করিতেছে অর্থাৎ চিত্তের বিষয়বাসনা নষ্ট করিতেছে) ॥৪৮॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের রোমাবলী ও কৃষ্ণসর্পীর তাদাত্ম্য-নির্দেশমূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

ব্রজযুবতিনয়নানাং (ব্রজযুবতীগণের) যে নেত্রভৃঙ্গার্ভকালিঃ (নয়নরাজিরূপ যে ভ্রমরশিশুগণ) মুরারেঃ (শ্রীকৃষ্ণের) নাভিপদ্মাৎ (নাভিপদ্ম হইতে) লাবণ্যমধূনি (লাবণ্যমধু) পীত্বা (পান করিয়া) উচ্ছলন্তী (উড়িতে উড়িতে) উদর-নলিন-পত্রে (শ্রীকৃষ্ণের উদররূপ পদ্মপত্রে) পপাত (পতিত হইয়াছিল), সা এব প্রমত্তা (সেই ভ্রমরশিশুগণই প্রমত্ত হইয়া) তনূরুহততি-দম্ভাৎ (রোমরাজিচ্ছলে) শেতে (শয়ন করিয়া রহিয়াছে) ॥৪৯॥

এই শ্লোকে লাবণ্যাদির সহিত মধু-প্রভৃতির তাদাত্ম্য-
বর্ণনহেতু 'রূপক' এবং ভ্রমরাদিত্বাদি স্থলে বাস্তব-
রোমরাজির অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' অলঙ্কার
জ্ঞাতব্য।

জিত-চলদল-নীলাম্ভোজিনী-পর্ণজালং (যাহা অশ্বত্থপত্র
ও নীলপদ্মের দলসমূহকে পরাভূত করিয়া) মধুরিম-
স্ফুটপদ্যলোক-নেত্রালিমালং (মাধুর্যদ্বারা দর্শক
জনগণের নয়নরূপ ভ্রমরগণকে আকৃষ্ট করে [এবং
যাহা]) ত্রিভুবনজয়লক্ষ্ম্যা (ত্রিভুবনের জয়লক্ষ্মীকর্তৃক)
লোমশ্রেণি-কালীয়কেন (লোমরাজিরূপ অগুরুদ্বারা)
তিলকিতং ইব (যেন তিলকশোভিত হইয়াছে, [তাদৃশ])
গোবিন্দতুন্দং (শ্রীকৃষ্ণের উদরদেশ) ভাতি (অপূর্বরূপে
বিরাজ করিতেছে)॥ ৫০॥

এই শ্লোকে উপমানভূত অশ্বত্থপত্রাদি অপেক্ষা
উপমেয় উদরের আধিক্য বা উৎকর্ষবর্ণনহেতু 'ব্যতিরেক',
নেত্ররাজি ও ভ্রমর এবং লোমরাজি ও অগুরুর
তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' এবং তাদৃশ
শ্রীকৃষ্ণের উদরের উৎকর্ষসম্ভাবনাহেতু
'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

কস্তূরিকালিপ্ততমালনব্যদলোল্লসৎ-সৌরভমার্দবাঢ্যং
(যাহার সৌরভ, মৃদুতা ও কান্তি কস্তূরীলিপ্ত নবীন
তমালপত্রের গর্ব নাশ করে [এবং]) ভুবনিতাম্বিনীলাক্ষি-
কুঞ্জানি (নিখিল দর্শকগণের নয়নরাজিরূপ উৎপলগণের পুষ্টি বর্ধন করে), বকারে:
(শ্রীকৃষ্ণের [সেই]) অতুলিতং (অতুল) উদরং (উদর)
দীব্যতি (পরম শোভা বিস্তার করিতেছে)॥ ৫১॥

এই শ্লোকে উপমানভূত অতুল তমালদল অপেক্ষা উপমেয়-
ভূত শ্রীকৃষ্ণের উদরের আধিক্য প্রতিপাদনহেতু 'ব্যতিরেক',
নিখিল লোকের নয়ন ও কুঞ্জনের অভেদ্য নির্দেশহেতু
'রূপক' এবং অতুল উদরের উৎকর্ষ সম্ভাবনাহেতু
'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

হৃদি উচ্ছলত্তনুরুহচ্ছলনিঃসৃতশ্রী-নাভীহ্রদানুপতিতাদি-
রসপ্রবাহং (হৃদয়ে উচ্ছলিত আদিরসের ধারা রোম-
রাজিচ্ছলে ক্ষরিত হইয়া যেখানে নাভিহ্রদে পতিত
হইয়াছে), অল্লোচ্চপার্শ্বযুগলং (যাহার পার্শ্বদ্বয়
কিঞ্চিৎ উন্নত [এবং]) দরনিম্নমধ্যং (মধ্যভাগ
ঈষৎ অবনত, [এইরূপ]), হরে: উদরং (শ্রীকৃষ্ণের
উদরদেশ) মম (আমার) মনোঽন্তঃ (মনের মধ্যে)
চকাস্তু (দীপ্তি বিস্তার করুক)॥ ৫২॥

এই শ্লোকে আদিরসের প্রকাশরূপে বাস্তব রোমরাজির অন্যথাকরণহেতু 'অপহ্নুতি', উদরান্তর অপেক্ষা শ্রীকৃষ্ণের উদরের উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' এবং তদীয় উদরের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার হইয়াছে।

রাধাচিত্তসরাল-দৃক্‌শফরিকা-শশ্বদ্বিলাসাস্পদং ([যাহা] শ্রীরাধার চিত্তরূপ রাজহংস ও দৃষ্টিরূপ শফরীগণের নিরন্তর লীলার আশ্রয়স্বরূপ), কাঞ্চী-সারসনাদিনিস্বনিতটং (যাহার তটভাগে কাঞ্চীরূপে সারসশ্রেণি শব্দ করিতেছে), রোমালি-শৈবালকং (রোমরাজিই যাহার শৈবাল স্বরূপ), লাবণ্যামৃতপূরিতং (যাহা লাবণ্যরূপ অমৃতে পরিপূর্ণ), ত্রিবলিকা-সূক্ষ্মোর্মিবিভ্রাজিতং (ত্রিবলিরূপ সূক্ষ্ম তরঙ্গমালায় যাহা সুশোভিত [এবং]) শ্রীনাভী-নলিনং (নাভিই যাহার পদ্মস্বরূপ), বকারিণোঃ (শ্রীকৃষ্ণের) শ্রীতুন্দসৎপল্বলং লসতি (উদররূপ সেই উত্তম ক্ষুদ্র জলাশয়টি নিজ শোভা প্রকাশ করিতেছে)॥৫৩॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের উদর ও পল্বল, নাভি ও পদ্ম, লাবণ্য ও অমৃত, রোমরাজি ও শৈবাল প্রভৃতির তাদাত্ম্য-নির্দেশহেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

সুবর্তুলৌ। স্নিগ্ধমৃদূ ([লোমশ] সুরক্ত বর্তুলাকার, স্নিগ্ধ ও
সুকোমল), হরেঃ শ্রীপার্শ্ব-সন্নাগর-তল্লজৌ (শ্রীকৃষ্ণের
পার্শ্বযুগলরূপ সেই উত্তম নাগরযুগল) সদা (সর্বদা)
শ্রীরাধিকা পার্শ্বস্থ-মল্লিকাযুগ-স্বপ্রেয়সী-স্পর্শ-সমুৎসুকৌ
(শ্রীরাধিকার সুরম্য পার্শ্বযুগলরূপ নিজ প্রেয়সীযুগলের
স্পর্শের জন্য উৎসুক হইয়া) বিরাজতঃ (বিরাজ
করিতেছে)॥ ৫৪॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের পার্শ্বদ্বয় ও নাগরযুগল এবং
শ্রীরাধিকার পার্শ্বদ্বয় ও প্রেয়সীযুগলের তাদাত্ম্যনির্দেশ-
মূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

রেখারূপরময়া আশ্রিতবামভাগং (লক্ষ্মীদেবী রেখা-
রূপে যাঁহার বামভাগ আশ্রয় করিয়াছেন), শ্রীবৎস-
সচ্ছবিবিরাজিত-দক্ষিণাংসকং (যাঁহার দক্ষিণভাগ
শ্রীবৎসচিহ্নের উত্তম কান্তিদ্বারা শোভা পাইতেছে),
কণ্ঠস্থ-কৌস্তুভ-সদ্ভাতি-বিরাজমানং (কণ্ঠস্থিত কৌস্তুভমণির
কিরণমালায় যাঁহা উজ্জ্বল রহিয়াছে), বনমালিকায়াঃ
শশ্বদ্বিলাসকলিতং (যাঁহা বনমালার নিরন্তর বিলাসে
সুশোভিত), শ্রীবল্লবীহৃদয়-দোহদ-ভাজনং (যাঁহা
গোপীগণের হৃদয়ের প্রীতিভাজন), শ্রীরাধামানানুপ-

হরিমণিময়ীং হরিণীং (যাহা শ্রীরাধার চিত্তরূপ হরিণীর ইন্দ্রনীলমণিময় সিংহাসনস্বরূপ [এবং]) ত্রৈলোক্যযৌবত-মনোহরমাধুরীকং (যাহার মাধুরী ত্রিলোকের যুবতীগণেরই চিত্ত হরণ করে), অস্মাকং (শ্রীকৃষ্ণের [এইরূপ]) সুবিপুলং (সুবিপুল) বক্ষঃস্থলং (বক্ষঃস্থল) বিলসতি (বিশেষরূপে শোভা পাইতেছে)॥ ৫৫-৫৬॥
এই শ্লোকে শ্রীরাধার মনঃ ও হরিণের তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' এবং শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলের স্বভাববর্ণনাহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার জানিবে।

[যাহা] মুক্তাবলী-সুরধুনী-তনুরোমরাজী-তামরসুতা-তরলকান্তি-সরস্বতীনাং (মুক্তামালারূপা গঙ্গা, সূক্ষ্মরোম-রাজিরূপা যমুনা এবং হারমধ্যস্থ মণির দীপ্তিরূপা সরস্বতী নদীর) সঙ্গেন (সঙ্গহেতু) ত্রিজগজ্জনানাং (ত্রিলোকবাসিগণের) মঙ্গলকরং (মঙ্গল বিধান করে), কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) তং উরঃস্থল-তীর্থরাজং (উরঃস্থল-রূপ সেই প্রয়াগতীর্থের) নৌমি (বন্দনা করি)॥ ৫৭॥
এই শ্লোকে মুক্তাবলীপ্রভৃতির সহিত সুরধুনীপ্রভৃতির তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।

দোঃস্তম্ভযুগ্মং অনু (বাহুরূপ স্তম্ভযুগলে) কান্তিবটী-
নিবদ্ধা (কান্তিরূপ রজ্জুদ্বারা আবদ্ধ [এবং])
লাবণ্যোচ্ছলিতা (লাবণ্য-প্রবাহে উচ্ছলিত), মুরারেঃ
বক্ষঃস্থলী (শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলী) অশ্রান্ত-দোলন-
বিহারি-রতীশ-যূনোঃ (নিরন্তর দোলাবিহারশীল
রতিদেবী ও কন্দর্পের) ইন্দ্রমণিসংঘটিতা দোলা ইব
(ইন্দ্রনীলমণিঘটিত দোলার ন্যায়) বিভাতি
(শোভা পাইতেছে)।। ৫৮।।

এই শ্লোকে বাহুযুগল ও স্তম্ভযুগলের অভেদাধ্যাননির্দেশ-
হেতু 'রূপক' এবং দোলান্তর অপেক্ষা বক্ষঃস্থলীরূপ
দোলার উৎকর্ষসম্পাদনহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার
হইয়াছে।

শ্রীবৎস-কুণ্ডলিকয়া আশ্রিতং (শ্রীবৎসরূপ কুণ্ডলিকা অর্থাৎ
পক্ষিধারণের পাত্রবিশেষ দ্বারা যুক্ত), ~~[illegible]) অঙ্কলীন-~~
~~লাবণ্যকাসারবিভাতি (অঙ্ক অর্থাৎ ক্রোড়দেশ ও লীন অর্থাৎ~~
~~স্তনদ্বয়ের মধ্যবর্তী অংশবিশেষ দ্বয়ের লাবণ্যরূপ~~
~~জলের সরোবরশালী)~~ হরেঃ বক্ষঃ (শ্রীকৃষ্ণের
বক্ষঃস্থল) গোপাঙ্গনা-নয়ন-খঞ্জন-বন্ধনায় (গোপ-
রমণীগণের নয়নরূপ খঞ্জনযুগলের বন্ধনের জন্য)

অক্ষীণ-লাবণ্যজাল-বিততি-স্তনতাং প্রপেদে ৮৩০
(ক্রোড়দেশ ও মুক্তমালের মধ্যবর্তী অংশবিশেষের লাবণ্যরূপ জালবিস্তারের স্তনরূপে পরিণত হইয়াছে বলিয়া)
সম্বন্ধে

মদনশাকুনিকস্য (কন্দর্পরূপী ব্যাধের) ~~স্তনতাং প্রপেদে~~
মন্যে ~~(স্তনের অবস্থিতির করিয়াছে বলিয়া)~~ (মনে করি) ॥ ৫৯॥

এই শ্লোকে মদন ও শাকুনিক এবং গোপীগণের নয়ন ও স্তনযুগল ইত্যাদির তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' এবং তাদৃশরূপে বক্ষঃস্থলের উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

মুরারেঃ (শ্রীকৃষ্ণের) বক্ষস্থলাৎ (বক্ষঃস্থলের হতে)— শ্রীরাধিকাযুবতিরত্নবিরাজিচেতঃকোষালয়স্য (শ্রীরাধারূপ যুবতী-রত্নদ্বারা বিরাজিত চিত্তরূপ কোষাগারের) মূলধূলীলকযুক্-মুক্তাস্য-শ্রীচক্রিকা-খচিত-পার্শ্বযুগং (ক্ষুদ্র শিলদ্বয়যুক্ত মুক্তরূপ চক্রিকাযুগল দ্বারা পার্শ্বদ্বয়ে আবদ্ধ) হরিরত্ন-কপাটং (ইন্দ্রনীলমণিময় কপাট) অস্তি (বিরাজ করিতেছে) ॥ ৬০॥

এই শ্লোকে শ্রীরাধিকা প্রভৃতির সহিত যুবতী-রত্নপ্রভৃতির তাদাত্ম্য ~~[illegible]~~ নির্দেশহেতু 'রূপক', কপাটরূপে বক্ষঃস্থলের অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' এবং বক্ষঃস্থলের উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

যৌ (যাহা) ~~গোপাঙ্গনা~~ গোপালিকাহৃদয়বাঞ্ছিতপূর্ত্যৈ
(গোপাঙ্গনাগণের চিত্তবাঞ্ছাপূরণের জন্য) তাপিঞ্ছ-
কল্পতরুসুন্দরকন্দলৌ (তমালকল্পতরুর সুন্দর নবীন
অঙ্কুরযুগলস্বরূপ), সতীনাং (পতিব্রতা রমণীগণের)
সাধ্বীত্বগর্ব্বশশঘাতকৃতে (সতীত্বগর্ব্বরূপ শশকের
বিনাশের জন্য) স্মরলুব্ধকস্য (কন্দর্পরূপ ব্যাধের) তাপিঞ্ছ-
সারপরিঘৌ (তাপিঞ্ছবৃক্ষের সারাংশনির্ম্মিত পরিঘনামক
অস্ত্রযুগলস্বরূপ), যৌ (যাহা) গোপাঙ্গনাহৃদয়-
তণ্ডুলকণ্ডনায় (গোপাঙ্গনাগণের চিত্তরূপ তণ্ডুলের
পরিষ্কারের জন্য) মহেন্দ্রনীলমুষলৌ (ইন্দ্রনীলমণিময়
মুষলদ্বয়স্বরূপ), রাধাদিস্বান্তালয়বক্ষ-কপাটিকায়াঃ
(শ্রীরাধাপ্রভৃতির হৃদয়মন্দিরের বক্ষঃস্থলরূপ কপাটের)
কুল্যার্গলে (কার্য্যক্ষম অর্গলযুগলস্বরূপ [এবং])
রাধাদিচিত্তশুকপঞ্জরদণ্ডিকে চ (শ্রীরাধাপ্রভৃতির
চিত্তরূপ শুকপক্ষীর পিঞ্জরের দণ্ডযুগলস্বরূপ),
পীনায়তৌ ([যাহা] স্থূল ও সুদীর্ঘ), সুবৃত্তৌ
(সুগোল), লবণিমোচ্ছলিতৌ (লাবণ্যে উচ্ছলিত),
পদ্মাদিবিশ্বরমণীকমনীয়শোভৌ (লক্ষ্মীপ্রমুখ
নিখিল রমণীগণের বাঞ্ছনীয় শোভাবিশিষ্ট [এবং])

পীনস্তনী-হৃদয়মোহনভাজনং (স্থূলস্তনী সুন্দরীগণের হৃদয়লাভের একমাত্র পাত্র), অঘারেঃ (শ্রীকৃষ্ণের) তৌ (সেই) শ্রীভ্রুবৌ (সুন্দর ভ্রূযুগল) মে (আমার) মনসি (চিত্তে) স্ফুরতাং (স্বীয় দীপ্তি বিস্তার করুক) ॥৬১-৬৩॥

এস্থলে প্রথমশ্লোকে তমালকন্দল ও পারিঘপ্রভৃতির সহিত ভ্রূযুগলের অভেদবর্ণনমূলক 'রূপক' অলঙ্কার, দ্বিতীয়শ্লোকে মুষল, অর্গল ও অঙ্কুরদণ্ড-রূপ বহু বস্তুর সহিত ভ্রূযুগলের অভেদবর্ণনহেতু 'মালারূপক' অলঙ্কার এবং তৃতীয়শ্লোকে ভ্রূযুগলের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' এবং ~~অলঙ্কার জানিতে~~ তাদৃশ মোহনভাজনের সহিত তাদাত্ম্য-নির্দেশহেতু 'রূপক' অলঙ্কার জানিবে।

তরুণিম-মধুফুল্লে (যৌবনরূপ মধু অর্থাৎ বসন্তের সমাগমে উৎফুল্ল), শ্রীহরেঃ তন্ববনে (শ্রীহরির দেহরূপ অরণ্যে) মাধুরিম-মদনাখ্যৌ (মাধুর্য ও মদননামক) মদেভৌ (মত্ত হস্তিদ্বয়) প্রাবিষ্টৌ কিং (প্রবেশ করিয়াছে কি? [যেহেতু]) তৌ (সেই মত্ত হস্তিদ্বয়) নিরবধি (নিরন্তর) সুভ্রূযুগলশুণ্ডা-পালি-সৎ-পুষ্করাভ্যাং (সুন্দর ভ্রূযুগলরূপ শুণ্ড ও করযুগলরূপ পুষ্করযুগলদ্বারা) দানূরুক্-মল্লথানি

(জানুদ্বয়ের কান্তিরূপ পল্লবরাজি).চেতঃ (ভেদন
করিতেছে [ইহা দ্বারা জানুযুগল আজানুলম্বিতরূপে
প্রতিপাদিত হইয়াছে]) ॥৬৪॥
এই শ্লোকে তারুণ্যাদির সহিত বসন্তাদির অভেদ-
বর্ণনহেতু 'রূপক', জানুদ্বয়ের কান্তিরূপ পল্লবগুচ্ছকে
হেতুরূপে উপন্যাস করিয়া (চেতোভেদনে) পূর্বোক্ত
মত্ত হস্তিযুগলের প্রবেশ সাধন অর্থাৎ প্রতিপাদন
করায় 'অনুমান' এবং 'কিম্' এই পদের দ্বারা
উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।
বেধসা (বিধাতা) রমাদিযোষিদ্ধৃতিদোলনায়
(লক্ষ্মী প্রমুখ রমণীগণের চিত্তের দোলনের জন্য)
শ্রীকৃষ্ণদোর্যুগ্মমিষেণ (শ্রীকৃষ্ণের ভুজযুগলের
ছলে) তন্মাধুরীদোলিকয়া সমন্বিতৌ (তদীয় মাধুরী-
দোলাযুক্ত), হরিরত্নকৌ (ইন্দ্রনীলমণিময়)
বিচিত্রৌ (বিচিত্র) স্তম্ভৌ কৃতৌ কিং (স্তম্ভ-
দ্বয়েরই নির্মাণ করিয়াছেন কি?) ॥৬৫॥
এই শ্লোকে শ্রীকৃষ্ণের মাধুরী ও দোলার অভেদ-
নির্দেশহেতু 'রূপক', স্তম্ভরূপে বাহুযুগলের
অন্যথা প্রতিপাদনহেতু 'অপহ্নুতি' এবং তাদৃশরূপে

ভ্রূদ্বয়ের উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

ইহ কৃষ্ণদেহে (শ্রীকৃষ্ণের এই দেহমধ্যে) দোর্মিষাৎ (বাহুযুগলের ছলে) স্মরনৃপকৃত-গোপীধৈর্যনাশাভিচার-ক্রতুহরিমণিযূপৌ (গোপীগণের ধৈর্যনাশের জন্য কন্দর্পরাজকর্তৃক অনুষ্ঠিত আভিচারিক যজ্ঞের ইন্দ্রনীলমণিময় যূপযুগল) লসত: (বিরাজ করিতেছে), এতৎ (ইহা) কবীনাং (কবিগণের) কাব্যং (কাব্য অর্থাৎ কল্পনাবাক্যমাত্র, [পরন্তু ইহা]) প্রণয়শুচিরসাব্ধে: (প্রীতিমূলক শৃঙ্গাররসসাগর হইতে) নির্গতৌ (নির্গত) সৎপ্রবাহৌ (দুইটি উত্তম প্রবাহস্বরূপ, [ইহারা]) মে (আমার) মতং (অভিমত) ॥৩৩॥

এই শ্লোকে তাদৃশ যূপ ও সাগরপ্রবাহযুগল অপেক্ষা ভুজযুগলের উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা', ভুজযুগল ও যূপযুগলাদির তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' এবং যূপাদিরূপে ভুজযুগলের অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।

হরে: পাণী (শ্রীকৃষ্ণের করযুগল) শ্রীপুরুষোত্তমত্ব-গমকৈ: (পুরুষোত্তমত্বের জ্ঞাপক) শঙ্খারবিন্দু-

যবাঙ্কুশৈঃ (শঙ্খ, অর্ধচন্দ্র, যব, অঙ্কুশ), অরি-গদা-
ছত্র-ধ্বজ-স্বস্তিকৈঃ (চক্র, গদা, ছত্র, ধ্বজ, স্বস্তিক),
যূপাম্বুজাসি-হলৈঃ (যূপ, পদ্ম, খড়্গ, লাঙ্গল), ধনুঃ-
পারিঘকৈঃ (ধনুঃ, পারিঘ), শ্রীবৃক্ষ-মীনেষুভিঃ
(বিল্ববৃক্ষ বা মনোরম বৃক্ষ, মৎস্য, বাণ) তথা (এবং)
অঙ্গুলিগতৈঃ (অঙ্গুলিস্থিত) নন্দ্যাবর্ত-চয়ৈঃ (চক্রাদি-
রূপ) এতৈঃ নিজৈঃ লক্ষণৈঃ (এই সমুদয় স্বীয় লক্ষণ-
সমূহদ্বারা) অঙ্কিতৌ (চিহ্নিত হইয়া) ভাতঃ
(শোভা পাইতেছে) ॥৬৭॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের করযুগলের স্বভাববর্ণনাহেতু
'স্বভাবোক্তি' অলঙ্কার জ্ঞাতব্য।

শৌরেঃ (শ্রীকৃষ্ণের) হস্তৌ (করযুগল) স্বভাবমৃদুলৌ
অপি (স্বভাবতঃ সুকোমল হইলেও) মহাপুরুষ-
লক্ষ্মতয়া (মহাপুরুষোচিত লক্ষণযুক্ত বলিয়া)
কর্কশৌ (কর্কশ), যদি (যদিও) একে (কেহ কেহ)
ঊচুঃ ([ইহা] বলেন), তদা (তাহা হইলেও)
তৎ (তাহা) আদৃতং ন ([আমাদের] সম্মত নহে),
কমঠীকঠোর-গোপীস্তনানিশাবিমর্দনং ([পরন্তু]
কচ্ছপীর ন্যায় কঠিন গোপীগণের স্তনযুগলের

নিরন্তর বিমর্দনই) অত্র হেতু: (এই কর্কশতার কারণ
হইয়াছে) ॥ ৬৮ ॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের করযুগলের কর্কশতা সিদ্ধি-
বিষয়ে "রমণী কঠোর-গোপীস্তনাবিমর্দনরূপ" পদের
অর্থই হেতু বলিয়া 'কাব্যলিঙ্গ' অলঙ্কার এবং মহা-
পুরুষোচিত অপর চিহ্ন অপেক্ষা 'অংসাবধূদূল' এই
বিশেষণ প্রদানদ্বারা কীর্তন এবং
কর্কশত্বের হেতুর
অপেক্ষা অদৃশ গোপীস্তনবিমর্দনরূপ হেতুর
উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

ব্রজাবিধৌ: (শ্রীকৃষ্ণচন্দ্রের) করৌ (করযুগল)
অনঙ্গশরজর্জর-ব্রজনবীনবামাহৃদ-বিশল্য-
করণৌষধি-প্রথমপল্লবৌ (নবীনা ব্রজাঙ্গনা-
গণের কন্দর্পবাণক্ষত হৃদয়ের সুস্থকরণ বিশল্য-
করণী নামক ওষধির দুইটি নবীন পল্লব [এবং])
রসোচ্ছলিত-রাধিকোরসিজ-হেমকুম্ভদ্বয়ী-বিভূষণ-
নবাম্বুজে (রসভরে উচ্ছলিত শ্রীরাধার স্তনরূপ
সুবর্ণকুম্ভযুগলের ভূষণ নূতন পদ্মযুগলরূপে)
দীব্যত: (শোভা পাইতেছে) ॥ ৬৯ ॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের করযুগল এবং বিশল্যকরণীর নবীন পল্লবদ্বয় ও নবীন পদ্মযুগলের তাদাত্ম্যনির্দেশমূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

শ্রীকামাঙ্কুশতীক্ষ্ণশৃঙ্গমুকুটৈঃ (কামদেবের সুরম্য অঙ্কুশসমূহের তীক্ষ্ণ শৃঙ্গসমূহই যাহাদের মুকুলরাজি, এইরূপ) পূর্ণেন্দুমণ্ডলৈঃ (পূর্ণচন্দ্রের মণ্ডলসমূহদ্বারা) শ্লিষ্টাহং সোপান-মিলদ্দলাবলি-শিরঃপশ্চাদ্বিভাগে (মাথার পর পর মিলিত দলরাজির অগ্রভাগসমূহের পশ্চাদ্ভাগ সংশ্লিষ্ট রহিয়াছে, এতাদৃশ) অব্জে (রক্তকমলদ্বয়) বিকাসিতশ্যামাম্বুজান্তর্গতে (বিকাসিত-নীল কমলযুগলের অন্তর্গতরূপে) চেৎ (যদি) ক্বচিৎ (কোনস্থানে) অভাবিষ্যতাং (উৎপন্ন হয়), তদা (তাহা হইলে) অত্র (ইহলোকে) কবয়ঃ (কবিগণ) অমূভ্যাং (তাদৃশ রক্তকমলদ্বয়ের সহিত) হরেঃ (শ্রীকৃষ্ণের) শ্রীপাণ্যোঃ (মনোরম করযুগলের) উপমাং (উপমা) অদাস্যন্ (প্রদান করিতে পারেন)॥৭০॥

এই শ্লোকে তৃতীয় প্রকার 'অতিশয়োক্তি' অলঙ্কার জ্ঞাতব্য। উপমেয় বস্তুর পৃথক্ উল্লেখ না হইয়া উপমান বস্তুকর্তৃক গ্রস্তরূপে উল্লেখ হইলেই এই অলঙ্কার হয়। এস্থলে কামদেবের অঙ্কুশরাজিরূপ

উপমানদ্বারা অঙ্গুলিরাজিরূপ উপমেয়, অঙ্কুশের তীক্ষ্ণ-
শৃঙ্গরাজিরূপ উপমানদ্বারা
নখাগ্ররাজিরূপ উপমেয়, পূর্ণচন্দ্রমণ্ডলরাজিরূপ
উপমানদ্বারা নখরাজিরূপ উপমেয়, নীলপদ্মযুগল-
রূপ উপমানদ্বারা হস্তপৃষ্ঠদ্বয়রূপ উপমেয় এবং
রক্তকমলযুগলরূপ উপমানদ্বারা করতলদ্বয়ের
গ্রাসহেতু অতিশয়োক্তি অলঙ্কার সঙ্গত হয়।
যে অতিশয়োক্তি অলঙ্কারে 'যদি' বাচক শব্দদ্বারা
অসম্ভব বস্তুর কল্পনা হয়, উহা তৃতীয় প্রকার
অতিশয়োক্তি। এস্থলে 'যদি' বাচক 'চেৎ' শব্দদ্বারা
তাদৃশ অসম্ভব রক্তকমলদ্বয়ের কল্পনা হইয়াছে।

একে (কেহ কেহ) বকারেঃ (শ্রীকৃষ্ণের) বৃষভককুদ-
নিন্দিস্কন্ধয়োঃ (বৃষস্কন্ধবিজয়ী স্কন্ধযুগলের) তুঙ্গতাং
(উচ্চতা) মহাপুরুষলক্ষণতয়া এব (মহাপুরুষের লক্ষণ
বলিয়াই) আহুঃ (কীর্তন করেন), তু (কিন্তু) মম
ইদং মতং (আমার ধারণা এই যে), শ্রীরাধিকা-
দোর্মৃণালী-সততামিলনমোদোৎফুল্লতা এব (শ্রীরাধার
বাহুযুগলরূপ মৃণালদ্বয়ের সর্বদা মিলনহেতু হর্ষোৎ-
ফুল্লতাই) অত্র (এই উচ্চতার) হেতুঃ (কারণস্বরূপ)॥ ৭১॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের স্কন্ধযুগলের উচ্চতাবিষয়ে 'শ্রীরাধার বাহুযুগলরূপ মৃণালদ্বয়ের সর্বদা মিলনহেতু উৎফুল্লতা' এই পদসমূহের অর্থই হেতুরূপে উপন্যস্ত হওয়ায় 'কাব্যলিঙ্গ' এবং শ্রীরাধার বাহুদ্বয় ও মৃণাল-দ্বয়ের অভেদাখ্যানির্দেশহেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

উল্লসত: (উল্লাসযুক্ত) হরে: (শ্রীকৃষ্ণের) সমুন্নতৌ (সু-উচ্চ) অংসৌ (স্কন্ধযুগলকে) তাং লসৎকৌস্তুভ-কণ্ঠমাধুরীং (কৌস্তুভশোভিত কণ্ঠের অপূর্ব শোভা) দ্রষ্টুং (দর্শনের জন্য) সদা (সর্বদা) উৎসুকেন (সমুৎসুক) পার্শ্বদ্বয়েন (পার্শ্বদ্বয়কর্তৃক) উদ্-গ্রীবিকয়া (গ্রীবাদেশের উন্নতি বা উত্তোলনসহকারে) উন্নমিতৌ (উচ্চীকৃত) স্বমস্তকৌ (তদীয় মস্তক-যুগল বলিয়া) মন্যে (মনে করি) ॥ ৭২ ॥

এই শ্লোকে পূর্বোক্ত প্রকারে স্কন্ধযুগলের উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

ঊর্ধ্বে ([যস্য] ঊর্ধ্বভাগে) সুবিস্তৃতং (সুবিস্তৃত), অধ: ক্রমকার্শ্যযুক্তং (অধোভাগে ক্রমশ: কৃশ), মাধুর্য-ভূমিভুজ: (মাধুর্যরূপ ধরণীশ্বরের) ইন্দ্রনীলং (ইন্দ্রনীলমণিরচিত) আসনং (সিংহাসনস্বরূপ),

লাবণ্যপূরবহনাৎ ([এবং যাহা] লাবণ্যধারার বহনহেতু) দরাভিনিম্নমধ্যং (মধ্যভাগে ঈষৎ নিম্ন), মৃগদৃশাং দৃশাং ইষ্টং (সুলোচনা গোপীগণের নয়নরাজির বাঞ্ছিত), হরিপৃষ্ঠং (শ্রীকৃষ্ণের অতুল্য পৃষ্ঠদেশের) ঈড়ে (বন্দনা করি) ॥৭৩॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের পৃষ্ঠদেশের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি', মাধুর্য ও দ্যুতির আধিক্যবর্ণনমূলক 'রূপক' এবং উক্তরূপে পৃষ্ঠভাগের উৎকর্ষসম্ভাবনা-হেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

সুস্থূলমূলাৎ ([যাহা] সুশোভন স্থূল মূলভাগ হইতে) দরকার্শ্যমঞ্জুলা (উপরিভাগে ক্রমশঃ ঈষৎ কৃশতাহেতু মনোজ্ঞ হইয়া) স্বমাধুরীসিংহ-শিরোধিদর্পহৃৎ (নিজ মাধুর্যদ্বারা সিংহের গ্রীবা-দেশের দর্প হরণ করে [এবং]) শ্রীকেলিকূটস্য (সুরম্য কেলিশৈলের) বিলাস-শঙ্খিকা (বিলাসশঙ্খা), সুবর্তুলা মুকুন্দকন্ধরা (শ্রীকৃষ্ণের [সেই] সুরম্য বর্তুলাকৃতি গ্রীবা) ভাতি (শোভা পাইতেছে) ॥৭৪॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের গ্রীবাদেশের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি', কেলিশৈলের সহিত উহার শঙ্খাদির অভেদজ্ঞাননির্দেশমূলক 'রূপক' এবং উপমান সিংহগ্রীবা

অপেক্ষা উপমেয় শ্রীকৃষ্ণগ্রীবার উৎকর্ষমূলক আধিক্য-
নির্ণয়হেতু 'ব্যতিরেক' অলঙ্কার জ্ঞাতব্য ।

[যাহার] পিক-তত-শুষিরালী-নাদনিন্দি-স্বরোর্মিঃ
(স্বরলহরী কোকিলনাদ, বীণাদির ধ্বনি ও বংশীপ্রভৃতির
ধ্বনিসমুদয়কে তিরস্কার করে), ত্রিভুবনজন নেত্রা-
নন্দিরেখাত্রয়শ্রীঃ (ত্রিলোকবাসী জনগণের নয়নানন্দ-
দায়ী রেখাত্রয় যাহার শোভাবর্দ্ধন করিয়াছে [এবং])
নবনবমণিকান্ত্যা ভূষিতশ্রীমণীন্দ্রঃ (যাহার নবনব
কান্তিদ্বারা কৌস্তুভমণি বিভূষিত হইতেছে), বকশত্রোঃ
(শ্রীকৃষ্ণের) কণ্ঠনীলাম্বুকম্বুঃ (কণ্ঠরূপে সেই শ্রেষ্ঠনীল-
মণিময় শঙ্খমূর্তি) বিলসতি (অপূর্ব ভাবে বিরাজ
করিতেছে)।। ৭৫।।

এই শ্লোকে কণ্ঠ ও তাদৃশ শঙ্খের অভেদাখ্যানির্দেশ-
মূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য ।

হরেঃ (শ্রীকৃষ্ণের) কণ্ঠঃ (কণ্ঠদেশ) কৌস্তুভরাজহংস-
লীলামৃতাক্ষয়সরঃ (কৌস্তুভরূপ রাজহংসের লীলার
উপযোগী অক্ষয় অমৃত সরোবররূপে) লসতি (শোভা
পাইতেছে), যতঃ (যেহেতু) অস্মাৎ (ইহা হইতে)
সততং (সর্বদা) প্রতিদিশং কিল (নানাদিকে)

লাবণ্য-নর্মকবিতা-বরমানসমম্মদ-দিব্যাপগাঃ (লাবণ্য, পরিহাসবচন, কবিতা ও মানসমম্মদরূপে দিব্য নদীসমূহ) নিঃসরন্তি (নির্গত হইতেছে) ॥৭৬॥

এই শ্লোকে লাবণ্যাদির সহিত দিব্য নদীসমূহের তাদাত্ম্য-বর্ণনহেতু 'রূপক' এবং তাদৃশ-নদীসমূহের নিঃসরণরূপ সাধনদ্বারা কণ্ঠের সরোবরত্ব সাধ্য হওয়ায় 'অনুমান' অলঙ্কার জ্ঞাতব্য।

নাসাহন্বধরৌষ্ঠ-গণ্ড-চিবুক-শ্রোত্রাদি-দিব্যদলং (নাসা, হনু অর্থাৎ চোয়াল, অধর, ওষ্ঠ, গণ্ড, চিবুক ও কর্ণ প্রভৃতি যাহার দিব্য দলস্বরূপ), শ্রীদন্তাবলিকেশরং (দন্তরাজি যাহার কেশর), স্মিতমধুভ্রাজি (যাহা হাস্যমধুদ্বারা উদ্ভাসিত), উল্লসৎসৌরভং (যাহা সৌরভের উল্লাসযুক্ত), শ্রীনেত্রদ্বয়খঞ্জনং (সুন্দর নয়নযুগল যাহাতে খঞ্জনযুগলস্বরূপ), ভ্রমরিকৈঃ ভ্রূভৃঙ্গিকাল্যা (ভ্রমরিক অর্থাৎ ললাটপ্রান্তবর্তী চূর্ণকুন্তলরূপ ভ্রমর এবং ভ্রূস্বরূপ ভ্রমরীগণের দ্বারা) আবৃতং (যাহা সম্যক্ আবৃত), শ্রীদিশ্বাদ্ভুতকর্ণিকং ([এবং] কিশ্বার্থে যাহার বিচিত্র কর্ণিকা অর্থাৎ মধ্যস্থল), ~~[এইরূপ]~~ শ্রীকৃষ্ণবক্ত্রাম্বুজং (শ্রীকৃষ্ণের মঞ্জুল মুখ-

শঙ্খ) বিজয়তে (শোভা উৎকর্ষ বিস্তার করিতেছে) ॥ ৭৭ ॥
এই শ্লোকে শ্রীকৃষ্ণের মুখ ও তদন্তর্গত নাসাদির সহিত
যথাক্রমে শঙ্খ ও দলপ্রভৃতির তাদাত্ম্যনির্দেশহেতু
'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

অঘরিপু-মুখরাকা-নায়কঃ (শ্রীকৃষ্ণের মুখরূপ পূর্ণচন্দ্র)
নিজলক্ষ্ম (নিজ কলঙ্করাশি) গোপীকুলে (গোপীগণের
মধ্যে) ন্যস্য (নিক্ষেপ বা সমর্পণ করিয়াই) নিষ্কলঙ্কঃ
(নিষ্কলঙ্ক) সমজনি কিং (হইয়াছে কি ?), ইতি তু
(এইরূপ [বাক্য]) কুকবিবাক্যং (অধম কবিগণেরই
উক্তিমাত্র), তু (পরন্তু) মম্মতং শৃণু (আমার অভিমত
শ্রবণ কর), সহজবিমলঃ এষঃ (শ্রীকৃষ্ণের এই
মুখচন্দ্র স্বভাবতঃ নির্মল বলিয়া) আশ্রিতং (নিজ
আশ্রিত ~~অপরকে~~ কলঙ্কীকেও) অতুল্যং অকার্ষীৎ (নিজের
ন্যায় নির্মল করিয়াছে) ॥ ৭৮ ॥

এই শ্লোকে প্রসিদ্ধ চন্দ্র অপেক্ষা মুখচন্দ্রের উৎকর্ষ-
সম্পাদনহেতু 'উৎপ্রেক্ষা' এবং তদুভয়ের
তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

যদি (যদি) বিধিঃ (বিধাতা) পূর্ণেন্দৌ (পূর্ণচন্দ্রের
মধ্যে) তৎকলঙ্কং (তাহার কলঙ্ক) উদস্য
(নিরাসপূর্বক) বন্ধূকে (বন্ধূক পুষ্পদ্বয়), মুকুলৌ

শোণিমন্ময়

(দর্শনযুগল), মুকুন্দকলিকাল্যৌ (সুন্দর কুন্দকলিকা ^),
~~[illegible]~~ দ্বৌ নটৎখঞ্জনৌ (নৃত্যরত খঞ্জনদ্বয়), অর্ধেন্দুঃ
(অর্ধচন্দ্র), তিলপুষ্পকং (তিলপুষ্প), স্মরধনুঃ
(কন্দর্পের ধনুঃ [এবং]) লোলালিমালাং অপি (চঞ্চল
ভ্রমর-পংক্তি), এতানি (এই সকল বস্তু) অধ্যাস্যৎ
(স্থাপন করিতেন), তদা এব (তাহা হইলেই)
কবীশ্বরাঃ (শ্রেষ্ঠ কবিগণ) অমুনা (ইহার সহিত)
~~শ্রীকৃষ্ণস্য~~ শ্রীকৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) মুখং উপমাস্যন্
(মুখের তুলনা করিতে পারিতেন)।। ৭৯।।
এই শ্লোকে তৃতীয় প্রকার 'অতিশয়োক্তি' অলঙ্কার
হইয়াছে। (উহার লক্ষণ ৭০ শ্লোকের অলঙ্কার ব্যাখ্যায়
দ্রষ্টব্য)। এস্থলে বন্ধূক প্রভৃতি উপমান পদার্থরাজি-
দ্বারা ওষ্ঠ প্রভৃতি উপমেয় পদার্থরাজির গ্রাস
হইয়াছে।

বাল্যে (বাল্যকালে) জনন্যঙ্গুলি-লালনে (জননীর
অঙ্গুলিদ্বারা লালন করিবার সময়ে) যৎ (যাহার)
অঙ্গুষ্ঠসঙ্গাৎ দরানিম্নমধ্যং (মধ্যদেশ অঙ্গুষ্ঠের সংস্পর্শে
ঈষৎ অবনত [এবং]) অধঃ (অধোভাগে) অঙ্গুলিদ্বয়-
কৃতোন্নতেঃ (তর্জনী ও মধ্যমার দ্বারা উন্নতিসম্পাদনহেতু)

স্বল্পোন্নতাগ্রাংশং (অগ্রভাগ ঈষৎ উন্নত হওয়ায়) [এবং]
অমেয়শোভং (উহা অতুলনীয় শোভাযুক্ত হইয়াছে), উদয়দিন্দুকান্তি-ফুল্লেন্দীবরমধ্য (উদয়শীল চন্দ্রকিরণের সংযোগে যাহার একটি দল প্রস্ফুটিত হইয়াছে, এইরূপ) নীলোৎপলস্য (নীলোৎপলের) দলোপমার্দি (দল-রাজি যাহাদ্বারা পরাভূত হয়), লাবণ্যবন্যোচ্ছলিতং (যাহা লাবণ্যপ্রবাহে উচ্ছলিত [এবং]) মনোজ্ঞং (মনোরম), শ্রীহরেঃ (শ্রীকৃষ্ণের) তৎ (সেই) শ্রীচিবুকং (সুরম্য চিবুকদেশ) চকাস্তি (অতিশয় শোভা পাইতেছে) ।।৮০-৮১।।

এস্থলে প্রথম শ্লোকে গণ্ডদেশের মধ্যভাগের এবং নিম্নতাদি বিষয় 'অঙ্গুষ্ঠ মধ্যং' ইত্যাদি পদের অর্থই হেতু বলিয়া 'কাব্যলিঙ্গ' অলঙ্কার; এবং চিবুকের নিম্নমধ্যত্বাদিরূপ স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার হইয়াছে। এইরূপ চিবুকান্তর অপেক্ষা শ্রীকৃষ্ণচিবুকের উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য। দ্বিতীয়শ্লোকে তাদৃশ নীলোৎপলরূপ উপমান অপেক্ষা শ্রীকৃষ্ণের চিবুকরূপ উপমেয়ের উৎকর্ষমূলক আধিক্যনির্দেশহেতু 'ব্যতিরেক' অলঙ্কার সঙ্গত হইতেছে।

শ্রবণ-চিবুকমূলস্পর্শি-সৎসন্নিবেশং (যাহার উত্তম
সংস্থান কর্ণযুগল ও চিবুকের মূলদেশ স্পর্শ করিয়াছে),
জননয়নবিহঙ্গাকর্ষি মাধুর্যজালং (যাহার মাধুর্যজাল
জনগণের নয়নরূপ বিহঙ্গগণকে আকর্ষণ করে),
প্রাবিততমুখশ্রীমৎ ([এবং যাহা] বিস্তৃত মুখমণ্ডলের)
আনুকূল্যপ্রবীণং (আনুকূল্যসম্পাদনে সুদক্ষ),
শ্রীহরেঃ (শ্রীকৃষ্ণের [সেই]) স্তোকদীর্ঘং (ঈষদ্দীর্ঘ)
হনুযুগ্মং (হনুযুগল অর্থাৎ দুইটি চোয়াল)
বিলসতি (বিশেষরূপে শোভা পাইতেছে) ॥৮২॥
এই শ্লোকে শ্রীকৃষ্ণের হনুদ্বয়ের স্বভাববর্ণনহেতু
'স্বভাবোক্তি' এবং জননয়ন ও বিহঙ্গের অভেদ-
নির্দেশহেতু 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

আকার-মার্দব-বিনির্জিত-শষ্কুলীকং (যাহা নিজ
আকৃতি ও কোমলতাদ্বারা শষ্কুলী অর্থাৎ পিষ্টক-
বিশেষের পরাভব উৎপাদন করে),
স্বাঙ্গাতিচিত্রঘটনাজিতবিষ্টরাভং (যাহা নিজ
অঙ্গের অতিবিচিত্র নির্মাণ চাতুর্যে বিষ্টর অর্থাৎ
আবদ্ধ কুশমুষ্টিবিশেষের আকার জয় করে),
স্বীয়াংশুজালনীলিতাখিললোকনেত্রচিত্তোন্নম-
মকরকুণ্ডলমণ্ডনাঢ্যং ([এবং] যাহা নিজ কিরণজালদ্বারা

নিখিল লোকের নয়ন ও চিত্তকে আবদ্ধ করে,
এইরূপ মকরাকৃতি কুণ্ডলযুগলে যাহার শোভায়
অলঙ্কৃত হইয়াছে), শ্রীকর্ণভূষণ-ভরাৎ (কর্ণভূষণের
ভারহেতু) দরদীর্ঘরন্ধ্রং (যাহার মধ্যে ঈষৎ
দীর্ঘ রন্ধ্র উৎপন্ন হইয়াছে), বিশ্বাঙ্গনা-নয়নমীন-
মনোজজালং (যাহা নিখিল রমণীগণের নয়নরূপ
মৎস্য ধারণের জন্য কন্দর্পের জালস্বরূপ), যৎ
(যাহা) গোপীমনোহরিণ-বন্ধন-বাগুরা (গোপী-
গণের চিত্তরূপী হরিণের বন্ধনোপযোগী
বাগুরা বা ফাঁদ-স্বরূপ [এবং যাহা]) শ্রীরাধিকা-
নয়ন-খঞ্জন-বন্ধপাশ: (শ্রীরাধার নয়নরূপ
খঞ্জনযুগলের বন্ধনের জন্য পাশস্বরূপ),
গান্ধর্বিকা-পরিহাস-গর্ব-নিন্দ-বক্রুদ্বচোঽমৃত-
রসায়ন-পান লোলং (যাহা শ্রীরাধার পরিহাস,
গর্ব, নিন্দা বা বক্রোক্তিরূপ অমৃতরসায়ন
পান করিবার জন্য অতিশয় সতৃষ্ণ), শোণান্তরং
(যাহার মধ্যভাগ রক্তবর্ণ [এবং]) সমসন্নিবেশং
(যাহার সংস্থান সমভাবাপন্ন), তৎ (সেই)
সুরুচিরং (সুরম্য), মাধবকর্ণযুগ্মং (শ্রীকৃষ্ণের
কর্ণযুগল) মে (আমার) হৃদি (চিত্তে)

স্ফুরতু (স্ফূর্তিলাভ করুক)॥ ৮৩-৮৫॥

এই স্থলে প্রথম শ্লোকে উপমানভূত শষ্কুলী ও বিম্বরঞ্জন অপেক্ষা উপমেয় শ্রীকৃষ্ণকর্ণযুগলের উৎকর্ষমূলক আধিক্যহেতু 'ব্যতিরেক', দ্বিতীয় শ্লোকে কন্দর্পজাল, বাগুরা ও রত্নপাশ-রূপ অনেক পদার্থের সহিত শ্রীকৃষ্ণের কর্ণযুগলের তাদাত্ম্যনির্দেশহেতু 'মালারূপক', তদীয় কর্ণযুগলের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' এবং তৃতীয় শ্লোকেও উক্ত কর্ণযুগলের স্বভাব-বর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার জ্ঞাতব্য।

পূর্ণেন্দুমণ্ডলসন্নিবেশং (পূর্ণচন্দ্রের ন্যায় যাহার গঠন), রাধাধরামৃতরসায়নসেকপুষ্টং (শ্রীরাধার অধরের অমৃতরসায়নের সেচনদ্বারা যাহা পরি-পুষ্ট), মকরকুণ্ডলনৃত্যরঙ্গং (যাহা মকরাকৃতি কুণ্ডলযুগলের নৃত্যলীলার রঙ্গক্ষেত্র [এবং যাহা]) ইন্দ্রমণিদর্পণ-দর্পহারি (ইন্দ্রনীলমণিময় দর্পণের দর্প হরণ করে), কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের [এইরূপ]) গণ্ডদ্বয়ং (গণ্ডযুগল) ভাতি (অপূর্ব শোভা প্রকাশ করিতেছে)॥ ৮৬॥

এই শ্লোকে তাদৃশ মণিময় দর্পণরূপ উপমান অপেক্ষা শ্রীকৃষ্ণের গণ্ডযুগলরূপ উপমেয়ের উৎকর্ষমূলক আধিক্য বর্ণনহেতু 'ব্যতিরেক', উক্ত গণ্ডস্থল ও নৃত্যরঙ্গের আধারাধেয় নির্দেশহেতু 'রূপক' এবং গণ্ডযুগলের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার জ্ঞাতব্য।

সমুচ্ছলন্মাধুরিমামৃত-নিম্নগায়াঃ ([যাহা] উচ্ছলিত মাধুর্যরূপ অমৃতনদীর) আবর্তগর্তাভিসৃক্কযুগাভি-রম্যং (আবর্তজনিত গর্তসদৃশ সৃক্ক অর্থাৎ ওষ্ঠপ্রান্ত-যুগলদ্বারা অতিশয় রমণীয়), শ্রীকান্তদন্তাবিসরৎ-কিরণাভিষিক্তং ([যাহা] সুরম্য দন্তরাজির বিনির্গত কিরণমালাদ্বারা অভিষিক্ত), দুগ্ধাভিধৌত-নব-পল্লবনিন্দি-রোচিঃ (যাহার দীপ্তি দুগ্ধধৌত নবীন পল্লবকেও নিন্দা করে), ওষ্ঠোপরি (ওষ্ঠের উপরিভাগে) শ্বসননির্গমনাল্পনিম্নং (শ্বাসবায়ুর নির্গমনহেতু যাহা অল্প নিম্ন [এবং]) দরোচ্চমিতোষ্ঠমধ্যং (ওষ্ঠের মধ্যভাগে ঈষৎ উন্নত), বন্ধূকজিচ্ছবি ([যাহা] বন্ধূকাধিকায়িকান্তিযুক্ত), শ্রীশ্যামধামারুণিমযোঃ (শ্যামলকান্তি ও অরুণকান্তির) মিলনপ্রদেশে (মিলনস্থলে)

কোকোন্নতায়ত-মনোহর-নীমশোভং (যাহা অপূর্ব উন্নত ও আয়ত মনোহর নীমাদেশের শোভা বিস্তার করে), বিম্বাতিমঞ্জুধর মধ্যগতাল্পরেখং (যাহাতে বিম্বফল অপেক্ষা মনোরম অধরের মধ্যগত সূক্ষ্ম রেখা বিদ্যমান), স্বং পশ্যতাং ([যাহা] নিজ দর্শনকারী জনগণের) ইতররাগহর স্বভাবং (বিষয়-বাসনা স্বভাবতই বিনষ্ট করে [এবং যাহা]) শশ্বৎ (নিরন্তর) নিত্যামৃত সুবাসিত-মঞ্জু বংশী-সুধ্বানায়ত-ধ্বনিভি: (স্বীয় অমৃতযোগে সুবাসিত মনোরম বংশীর সুধ্বনি ও সুদূরপ্রসারী ধ্বনিদ্বারা) আকৃষ্ট-বিশ্বচিত্তং (নিখিল লোকের চিত্ত আকৃষ্ট করে), ব্রজসুন্দরীণাং ([যাহা] ব্রজরমণীগণের) সর্বস্ব-রত্নপিটক: (সর্বস্ব রত্নের আধার পেটিকা), বৃষভানুজায়া: ([এবং] শ্রীরাধার) জীবাতু-মধু-চষকং (জীবনরক্ষক মধুবিশেষের চষক বা পানপাত্রস্বরূপ), ~~শ্রীরাধা~~ তন্বী লসদ্দশন-লক্ষ্ম-লাঞ্ছিতং ([যাহা] শ্রীরাধার সৌন্দর্যশালী দন্তরাজির চিহ্নদ্বারা শোভিত), শ্রীকৃষ্ণাধরোষ্ঠং (শ্রীকৃষ্ণের অতুল অধর ও ওষ্ঠ) অনিশং (সর্বদা) সে

(অস্মাকং) হৃদি (চিত্তমধ্যে) চকাস্তু (দীপ্তিবিস্তারং করুক)॥ ৮৭-৯০॥

এস্থলে প্রথম শ্লোকে মধুরিমা ও অমৃতনদীর অভেদ্য-বর্ণনমূলক 'রূপক' এবং আবর্তগর্ত ও মুক্তপুলিনের সাদৃশ্যবর্ণনমূলক 'উপমা' অলঙ্কার, দ্বিতীয় শ্লোকে শ্রীকৃষ্ণের ওষ্ঠাধরের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' এবং অত্যন্ত অল্পনিম্নতাবিষয়ে শ্বাসবায়ুর নির্গমনরূপ হেতুবিশেষের উল্লেখহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার, তৃতীয় শ্লোকে ওষ্ঠাধরের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' এবং উপমান বিম্বফল অপেক্ষা উপমেয় অধরের উৎকর্ষমূলক আধিক্যনির্দেশহেতু 'ব্যতিরেক' অলঙ্কার এবং চতুর্থ শ্লোকে রত্নপিটক ও পীযূষচষকের সহিত ওষ্ঠাধরের অভেদ্যনির্দেশ-হেতু 'রূপক' এবং ওষ্ঠাধরের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার জানিতে হইবে।

স্বাকারসৌষ্ঠব-বিনিন্দিত-কুন্দবৃন্দ-সংশোভমান্ (যাহা নিজ আকৃতির সৌষ্ঠবদ্বারা কুন্দপুষ্পের সুরম্য কলিকাসমূহকে তিরস্কার করে), শিখর-হীরক-মৌক্তিকানাং শোভাভিমানভর-খণ্ডনকান্তিলেশান্

(যাহার কান্তির লেশমাত্রই পক্ক দাড়িম্ববীজ, হীরক ও
মুক্তার সৌন্দর্যকান্তি সর্বসমূহ বিনষ্ট করে), বামভ্রুবাং
অধরবিম্ব শুকায়মানান্ (যাহা সুন্দরীগণের অধররূপ
বিম্বফলে শুকের ন্যায় আচরণ করে), কান্ত্যা এব
([যাহা] স্বভাবতই) পাক্কিম-মুদাড়িম্ববীজমদ্রূন্
(সুপক্ক দাড়িম্ব বীজের ন্যায় মনোরম), সম্বৎ-
প্রিয়াধর-রসাস্বাদনেন শোণান্ (যাহা নিরন্তর প্রিয়-
তমার অধররসের আস্বাদন হেতু রক্তবর্ণ হইয়াছে),
কান্তৌষ্ঠ-শোণমণি ভেদনকামটঙ্কান্ ([এবং যাহা]
প্রিয়তমার ওষ্ঠরূপ রক্তবর্ণ মণির ভেদনক্রিয়ায়
কামদেবের টঙ্ক অর্থাৎ ভেদক অস্ত্রস্বরূপ), শ্রীমন্মুকুন্দ-
দশনান্ (শ্রীকৃষ্ণের এইরূপ দন্তরাজিকে) মুগ্ধা:
(সেই ভাগ্যশালিনী) স্মরতি (স্মরণ করেন)॥ ৭১-৭২॥
এস্থলে প্রথম শ্লোকে 'শুকায়মানান্' এই শব্দটি
'শুকা ইব আচরন্তি' এইরূপ ~~[illegible]~~ অর্থে
শুক শব্দের উত্তর 'আযি' প্রত্যয় যোগে নিষ্পন্ন
হইয়াছে। বাক্যস্থ উপমাবাচক 'ইব' শব্দটির লোপ-
হেতু 'লুপ্তোপমা' অলঙ্কার এবং দ্বিতীয় শ্লোকে
শ্রীকৃষ্ণের দন্তরাজি ও টঙ্ক এবং কান্তার ওষ্ঠ ও রক্তবর্ণ
মণির তাদাত্ম্যনির্দেশহেতু 'রূপক' অলঙ্কার এবং

পক্ব দাড়িম্ব বীজ ও চঞ্চু অপেক্ষা দন্তরাজির উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।

নিজপ্রণয়িবৃন্দমনস্তমোঘ্নী (যাহা নিজ প্রণয়িগণের চিত্তের অন্ধকার অপহরণপূর্বক) শ্রীরাধিকা-প্রণয়-সাগরং এধয়ন্তী (শ্রীরাধার প্রেমসাগরের উচ্ছ্বাস-বর্ধন সহকারে) আত্মপ্রসাদকলিতোজ্জ্বলিতাখিললোকা (নিজ প্রসাদ কলি দ্বারা নিখিল জগৎকে আলোকিত করে), গোপীপ্রিয়াধরবিধোঃ (শ্রীকৃষ্ণের অধররূপ চন্দ্রের) সা স্মিতকৌমুদী (সেই হাস্যচন্দ্রিকা) জীয়াৎ (জয়যুক্ত হউক)॥ ২৩॥

এই শ্লোকে স্মিত ও কৌমুদীর অভেদত্বনির্দেশমূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

পদ্মাদিদিক্‌রমণী-কমনীয়গন্ধঃ (যাহার সৌরভ লক্ষ্মী প্রভৃতি দিক্‌রমণীগণেরও কামনীয়), গোপাঙ্গনা-নয়নভৃঙ্গ-নিপীয়মানঃ (গোপাঙ্গনাগণের নয়নরূপ ভ্রমরগণে যাহা পান করে [এবং]) বেণুনিনদার্পিত-মাধুরীকঃ (যাহার মাধুর্য বংশীধ্বনির মধ্যে সমর্পিত হইয়াছে), কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) আস্যাম্বুজ-স্মিত-মকরন্দঃ (মুখকমলের সেই হাস্যমধুকে) অহং অশ্নামি (আমি পান করি)॥ ২৪॥

এই শ্লোকে মুখ ও পদ্ম, স্মিত ও মকরন্দ এবং শোভাঙ্গনার
নয়ন ও ভৃঙ্গের তাদাত্ম্যনির্দেশমূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

নানারসাঢ্যকবিতাখনি-জন্মভূমিঃ ([যাহা] বিবিধরসপূর্ণ
কবিতা-খনিরাজির আকর), অশ্রান্ত-ষড়্বিধ-রসাস্বাদন-
প্রবীণা ([যাহা] নিরন্তর ছয়প্রকার রসের আস্বাদনবিষয়ে
সুনিপুণা), হৃদ্ হরেঃ (শ্রীকৃষ্ণের [সেই]) রসজ্ঞা (জিহ্বা)
বিশ্বায় বিশ্বরসদা অপি (নিখিল জগৎকে সর্বপ্রকার
রস বিতরণ করিলেও) রাধাধরামৃত রসাস্বাদনাৎ
(শ্রীরাধার অধরামৃতরসের আস্বাদনহেতুই) যথার্থা
('রসজ্ঞা' এই নামের সার্থকতা লাভ করিয়াছে)।।৯৫।।

এই শ্লোকে কবিতাখনির জন্মভূমি ও জিহ্বার তাদাত্ম্য-
নির্দেশমূলক 'রূপক' এবং 'শ্রীরাধার অধররসের
আস্বাদনহেতুই' - এইরূপ পদের অর্থই হেতু এবং
তদ্দ্বারাই 'রসজ্ঞা' এই নামের যথার্থতা সাধ্য
হওয়ায় 'কাব্যলিঙ্গ' অলঙ্কার জ্ঞাতব্য।

অন্তঃপ্রেমঘৃতাম্লিতোত্তমমধুঃ (যাহার মধ্যে প্রেমরূপ
ঘৃত ও হাস্যরূপ উত্তম মধু মিশ্রিত রহিয়াছে),
নর্মোৎকর্ষৈঃ সংযুতা (যাহা পরিহাসরূপ শর্করার
সহিত সংযুক্ত), শব্দার্থোভয়শক্তিসূচিত-রসালীন্দু-
স্নমৎসৌরভা (শব্দশক্তি ও অর্থশক্তিদ্বারা সূচিত

রসপ্রভৃতিরূপ কর্পূরসংযোগে যাহার সৌরভ উল্লসিত
হইয়াছে), আভীরীমদনার্কতাপশমনী ([যাহা] গোপী-
গণের কন্দর্পপীড়ারূপ সূর্যতাপের উপশম করে [এবং])
বিশ্বৈকসন্তর্পণী (নিখিল জগৎকে অসাধারণ তৃপ্তি দান
করে), অমৃতাব্ধিদর্পদমনী (অমৃতসমুদ্রের দর্পদমন-
কারিণীরূপে), হরেঃ (শ্রীকৃষ্ণের) সা বাণী রসালা
(বাণীরূপা রসালা অর্থাৎ সুমিষ্ট পানীয়বিশেষ)
জীয়াৎ (জয়যুক্ত হউক) ॥ ৭৬॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের বাণী ও রসালার অভেদজ্ঞাননির্দেশ-
মূলক 'রূপক' এবং উপমান অমৃতসমুদ্র অপেক্ষা
উপমেয় বাণীরূপ রসালার উৎকর্ষমূলক আধিক্যনির্দেশ-
হেতু 'ব্যতিরেক' অলঙ্কার জ্ঞাতব্য।

অর্বাঙ্মুখেন্দ্রমণিমুষ্ট-তিলপ্রসূনকান্তিঃ (যাহার কান্তি
নিম্নমুখ ইন্দ্রনীলমণিরচিত তিলপুষ্পসদৃশ, [যাহা])
ঐন্দ্রনীলঃ (ইন্দ্রনীলমণিনির্মিত), স্মরাশুগবিশেষঃ ইব
(কন্দর্পের বাণবিশেষের ন্যায় শোভা পায়), ~~নীলাশ্ম~~
নীলাশ্ম-কুম্ভ-শুকচঞ্চুবিনিন্দি-কোটিঃ ([এবং যাহার]
দীপ্তি ইন্দ্রনীলমণিরচিত শুকপক্ষীর চঞ্চুকে তিরস্কার
করে), অধরে (শ্রীকৃষ্ণের [সেই]) উচ্চালিখরা

শ্রীনায়িকা (উন্নতাগ্র নায়িকা) বিলসতি (বিশেষরূপে শোভা পাইতেছে) ॥ ৩৭॥

এই শ্লোকে উপমান শুকচঞ্চু অপেক্ষা উপমেয় শ্রীকৃষ্ণ-নাসার উৎকর্ষমূলক আধিক্যনির্দেশহেতু 'ব্যতিরেক' এবং তাদৃশ নায়িকার উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

যে লোলেন্দুকান্তমণিগোলক-বদ্ধচঞ্চদিন্দ্রাশ্মগোলক-সমানকনীনিকে (যাহার তারকাযুগল চঞ্চল চন্দ্রকান্তমণিময় গোলকমধ্যে আবদ্ধ ইন্দ্রনীলমণিময় চঞ্চল গোলকযুগলের তুল্য [এবং যাহা]) অন্তর্মদভ্রমরফুল্লসিতাব্জকোষ-সৌভাগ্যগর্ব-ভর-খণ্ডন-পণ্ডিতে চ (অভ্যন্তরভাগে ঘূর্ণনরত ভ্রমরশোভিত বিকসিত শ্বেতপদ্মের সৌভাগ্য-গর্বরাশির খণ্ডনবিষয়ে সুনিপুণ), প্রান্তে ([যাহার] প্রান্তভাগ) অরুণিমা (রক্তিমা), পরিতঃ (চতুর্পার্শ্বে) সিতিম্না (শ্বেতিমা), মধ্যে (মধ্যভাগ) অসিতিম্না চ (নীলিমাদ্বারা) যুতে (যুক্ত হইয়া) শ্রীবিধিকারুণা (বিধাতারূপ শিল্পিকর্তৃক) সুচিত্রিতে ~~(সুবিচিত্র)~~ বিলোলে (সুন্দররূপে চিত্রিত ও চঞ্চলরূপে), শোভাশ্রিয়ঃ (সৌন্দর্যলক্ষ্মীর) তে কন্দুকগোলকে কিং

(সুরম্য কন্দুক-গোলকদ্বয় বলিয়া আশঙ্কিত হয়),
লাবণ্যসার-সমুদায়-সুধাতিবর্ষৈঃ ([যাহা] লাবণ্যের
সারসমূহরূপ অমৃতরাশির অভিবর্ষণ), কারুণ্যসার-
নিচয়ামৃতনির্ঝরৌঘৈঃ (কারুণ্যের সারসমষ্টিরূপ
সুধাপ্রস্রবণ [এবং]) কন্দর্পভাববিসরামৃতবন্যয়া চ
(কন্দর্পভাবের বিস্তাররূপ অমৃতবন্যাদ্বারা) সর্বজগৎ
(সমস্ত লোক) সংপ্লাব্য (প্লাবিত করিয়া) সমন্তাৎ
(চতুর্দিকে) উল্লসন্তী (উল্লাসিত হইতেছে), অত্যায়তে
([যাহা] অতিবিস্তৃত), সুবিপুলে (সুবিপুল), সমূলে
(সমূল), সুশোণে (সুরম্য রক্তবর্ণ), সুস্নিগ্ধপীনঘন-
চঞ্চল-পক্ষ্মরম্যে ([এবং] যাহার পক্ষ্ম অর্থাৎ নেত্রলোম-
রাজি সুস্নিগ্ধ, স্থূল, ঘন ও চঞ্চল বলিয়া রমণীয়তার
সঞ্চার করে, [এইরূপ যাহা]) তারুণ্যসারমদঘূর্ণন-
মন্থরে চ (তারুণ্যসারজনিত মদাবেশে ঘূর্ণনমত্ত),
হরেঃ (শ্রীকৃষ্ণের) তে (সেই) নেত্রে (নেত্রযুগল)
মম (আমার) হৃদি (চিত্তে) সদা (সর্বদা) স্ফুরতাং
(প্রকাশিত হউক)॥ ৯৮—১০১॥

এস্থলে প্রথমশ্লোকে ইন্দ্রনীলমণিময় গোলক ও তারা-
যুগলের সাদৃশ্যহেতু 'উপমা' এবং অতুল পদ্মকোষ-
রূপ উপমানের অপেক্ষা নেত্রযুগলরূপ উপমেয়ের

উৎকর্ষমূলক আধিক্যবর্ণনহেতু 'ব্যতিরেক' অলঙ্কার,
দ্বিতীয়শ্লোকে নেত্রযুগলের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি'
এবং 'কিম্' শব্দদ্বারা নেত্রদ্বয়কে সৌন্দর্যলক্ষ্মীর
কন্দুকযুগলরূপে আশঙ্কা করিয়া তদীয় উৎকর্ষ-
সম্ভাবনা করায় 'উৎপ্রেক্ষা' অলঙ্কার, তৃতীয়শ্লোকে
লাবণ্যসারাদির সহিত সুধাপ্রভৃতির তাদাত্ম্যনির্দেশ-
মূলক 'রূপক' এবং নেত্রযুগলের মধ্যে জগৎপ্লাবকতা-
রূপ বয়স সমৃদ্ধির বর্ণনহেতু 'উদাত্ত' অলঙ্কার এবং
চতুর্থশ্লোকে নেত্রযুগলের স্বভাববর্ণনহেতু
'স্বভাবোক্তি' অলঙ্কার জানিতে হইবে।

সাধ্বী-স্বধর্ম-দৃঢ়ধর্ম-বিচ্ছেদদক্ষ-কামেষু-তীক্ষ্ণ-কাঠিন্যাঃ
(যাহা পতিব্রতা রমণীগণের সুদৃঢ় পাতিব্রত্য-ধর্মের
বিঘাতবিষয়ে কামবাণের ন্যায় তীক্ষ্ণ ও কঠিন [এবং যাহা])
স্বপ্নে অপি দুর্লভ-সমস্ত-দারিদ্র্যগোষ্ঠী-বাঞ্ছাতিপূরণ-
বদান্যবরাঃ (নিখিল দরিদ্রগণের স্বপ্ন-দুর্লভ বাঞ্ছা-
সমূহের পরিপূরণবিষয়ে মহাবদান্যস্বরূপ),
অঘারেঃ (শ্রীকৃষ্ণের [সেই]) কটাক্ষাঃ (কটাক্ষরাজি)
বিলসন্তি (বিশেষভাবে শোভা পাইতেছে)॥১০২॥
এই শ্লোকে "বদান্যবর" ও শ্রীকৃষ্ণকটাক্ষের তাদাত্ম্যনির্দেশ-
মূলক 'রূপক' অলঙ্কার জ্ঞাতব্য।

যা (যে) তৈঃ (সেই) নর্তন-বাদিতৈঃ (নৃত্যরূপ বাদ্যাদি-দ্বারা) নিখিলযৌবত-বিলোল-মনঃকুরঙ্গান্ (নিখিল যুবতীগণের চঞ্চল চিত্তরূপ হরিণগণকে) আবিধ্য (বিদ্ধ করিয়া) ঘূর্ণয়তি (ঘূর্ণিত করিতেছে), মুরারিপোঃ কুটিলা অপি যা ভ্রূলতা (শ্রীকৃষ্ণের সেই ভ্রূলতা কুটিলা হইয়াও) কীর্ত্যা (কীর্তিদ্বারা) কন্দর্পপুষ্পধনুষং (কন্দর্পের পুষ্পধনুককে) তুলতাম্ নিনায় (তুলের ন্যায় তুচ্ছ করিয়াছে) ॥১০৩॥

এই শ্লোকে যুবতীগণের মনঃ ও কুরঙ্গ এবং ভ্রূলতার নৃত্য ও বাদ্যের তাদাত্ম্যনির্দেশমূলক 'রূপক' অলঙ্কার এবং কন্দর্পের পুষ্পধনুরূপ উপমান অপেক্ষা উপমেয় ভ্রূলতার উৎকর্ষমূলক আধিক্যনির্দেশহেতু 'ব্যতিরেক' অলঙ্কার জ্ঞাতব্য।

কালিয়েন (কালিয়নাগকর্তৃক) হরয়ে (শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে) বিসৃষ্টা (প্রদত্তা) যা যমুনা (নীলের যে কণাটি) তেন (শ্রীকৃষ্ণকর্তৃক) ভ্রুবি অর্পিতা (ভ্রূলতার নিকটে অর্পিতা হইয়া) হ্রিয়া (লজ্জায়) তদাত্মতাং অবাপ (ভ্রূরূপে পরিণত হইয়াছে), যা (সেই) যমী (যমীই) যামভ্রাতঃ (যমভগ্নীত্বহেতু)

ব্রজবধূহৃদয়ানি (ব্রজবধূগণের হৃদয়সমূহ) দৃষ্ট্বা এবং
(দর্শন করিয়াই) অত্র (অন্তর মধ্যে) বিমূর্ছিতানি
(মূর্ছা) বিতনুতে কিং (বিস্তার করিতেছে কি?) ॥১০৪॥
এই শ্লোকে ~~[illegible]~~ সাধারণ লোককৃতা অপেক্ষা জলতার
উৎকর্ষ সম্পাদনহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।

চিল্লীলতালক-বক্রশর্করস্য পার্শ্বং (যাহার পার্শ্বদ্বয়
জলতা ও অলকরাশির বিন্যাসহেতু রমণীয়),
কৃষ্ণাষ্টমীশশিনিভং (যাহা কৃষ্ণাষ্টমীর চন্দ্রের ন্যায়
আকৃতিযুক্ত), গিরিধাতুচিত্রং (গৈরিক ধাতুদ্বারা
যাহা চিত্রিত রহিয়াছে), রাধামনোহরিণ-বন্ধন-
~~কামযন্ত্রং (শ্রীরাধার চিত্তরূপ হরিণের বন্ধনের জন্য
যাহা কন্দর্পের যন্ত্রস্বরূপ [এবং])~~ কাশ্মীরচারু-
~~তিলকং (যাহাতে কুঙ্কুমরচিত সুন্দর তিলক শোভা
পাইতেছে), হরিভালং (শ্রীকৃষ্ণের [এইরূপ]
ললাটদেশকে) ঈড়ে (বন্দনা করি) ॥১০৫~~

কামযন্ত্র-কাশ্মীর-চারুতিলকং ([এবং] শ্রীরাধার
চিত্তরূপ হরিণের বন্ধনের জন্য কন্দর্পের যন্ত্ররূপে
কুঙ্কুমরচিত রমণীয় তিলকচিহ্ন যাহার মধ্যে
শোভা পাইতেছে), হরিভালং (শ্রীকৃষ্ণের [সেই]
ললাটদেশকে) ঈড়ে (বন্দনা করি) ॥১০৫॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের ললাটের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি', কামযন্ত্র ও ললাটের এবং হরিণ ও শ্রীরাধার মনের তাদাত্ম্য নির্দেশমূলক 'রূপক' এবং ললাটের কামযন্ত্রত্ব সাধনের জন্য শ্রীরাধার চিত্তরূপ হরিণের বন্ধন কার্যই হেতুরূপে বিন্যস্ত হওয়ায় 'অনুমান' অলঙ্কার হইয়াছে।

বল্লবী-বল্লভস্য (শ্রীকৃষ্ণের) শ্রীমদ্ভালোপান্তে (সুরম্য ললাটদেশের উপরিভাগে) যা ললিতা (যে মনোরম) অলকমধুপমালা (অলকরূপ ভ্রমর-রাজি) বিলসতি (শোভা পাইতেছে), সা ইয়ং কিল (তাহাই) অঙ্গনানাং (রমণীগণের) নয়ন-শফরবন্ধে (নয়নরূপ শফরী-মৎস্যের বন্ধনের জন্য) কামকৈবর্তকস্য (কন্দর্পরূপ ধীবরের) জালতাং অলভত (জালরূপে পরিণত হইয়াছে)॥ ১০৬॥

এই শ্লোকে অলক ও মধুপমালা, নয়ন ও শফরমৎস্য এবং অলকমালা ও জালের তাদাত্ম্যনির্দেশমূলক 'রূপক' অলঙ্কার এবং জাল অপেক্ষা অলকরাজির উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার জ্ঞাতব্য।

স্বায়ত: ([যাহা] প্রলম্বমান ও আয়ত), ভ্রমর-
গঞ্জনচিক্কণাভ: (যাহার চিক্কণ কান্তি ভ্রমরমালাকে
তিরস্কার করে), সূক্ষ্ম: সুকুঞ্চিততর: অতিঘন:
~~ঘনাগ্র:~~ সমাগ্র: ([যাহা] সূক্ষ্ম, অতিকুঞ্চিত, অতিশয়
ঘন ও অগ্রভাগে সমান), কস্তূরিকাযুগাসিতোৎপল-
গন্ধহৃদ্যা: (যাহা কস্তূরীমিশ্রিত নীলোৎপলের গন্ধে
মনোহর), কামধ্বজাসিত-সুচামর-চারুশোভ:
([এবং] কন্দর্পের ধ্বজাস্থিত মনোরম চামরের ন্যায়
যাহার শোভা অতিশয় রমণীয়), চূড়াদ্বিফাল-
কবরার্ধক-জূটবেণী-জূটাদি-কালকৃত-বন্ধবিশেষ-
রম্যা: (যাহা বিভিন্ন সময়ে চূড়া, দ্বিফাল অর্থাৎ
দুই ভাগে বিন্যাস, কবরী, অর্ধজূট, জূটবেণী প্রভৃতি
নানারূপে বন্ধন হেতু রমণীয় [এবং যাহা])
রাধিকায়া: (শ্রীরাধার) হৃদয়সুধাংশৌ (চিত্তরূপ
চন্দ্রের মধ্যে) কুরঙ্গন্তি (হরিণের ন্যায় শোভা
পায়), তে: কেশবকেশপাশা: (শ্রীকৃষ্ণের সেই
কেশপাশ) ন: (আমাদের) চিত্তে (চিত্তে)
স্ফুরন্তু (বিরাজ করুক)॥ ১০৭-১০৮॥
~~অন্যায় মাধুর্য মুর্ধাবিধানি (যাহার মধ্যে মধুরের ...~~

এস্থলে উভয়শ্লোকে কেশপাশের স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি', প্রথমশ্লোকে উপমান ভ্রমর অপেক্ষা উপমেয় কেশপাশের উৎকর্ষ বর্ণনহেতু 'ব্যতিরেক' এবং চামর ও কেশপাশের তুলনাহেতু 'উপমা' অলঙ্কার। দ্বিতীয়শ্লোকে কুরঙ্গের সহিত কেশপাশের তুলনাহেতু 'উপমা' এবং হৃদয় ও চন্দ্রের অভেদ[illegible]হেতু 'রূপক' অলঙ্কার।

এই শ্লোকে শ্রীকৃষ্ণের অঙ্গাদির স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি', এবং মুনীন্দ্রদিগের সাধু ও অঙ্গাদির অসাধ্য নির্দেশহেতু 'রূপক' এবং শ্রীকৃষ্ণের অঙ্গাদির বিশেষ বর্ণনেচ্ছায় 'অহো সহস্রমুখেও বর্ণনার যোগ্য নহে' এইরূপ নিরূপণহেতু 'আক্ষেপ' নামক অলঙ্কার জানিবে।

অপার-মাধুর্য-সুধা-নিধানানি (যাহাদের মধ্যে সমুদ্রের ন্যায় অপার মাধুর্য-সুধা বর্তমান রহিয়াছে), নানাঙ্গভূষাচয়-ভূষণানি (যাহা বিবিধ অঙ্গভূষণসমূহেরও ভূষণ হইয়াছে [এবং যাহা]) জগদ্দৃগাসেচনকানি (যাহা নিখিল লোকনয়নের অনন্ত তৃপ্তি জনক), শৌরেঃ (শ্রীকৃষ্ণের) অঙ্গানি ([তাদৃশ] অঙ্গাদি) সহস্রবক্ত্রৈঃ (সহস্রমুখেও) ন বর্ণ্যানি (বর্ণনার যোগ্য হয় না) ॥১০৯॥

সসারিকে (শারীর সহিত) গদ্গদরুদ্ধকণ্ঠে (গদ্গদ রুদ্ধকণ্ঠে) ইতি (এইরূপ) বর্ণয়িত্বা (বর্ণনপূর্বক) শুকেন্দ্রে (শুকপ্রবর) বিরতে (নিবৃত্ত হইলে) তদা (তৎকালে) সা সভা (সেই সভা অর্থাৎ সভাস্থিত সকলে) তদ্বাক্-সুধাম্ভোধিনিমগ্নচিত্তা (তাহার বাক্যরূপ সুধা-সমুদ্রে নিমগ্নচিত্ত হইয়া) ক্ষণং (ক্ষণকাল) স্তিমিতা আসীৎ (স্তব্ধভাব ধারণ করিয়াছিল) ॥১১০॥

শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে (যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মের ভ্রমরস্বরূপ শ্রীরূপ-গোস্বামীর সেবার ফলস্বরূপ), শ্রীরঘুনাথ-দাসকৃতিনা দিষ্টে (পরমসুপণ্ডিত শ্রীরঘুনাথ

দাস গোস্বামী যাহার উপদেশ করিয়াছেন),
শ্রীজীবসঙ্গদাৎ (শ্রীমান্ জীব গোস্বামীর
সংহেতু যাহার উদ্ভব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথ-
ভট্টবরতো (শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর বা
অনুগ্রহে যাহার প্রকাশ হইয়াছে), গোবিন্দ-
লীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক
সেই কাব্যের অন্তর্গত), মধ্যাহ্নলীলাং অনু
(মধ্যাহ্নলীলাবিষয়ক) এষ: (এই) ষোড়শ:
(ষোড়শ) সর্গ: (সর্গ) সাম্প্রতং অগাৎ
(সম্প্রতি পরিসমাপ্ত হইল) ।। ১৩ ।।

———— ০ ————

অথ (অনন্তর) শ্রীরাধয়া (শ্রীরাধার) প্রেরিতয়া
(প্রেরণায়) বৃন্দয়া (বৃন্দাদেবীর লালনদ্বারা) সশারিক:
স: শুক: (সারিকা ও শুক) আমোদং উপাগত: (আমোদলাভ
করিয়া) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) গুণানুবর্ণনে (গুণবর্ণনে)
আদিষ্ট: চ (আদিষ্ট হইয়া) সভাং নন্দয়ন্ আহ
(সভার আনন্দ উৎপাদন সহকারে বলিতে আরম্ভ
করিল) ॥১॥

অহং (আমি) বরাক: অপি (অতিদীন হইয়াও)
মহাদ্ভি: কবিভি: (মহাকবিগণেরও) অনবগাহ্যং
(অবগাহনের অযোগ্য), তং অমিত-গুণাব্ধিং
(শ্রীকৃষ্ণের সেই গুণসাগরকে) জিহ্বয়া (জিহ্বা-
দ্বারা) লেঢুং (লেহন করিতে) ইচ্ছে (ইচ্ছা করিতেছি),
যৎ অপি (যদিও) সুপক্বং (সুপক্ব) নারিকেলীয়ং ফলং
(নারিকেল ফল) অভেদ্যং (অভেদ্য), তৎ অপি
(তথাপি) লুব্ধকীর: (লুব্ধ শুকপক্ষী) চঞ্চ্বা
(চঞ্চু দ্বারা) মুহু: (বারবার) তৎ স্পৃশতি (তাহা
স্পর্শ করে) ॥২॥

এই শ্লোকে শুকপক্ষীর চঞ্চু দ্বারা সুপক্ব নারিকেল ফলের
বারম্বার স্পর্শ এবং জিহ্বাদ্বারা অদ্ভুত শ্রীকৃষ্ণগুণ-

সাগরের লেহনেচ্ছা - এই দুইটির বিম্ব-প্রতিবিম্ব-ভাব জ্ঞাপনহেতু 'নিদর্শনা' নামক অলঙ্কার হইয়াছে।

যতঃ (যেহেতু) অপত্রপঃ (নির্লজ্জ [আমি]) হরেঃ (শ্রীকৃষ্ণের) গুণান্ বিবক্ষামি (গুণরাশির বর্ণন করিতে ইচ্ছা করিতেছি, [অতএব]) করেণ (হস্ত-দ্বারা) ভাস্করং (সূর্যকে) ইহ (ধরাতলে) আনিনীষামি (আনয়নের ইচ্ছা করিতেছি), মূর্ধ্না (মস্তকদ্বারা) সুমেরু-পর্বতং (সুমেরুপর্বতকে) বিভিৎসামি (ভেদ করিতে ইচ্ছা করিতেছি), দোর্ভ্যাং (বাহুদ্বয়ের মাধ্যমে) মহার্ণবং (মহাসমুদ্র) তিতীর্ষামি (উত্তীর্ণ হইতে ইচ্ছা করিতেছি)॥৩॥

এই শ্লোকে হস্তদ্বারা সূর্যকে আকর্ষনের ইচ্ছা, মস্তকদ্বারা সুমেরু ভেদের ইচ্ছা ও হস্তদ্বয়ের মাধ্যমে মহাসমুদ্রের উত্তরনেচ্ছারূপ অনেক উপমান এবং শ্রীকৃষ্ণের গুনরাশির বর্ণনের ইচ্ছারূপ একটি উপমেয়ের বিম্ব-প্রতিবিম্বভাব জ্ঞাপনহেতু 'মালা-নিদর্শনা' নামক অলঙ্কার জাতম্।

যা যা রসজ্ঞা (যে যে রসনা) হরিগুণলব-স্পর্শপূতা

জাতা (শ্রীকৃষ্ণের গুণাবলীর লেশমাত্রের স্পর্শেই
পবিত্রতা লাভ করিয়াছে), যা যা (যে সকল রসনা)
জাতু (কখনও) কু অপি (কোনস্থানেই) তদন্যাং
বার্তাং (শ্রীকৃষ্ণবার্তাব্যতীত অন্য বার্তা) নতরাং
স্পৃশতি (একেবারেই স্পর্শ করেনা), যা (যে) অন্য-
পুষ্টশ্রেণী (কোকিলরাজি) মাকন্দীয়প্রথমমুকুলা-
স্বাদপুষ্টা (আম্রের নূতন মুকুল আস্বাদ করিয়া
পুষ্টিলাভ করিয়াছে), সা (সেই কোকিলরাজি)
কথং (কিরূপে) পিচুমর্দং কুট্মলং (নিম্বমুকুল)
রসয়তি (আস্বাদ করিবে?) ॥ ৪ ॥

এই শ্লোকে 'দৃষ্টান্ত' নামক অলঙ্কার। উপমেয়
বস্তুতে উপমানের সকল ধর্মের প্রতিবিম্বপাত
হইলেই উক্ত অলঙ্কার হয়। এস্থলে — কোকিল
যেরূপ রসালমুকুল আস্বাদ করিলে নিম্বমুকুলের
আস্বাদ করেনা, সেইরূপ শ্রীকৃষ্ণগুণকীর্তনরত
জিহ্বাও অন্য কথার কীর্তন করেনা — এইরূপে
উপমানের সকল ধর্ম উপমেয় বস্তুতে প্রতিবিম্বিত
হওয়ায় উক্ত অলঙ্কারের সঙ্গতি যথাযথভাবেই
সিদ্ধ হইয়াছে।

গর্গেণ (গর্গমুনি) ব্রজশান্তিপুরঃ (শ্রীনন্দমহারাজের নিকটে) যৎ উক্তম্ (বলিয়াছিলেন যে), তে (আপনার) অস্য শিশোঃ হি (এই পুত্রের) তৈঃ তৈঃ (অসংখ্য গুণকর্মাদিদ্বারা) ইহ (এজগতে) নারায়ণঃ (নারায়ণ) সাম্যং লভতে ([ইঁহার] সমতা লাভ করেন), ইতি (এইরূপে) তেন এব (সেই গর্গমুনিই) গোকুলবিধোঃ (গোকুলচন্দ্রের) গুণানাং (গুণসমূহের) আনন্ত্যং (অনন্তত্ব), পরমশুভতা (পরমমঙ্গলরূপত্ব), মহত্ত্বং (মহত্ত্ব) গাম্ভীর্যাদিকং অপি চ (এবং গাম্ভীর্য প্রভৃতিও) কীর্তিতং (কীর্তন করিয়াছেন) ॥৫॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের গুণরাজির পরম সমৃদ্ধি বর্ণনহেতু 'উদাত্ত' এবং স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার জ্ঞাতব্য।

দনুজজয়িনঃ (শ্রীকৃষ্ণের) স্বভক্তে (নিজ ভক্ত-বিষয়ে) বাৎসল্য-প্রণয়বশতাদেঃ (বাৎসল্য ও প্রীতিবশ্যত্ব প্রভৃতি) গুণততেঃ (গুণরাজির) অনন্তত্বাৎ (অনন্ততাবশতঃ) সংখ্যা ন এব ঘটতে (গণনা কোনরূপেই সম্ভবপর হয় না),

পাদ্যানাং বহুত্বাৎ ([এইরূপ] তদীয় ভক্তগণের বহুত্ব নিবন্ধন) ~~ইহ (এই ভক্তগণের মধ্যে)~~ ইহ অপি (এই ভক্তগণের মধ্যে একভক্তের প্রতিই) একৈকশঃ অপি (এক একটি গুণেরই) উদ্ভূতেঃ সমুদয়াৎ (অনেক প্রকার ভ্রান্তির উদয়হেতু) সম্যক্ গননং ([একটি গুণেরই] সম্যক্ গণনা) ন হি ভবতি (সম্ভবপর হইতে পারেনা)।।৬।।
এই শ্লোকেও গুণসমূহের পূর্ববৎ পরম সমৃদ্ধি ও স্বভাববর্ণনহেতু যথাক্রমে 'উদাত্ত' এবং 'স্বভাবোক্তি' অলঙ্কার সঙ্গত হয়।

যস্য (যাঁহার) রূপং (রূপ) ভূষণ-ভূষণং (অলঙ্কারসমূহেরও অলঙ্কার), নববয়ঃ (নবীন বয়স) কৈশোরমধ্যাস্থিতং (কৈশোরের মধ্যস্থলে উপনীত), বীর্যং (বীরত্ব) কন্দুকিতাদ্রি (গোবর্ধন পর্বতকে কন্দুকরূপে পরিণতকারী), শীলং (স্বভাব) অমলং (নির্মল), লীলা (লীলা) জগন্মোহিনী (জগতের মোহজননী), ঔদার্যং (উদারতা) স্বসমর্পণাবধি ([ভক্তগণকে] আত্মদানাবধি), দয়া (দয়া) অখিলপ্লাবিকা

(বিশ্বপ্লাবনকারিণী [এবং]) কীর্তিঃ (কীর্তি)
বিশ্বাবি[illegible]পিনী (বিশ্বব্যাপিনী), অসৌ (সেই)
কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) ক্ষিতৌ (এই ধরাতলে) কথং
(কিরূপে) বর্ণ্যঃ অস্তু (বর্ণনার যোগ্য হইতে
পারেন!) ॥ ৭॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণের রূপ প্রভৃতি পরমসমৃদ্ধি ও স্বভাববর্ণনহেতু পূর্ববৎ 'উদাত্ত' এবং 'স্বভাবোক্তি' অলঙ্কার হইয়াছে।

তৎ কৈশোরং (সেই কৈশোর), সঃ গুণচয়ঃ চ (সেই গুণাবলি), সা চ সৌভাগ্যরাশিঃ (সেই সৌভাগ্যরাশি), সা (সেই) বেশলক্ষ্মীঃ (বেশশোভা), সঃ চ মধুরিমা (সেই মাধুর্য), সা চ কন্দর্পলীলা (সেই কন্দর্পবিলাস), সা (সেই) ~~[illegible]~~ বৈদগ্ধী (রসিকতা), সঃ চ শুচিরসঃ (সেই শৃঙ্গার রস [এবং]) সা চ (সেই) চাপল্য-লক্ষ্মীঃ (চাপল্যশোভা - ইহারা) শ্রীলগোপেন্দ্রসূনোঃ (শ্রীকৃষ্ণকর্তৃক) অঙ্গীকারাৎ (স্বীকারহেতুই) সফলত্ব অগানি (সর্বতোভাবে সাফল্য লাভ করিয়াছে) ॥ ৮॥

এই শ্লোকে কৈশোর প্রভৃতি অনেক কারকের সহিত 'অমাতি' এই একটি ক্রিয়ার সম্বন্ধহেতু 'দীপক' এবং শ্রীকৃষ্ণের গুণবর্ণন প্রসঙ্গে কৈশোর-প্রভৃতি প্রাসঙ্গিক সমুদয় পদার্থের উল্লেখহেতু 'তুল্যযোগিতা' অলঙ্কার হইয়াছে।

শ্রীকৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) অখিলাঙ্গাৎ (সর্বাঙ্গ হইতে) মৃগমদরসসংলিপ্ত-নীলোৎপলানাং (কস্তূরীরস-লিপ্ত নীলোৎপলরাশির), কক্ষ-ভ্রূ-শ্রোণি-কেশাৎ (কক্ষ, ভ্রূ, শ্রোণি ও কেশ হইতে) অগুরুরসলসৎ-পারিজাতোৎপলানাং (অগুরুরসসিক্ত পারিজাত ও উৎপলরাশির [এবং]), শ্রীনাসা-নাভি-বক্ত্রাৎ কর-পদ-নয়নাৎ চ (নাসা, নাভি, মুখ, হস্ত, পদ ও নেত্র হইতে) ইন্দুসিক্তাম্বুজানাং (কর্পূরলিপ্ত পদ্মরাশির) সৎসৌরভ্যামৃতোর্মিঃ (উত্তম সৌরভরূপ অমৃতলহরী) জগৎ আপ্লাবয়ন্তী (জগৎকে প্লাবিত করিয়া) সমন্তাৎ (চতুর্দিকে) প্রসরতি (বিস্তৃতি লাভ করিতেছে)॥ ৭॥

এই শ্লোকে পূর্ববৎ স্বভাববর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার জ্ঞাতব্য।

হরেঃ (শ্রীকৃষ্ণের) গুণাঃ হি (গুণসমূহ) গোপী-
চিত্তহারিণঃ (গোপীগণের চিত্তহরণকারী),
গোপীততিঃ (গোপীশ্রেণি) প্রেমপরিপ্লুতাশয়া
(প্রেমপ্লাবিতচিত্তা), প্রেম (প্রেম) হরেঃ
(শ্রীকৃষ্ণের) ইন্দ্রিয়চিত্তহারকঃ (ইন্দ্রিয়বর্গ ও
চিত্তের আকর্ষক, [আবার]) হরিঃ চ (শ্রীকৃষ্ণ)
তস্যাঃ (গোপীশ্রেণির) বশতাং উপাগতঃ
(বশীভূত) ॥২০॥

এই শ্লোকে 'একাবলী' নামক অলঙ্কার জ্ঞাতব্য।
~~যেস্থলে~~ পূর্ব পূর্ব বস্তু পর পর বস্তুকর্তৃক
বিশেষণরূপে স্থাপিত বা অপোহিত হইলে উক্ত
অলঙ্কার হয়। এস্থলে স্থাপনক্রমে উক্ত অলঙ্কারের
স্বীকৃতি হইয়াছে। যথা – যেহেতু গোপীশ্রেণি
প্রেমপ্লাবিতচিত্তা, অতএব শ্রীকৃষ্ণের গুণসমূহ
তাঁহাদের চিত্তহরণকারী, যেহেতু প্রেম শ্রীকৃষ্ণের
ইন্দ্রিয়বর্গ ও চিত্তের আকর্ষক, ~~[illegible]~~ অতএব
গোপীশ্রেণি প্রেমপ্লাবিতচিত্তা, যেহেতু
শ্রীকৃষ্ণ গোপীগণের বশীভূত, অতএব প্রেম
তাঁহার ইন্দ্রিয়বর্গ ও চিত্তের আকর্ষক।

পায়াত্ঃ (শ্রীকৃষ্ণের) বংশী ধ্বনিঃ (বংশীধ্বনিহেতু)
গোপবধূমনোহকৃষ্টিঃ (অতএব গোপবধূগণ আকৃষ্ট হন),
গোপীকৃষ্টেঃ (গোপীগণের আকর্ষণহেতু) রাসমহোৎসবোদ্‌
ভবঃ (রাসমহোৎসব সিদ্ধ হয়), রাসোদ্ভবাৎ
(রাস উদ্ভবহেতু) বাঞ্ছিতপূর্তিঃ (তদীয় বাঞ্ছা পূরণ
হয় [এবং]) তৎপূর্তিতঃ (তদীয় বাঞ্ছাপূরণহেতু)
জগৎ (জগৎ) সুখসংভৃতং (আনন্দপূর্ণ হয়) ॥১১॥
এই শ্লোকে 'কারণ-মালা' নামক অলঙ্কার।

পর পর বিষয়ের প্রতি যথাক্রমে পূর্ব পূর্ব বিষয় হেতু হইলে উক্ত অলঙ্কার হয়। এস্থলে বংশীধ্বনি গোপবধূগণের আকর্ষণের প্রতি, গোপবধূগণের আকর্ষণ রাসলীলার প্রতি, রাসলীলা শ্রীকৃষ্ণের বাঞ্ছা পূরণের প্রতি এবং তদীয় বাঞ্ছাপূরণ জগতের সুখপূর্তির প্রতি কারণরূপে নির্দিষ্ট হওয়ায় উক্ত অলঙ্কারের সঙ্গতি হইল।

মুরারেঃ (শ্রীকৃষ্ণের) যা (যে [তনু]) ব্রজেশ্বরীস্থি
(ব্রজেশ্বরী শ্রীযশোদার বক্ষঃস্থলে) নীলোৎপলালী-দল-
মালিকা ইব (নীলোৎপল-দলরাজির মালার
ন্যায়) বভৌ (শোভা পাইয়াছিল), তত্র তনৌ

(সেই তনুর মধ্যে) সহস্রবক্ত্রেণ অপি (অনন্তদেবের আস্যেও)
অনল্পা: (সংখ্যায় অধিক) যে গুণা: (অনন্ত গুণরাশি)
কথং (কিরূপে) সদা সম্মু: (সর্বদা স্থান করিয়া-
ছিল) ॥১২॥

এই শ্লোকে আশ্রয়ের আধিক্যরূপ 'অধিক'
অলঙ্কার। তাদৃশ অনন্তগুণ-রাশির সমাবেশহেতু
শ্রীকৃষ্ণের তনুরূপ আশ্রয়ের আধিক্য সিদ্ধ হইল।

হরে: (শ্রীকৃষ্ণের) তনো: (দেহের) অন্ত:
(অভ্যন্তরে) মাত্রা (মাতা শ্রীযশোদা) বিশ্বং যথা
অলোকি (ব্রহ্মাণ্ডকে যথাযথক্রমে দর্শন করিয়াছিলেন,
[আর, শ্রীকৃষ্ণেরই]) করে (হস্তে) অদ্রি: (গোবর্ধন-
গিরি) কমলবৎ আপ (পদ্মের ন্যায় শোভা
পাইয়াছিল), বত (অহো!) অমুষ্য (সেই দেহে)
শ্রীরাধিকাস্যাম্বুজদর্শনোত্থা: (শ্রীরাধার মুখকমল-
দর্শনজনিত) তা: মুদ: (সেই হর্ষরাশি) ন সম্মু:
(স্থান লাভে সমর্থ হইল না) ॥১৩॥

এই শ্লোকে আশ্রিতের আধিক্যরূপ 'অধিক'
অলঙ্কার। ~~তাদৃশ বিশ্বের বিস্তার~~
এস্থলে বিশ্বম্ভর বিগ্রহরূপ আশ্রয়ে তাদৃশ গুণরাশিরূপ

আশ্রিতের সমাবেশ না হওয়ায় আশ্রিতের আধিক্যরূপ 'অধিক' অলঙ্কার সম্ভবপর হইয়াছে।

রাধা (শ্রীরাধা) অথাসিদ্বিষঃ (শ্রীকৃষ্ণের) লাবণ্যবন্যোদয়শালিনে (লাবণ্য নদীর জলপরিপূর্ণ) হৃদি (বক্ষঃস্থলে) প্রতিবিম্বিতাং (প্রতিবিম্বিত) আত্মমূর্তিং (নিজ মূর্তি) দৃষ্ট্বা (দর্শন করিয়া) স্বং প্রতিকুর্বতীং (নিজের অনুকরণকারিণী) পরাং অঙ্গনাং (অন্য কোন রমণী) নিশ্চিত্য (মনে করিয়া) রোষাৎ (রোষবশতঃ) বিমুখী (বিমুখী হইয়া) বেপতে স্ম (কম্পিত হইয়াছিলেন)।।১৪।।

এই শ্লোকে 'ভ্রান্তিমান্' নামক অলঙ্কার। সাদৃশ্যবশতঃ এক বস্তুকে অপর বস্তু বলিয়া ভ্রম হইলেই উক্ত অলঙ্কার হয়। এস্থলে নিজ প্রতিমূর্তিতে অন্য রমণী বলিয়া ভ্রম হওয়ায় উক্ত অলঙ্কার সম্ভবপর হইয়াছে।

অনন্যমনোর্মিয়া (অমনোর্মিস্বরূপা) শ্রীরাধয়া (শ্রীরাধা-কর্তৃক) আকৃষ্টং (আকৃষ্ট হইয়া) হরেঃ (শ্রীকৃষ্ণের) মনঃ (চিত্ত) অপরাঙ্গনাং (অন্য রমণীর প্রতি) ন ধাবতি (ধাবিত হয় না)। সদা (সর্বদা) সরোজিনী-সন্মধুলম্পটঃ (পদ্মিনীর উত্তম মধুপানে লোভাতুর) মধুব্রতঃ (ভ্রমর) পরাং বল্লীং (অপর কোন লতাকে) ইচ্ছতি কিং (ইচ্ছা করে কি?)।।১৫।।

এই শ্লোকে 'প্রতিবস্তূপমা' নামক অলঙ্কার হইয়াছে। উপমান ও উপমেয় এই উভয়ের মধ্যে যেস্থলে সাধর্ম্য হয়, তথায় উভয়ের এক ধর্মকেই ভিন্ন ভিন্ন শব্দদ্বারা নির্দেশ করিলে উক্ত অলঙ্কার হয়। এস্থলে ভ্রমরের মাধবীর প্রতি নিষ্ঠা এবং শ্রীকৃষ্ণের চিত্তের শ্রীরাধার প্রতি নিষ্ঠা — একই ধর্ম, পরন্তু উহা বাক্যদ্বয়ে ভিন্ন ভিন্ন শব্দদ্বারা নির্দিষ্ট হইয়াছে।

স্বভাবত: (স্বভাবতই) রবি: (সূর্য) উষ্ণ: (উষ্ণ), চন্দ্র: (চন্দ্র) শীতল: এব (সুশীতল), ভূ: (পৃথিবী) সর্বংসহা (সর্বংসহা), সমীর: (বায়ু) চপল: (চঞ্চল), সাধু: (সাধু ব্যক্তি) সুধীর: (অতিধীর), অম্বুনিধি: (সমুদ্র) গভীর: (গভীর [এবং]) কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) প্রেমবশ: হি (প্রেমেরই বশীভূত)॥ ১৬॥

এই শ্লোকে 'মালা-প্রতিবস্তূপমা' অলঙ্কার। এস্থলে রবিপ্রভৃতি অনেক উপমান এবং শ্রীকৃষ্ণরূপ এক উপমেয়ের গুণসমূহের স্বাভাবিকত্বরূপ একই ধর্ম ভিন্ন ভিন্ন রূপে নির্দিষ্ট হইয়াছে।

অয়ং (এই) শ্রীকৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) গম্ভীর: (অতি গম্ভীর), স্থিরমতি: (অতি স্থিরবুদ্ধি), শান্তিপূর্ণ: (শমাযুক্ত),

সুশীল: (সুশীল), সুখময়বপু: (সুখময়বিগ্রহ),
সত্রপ: (লজ্জাশীল [এবং]) নির্বিকার: (নির্বিকার
হইলেও) শ্রীরাধায়া: (শ্রীরাধার) প্রণয়বিবশ:
(প্রণয়ে বিহ্বল হইয়া) তন্মুখালোকভাবৈ: (তাঁহারই
মুখদর্শনজনিত) ভাবৈ: (ভাবরাশি দ্বারা) লোল:
মদন-বিকল: (চঞ্চল ও কামবিকল হইয়া) সম্ভ্রমাৎ
বংভ্রমীতি (উদ্বেগসহকারে বারবার বিচরণ
করিতেছেন)।।১৭।।

এই শ্লোকে 'পরিকর' অলঙ্কার। অভিপ্রায়যুক্ত
বিশেষণসমূহ দ্বারা যেস্থলে বিশেষ্যের উক্তি হয়,
তথায় উক্ত অলঙ্কার হয়। এস্থলে শ্রীকৃষ্ণের উদ্বেগ-
সহকারে বারম্বার ভ্রমণরূপ বিশেষ্যের উল্লেখ-
প্রসঙ্গে 'গম্ভীর' প্রভৃতি বিশেষণসমূহ অভিপ্রায়যুক্ত
হইয়াছে। অর্থাৎ গম্ভীরাদি রূপে প্রসিদ্ধ হইয়াও
তিনি এইরূপ ভ্রমণ করিতেছেন, এইরূপ অভিপ্রায়ই
ব্যক্ত হইয়াছে।

কৃষ্ণগুণৈ: (শ্রীকৃষ্ণের গুণরাশি) সুদূরাৎ (অতি দূর
হইতে) রমাদিকানাং (লক্ষ্মী প্রভৃতির) ধৃতিবিধ্বংসকং
(ধৈর্য্যগুণনাশক) মন: (চিত্তকেও) হরণং (হরণ

করিয়াছে), অস্মাৎ অপি (ইঁহাদের ও অর্থাৎ লক্ষ্মী-
প্রভৃতি ধৈর্য্যশীলাগণেরও) চেৎ (যদি) ঈদৃশ দশা
(এরূপ অবস্থা [হয়]), তদা (তাহা হইলে) প্রত্যার্ত্ত-
চিন্তা: (প্রেমার্ত্তচিন্তা) এতা: (এই) ব্রজাঙ্গনা: কা:
(ব্রজাঙ্গনাগণ আর কে!) ॥১৮॥

এই শ্লোকে 'অর্থাপত্তি' অলঙ্কার। যেস্থলে কোন বস্তু
অর্থাধীনেই উপলব্ধ হয়, তথায়ই এই অলঙ্কার
হইয়া থাকে। এস্থলে যেহেতু রমাপ্রভৃতিরও চিত্ত
আকৃষ্ট হইতেছে, এ অবস্থায় অন্যূনা গোপীগণের
চিত্তাকর্ষণ অর্থাধীনেই সিদ্ধ হয়।

ব্রজসুন্দর্য্য: (ব্রজসুন্দরীগণ) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের)
আরাধনে (আরাধনায়) প্রস্বেদোৎপুলকাদরোক্ত্যমৃত-
সৎসৌরভ্য-মন্দস্মিতৈ: (ঘর্মজল, বিপুল রোমাঞ্চ,
সাদর বচনামৃত, উত্তম সৌরভ ও মৃদুহাস্যদ্বারা
[যথাক্রমে]) পাদ্যার্ঘ্যাচমনীয়-গন্ধ-কুসুমানি
(পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, গন্ধ ও পুষ্প) আতন্বু:
(অর্পণ করিয়াছিলেন), ইহ তু (আর এই আরাধনায়)
তদা (তৎকালে) আসাং (এই সুন্দরীগণের) পরিরম্ভাদি-
লীলামৃতং চ (আলিঙ্গনাদি লীলামৃতই) নৈবেদ্যং

(নৈবেদ্য [এবং]) সুধাধররসঃ (সুধাময় অধররসই)
তাম্বূলং (তাম্বূল) অভূৎ (হইয়াছিল) ॥ ১৯॥
এই শ্লোকে 'পরিণাম' অলঙ্কার। কোন বস্তুর
অন্য বস্তুরূপে পরিণতি হইলে ঐ অলঙ্কার হয়।
এস্থলে অধরপ্রভৃতি খাদ্যাদিরূপে পরিণত
হইয়াছে।

অসৌ কৃষ্ণঃ (সেই শ্রীকৃষ্ণ) তৃষ্ণানিচয়াচিতচিত্তৈঃ
(তৃষ্ণার্তচিত্ত ব্যক্তিগণকর্তৃক) বদান্যেশঃ (মহাবদান্য),
বিপন্নৈঃ (বিপন্ন ব্যক্তিগণকর্তৃক) করুণার্ণবঃ (পরম-
করুণাময়), যুবতি-নিকরৈঃ (যুবতীগণকর্তৃক) কন্দর্পঃ
(কন্দর্প), অরিভিঃ (শত্রুগণকর্তৃক) মৃত্যুঃ (যম),
সদ্ভক্তৈঃ (সাধুভক্তগণকর্তৃক) অধীশঃ (অধীশ্বর
[এবং]) ব্রজজনৈঃ (ব্রজবাসিগণকর্তৃক) সহজনিজ-
বন্ধুঃ (নিজ স্বাভাবিক বন্ধুরূপে), ইতি (এইরূপে)
বিবিধৈঃ লোকৈঃ (বিবিধ বাসনাযুক্ত বিভিন্ন লোকের
নিকটে) বহুধা (বিভিন্ন ভাবে) প্রতীতঃ (প্রতীত
হইয়াছেন) ॥ ২০॥
এই শ্লোকে 'উল্লেখ' অলঙ্কার। গ্রাহকাদির
ভেদবশতঃ একই বস্তুর নানারূপে প্রতীতি হইলে

উক্ত অলঙ্কার হয়। এস্থলে একই শ্রীকৃষ্ণ তৃষার্ত প্রভৃতি নানা গ্রাহককর্তৃক নানারূপে গৃহীত হইয়াছেন।

যস্য (যাঁহার) সাম্মুখ্যাৎ (সাম্মুখ্যহেতু) শ্বপচঃ (চণ্ডালও) দ্বিজঃ অস্তি (দ্বিজ হয়), বিমুখঃ চেৎ (আর বিমুখ হইলে) বিপ্রঃ (ব্রাহ্মণও) অন্ত্যজঃ (চণ্ডাল হ'ন), যৎপ্রেমা অপি (যাঁহার প্রেমও) হ্রী কালকূটেন অপি (লজ্জা-হেতু কালকূটের ন্যায় আচরণ করিয়াও) প্রণয়িনাং (প্রণয়িগণের নিকটে) অমৃতায়তে (অমৃতের ন্যায় আচরণ করে), কীর্তিঃ ([যাঁহার] কীর্তি) অশেষান্ জনান্ (সকল লোকের) বিশদীকুর্বতী (নির্মলতা উৎপাদন করিয়াও) কৃষ্ণরুচীন্ (কৃষ্ণরুচিযুক্ত [কৃষ্ণকান্তিযুক্ত, বাস্তব অর্থে - কৃষ্ণে রুচিযুক্ত]) করোতি (করে [এবং]) যদ্বিরহে (যাঁহার বিরহে) ইন্দুঃ অগ্নিঃ অগ্নিঃ অমৃতং (চন্দ্র অগ্নি হয় এবং অগ্নি অমৃত হয়), তস্মৈ (সেই) কৃষ্ণায় (শ্রীকৃষ্ণকে) নমঃ (প্রণাম করি)॥২১॥

এই শ্লোকে জাতি, গুণ, ক্রিয়া ও দ্রব্যের নিজ নিজ বিরোধহেতু 'বিরোধ' নামক অলঙ্কার হইয়াছে। প্রথম পাদে চণ্ডাল ব্রাহ্মণ হয় ও ব্রাহ্মণ চণ্ডাল হয়,

এস্থলে ব্রাহ্মণ ও চণ্ডালের জাতিগত বিরোধ। দ্বিতীয় পাদে অমৃতের কালকূটের ন্যায় আচরণহেতু ক্রিয়াগত বিরোধ। তৃতীয় পাদে কীর্ত্তির নির্ম্মলতাসম্পাদন ও কৃষ্ণকান্তিসম্পাদনহেতু নির্ম্মলতা ও কৃষ্ণকান্তি এই গুণদ্বয়ের বিরোধ এবং চতুর্থপাদে চন্দ্র অগ্নি হয়, অগ্নি অমৃত হয় - এস্থলে চন্দ্র ও অগ্নি এবং অগ্নি ও অমৃত রূপ এই দ্রব্য দ্বয়ের বিরোধ হইয়াছে।

কবীন্দ্রৈঃ (শ্রেষ্ঠকবিগণ) অদ্য অপি (সম্প্রতিও) আনিশং (সর্বদা) অমুনা (শ্রীকৃষ্ণকর্তৃক নিহত), বকী-মুখানাং (পূতনাপ্রভৃতি) হতেঃ অরীনাং (শ্রীকৃষ্ণের শত্রুগণের) সৌর্য্যবৃন্দানি (সৌর্য্যসমূহ) অস্য (তাঁহার) কাঞ্চনামুখৈঃ (কাঞ্চনাপ্রভৃতি) গুণৈঃ সহ (গুণরাশির সহিত) গীয়ন্তে। হি (গান করেন) ॥২২॥

এই শ্লোকে 'বিশেষ' নামক অলঙ্কার। প্রসিদ্ধ আধারের অভাবেও আধেয় বস্তুর দর্শন প্রভৃতিরূপে উক্ত অলঙ্কার হয়। এস্থলে পূতনাদি আধারের অভাবেও কবিকৃত পদ্যাদিতে তাহাদের সৌর্য্য-দর্শনাদিরূপে উক্ত অলঙ্কার হইয়াছে।

[যমুনাদর্শনে কৃষ্ণভ্রম হইলে শ্রীরাধার প্রতি সখীর উক্তি]

সখি (হে সখি!) ইদং (ইহা) অপারে: (শ্রীকৃষ্ণের) বপু: ন (দেহ নহে), এষ: (ইহা) কৃষ্ণাপ্রবাহ: (যমুনার প্রবাহ), ইদং (ইহা) বদনং ন (মুখ নহে), অম্বুজং (পদ্ম), তে (উহারা) অক্ষিণী ন (নয়নযুগল নহে), উৎপলে (উৎপলদ্বয়), সা ইয়ং (ইহা) অলকানাং বিতাতি: ন (কেশরাজি নহে), এষা (ইহা) আলিমালা (ভ্রমরপঙক্তি), তে (তোমার) নয়নযুগে (নয়নযুগল) কিং (কিহেতু) প্রলুব্ধে (প্রলুব্ধ হইয়া) ধাবত: (ধাবিত হইতেছে?) ॥২৩॥

এই শ্লোকে নিশ্চয় অলঙ্কার। শ্রীরাধার অন্যথা সন্দেহস্থলে সখীবাক্যে তাহার নিশ্চয় হইয়াছে।

মদন: (কন্দর্প) ব্রজসুভ্রুবাং (ব্রজসুন্দরীগণের) মন: প্রবিশ্য (চিত্তে প্রবেশ করিয়া) আদৌ (প্রথমত:) নানাবিকারান্ (নানারূপ বিকার) তেনে (বিস্তার করিয়াছিল), পশ্চাৎ (অনন্তর) শ্রীব্রজরাজসূনো: (শ্রীব্রজেন্দ্রনন্দনের) কলায়ত: (অস্ফুট ও সুবিস্তৃত) মুরলীনিনাদ: (মুরলীধ্বনি) বিবেশ (তথায় প্রবেশ করিল) ॥২৪॥

এই শ্লোকে পঞ্চমপ্রকার 'অতিশয়োক্তি' অলঙ্কার হইয়াছে। এস্থলে বস্তুতঃ কন্দর্পবিকারসমূহ মুরলী-ধ্বনিশ্রবণোৎপাদিত হইলেও উহাদের প্রথমতঃ উল্লেখ-হেতু 'পঞ্চমপ্রকার 'অতিশয়োক্তি' সঙ্গত হইল।

যা (যাহা হইতে) কুবলয়দৃশাং (পদ্মলোচনাগণের) কামোৎপত্তিঃ (কামভাবের উৎপত্তি), ধৃতিধনস্রস্তিঃ (ধৈর্যসম্পদের অপহরণ), লোকভীতেঃ সংস্রস্তিঃ (লোকভয়ের বিনাশ), ধর্মোচ্ছিত্তিঃ (সতীত্বধর্মের ~~[illegible]~~ অথবা গৃহধর্মের উচ্ছেদ), পত্যুঃ অঙ্কাৎ (পতির ক্রোড় হইতে) আস্রস্তিঃ (আকর্ষণ), স্থিরং অনু (স্থাবর পদার্থে অচল পদার্থ) কম্পোদ্ভূতিঃ (কম্পনোৎপত্তি) চরে (জঙ্গমে) অপি (এবং) আপগানাং (নদীসমূহের) স্তব্ধিঃ (স্তব্ধতা [সম্পন্ন হয়]), গোকুলেন্দোঃ (শ্রীকৃষ্ণচন্দ্রের) সা মধুরমুরলীকাকলী (মধুর মুরলীর সেই কাকলী) জীয়াৎ (জয়যুক্ত হউক)॥২৫॥

এই শ্লোকে মুরলীর কাকলী কামোৎপত্তি প্রভৃতির হেতুরূপে বর্ণিত হওয়ায় 'হেতু' নামক অলঙ্কার হইয়াছে।

লোকাঃ (হে জনগণ!) ইহ জগত্যাং (এজগতে)

গুণৌঘ-রূপলীলৈশ্বর্যরত্নৈঃ সমস্তঃ (গুণসমূহ, রূপ, লীলা ও ঐশ্বর্য-রত্নদ্বারা অলঙ্কৃত) বহবঃ ধীরাঃ (অনেক ধীর ব্যক্তিই) প্রাহুঃ (বিচার করেন), যদি (যদি) ইত্থং (এরূপ) বদন্ত (বলিতে চাও), বদন্ত (বল), কিন্তু (কিন্তু) শ্রীমুনীন্দ্রৈঃ (মুনিবরগণে) একঃ (একমাত্র) ব্রজপতিসুতঃ (শ্রীমান্ ব্রজেন্দ্র-নন্দনকেই) অমীষাং (এই সকল রত্নের) আকরঃ (আকর বলিয়া) নিশ্চিতঃ (নির্ণয় করিয়াছেন) ॥ ২৮ ॥

এই শ্লোকে 'বিধ্যাভাস' নামক অলঙ্কার হইয়াছে। যে স্থলে বস্তুতঃ বিধি নহে, পরন্তু বিধির আভাসমাত্র নির্দিষ্ট হয়, তথায়ই এই অলঙ্কার হয়। এস্থলে ব্রজেন্দ্রনন্দনকে যে তাদৃশ রত্নসমূহের আকররূপে বলা হইল, উহা বিধি নহে অর্থাৎ তাঁহার সম্বন্ধে রত্নাকরত্বের বিধান হয় নাই। কারণ—অসিদ্ধ বস্তুসমূহই বিধিদ্বারা সিদ্ধ হয়; পরন্তু ব্রজেন্দ্র-নন্দনের তাদৃশ রত্নাকরত্ব নিত্যসিদ্ধ। সুতরাং এস্থলে বিধির আভাসমাত্রই জ্ঞাতব্য।

Useful Factors

$(a+b)^2 = a^2 + 2ab + b^2$

$(a-b)^2 = a^2 - 2ab + b^2$

$a^2 - b^2 = (a+b)(a-b)$

$a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$

$a^3 - b^3 = (a-b)(a^2 + ab + b^2)$

$a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$

$a^2(b-c) + b^2(c-a) + c^2(a-b) = -(a-b)(b-c)(c-a)$

$bc(b-c) + ca(c-a) + ab(a-b) = -(a-b)(b-c)(c-a)$

$a(b^2-c^2) + b(c^2-a^2) + c(a^2-b^2) = (a-b)(b-c)(c-a)$

ROUTINE

Days	1st. Hour	2nd. Hour	3rd Hour	4th. Hour	5th. Hour	6th. Hour	7th. Hour
Monday							
Tuesday							
Wednesday							
Thursday							
Friday							
Saturday							

ধ্বনিটিরে প্রতিধ্বনি সদা ব্যঙ্গ করে

ধ্বনি কাছে ঋণী সে যে পাছে ধরা পড়ে"

—রবীন্দ্রনাথ

শ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ

Sulekha

মোট ১৯ খানা খাতার (মধ্যে)
খাতা নং — ১৫

Out of 19 Khatas Khata no 15

মোট ১০ খানি
খাতার মধ্যে
খাতা নং ১৫

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ
সপ্তদশ সর্গ (Contd)

~~অয়ি বংশি (হে খলি বংশি~~ কঠিনে খলি বংশি
(হে কঠোরস্বভাবে খলি বংশি! [তুমি]) নাদব্যাজাৎ
(ধ্বনির ছলে) গারলীং আমৃতীং বা (গরলের বা অমৃতের)
ধারাং (ধারা) ক্ষিপসি (বিস্তার করিতেছ), নঃ ([তুমি]
আমাদের) জীবনং বা মৃতিং বা (জীবন বা মৃত্যুর)
প্রনয় (ব্যবস্থা কর), হা (হায়!) তাভ্যাং অন্যাং
(এই জীবন-মরণব্যতীত অপর কোন) অত্যসহ্যাং
(অতি অসহনীয়) বিষমাং দশাং (বিষম দশা) ন
বিতর (বিতরণ করিও না), কৃষ্ণপ্রণয়বিকলাঃ
(শ্রীকৃষ্ণপ্রেমে বিহ্বলা) গোপ্যঃ (গোপীগণ)
বংশিকাং (বংশীকে) ইত্থং (এইরূপ) আহুঃ
(বলিয়াছিলেন)॥২৭॥

এইশ্লোকে 'বিকল্প' নামক অলঙ্কার জ্ঞাতব্য। এস্থলে
জীবন থাকিবে কিম্বা মৃত্যু হইবে, এইরূপ বিকল্প-
সম্ভাবনায় উক্ত অলঙ্কার সঙ্গত হইয়াছে।

বত (অহো!) ভোগেপ্সবঃ (ভোগাভিলাষী), অর্থ-
লুব্ধাঃ (অর্থলোভী), মুমুক্ষবঃ (মুক্তিকামী [এবং])
লোকাধিপত্যলাষিতাঃ (লোকাধিপত্য-প্রার্থী) এতে
(এই) কুধিয়ঃ (কুবুদ্ধি) দনুজাঃ (দৈত্যগণ)

সকলকামদং (সকল ভোগের দাতা), সর্বার্থদং (সকল অর্থের দাতা), সুখস্বরূপং (সুখস্বরূপ), জগদীশ্বরং (জগদীশ্বর) তং কৃষ্ণং (সেই শ্রীকৃষ্ণের প্রতি) দ্বিষন্তি (বিদ্বেষ প্রকাশ করিতেছে) ॥ ২৮ ॥

এই শ্লোকে 'বিচিত্র' নামক অলঙ্কার জ্ঞাতব্য। দৈত্যগণের ভোগাদিবিষয়ক কামনাসত্ত্বে ভোগাদির দাতা শ্রীকৃষ্ণের প্রতি বিদ্বেষ বিচিত্র বলিয়া এই অলঙ্কারের সঙ্গতি হইতেছে।

তত্তল্লীলামৃতরসঝরৈঃ (শ্রীকৃষ্ণের বিভিন্ন লীলারসপ্রবাহে) ভাবিতাত্মা (আবিষ্টচিত্তা) কাচিৎ (কোন এক) মৃগাক্ষী (সুলোচনা) বালা (বধূ) স্বসদনগতা অপি (নিজ গৃহে থাকিয়াও) অগ্রতঃ (সম্মুখে) বৃদ্ধাং বীক্ষ্য (বৃদ্ধা গৃহকর্ত্রীকে দেখিয়া) ভীতা (ভীতা হইয়া), পার্শ্বে (নিজ পার্শ্বদেশে) স্বভুজশিরসি (স্বীয় স্কন্ধদেশে) ন্যস্তহস্তং (হস্তার্পণকারিরূপে) স্ফুরন্তং কৃষ্ণং (স্ফূর্তিপ্রাপ্ত শ্রীকৃষ্ণকে) প্রাহ (বলিলেন), দয়িত (হে প্রিয়!) অপসর (চলিয়া যাও), আলোকয় (দেখ), অত্র (এখানে) ইয়ং (এই বৃদ্ধা) আগতা (উপস্থিত হইয়াছেন) ॥ ২৯ ॥

এই শ্লোকে 'ভাবিক' অলঙ্কার। অতীত বা ভবিষ্যৎ বস্তু সাক্ষাৎ দৃষ্টের ন্যায় প্রতীত হইলে এই অলঙ্কার হয়। এস্থলে যে শ্রীকৃষ্ণ পূর্বে স্কন্ধদেশে হস্ত অর্পণ করিয়াছিলেন, সম্প্রতি বৃন্দার উপস্থিতিতে তাঁহারই সাক্ষাৎ স্ফুরণ হওয়ায় উক্ত অলঙ্কার সঙ্গত হইল।

নিখিলগুণগভীরে ([যিনি] নিখিল গুণরাশির সমাবেশহেতু গভীর), সর্বথোদ্ধারধীরে (সর্বত্র ধারণে ধীর), সকল-সুখদশীলে (সকলের সুখদায়ক-স্বভাব), শমিতাশেষপীড়ে (সর্বপীড়ানাশক), সুভগনবকিশোরে (সুন্দর নবীন কিশোর [এবং]) বিশ্বচিত্তাক্ষিচৌরে (সকল লোকের চিত্ত ও নয়ন আকৃষ্ট করেন, [সেই]) মুরারিতি (শ্রীকৃষ্ণের মধ্যে) সতীনাং (সতী) যুবতীনাং (যুবতীগণের) হৃৎ (চিত্ত) নিমগ্নং (নিমগ্ন হইয়াছে)॥ ৩০॥

এই শ্লোকে বাক্যগত 'কাব্যলিঙ্গ' অলঙ্কার জ্ঞাতব্য। শ্রীকৃষ্ণে সতী যুবতীগণের হৃদয় মজ্জনের প্রতি 'নিখিলগুণগভীরে' ইত্যাদি বাক্যার্থই হেতু (অর্থাৎ যেহেতু তিনি নিখিলগুণগভীর প্রভৃতিরূপে

প্রসিদ্ধ, অতএব তাঁহাতে সতী যুবতীগণের হৃদয়
নিমগ্ন হইয়াছে — এইরূপ) বলিয়া উক্ত অলঙ্কারের
সঙ্গতি হয়।

হরিঃ (শ্রীকৃষ্ণ) যৎ (যে) বলাৎ (বলপূর্বক) দ্বিষাং (শত্রু-
গণের) প্রাণাপহারং (প্রাণহরণ), শচীপতেঃ (ইন্দ্রের)
মখাপহারং (যজ্ঞহরণ [এবং]) ফণিনঃ (কালিয়-
নাগের) স্থানাপহারং চ (স্থানহরণ করিয়া) অপ্রিয়ং
চকার (অপ্রিয় কার্য করিয়াছিলেন), তেন এব
(তদ্দ্বারাই) তেষাং (তাহাদের) সুমঙ্গলং (পরম
মঙ্গল) বিহিতং (অনুষ্ঠিত হইয়াছে) ॥৩১॥

এই শ্লোকে 'অনুকূল' নামক অলঙ্কার হইয়াছে।
~~অপ্রিয় কার্য দ্বারাই~~ যে এস্থলে অপ্রিয় কার্যসমূহই
সুমঙ্গলের অনুকূল হওয়ায় উক্ত অলঙ্কার সঙ্গত হয়।

প্রভাতে (প্রভাতকালে) রাধানিলয়াৎ (শ্রীরাধার গৃহ হইতে)
উপগতস্য (নিজগৃহে আগত) হরেঃ (শ্রীকৃষ্ণের)
গিরিধাতুচিত্রে (গৈরিক রঞ্জিত) অলিকে (ললাটে)
লাক্ষাঙ্কপালিঃ ([সংলগ্ন] লাক্ষাচিহ্ন [এবং]) অম্বুদাভে
(মেঘনীল) বক্ষসি (বক্ষঃস্থলে [সংলগ্ন]) উরোজমদ-
লাঞ্ছনং ~~স্তন~~ ([শ্রীরাধার] স্তনের কস্তুরী চিহ্ন) কৌস্তুভং

(কোন) নীতিনিপুণৈঃ অপি (নীতিজ্ঞ ব্যক্তি কর্তৃও) ন অবধার্য্যা (লক্ষ্য করিতেননা)॥৩২॥
এই শ্লোকে 'মীলিত' নামক অলঙ্কার হইয়াছে।
স্বাভাবিক বা কৃত্রিম কোন চিহ্নদ্বারা অপর কোন চিহ্নের গোপন হইলে এই অলঙ্কার হয়। এস্থলে কৃত্রিম লোহিত-চিহ্নদ্বারা লাক্ষাচিহ্ন এবং বক্ষঃস্থলের স্বাভাবিক নীল-কান্তিদ্বারা কস্তুরীচিহ্নের গোপন হইয়াছে।

রাধাপ্রণয়োচ্চসম্পদা সহ (শ্রীরাধার উচ্চ প্রণয়-সম্পদের সহিত) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) মাধুর্য্যসম্পৎ (মাধুর্য্যসম্পদ্) অনিশং (সর্বদা) বর্দ্ধতে (বৃদ্ধিলাভ করিতেছে [এবং]) সখীনাং (সখীগণের) সুখ-সম্পদাপ্তিভিঃ সার্দ্ধং (সুখসম্পত্তিলাভের সহিত) তয়োঃ (তাঁহাদের উভয়ের) কুঞ্জেষু (কুঞ্জসমূহে) বিলাস-সন্ততিঃ চ (বিলাসরাশিও [সর্বদা বৃদ্ধিলাভ করিতেছে]) ॥৩৩॥
এই শ্লোকে 'সহোক্তি' নামক অলঙ্কার।
সহার্থক শব্দদ্বারা অনেকের এক ক্রিয়ার সম্বন্ধহেতু উক্ত অলঙ্কার হয়। এস্থলে 'সহ' শব্দদ্বারা প্রণয়সম্পদ, ও মাধুর্য্যসম্পদ্ এবং সহার্থক 'সার্দ্ধং' শব্দদ্বারা

সুসমসম্পত্তিপ্রাপ্তি ও বিলাসসম্পত্তির 'বর্ধতে' এই এক ক্রিয়ার সহিত সম্বন্ধ হইয়াছে।

অহো কংসারে: (অহো! শ্রীকৃষ্ণের) পদয়ো: (পদযুগলের) সৌন্দর্যং (সৌন্দর্য) সরোজবৎ (পদ্মের ন্যায়), মুখং (মুখমণ্ডল) ইন্দু: তথা (চন্দ্রের ন্যায়) কান্তং (কমনীয়), ভ্রূ: (ভ্রূলতা) ভ্রমরাবলী ইব রম্যা (ভ্রমরশ্রেণির ন্যায় সুন্দর), অধর: (অধর) পীযূষ-তুল্য: (অমৃততুল্য) মধুর: (মধুর), সুনয়নে (সুশোভন নয়নযুগল) চলে (চঞ্চল) লোলাঞ্চেন সমে ~~(চঞ্চল পদ্মসদৃশ [illegible])~~ (চঞ্চল পদ্মসদৃশ), [illegible] রদা: (দন্তরাজি) কুন্দবৎ শুভ্রা: (কুন্দপুষ্পের ন্যায় শুভ্র), সুললিতং (সুন্দর বাক্য) অমৃতং যথা (অমৃততুল্য [এবং]) হাস্যদ্যুতি: (হাস্যছটা) জ্যোৎস্না ইব (জ্যোৎস্নাতুল্য), শ্রীপাণী (করযুগল) নবপল্লবেন (নবপল্লবের) সদৃশৌ (সদৃশ), নখা: (নখরাজি) পূর্ণেন্দুতুল্যা: (পূর্ণচন্দ্রতুল্য), পদৌ (পদদ্বয়) ~~দর্পণবদ্দ্যুতী (দর্পণবদ্দ্যুতিবিশিষ্ট)~~, ~~যস্য ([এইরূপ] যাঁহার)~~ দর্পণবৎ (দর্পণবৎ), দ্যুতি: (দীপ্তি) নবঘনশ্যামা চ (নবীন মেঘের ন্যায় শ্যাম), অঙ্গনা: (রমণীগণ) যস্য (যাঁহার)

অম্ভোরুহদর্শং (পদ্মের ন্যায় দর্শনীয়) আস্যং (মুখমণ্ডল) দৃষ্ট্বা (দর্শন করিয়া) উদ্ভ্রমং (অতিশয় ভ্রমর সহিত) অলিসঞ্চারং চরন্তি (ভ্রমরগণের ন্যায় ভ্রমণ করেন), যঃ (যিনি) সাধৌ (সাধু ব্যক্তির নিকটে) চন্দ্রাতি (চন্দ্রের ন্যায় আচরণ করেন), নতান্ পুত্রীয়তি (প্রণতগণকে পুত্রের ন্যায় মনে করেন), কুঞ্জেষু (কুঞ্জ-সমূহে) সৌধীয়তি (প্রাসাদের ন্যায় বিলাস করেন), যঃ (যিনি) দৈত্যেষু (দৈত্যগণের প্রতি) অশনীয়তি (বজ্রতুল্য আচরণ করেন), ইহ (এই বৃন্দাবনে) রমণীবৃন্দে (রমণীগণের সম্বন্ধে) মনোভবায়তে (কন্দর্পের ন্যায় আচরণ করেন), ক্বচিৎ (কোথাও) যেন সমঃ (যাঁহার সমান) দাতা ন (দাতা, [কিম্বা]) ক্বচিৎ (কোথাও) যত্তুল্যঃ (যাঁহার তুল্য) শূরঃ ন হি অস্তি (বীর নাই), যল্লীলাসদৃশী (যাঁহার লীলার সদৃশ লীলা) ক্বচিৎ ন হি (অন্য কোথাও নাই), যেন সমানঃ অপি বা (যাঁহার সমানও) ন অস্তু ([অপর কেহ] নাই), এণনয়নাঃ (হরিণনয়না [কোমলরমণীগণ]) যস্য (যাঁহার) আননপদ্মং (মুখপদ্ম) চুম্বন্তি (চুম্বন করেন), এষঃ (এই)

কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ [আমাদিগকে]) অবতু (রক্ষা করুন)॥ ৩৪-৩৬॥

এই শ্লোকত্রয়ে পঞ্চবিংশতি প্রকার 'উপমা' অলঙ্কার সন্নিবিষ্ট হইয়াছে। 'পদযুগলের সৌন্দর্য সরোজের ন্যায়' ইত্যাদি পঞ্চবিংশতি স্থলে যথাক্রমে পঞ্চবিংশতি প্রকার উপমা জানিবে। উহাদের নাম যথাক্রমে নির্দিষ্ট হইল। (১) তদ্ধিতগতা শ্রৌতী পূর্ণা। (২) বাক্যগতা শ্রৌতী পূর্ণা। (৩) সমাসগতা শ্রৌতী পূর্ণা। (৪) আর্থী পূর্ণা। (৫) বাক্যগা আর্থী পূর্ণা। (৬) সমাসগতা আর্থী পূর্ণা। (৭) বাক্যগতা শ্রৌতী লুপ্তা। (৮) সমাসগতা শ্রৌতী পূর্ণা। (৯) আর্থী লুপ্তা। (১০) বাক্যগতা আর্থী লুপ্তা। (১১) তদ্ধিতগতা আর্থী লুপ্তা। (১২) সমাসগতা আর্থী লুপ্তা। (১৩) আর্থী লুপ্তা। (১৪) আর্থী লুপ্তা। (১৫) 'ইব' প্রত্যয়লোপে লুপ্তা। (১৬) 'ইব' লোপে লুপ্তা। (১৭) 'ইব' লোপে লুপ্তা। (১৮) 'ইব' লোপে লুপ্তা। (১৯) 'ইব' লোপে লুপ্তা। (২০) বাক্যগতা লুপ্তা। (২১) সমাসগতা উপমা লুপ্তা। (২২) সমাসগতা লুপ্তা। (২৩) বাক্যগতা লুপ্তা। (২৪) ইবাদি লোপে লুপ্তা। (২৫) সমাসগতা লুপ্তা উপমা। বিশেষবিচার অলঙ্কারকৌস্তুভে দ্রষ্টব্য।

নববল্ল্যঃ (নবীন লতারাজি) স্তনৈঃ ইব ফলৈঃ (স্তনসদৃশ ফল), স্মিতৈঃ ইব পুষ্পৈঃ (হাস্যসদৃশ পুষ্প [এবং]) অধরৈঃ ইব সুপল্লবৈঃ (অধরসদৃশ সুন্দর পল্লবরাজিদ্বারা) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) মুদে অভবৎ (প্রীতি উৎপাদন করিয়াছিল)॥ ৩৭॥

এই শ্লোকে একদেশবিবর্তিনী উপমা অলঙ্কার জ্ঞাতব্য। যেস্থলে উপমান ও উপমেয়ের একাংশে উপমা হয়, তথায় এই অলঙ্কার সঙ্গত হয়। এস্থলে স্তনের সহিত ফলের আকার অংশে, হাস্যের সহিত পুষ্পের শুভ্র অংশে এবং অধরের সহিত পল্লবের রক্তিমাংশে উপমা হইয়াছে।

যোগেশ্বরাণাং (যোগেশ্বরগণের) যোগসিদ্ধিঃ ইব (যোগসিদ্ধির ন্যায়), উপাসকানাং (উপাসকগণের) বিষ্ণুভক্তিঃ ইব (বিষ্ণুভক্তির ন্যায় [এবং]) নারায়ণস্য (নারায়ণের) চিদাত্মশক্তিঃ ইব (চিচ্ছক্তির ন্যায়) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) বংশী (বংশী) ঈপ্সিতসিদ্ধিদা অভূৎ (ইষ্টসিদ্ধিদানে সমর্থা হইয়াছিল)॥ ৩৮॥

এই শ্লোকে সাধর্ম্য মালোপমা অলঙ্কার জ্ঞাতব্য।

এই শ্লোকে সোপানাদি প্রভৃতি উপমানত্রয় এবং বশীকরণ উপমেয়ের মধ্যে প্রীতিদায়কত্বরূপ সমান ধর্ম বিদ্যমান বলিয়া উক্ত অলঙ্কার হইয়াছে।

শ্রীকৃষ্ণচন্দ্রস্য কীর্তিঃ (শ্রীকৃষ্ণচন্দ্রের কীর্তি) সুধা-ধারা ইব (সুধাধারার ন্যায়) মধুরা (মধুর), কৌমুদী ইব (চন্দ্রিকার ন্যায়) সুশীতলা (সুশীতল [এবং]) গঙ্গা ইব (গঙ্গার ন্যায়) জনপাবনী (লোকপবিত্রতা-কারী)॥ ৩৯॥

এই শ্লোকে বৈধর্ম্যে মালোপমা অলঙ্কার জ্ঞাতব্য। কারণ - এস্থলে সুধাধারা, কৌমুদী এবং গঙ্গা - এই উপমানত্রয়ের মধ্যে পরস্পরবিরোধী মাধুর্য, শীতলতা এবং পাবনতা রূপ ধর্ম বর্তমান।

অস্য (এই) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) অঙ্গশ্রীঃ (অঙ্গশোভা) অনুপমা (অতুলনীয়া) অঙ্গশ্রীঃ ইব (অঙ্গশোভার ন্যায়) মাধুরী (মাধুরী [অতুলনীয়া]), মাধুরী ইব (মাধুরীর ন্যায়) গুণালী (গুণরাজি [অতুলনীয়া, এবং]) গুণালী ইব (গুণরাজির ন্যায়) সুশীলতা (সুশীলতা [অতুলনীয়াই হয়]) ॥ ৪০॥

এই শ্লোকে সাধর্ম্যে রশনোপমা অলঙ্কার জ্ঞাতব্য।

পূর্ব্ব পূর্ব্ব উপমেয় বস্তু যদি পর পর স্থলে উপমান হয়, তাহা হইলে এই অলঙ্কার হয়। এস্থলে ~~অঙ্গ~~ অনুপমা অঙ্গশ্রী পরবর্তী স্থলে উপমান, পরবর্তী উপমেয় মাধুরী তৎপরবর্তী স্থলে উপমান, তৎস্থলে উপমেয় গুণরাজি পরবর্তী স্থলে উপমান হইয়াছে এবং সর্ব্বত্র অনুপ্রাস-রূপ মাধুর্য্য বিদ্যমান রহিয়াছে।

হরেঃ (শ্রীকৃষ্ণের) কান্তাবলী (প্রেয়সীগণ) প্রেমপরিপ্লুতা (প্রেমরসে সর্ব্বদা অভিষেক লাভ করিয়াছেন), বিদগ্ধতা (রসিকতা) কান্তাবলী ইব (প্রেয়সীগণের ন্যায়) প্রচুরা (প্রাচুর্য্য লাভ করিয়াছে), বিদগ্ধতা ইব (বিদগ্ধতার ন্যায়) অস্য (তাঁহার) রসজ্ঞতা (রসনৈপুণ্য) উত্তমা (উত্তম [এবং]) রসজ্ঞতা ইব (রসজ্ঞতার ন্যায়) বিলাসিতা (বিলাসিতা) অনুপমা (অতুলনীয়)॥৪১॥

এই শ্লোকে বৈধর্ম্ম্যে রসনোপমা অলঙ্কার জ্ঞাতব্য।

পূর্ব্বে সাধর্ম্ম্যে রসনোপমার যেরূপ লক্ষণ বলা হইয়াছে, তন্মধ্যে যদি সকল উপমান ও উপমেয়ের সমান ধর্ম্ম না হয়, তাহা হইলে এই অলঙ্কার হয়।

এস্থলে প্রথমতঃ কান্তাগণকে প্রেমপরিপ্লুতা বলিয়াছেন, কিন্তু পশ্চাৎ কান্তাগণ প্রাচুর্য্য ধর্ম্মে। বিদগ্ধতার উপমান

হইয়াছেন। আবার বিদগ্ধতা যে সময়ে রসজ্ঞতার
উপমান হইয়াছে, তখন উভয়ের মধ্যে উত্তমতারূপ
অপর ধর্মগত সাদৃশ্য উক্ত হইয়াছে। এইরূপ রসজ্ঞতা
যে সময়ে বিলাসিতার উপমান হইয়াছে, তখন উভয়ের
মধ্যে অনুপমত্বরূপ অপর ধর্মের নির্দেশ হইয়াছে।

যে (যাঁহারা) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) নিগূঢ়তৃষ্ণাং (গূঢ়
অভিলাষ) বিজ্ঞায় (অবগত হইয়া) নিকুঞ্জে (কুঞ্জমধ্যে)
যত্নাৎ (যত্নসহকারে) শয্যাং বিরচয্য (শয্যারচনা-
পূর্বক) কান্তাং আনীয় (শ্রীরাধাকে আনিয়া) অমুং
(শ্রীকৃষ্ণকে) রময়ন্তি (আনন্দদান করেন, [সেই])
সুবলাদিকানাং (সুবলপ্রভৃতির) সখ্যং (সখ্য)
বিচিত্রং (বিচিত্র) ॥৪২॥

এস্থলে 'রসবান্' নামক রসালঙ্কার। রসালঙ্কার —
রসবান্, প্রেয়ান্, ঊর্জস্বী ও সমাহিত – এই চারি-
প্রকার। ইহারা প্রত্যেকেই রসপোষক। এস্থলে
শৃঙ্গার রস সখ্যরসের অঙ্গরূপে সখ্যরসের
পোষক হইয়াছে।

অসৌ কৃষ্ণঃ (সেই শ্রীকৃষ্ণ) যস্মিন্ (যে স্থানে)
প্রতিকুঞ্জং (প্রতিকুঞ্জে), প্রতিপুলিনং (প্রতি পুলিন

[এবং]) প্রতিগিরিকন্দরং (প্রত্যেক পর্বত গুহায়)
সদা এব (সর্বদাই) রমণীভিঃ (রমণীগণের সহিত)
বিলসতি (বিলাস করেন, [সেই]) বৃন্দাবনং
(বৃন্দাবন) ধিনোং (ধিন্য) ॥ ৪৩ ॥
এই শ্লোকেও 'রসবৎ' নামক রসালঙ্কার হইয়াছে।
এস্থলে শৃঙ্গার রস বনবর্ণনভাবের অঙ্গস্বরূপ।
হরেঃ (শ্রীকৃষ্ণের) পদাব্জাৎ (পাদপদ্ম হইতে)
কান্তাঙ্গ-সঙ্গম-বিলগ্ন-বিলেপনানি (প্রিয়তমার অঙ্গসঙ্গকালে সংলগ্ন কুঙ্কুমাদি বিলেপন দ্রব্য)
পথেষু পতিতানি ([বন ভ্রমণকালে] তৃণরাজির মধ্যে পতিত হইয়া) ভান্তি (শোভা পাইতেছে),
পুলিন্দ্যঃ (বনচরী শবরবধূগণ) যানি (যে বিলেপন-সমূহ) হৃদয়ে (নিজ নিজ বক্ষঃস্থলে) আলিপ্য
(লেপন করিয়া) তদ্‌বেণু-গীত-মুখদর্শন-কামপীড়াং
(তাঁহার বংশীসঙ্গীত শ্রবণ ও মুখদর্শনজনিত
কামপীড়ার) বিজহুঃ (পরিহার করিয়াছে) ॥ ৪৪ ॥
এই শ্লোকে 'প্রেয়ান' নামক রসালঙ্কার জ্ঞাতব্য।
এস্থলে একনিষ্ঠতাহেতু পুলিন্দীগণের ভাব শৃঙ্গার
রসের অঙ্গ হইয়াছে।

যস্মিন্ (যেখানে) লতাবলিঃ (লতারাজি) কুসুম-
স্মিতৈঃ (পুষ্পরূপ হাস্য), ফলোদ্গমৈঃ (ফলরূপ
স্তন [এবং]) পল্লবকুলাধরৈঃ অপি (পল্লবরাজিরূপ
অধরদ্বারা) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) সুখয়তি (সুখদান
করে, [সেই]) বৃন্দাবনং (বৃন্দাবন) অতিধন্যং
(অতিধন্য)॥ ৪৫॥

এই শ্লোকে 'প্রেয়ান্' নামক রসালঙ্কার জ্ঞাতব্য।
এস্থলে লতারাজির ভাব বনবর্ণনভাবের অঙ্গ হইয়াছে।

হরিহতদনুজানাং (শ্রীকৃষ্ণকর্তৃক নিহত দানবগণের)
~~তাঃ রমণ্যঃ (সেই রমণীগণ)~~ চণ্ড-রুণ্ডাঃ (প্রচণ্ডা ও
বিধবা) তাঃ রমণ্যঃ (সেই রমণীগণ) যাসু লীনাঃ
(যেখানে লুক্কায়িত হইয়া) পুলিন্দৈঃ (শবর-
গণের প্রদত্ত) অশন-সুরতসত্রৈঃ (ভোজন ও
সুরতদ্বারা) পোষিতাঃ (পোষণহেতু) তোষং
আপ্তাঃ (সন্তোষলাভ করিয়া) তদমলগুণগানৈঃ
(শ্রীকৃষ্ণের বিশুদ্ধ গুণকীর্তনদ্বারা) শ্রীহরিং স্তুবন্তি
(শ্রীকৃষ্ণের স্তব করিতেছে, [তাদৃশ]) অচল-
দরীঃ (গিরিগুহাসমূহ) শুশুভুঃ (সেরূপ
শোভা ধারণ করিয়াছে)॥ ৪৬॥

এই শ্লোকে ‘ঊর্জস্বী’ নামক রসালঙ্কার জাতক।
এস্থলে পরস্ত্রীরতিরূপ রসাভাস দর্পবর্ণিত ভাবের
অঙ্গস্বরূপ এবং শত্রুকৃত শত্রুস্তুতিরূপ ভাবাভাস
উক্ত রসাভাসের অঙ্গ হইয়াছে।

দেবেন্দ্রাদিষু (যাদববিজয়ী) অস্মাসু (আমরা) সৎসু (বিদ্যমান থাকিতে) পৃথুকোপমাৎ (চিপিটক-তুল্য) পৃথুকাৎ (একটি শিশু হইতে) তব (আপনার) ভীঃ ন (কোন ভয় নাই), অসুরানাং (অসুরগণের) ইতি গিরা (এইরূপ বাক্যহেতু) কংসস্য (কংসের) হৃদি (চিত্তে) যঃ (যে) মদঃ (গর্ব [হইয়াছিল]), সঃ (সেই) মদঃ তু (গর্ব) তেষু সর্বেষু (সেই অসুরগণ সকলে) তৎ পৃথুকতাং আপ্তেষু (শ্রীকৃষ্ণের দ্বারা চিপিটকের ভাব প্রাপ্ত হইলে) কঃ গতঃ (কোথায় গিয়াছিল), ন জানে ([তাহা] জানিনা)॥ ৪৭॥

এই শ্লোকে ‘সমাহিত’ নামক রসালঙ্কার জাতক।
এস্থলে মদ বা গর্বরূপ ব্যভিচারী ভাবের প্রশমন
বীররসে অঙ্গরূপ হইয়াছে। সুতরাং
উক্ত রসালঙ্কারের সঙ্গতি হইল।

এবং হি (এইরূপ) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) গুণাঃ (গুণ)
অনন্তাঃ (অনন্ত), লীলা অপি (লীলাও অনন্ত [এবং])
মহিমা অপি (মহিমাও) অনন্তঃ (অনন্ত), তত্তৎকণ-
স্পর্শনং (উহাদের কণামাত্রের স্পর্শই) আত্মবাচাং
(চিত্তে ও বাক্যের) বিশুদ্ধয়ে (বিশুদ্ধির কারণ হয়),
তৎ (অতএব) গণনাশয়া অলং ([উহাদের] গণনার
অভিলাষের প্রয়োজন নাই)॥ ৪৮॥
এই শ্লোকে 'আক্ষেপ' নামক অলঙ্কার। এস্থলে
বক্তব্যরূপে অভীষ্ট গুণরাশির বৈশিষ্ট্য প্রকাশের
জন্যই গণনাশার নিষেধ হেতু উক্ত অলঙ্কার হইয়াছে।
ইত্থং (এইরূপে) হরেঃ (শ্রীকৃষ্ণের) তদ্‌গুণ-
বর্ণনাম্বুধৌ (তাদৃশ গুণবর্ণন সমুদ্রে) নিমজ্জনোন্মজ্জন-
ফুল্লমানসৌ (নিমজ্জন ও উন্মজ্জন হেতু উৎফুল্লচিত্ত)
সারীশুকৌ (সারী ও শুক) তদ্‌গুণবর্ণনৈঃ (শ্রীরাধা-
কৃষ্ণের ঐ গুণবর্ণনা দ্বারা) পুনঃ (পুনরায়) নিজৌ
ঈশ্বরৌ (নিজ ঈশ্বরী ও ঈশ্বরের নিকটে) স্বেপ্সিতং
অযাচতাং (নিজ অভীষ্ট যাচ্ঞা করিয়াছিল)॥ ৪৯॥

শ্রীকৃষ্ণচন্দ্রাষ্টক

অম্বুদাঞ্জনেন্দ্রনীলনিন্দিকান্তি-ডম্বর: (যাঁহার দেহকান্তির
আড়ম্বর মেঘ, অঞ্জন ও ইন্দ্রনীলমণিকে তিরস্কার করে),
কুঙ্কুমোদ্যদর্ক-বিদ্যুদংশুদিব্যদম্বর: (যাঁহার বসন
কুঙ্কুম, নবোদিত সূর্য ও বিদ্যুতের কান্তির ন্যায় বিরাজ-
যুক্ত), শ্রীমদঙ্গ-চর্চিতেন্দু-পীতনাক্তচন্দন: (কর্পূর ও
কুঙ্কুমাদিমিশ্রিত চন্দন যাঁহার অঙ্গে লিপ্ত রহিয়াছে),
স: (সেই) বল্লবেন্দ্রনন্দন: (শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দন)
মে (আমাকে) স্বাঙ্ঘ্রি-দাস্যদ: অস্তু (নিজ পাদপদ্মের
দাস্য প্রদান করুন)॥ ৫০॥

গণ্ডতাণ্ডবাতিপণ্ডিতাণ্ডজেশ-কুণ্ডল: (যাঁহার
গণ্ডদ্বয়ে তাণ্ডবনিপুণ মকরকুণ্ডল যুগল বিরাজ
করে), চন্দ্র-পদ্মষণ্ড-গর্ব-খণ্ডনাস্যমণ্ডল: (যাঁহার
মুখমণ্ডল চন্দ্র ও পদ্মরাজির গর্ব হরণ করে),
বল্লবীষু বর্ধিতাত্মগূঢ়ভাববন্ধন: (গোপীগণের প্রতি
যাঁহার স্বীয় গূঢ় ভাবের বন্ধন বৃদ্ধি পাইয়াছে),
স: (সেই) বল্লবেন্দ্রনন্দন: (শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দন)
মে (আমাকে) স্বাঙ্ঘ্রিদাস্যদ: অস্তু (নিজ পাদপদ্মের
দাস্য প্রদান করুন)॥ ৫১॥

নিত্যনব্য-রূপ-বেশ-হার্দ-কেলিচেষ্টিত: (যিনি

নিত্য নূতন রূপ, বেশ, প্রেমকেলি ও আচরণ প্রকাশ করেন), ~~স্বীয়কেলিকাননাংশু~~ কেলীনর্ম-শর্মদায়ি-মিত্র-বৃন্দবেষ্টিতঃ (যিনি কেলি ও পরিহাসদ্বারা সুখদায়ক মিত্রবর্গে পরিবেষ্টিত রহিয়াছেন), স্বীয়কেলি-কাননাংশু-নির্জিতেন্দ্র-নন্দনঃ (যাঁহার ক্রীড়াকাননের দীপ্তিদ্বারা ইন্দ্রের নন্দনবন পরাভূত হইয়াছে), সঃ (সেই) বল্লবেন্দ্রনন্দনঃ (শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দন) মে (আমাকে) স্বাঙ্ঘ্রিদাস্যদঃ অস্তু (নিজ পাদপদ্মের দাস্য প্রদান করুন)॥ ৫২॥

প্রেমহেমমণ্ডিতাত্মবন্ধুতাভিনন্দিতঃ (প্রেমরূপ সুবর্ণমণ্ডিত নিজ বন্ধুবর্গ যাঁহাকে অতিশয় আনন্দদান করেন), ক্ষৌণীলগ্নভাল-লোকপাল-পালি-বন্দিতঃ (লোকপালগণ ভূতলে ললাট সংলগ্ন করিয়া যাঁহার বন্দনা করেন), নিত্যকাল-সৃষ্ট-বিপ্র-গৌরবালি-বন্দনঃ (যিনি সর্বদা বিপ্র ও গুরুবর্গের বন্দনা করেন), সঃ (সেই) বল্লবেন্দ্রনন্দনঃ (শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দন) মে (আমাকে) স্বাঙ্ঘ্রি-দাস্যদঃ অস্তু (নিজ পাদপদ্মের দাস্য প্রদান করুন)॥ ৫৩॥

লীলয়া ([যিনি] লীলা সহকারে) ইন্দ্রকালিয়োরগ-
কংসবৎসাসান্তকঃ (ইন্দ্র ও কালিয়নাগের দর্প এবং
কংস ও বৎসাসুরের বিনাশ করিয়াছেন), তত্তদাত্ম-
কেলিবৃষ্টি-পুষ্ট-ভক্তচাতকঃ (যিনি স্বীয় তত্তল্লীলা-
বৃষ্টিদ্বারা ভক্তরূপ চাতকগণকে পুষ্ট করেন),
বীর্যশীললীলয়া আত্মঘোষবাসিনন্দনঃ ([যিনি]
বীর্য, শীল ও লীলাদ্বারা স্বীয় ঘোষবাসী জনগণকে
আনন্দ দান করেন), সঃ (সেই) বল্লবেন্দ্রনন্দনঃ
(শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দন) মে (আমাকে) স্বাঙ্ঘ্রিদাস্যদঃ
অস্তু (স্বীয় পাদপদ্মের দাস্য প্রদান করুন) ॥ ৫৪ ॥
কুঞ্জরাস-কেলি-সীধু-রাধিকাদিতোষণঃ (যিনি
কুঞ্জকেলি ও রাসকেলিরূপ সীধু বা সুরাবিশেষের
আস্বাদন দ্বারা শ্রীরাধাপ্রমুখ গোপীগণকে সন্তুষ্ট
করেন), তত্তদাত্মকেলিনর্ম-তত্তদালি-পোষণঃ
(যিনি স্বীয় কুঞ্জকেলিপ্রভৃতিতে পরিহাসদ্বারা
শ্রীরাধাপ্রভৃতির সখীগণকে আনন্দ দান করেন),
প্রেমশীল-কেলি-কীর্তি-বিশ্বচিত্ত-চন্দনঃ (যাঁহার
প্রেম, শীল, কেলি ও কীর্তি নিখিল লোকের
চিত্তকে চন্দনের ন্যায় স্নিগ্ধ ও শীতল করে),

সঃ (সেই) বল্লবেন্দ্রনন্দনঃ (শ্রীমান্ ব্রজেন্দ্রনন্দন)
হইতে) তস্য (তাঁহার) হৃদ্যাস্থিতি: (হৃদয়ে
অবস্থান) অবগতা (জানিতে পারিল) ॥ ২৫॥
[তখন] ধেনব: (ধেনুগণ) ঊধোভর-প্রণয়-মন্থর-
শীঘ্রযানা: (ঊধ: অর্থাৎ স্তনাধারের বা পালানের
ভারে ও শ্রীকৃষ্ণের প্রতি প্রণয়হেতু যথাক্রমে
মন্থর ও দ্রুতগতিতে), হুঙ্কার-গর্ভ-চল-সাস্না-
গলা: (হুঙ্কারহেতু চঞ্চল গলকম্বলযুক্ত
গলদেশ বিস্তারপূর্বক), ঊর্দ্ধানন-শ্রবণ-
বালধয়: (মুখ, কর্ণদ্বয় ও পুচ্ছ উন্নত করিয়া)
দন্তাগ্রশাদকবলা: (দন্তাগ্রে নবীন তৃণের গ্রাস
লইয়া) অস্য বকারে: (এই শ্রীকৃষ্ণের) পার্শ্বং

(পার্শ্বদেশে) সমীয়ুঃ (উপস্থিত হইল)॥২৬॥
বৎসলাঃ (বাৎসল্যযুক্তা) গঙ্গাদ্যাঃ (গঙ্গা প্রভৃতি)
গলার্ঘ্যমাঃ (নিজ নিজ গলার্ঘ্যমা) ধেনবঃ (ধেনুগণ)
নেত্রৈঃ (নেত্রদ্বারা) হরেঃ (শ্রীকৃষ্ণের) সৌন্দর্যং
পিবন্ত্যঃ (সৌন্দর্য পান), নাসয়া (নাসিকাদ্বারা)
অঙ্গানি জিঘ্রন্ত্যঃ (অঙ্গসমূহের আঘ্রাণ পূর্বক) স্বাঙ্গৈঃ
(নিজ নিজ অঙ্গদ্বারা) আলিঙ্গন্ত্যঃ ইব (যেন আলিঙ্গন
করিতে করিতে [এবং]) জিহ্বয়া (জিহ্বাদ্বারা)
লিহন্ত্যঃ ইব (যেন লেহন করিতে করিতে) সহুঙ্কারং
(হুঙ্কারের সহিত) পরিতঃ (চতুর্দিক্ হইতে) তং
(শ্রীকৃষ্ণকে) পরিবব্রিরে (বেষ্টন করিয়াছিল)॥২৭-২৮॥
সঃ কেশবঃ অপি (শ্রীকৃষ্ণও) তৎস্নেহবশগঃ (তাহাদের
স্নেহে বশীভূত হইয়া) সুধাস্পর্শেন (অমৃতস্পর্শ)
পাণিনা (হস্তদ্বারা) কণ্ডূয়নৈঃ মার্জনাদ্যৈঃ (কণ্ডূয়ন ও
মার্জনাদি ক্রিয়াদ্বারা) তাঃ প্রীণয়ন্ (তাহাদের
প্রীতি উৎপাদন সহকারে) আহ (বলিলেন)॥২৯॥
মাতরঃ (হে মাতৃগণ!) যৎ (যেহেতু) যূয়ং (তোমরা)
যবসৈঃ (তৃণভোজনে) তৃপ্তাঃ স্থ (তৃপ্তিলাভ
করিয়াছ), দিনং গতপ্রায়ং (দিনও প্রায় গত

হইয়াছে), ব্রজে ([এবং] ব্রজমধ্যে) বঃ (তোমাদের)
বৎসাঃ (বৎসগণ) ক্ষুধিতাঃ (ক্ষুধার্ত রহিয়াছে), তৎ
(অতএব) ব্রজং (ব্রজের প্রতি) ব্রজত (যাত্রা কর) ॥৩০॥
ততঃ (অনন্তর) বয়স্যাঃ (বয়স্যগণ) কৃষ্ণস্নেহাতি-
বিহ্বলাঃ (শ্রীকৃষ্ণের স্নেহবশতঃ অতিবিহ্বলা) তাঃ
(সেই ধেনুগণকে) যত্নাৎ (যত্নসহকারে) কৃষ্ণতঃ
বিযুজ্য (শ্রীকৃষ্ণের নিকট হইতে পৃথক্ করিয়া)
ক্রমাৎ (ক্রমশঃ) ব্রজবর্ত্মোন্মুখীঃ চক্রুঃ
(ব্রজের পথের অভিমুখী করিলেন) ॥৩১॥
[তখন] নানাভেদাকৃতিধ্বান-ঘণ্টা-কিঙ্কিণী-কণ্ঠিকাঃ
(কণ্ঠদেশে নানারূপ আকৃতি ও শব্দযুক্ত ঘণ্টা ও
কিঙ্কিণী দ্বারা সুশোভিতা), স্বস্বযূথাগ্রগাঃ
(নিজ নিজ যূথের অগ্রগামিনী) গাবঃ (ধেনুগণ)
গোষ্ঠাভিমুখতাং যযুঃ (ব্রজের অভিমুখী
হইয়াছিল) ॥৩২॥
[তখন] সব্যদক্ষয়োঃ (বাম ও দক্ষিণ পার্শ্বে)
চলন্ত্যৌ (চলিত) নৈচিকী-সৌরভী-শ্রেণ্যৌ
(নবপ্রসূতা ধেনু ও মহিষী-শ্রেণি) শর্লিনাং (দেবতা-
গণের [চিত্তে]) গঙ্গা-কৃষ্ণা-প্রবাহয়োঃ (গঙ্গা ও

যমুনার প্রবাহ বলিয়া) ভ্রান্তিং দধতুঃ (ভ্রম উৎপাদন করিয়াছিল)॥৩৩॥

[তৎকালে] ধেনুবৃন্দং অনু ([যিনি] ধেনুগণের পশ্চাতে) মন্দং অয়ন্তং (ধীরে ধীরে চলিতে চলিতে) অমৃতং বেণুগীতং (বংশীর অমৃতময় সঙ্গীত) বিসৃজন্তং (প্রকাশ করিতেছিলেন [এবং]) রেণুরাজিতচলালকবন্তং (যাঁহার চঞ্চল অলকরাজি গোধূলিছায়া রঞ্জিত হইয়াছিল, [এইরূপ]) তং (শ্রীকৃষ্ণকে) বীক্ষ্য (দর্শন করিয়া) কে নু (কে ইবা) মুদং (হর্ষ) ন সমাপুঃ (লাভ না করিয়াছিলেন)॥৩৪॥

[তৎকালে] তৎ (এরূপ) বর্ত্ম ন (পথ ছিলনা), যৎ (যাহা) সাধুভিঃ (সজ্জনগণ) ন মণ্ডিতং (অলঙ্কৃত না করিয়াছিলেন), অসৌ সখা ন (এরূপ সখা ছিলেননা), যঃ (যিনি) বিলাসবৃন্দবান্ ন (নানারূপ বিলাস ধারণ করেন নাই), অসৌ বিলাসঃ অপি ন (এরূপ বিলাস ছিলনা), যঃ হি (যাহা) নর্মসূঃ ন (পরিহাসকর হয় নাই, [আর]) তৎ নর্ম ন (এরূপ পরিহাস ছিলনা), যৎ (যাহা) অঘবিদ্বিষঃ (শ্রীকৃষ্ণের) মুদে ন (হর্ষজনক হয় নাই)॥৩৫॥

স: ([তৎকালে] শ্রীকৃষ্ণ) বেণুনা গায়ং গায়ং
(বংশীযোগে গান করিতে করিতে) সখিভিঃ (বয়স্য-
গণের সহিত) যাতি (যাইতে লাগিলেন), যায়ং যায়ং
([এইরূপ] যাইতে যাইতে) প্রত্যগং (প্রতি তরুর
নিকটে) তিষ্ঠতি স্ম (অবস্থান করিতে লাগিলেন),
স্থায়ং স্থায়ং ([আবার] থাকিয়া থাকিয়া)
কেলিভিঃ (নানারূপ কেলিদ্বারা) শং প্রদত্তে
(সুখ প্রদান করিতেছিলেন [এবং]) তৎ দায়ং দায়ং
(সুখ দান করিতে করিতে) পুনঃ (পুনরায়)
প্রযাতি (গমন করিতেছিলেন) ॥ ৩৬ ॥

সোপদেবৈঃ (উপদেবতাগণের সহিত) ভক্তিনম্রৈঃ
(ভক্তিনম্র) বিধি-শিব-মুখদেবৈঃ (ব্রহ্মা ও শিবপ্রমুখ
দেবতাগণ) মুনীন্দ্রৈঃ ([এবং] মুনিবরগণ)
মার্গে মার্গে (পথে পথে) স্তুতি-নুতি-নতি-গীতৈঃ
(স্তুতি, নৃত্য, প্রণাম, গীত), পুষ্পবর্ষৈঃ (পুষ্পবর্ষণ
[ও]) সু-বাদ্যৈঃ (উত্তম বাদ্য দ্বারা) মহিতঃ ~~(পূজিত
হইয়া)~~ ~~অসৌ (তাঁহাকে)~~ অসৌ (তাঁহাকে পূজা
করায় তিনি) স্বৈরকেলৌ সঙ্কুচন্ (স্বেচ্ছাক্রীড়ায়
সঙ্কোচ প্রকাশপূর্বক) স্মিতসকরুণদৃষ্টিঃ

(মৃদুহাস্য ও সকরুণ দৃষ্টিপাত করিয়াছিলেন [এবং এ অবস্থায় পূর্বোক্ত সকলে তাঁহার]) তুষ্টুবে (স্তুতি করিতে লাগিলেন)।। ৩৭।।

[। যিনি] সুহারং (সুরম্য হারশালী), গুণাগ্রাং আগারং (গুণরাশির আশ্রয়), কৃপৌঘৈঃ অপারং (অপার কৃপাময়), বিরাজদ্‌বিহারং (সমুজ্জ্বল বিহারযুক্ত), প্রদানে অত্যুদারং (দানবিষয়ে অতি উদার), খলশ্রেণিমারং (খলবৃন্দের সংহারকারী [এবং]) সদা (সর্বদা) নির্বিকারং (নির্বিকার), যশোদা-কুমারং (যশোদার কুমাররূপী [সেই]) ত্বাং (আপনাকে) নুমঃ (বন্দনা করি)।। ৩৮।।

[। যিনি স্বরূপতঃ] অনন্তং (অনন্ত), নিকুঞ্জে বসন্তং (নিকুঞ্জবাসী), প্রকাশং ভজন্তং (প্রকাশশালী), বসন্তং ভজন্তং (বসন্ত ঋতুর ভজনকারী অর্থাৎ তৎকালে বিহারকারী), সখীন্ প্রীণয়ন্তং (সখাগণের প্রীতিজনক), সুকুন্দাৎ (উত্তম কুন্দকলিকা অপেক্ষাও) সুদন্তং (সুরম্য দন্তশোভিত) তদাস্যে (সখাগণের মুখের প্রতি) দৃশন্তং নুদন্তং (কটাক্ষনিক্ষেপকারী [এবং]) হসন্তং (হাস্যরত, [সেই]) ত্বাং নুমঃ (আপনাকে বন্দনা করি)।। ৩৯।।

সুবীনুং (যাঁহার বেণুগান সুন্দর), সুবেণুং (বেণু সুন্দর), সুলীলং (লীলা সুন্দর), সুহাস্যং (হাস্য সুন্দর), সুবাসং (বসতি বা পোষাক সুন্দর), সুভাষং (ভাষা সুন্দর), সুশীলং (স্বভাব সুন্দর), সুবেশং (বেশ সুন্দর), সুকেশং (কেশ সুন্দর), সুনৃত্যং (নৃত্য সুন্দর), সুভৃত্যং (ভৃত্যগণ সুন্দর), সুকৃত্যং (কার্য সুন্দর), সুমিত্রং (মিত্রবর্গ সুন্দর, [যিনি]) সুচিত্রং (অতি বিচিত্র) সুরেশং ([এবং] দেবতাগণের অধীশ্বর, [সেই]) ত্বাং নুমঃ (আপনাকে বন্দনা করি)॥ ৪০॥

[যিনি] প্রশান্তং (প্রশান্ত), সুদান্তং (অতি জিতেন্দ্রিয়) সুকান্তং (অতি মনোরম), দিনান্তে বনান্তাৎ (দিবসের শেষ ভাগে) বনান্তাৎ (বন প্রান্ত হইতে) নিশান্তে প্রযান্তং (গৃহাভিমুখে যাত্রাকারী), সমস্তাৎ মহান্তং (সর্বাপেক্ষা মহৎ), নিতান্তং বিভান্তং (অতিশয় দীপ্তিশালী), খলালী-কৃতান্তং (দুষ্টগণের সংহারকারী), শ্রমৌঘে অপি অতান্তং (অতিশয় পরিশ্রমেও অক্লান্ত [সেই]) ত্বাং নুমঃ (আপনাকে বন্দনা করি)॥ ৪১॥

অশ্বারে (হে অশ্বদমন) বকারে মুরারে (বকনিধনকর,
মুরহর! [আপনি]) বলারে: নিকারে (দেবরাজ
ইন্দ্রের নিগ্রহ [এবং]) অভিধারে (লোকধর্মনির্ধারণে)
সুধীরং (অতিধীর), সুধারে: নিদানং (শিবের
জনক), অপারে (অনন্ত) বিস্তারে (বিস্তার [ও])
সুরারে: (অসুরগণের) উদারে বিদারে (একান্ত
সংহারে) প্রবীণং (সুনিপুণ), ত্বাং নুমঃ (আপনাকে
বন্দনা করি)॥ ৪২॥

[যিনি] গরিষ্ঠং (পরম গুরু), মহিম্না (মহিমায়)
মহিষ্ঠং (সুমহান), ত্রিমারি-প্রতিষ্ঠং (সুবিস্তৃত-
প্রতিষ্ঠাসম্পন্ন), সুরাণাং বরিষ্ঠং (সুরগণের
মধ্যে অতিশ্রেষ্ঠ), অসদ্বৃন্দাবিষ্ঠং (দুর্জনগণের
চিত্তের অগোচর), সুমেরো: (সুমেরু অপেক্ষা)
গরিষ্ঠং (গুরুভারযুক্ত), বলিভ্য: বলিষ্ঠং (বলবান
গণের মধ্যে অতিবলশালী [এবং]) পটুভ্য: পটিষ্ঠং
(নিপুণগণের মধ্যে অতিনিপুণ, [সেই]) ত্বাং নুমঃ:
(আপনাকে বন্দনা করি)॥ ৪৩॥

[যাঁহা] সুতীর্থাৎ (পুণ্যতীর্থ অপেক্ষাও) পবিত্রং
(পবিত্র), মলালী-লবিত্রং (মলবর্গের ছেদনকারী),

ভবাব্ধেঃ বহিত্রং (সংসারসমুদ্রের তরণি), সতাং
হৃৎসুচিত্রং (সজ্জনগণের চিত্তচমৎকারক), দ্বিষাং
(বিদ্বেষিগণের) ~~হৃৎশল্যিত~~ হৃৎখনিত্রং (হৃদয়ের
বিদারণকারী), নতানাং (প্রণতগণের) সুমিত্রং
(পরম মিত্র [এবং]) প্রভাবৈঃ বিচিত্রং (বিচিত্র-
প্রভাবসম্পন্ন), তে (আপনার [অদ্ভুত]) চরিত্রং
নুমঃ (চরিত্রের বন্দনা করি) ॥৪৪॥

অহো (অহো!) নঃ (আমাদের) সুদিষ্টং (পরম-
সৌভাগ্য যে, [আমরা]) স্বগাঃ চারয়ন্তং
(নিজ ধেনুবৃন্দের চারণকারী), সুলীলাঃ সৃজন্তং
(উত্তম লীলারাজির সৃষ্টিকর্তা), খলান্ মারয়ন্তং
(খলগণের সংহাররত [এবং]) ত্রিলোকীং অবন্তং
(ত্রিলোকের পালক), সুদিষ্টং (সজ্জনাভীষ্ট)
ভবন্তং (আপনাকে) সদা (সর্বদা) আলোকয়ামঃ
(দর্শন), স্তুমঃ (স্তুতি [ও]) সংনমামঃ (প্রণাম
করিতেছি) ॥৪৫॥

নির্জরাঃ (দেবতাগণ) ইতি (এইরূপ) স্তুবানাঃ
(স্তব করিতে করিতে) সদয়াবলোকনৈঃ (তদীয়
সদয় দৃষ্টিপাতে) পূর্ণাঃ (পূর্ণমনোরথ হইয়া)

তদঙ্ঘ্রী (তাঁহার চরণযুগলে) প্রণিপত্য (প্রণামপূর্বক) তৎকেলিসঙ্কোচভয়াৎ (তাঁহার কেলিসমূহের সঙ্কোচ আশঙ্কা করিয়া) তিরোহিতাঃ (অন্তর্ধানসহকারে) তং লোকয়ন্তঃ (তাঁহাকে দেখিতে দেখিতে) নভো-গতাঃ অনুযযুঃ (আকাশস্থিত হইয়াই অনুগমন করিয়াছিলেন)॥ ৪৬॥

ব্রজনাথ-সেবিত-বিষ্ণুঃ ([বস্তুতঃ] ব্রজরাজের আরাধনীয় ভগবান্ বিষ্ণুই) হরৌ (শ্রীকৃষ্ণের মধ্যে) স্ববলং ন্যস্য (নিজ শক্তি অর্পণ করিয়া) অসুরান্ (অসুরগণের) নিহন্তি (সংহার করেন, [এই হেতু]) অথ (শ্রীকৃষ্ণই) তান্ হন্তি (অসুরবধ করেন)* ইতি (এইরূপ) মত্বা (মনে করিয়াই) মূঢ়াঃ দেবাঃ (মূঢ় দেবগণ) এনং (এই শ্রীকৃষ্ণের) স্তুবন্তি (স্তব করেন)। তে সখায়ঃ (শ্রীকৃষ্ণের সেই সখাগণ) ইত্থং (এইরূপে) দেবান্ হসন্তঃ (দেবগণের প্রতি হাস্যসহকারে) তেষাং (তাঁহাদের) আকার-চেষ্টিতৈঃ (আকার ও চেষ্টার) অনুকুর্বন্তঃ (অনুকরণ করিতে করিতে) হরিণা (শ্রীকৃষ্ণের সহিত) সখেলং যযুঃ (খেলা করিয়া গমন করিতে লাগিলেন)॥ ৪৭-৪৮॥

অথ (অনন্তর) হরিপ্রিয়া সা (শ্রীকৃষ্ণবল্লভা শ্রীরাধা)
সদনং (গৃহে) আগতা (আসিয়া) দাসীভিঃ উপা-
সিতা (দাসীগণের সেবায়) ক্ষণং (ক্ষণকাল)
বিশ্রম্য (বিশ্রাম করিয়া) হৃদীশিতুঃ (প্রাণেশ্বরের)
সায়ং নিশা ভোগকৃতে (সন্ধ্যা ও রাত্রিকালীন
ভোগের জন্য) আলিভিঃ সহ (সখীগণের সহিত)
ভক্ষ্যাণি বীটীঃ (ভোজ্য দ্রব্য ও তাম্বুলবীটিকা)
বিদধে (প্রস্তুত করিতে আরম্ভ করিলেন) ॥৪৯॥

কদলকুসুম-মাষক্ষোদ-সন্নারি-সত্ত্বৈঃ (সুপক্ব কদলী-
ফল, মাষকলায়-চূর্ণ, উত্তম নারিকেলের শাঁস),
মরিচ-সুঘন-দুগ্ধৈঃ (মরিচচূর্ণ, অতিঘন দুগ্ধ),
সচতুর্জাতচন্দ্রৈঃ (এলাচ, লবঙ্গ, জায়ফল, দারুচিনি
ও কর্পূর — এই সমুদয়দ্বারা) কৃতঃ (প্রস্তুত) যঃ
(যে বস্তুটি) ~~ইহ (এস্থলে)~~ ঘৃতপক্বঃ (ঘৃতপক্ব
হইয়া) সিতপাকে পতেৎ (চিনির পাকে নিক্ষিপ্ত
হয়), ইহ (এস্থলে) সা (শ্রীরাধা) প্রিয়েষ্টং (প্রিয়তমের
অভিলষিত) তং (সেই) অমৃতকেলিং (অমৃত-
কেলি-নামক) বটকং ব্যধাৎ (বটক বা বড়া
প্রস্তুত করিয়াছিলেন) ॥৫০॥

মাষিকৈঃ (আমিষা বা ছানাযুক্ত) শালিচূর্ণৈঃ (শালি-তণ্ডুলের চূর্ণ), দধি-মরিচ-সিতা-নারিকেলাস্থিসত্ত্বৈঃ (দধি, মরিচ, শর্করা, নারিকেল শাঁসের চূর্ণ), জাত্যেলা-লবঙ্গামৃত-কদলফলৈঃ (জায়ফল, এলাচ, লবঙ্গ, অমৃতকদলীফল), ফেনিতৈঃ মিষ্ঠমুদৈনঃ ([এবং] ফেনিত অর্থাৎ বারম্বার অঙ্গুলী চালনাদ্বারা আলোড়িত মুগবাটাদ্বারা) সৃষ্টঃ (প্রস্তুত) যঃ (যে বস্তু) ঘৃতে পক্বঃ (ঘৃত-পক্ব হইয়া) মেদ্যো মধুলৌ (কর্পূর ও মধুমিশ্রিত) প্রপাতে (যখন) দুগ্ধপূরে (দুগ্ধরাশির মধ্যে) প্রস্নাতি (নিক্ষিপ্ত হয়), যা (শ্রীরাধা) ইহ (এস্থলে) ~~তং (সেই)~~ স্বপ্রিয়েষ্টং (নিজ প্রিয়-তমের অভিলষিত), কর্পূরকেলিং (কর্পূরকেলি-নামক) তং (সেই) সুবটকং ব্যধাৎ (সুরম্য বটক প্রস্তুত করিলেন) ॥ ৫১ ॥

তৈঃ (পূর্বোক্ত) দ্রব্যৈঃ (আমিষাপ্রভৃতি দ্রব্যদ্বারা) সৃষ্টা (প্রস্তুত) যা তু ~~(যে)~~ গ্রাথিবৎ বটিকালিঃ (গ্রন্থি বা গুটির ন্যায় যে সকল বটিকা) পঞ্চামৃতে (দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও শর্করাতে) পতেৎ (নিক্ষিপ্ত হয়), যা (শ্রীরাধা) তাং (সেই) পীযূষগ্রন্থি-

পালিকাং কর্ষাং (পীযূষগ্রন্থিপালি প্রস্তুত করিয়াছিলেন)॥৫২॥

সুসিদ্ধৈঃ সাসিতৈঃ (সুসিদ্ধ ও শর্করামিশ্রিত), সক্ষীরসার-কার্পূর-তণ্ডুল-নারিকেল-জাতি-লবঙ্গ-মরিচৈঃ (ক্ষীরসার, কর্পূর, তণ্ডুল, নারিকেল, জায়ফল, লবঙ্গ, মরিচ), রম্ভৈলয়া চ (রম্ভা ও এলাচ — এই সকল দ্বারা) ঘৃতভাবনয়া চ (ঘৃতের ভাবনা-সংস্কারে) যা ভবেৎ (যাহা প্রস্তুত হয়), সা (শ্রীরাধা) প্রিয়েষ্টাং (প্রিয়তমের অভিলষিত) তাং (সেই) অনঙ্গগুটিকাং বিদধে (অনঙ্গগুটিকা প্রস্তুত করিলেন)॥৫৩॥

কদল-মরিচ-দুগ্ধৈঃ অন্যঃ চ খণ্ড-গোধূম-পক্ব-প্রকটিত-বটকঃ (কদলীফল, মরিচ, দুগ্ধ, শর্করা ও গোধূমসমূহের পাকে প্রস্তুত এই যে বটক), ভূরি-জাতী-ফলাঢ্যঃ (প্রভূতরূপে জায়ফলযুক্ত হইয়া) নবশশি-মধু-মধ্যে (কর্পূর ও মধুর মধ্যে) বিলাসং বিধত্তে (অবস্থান করে), তয়া (শ্রীরাধা) ইহ (এখানে) শশিপূর্বঃ অসৌ বিলাসঃ (সেই শশি-বিলাস) রচিতঃ (প্রস্তুত করিয়াছিলেন)॥৫৪॥

শ্রীরাধয়া (শ্রীরাধা) স্বীয়ধিয়া (নিজবুদ্ধিতে) ইতি
(এইরূপে) উপায়নানাং সৎ সৎ পঞ্চকং (যে পাঁচটি
উত্তম উপহার) কৃতং (প্রস্তুত করিলেন), প্রণয়ী
(প্রিয়) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) সুধাং বিনিন্দন্ (অমৃতেরও
নিন্দা করিয়া) সতৃষ্ণঃ (অতিশয় অনুরাগসহকারে)
সরং নন্দন্ (প্রচুর আনন্দ প্রকাশপূর্বক) তৎ এতৎ
(ইহা) অত্তি (ভোজন করিয়া থাকেন)॥ ৫৫॥
তেষু (ইহাদের মধ্যে) ত্রীণি (অমৃতকেলিপ্রভৃতি
তিনটি দ্রব্য) ব্রজ-প্রসিদ্ধানি (ব্রজে সুপ্রসিদ্ধ),
যৎ অন্তিম-যুগ্মং চ (আর শেষের যে দুইটি
দ্রব্য), তৎ (তাহা) নিশায়াং (রজনীতে) মধু-
পানে (মধুপানকালে) বিদংশবৎ (অবদংশ
অর্থাৎ চাটের ন্যায়) রহোভোজ্যং (গোপনে
ভোজ্য)॥ ৫৬॥
[এইরূপ শ্রীরাধা] লবঙ্গৈলেন্দু-মরিচৈঃ সংযুতৈঃ
(লবঙ্গ, এলাচ, কর্পূর ও মরিচযুক্ত) শর্করাচয়ৈঃ
(শর্করাসমূহ দ্বারা) গঙ্গাজলাখ্যানি (গঙ্গাজল-
নামক) অপরাণি চ (অপরাপর) লড্ডুকানি (লড্ডুক-
সমূহও) চক্রে (প্রস্তুত করিয়াছিলেন)॥ ৫৭॥

সা (শ্রীরাধা)

[এরূপে] তৈঃ তৈঃ সূপৈঃ (লবণাদি দ্রব্যযুক্ত) ক্ষীরসারৈঃ (ক্ষীরসার) তথা (এবং) নারিকেল-শস্যকৈঃ (নারিকেলের শাঁস দ্বারা) অন্যানি অপি (অন্য ভোজ্য-দ্রব্যসমূহ, [এবং]) আজ্যভৃষ্টৈঃ (ঘৃতভর্জিত) মণ্ডৈঃ (মণ্ডদ্বারা) মণ্ডপূপিকাঃ চ (মণ্ডপুপিকাসমূহ [প্রস্তুত করিলেন]) ॥৮৬॥

অথ (অনন্তর) সা রাধা (সেই শ্রীরাধা) স্নাতা অনুলিপ্তা (স্নান ও অনুলেপনান্তে) অরুণরুচি-সিচয়া (রক্তবর্ণ সূক্ষ্মবসন পরিধান), বদ্ধবেণী (বেণীবন্ধন), সুচিত্রা (ললাট ও গণ্ডাদিতে চিত্র-বিন্যাস), শ্রীসিন্দূরেন্দুভালা (ললাটে ~~সিন্দূরের~~ চন্দ্রের ন্যায় সিন্দূর চিহ্ন ধারণ), মৃগমদচিবুকা (চিবুকদেশে কস্তূরী বিন্দুর বিন্যাস), মালিনী (মালা-পরিধান), সাব্জহস্তা (হস্তে লীলাকমল-ধারণ), নাসাগ্রান্দোল-মুক্তা ~~[illegible]~~ (নাসাগ্রে দোদুল্যমান মুক্তাফলের সংযোগ), অঞ্জনযুক্তনয়না (নয়নে কজ্জলরাগ ধারণ), উত্তংসিনী (শিরোভূষণ বিন্যাস), বদ্ধনীবী (নীবীবন্ধন), তাম্বূল-বক্ত্রা (মুখে তাম্বূল পূরণ),

সকুসুম-চিকুরা (কেশসমূহে কুসুমরাশির যোজনা [এবং]) সালক্তোজ্জ্বলাঙ্ঘ্রিঃ (পদযুগলে উজ্জ্বল অলক্তক ধারণ করিয়া) ভাতি (শোভা পাইতে লাগিলেন)॥ ৫৯॥

[এইরূপ তৎকালে] রাধা (শ্রীরাধা) চূড়ারত্ন-ললাটিকে (চূড়ারত্ন, ললাটিকা অর্থাৎ ললাটের অলঙ্কার), মুখ্যবলয়ান্ (মুখ্য বলয়রাজি), চক্রীশলাকাযুগং (চক্রশলাকাদ্বয়), কাঞ্চী-কুণ্ডল-কঙ্কণাঙ্ঘ্রিকটকান্ (চন্দ্রহার, কুণ্ডল, কঙ্কণ, পাদবলয়), পাদাঙ্গুলীয়ানি অপি (পাদাঙ্গুরীয়কসমূহ), গ্রৈবেয়ং (কণ্ঠভূষণ), পদকাঙ্গদানি (পদক, কেয়ূর), বিবিধান্ হারান্ (নানারূপ হার), মুদ্রিকাঃ (অঙ্গুরীয়কসমূহ) তথা (এবং) মঞ্জীরৌ (নূপুরযুগল). ইতি (এই) রত্নভূষণচয়ং (রত্নালঙ্কাররাজি) বিভ্রতী (ধারণ করিয়া) বভৌ (শোভা পাইয়াছিলেন)॥ ৬০॥

সা ([অনন্তর] শ্রীরাধা) সুস্নাতালঙ্কৃতাভিঃ (সুস্নাতা ও অলঙ্কৃতা) সখীভিঃ (সখীগণের সহিত) চন্দ্রশালিকাং (চন্দ্রশালায়) সমারুহ্য (আরোহণপূর্বক) কৃষ্ণবর্ত্মনি (শ্রীকৃষ্ণের পথের দিকে) আহিত-লোচনা তস্থৌ (দৃষ্টিপাত করিয়া অবস্থান করিলেন)॥ ৬১॥

বল্লবী-চাতকী-ততিঃ (গোপরমণীরূপ চাতক-
শ্রেণি) চন্দ্রশালাগতা (চন্দ্রশালায় থাকিয়া)
কৃষ্ণাম্বুদাগমে কালে (শ্রীকৃষ্ণরূপ মেঘের উদয়-
কালে) ব্যাত্তাক্ষিচঞ্চুঃ (নয়নরূপ চঞ্চুর বিস্তার-
পূর্বক) উৎকা (ঔৎসুক্যসহকারে) উন্মুখী আসীৎ
(উন্মুখী হইয়া রহিলেন)॥৬২॥
[তৎকালে] ব্রজস্থাঃ (ব্রজমধ্যস্থিত) তাঃ (সেই)
চন্দ্রশালিকাঃ (চন্দ্রশালাসমূহ) স্বাগ্রোৎকণ্ঠি-
গোপালী-বৃন্দ-বক্ত্রেন্দুমণ্ডলৈঃ (নিজের উপরে
আরূঢ়া উৎকণ্ঠান্বিতা গোপবধূগণের মুখরূপ
চন্দ্রমণ্ডলসমূহের সমাবেশহেতু) যথার্থনাম্ন্যঃ
আসন্ (চন্দ্রশালা এই নামের সার্থকতা লাভ
করিয়াছিল)॥৬৩॥
অপরাহ্ণে জাতে ([এদিকে] অপরাহ্ণকাল উপস্থিত
হইলেই) তনয়াগমোৎসুকা (পুত্রের আগমনবিষয়ে
উৎকণ্ঠিতা), স্নেহবারিপ্লুতাশয়া (স্নেহসিক্তচিত্তা)
সা ব্রজেশ্বরী (শ্রীযশোদা) তদ্ভোজ্যসংসাধন-
সত্বরা (তদীয় ভোজ্যবস্তুসমূহের প্রস্তুত বিষয়ে
ত্বরান্বিতা হইয়া) সখীং (সখী) রোহিণীং (রোহিণী-

দেবীকে) পাককৃতে (পাক কার্যে) ন্যযোজয়ৎ (নিযুক্ত
করিলেন)॥ ৬৪॥

অথ (অনন্তর) সা (শ্রীযশোদা) নন্দনস্য (নন্দনের
অর্থাৎ ব্রজরাজের কনিষ্ঠ-ভ্রাতার) সধর্মিণীং (সহ-
ধর্মিণী), অতুলাখ্যাং (অতুলা-নাম্নী) স্বলঘুযাতরং
(নিজ ছোট জা'কে) পাকায় (পাকের জন্য)
রোহিণীসঙ্গে দদৌ (রোহিণীদেবীর সঙ্গে
দিয়াছিলেন)॥ ৬৫॥

ষড়্ঋতূৎপন্ন-শাকাদি-কন্দমূলফলাদিকৈঃ (ছয় ঋতুতে
উৎপন্ন শাকাদি ও কন্দ, মূল, ফলাদিদ্বারা) তত্তদ্ব্যঞ্জন-
সম্পত্ত্যা (বিভিন্ন প্রকার ব্যঞ্জন সম্পাদন পূর্বক)
কৃষ্ণভোজনপূর্ত্তয়ে (শ্রীকৃষ্ণের ভোজনের পূর্ণতা-
সাধনের জন্য) ব্যগ্রাভ্যাং (ব্যগ্রচিত্ত) ব্রজনাথাভ্যাং
(শ্রীযশোদা ও নন্দমহারাজকর্তৃক) নিযুক্তৈঃ (নিযুক্ত),
নানাদোহদপণ্ডিতৈঃ (বিবিধ দোহদক্রিয়ায় অর্থাৎ
অকালেও বৃক্ষাদির ফলপ্রভৃতি উৎপাদনের
অনুকূল কার্যবিষয়ে অভিজ্ঞ) মালিকৈঃ (উদ্যান-
পালকগণ) যাঃ ষট্ (যে ছয়টি) শাকাদি-
বাটিকাঃ (শাকাদির উদ্যান) কৃতাঃ (রচনা

করিয়াছিল), ব্রজস্থৈঃ (ব্রজবাসিগণ) তৎ তৎ
ফলাদিকং (বিভিন্ন ঋতুজাত ফলাদিকে) দোহদোত্থ-
জাড্যতে ([যদিও] দোহদক্রিয়া হইতে উৎপন্ন বলিয়াই
মনে করিতেন, [তথাপি]) বস্তুত: (বস্তুত:)
ঋতূদ্ভব: (ছয় ঋতুই) সদা (সর্বদা [একসঙ্গে])
তৎ বাটিকা: (সেই উদ্যানসমূহের) সেবতে
(সেবা করিত), তে (উদ্যানপালকগণ) তাভ্য:
(সেই সকল উদ্যান হইতে) কণ্ডোল-পূরিতং
(কণ্ডোল অর্থাৎ শাকাদি ধারণের পাত্রবিশেষে পূর্ণ
করিয়া) ভূরি (প্রচুর পরিমাণে) তত্তদৃতূৎপন্ন-
শাক-মূল-ফলাদি (বিভিন্ন ঋতুজাত শাক, মূল ও
ফলাদি) ব্রজেশ্বর্যৈ (ব্রজেশ্বরীকে) উপজহ্রু:
(উপহার দিয়াছিল)॥ ৬৬-৬৭॥

অম্বয়া (মাতা শ্রীযশোদা) তৎ বিভজ্য (তাহা ভাগ
করিয়া) সায়ংশাকার্থং (সন্ধ্যাকালের শাকের
জন্য) অর্ধং (অর্ধ অংশ) দাসীভি: (দাসীগণের
দ্বারা) সংস্কারিতং (শাকের উপযোগিরূপে
সংস্কার করাইলেন), পরং অর্ধং চ (অপর
অর্ধ অংশ) প্রাত:শাকায় (প্রাত:কালীন শাকের

জন্য) ধারিতং (রাখিয়া দিলেন)॥ ৭০॥
এষা (মাতা) তৈঃ হৃতানি (উদ্যানপালকগণ কর্ত্তৃক
আনীত) নারিকেলাদি-পক্কাম্রফলানি (নারিকেল-
প্রভৃতি ফল ও পক্ক আম্রফল) পুত্রয়োঃ (পুত্রদ্বয়ের)
সায়ং ভোজনায় (সন্ধ্যাকালে ভোজনের জন্য) দাসৈঃ
(ভৃত্যগণের দ্বারা) সংস্কারয়ামাস (যথাযোগ্যরূপে
সংস্কার করাইয়া দিলেন)॥ ৭১॥
হরেঃ মাতা (শ্রীযশোদা) দাসাদীন্ (ভৃত্যপ্রভৃতিকে)
স্বে স্বে কর্ম্মণি (নিজ-নিজ কার্য্যে [এবং]) স্বমাতরৌ
(নিজ মা দুইজনকে অর্থাৎ রোহিণী দেবী ও অতুলাকে)
~~ত্বরয়ন্তী~~ শীঘ্রপাকে (সত্বর পাক-সম্পাদনে)
ত্বরয়ন্তী (উৎসাহ-দান করিয়া) মুহুঃ (বারবার)
ইতঃ ততঃ (ইতস্ততঃ) বভ্রাম (ভ্রমণ করিতে
লাগিলেন)॥ ৭২॥
ততঃ (অনন্তর) পুত্রবিলোকনোৎসুকা (পুত্রদর্শনের
জন্য উৎকণ্ঠিতা) ব্রজেশ্বরী (ব্রজেশ্বরী) শ্বশ্রূ-
প্রমুখাঙ্গনাবৃতা (নিজ মা-প্রভৃতি মহিলাগণের
দ্বারা পরিবেষ্টিতা হইয়া) স্তন্যাশ্রুবিক্লিন্ন-পয়ো-
ধরাম্বরা (স্তনদুগ্ধ ও নয়নজলে স্তনযুগল ও

পরিধেয় বসন। সিক্ত করিয়া) পুরদ্বারং (পুরীর দ্বার-
দেশে) গত্বা (যাইয়া) উদাননা। স্থিতা (উন্মুখী
হইয়া অপেক্ষা করিতে লাগিলেন)॥৭৩॥

স: গোপেশ্বর: (শ্রীনন্দমহারাজ) সূর্যং (সূর্যদেবকে) চরমা-
চল-চংক্রমোৎকং (অস্তাচলগমনে উৎসুক) সমীক্ষ্য
(দেখিয়া) সুত-সমীক্ষণ-জাততৃষ্ণ: (পুত্রদর্শনের
আকাঙ্ক্ষায়) গোরেণু-বেণু-নিনদার্পিত-নেত্রকর্ণ:
(গোধূলির দিকে নেত্র ও বংশীধ্বনির দিকে কর্ণ
নিযুক্ত করিয়া) আত্মবৃন্দৈ: সার্ধং (নিজ জনগণের
সহিত) প্রমুদা (হর্ষভরে) গো-সদনং আপ
(গো-শালায় উপস্থিত হইলেন)॥৭৪॥

উৎসর্পদ্গোরজোজাল-বালপূর্ণেক্ষণোৎসুকা:
([গ্রহগণের পক্ষে] যে সময়ে গোধূলি রাশি উৎক্ষিপ্ত
হয়, তৎকালে অর্থাৎ গোধূলিলগ্নরূপ শুভসময়ে জাত
বালকের পূর্ণ দর্শনে অর্থাৎ সর্ব-প্রকার সম্যক্ দর্শনের
জন্য উৎসুক হইয়া, [ব্রজলোকের পক্ষে] উৎক্ষিপ্ত
গোধূলিরাশির মধ্যে ও বালকগণের সম্যক্ দর্শনের
জন্য উৎসুক হইয়া) গ্রহা: ইব (গ্রহগণের ন্যায়)
ব্রজলোকা: (ব্রজবাসিগণ) উচ্চস্থানে। স্থিতা:

আসন্ (উচ্চস্থানে [প্রথমপক্ষে জ্যোতিঃশাস্ত্র সম্মত উন্নত স্থানে, ব্রজলোকের পক্ষে - প্রাসাদাদির অগ্রভাগপ্রভৃতি স্থানে] অবস্থান করিয়াছিলেন)॥৭৫॥

হরিঃ ([তখন] শ্রীকৃষ্ণ) সখীন্ (সহচরগণকে) পুষ্পৈঃ মণ্ডয়ন্ (পুষ্পরাশি দ্বারা অলঙ্কৃত), গিরা ([এবং] বাক্যদ্বারা) নন্দয়ন্ (আনন্দিত করিয়া) তেষাং (তাঁহাদের) মুদং জনয়ন্ (হর্ষ উৎপাদন সহকারে) ব্রজান্তিকবনং (ব্রজের নিকটবর্তী বনমধ্যে) যযৌ (উপস্থিত হইলেন)॥৭৬॥

অথ (অনন্তর) হরিঃ (শ্রীকৃষ্ণ) তত্র (সেই বনমধ্যে) স্ফারে (সুবিস্তীর্ণ) সরসি (সরোবরের নিকটে) মুরলী-নিস্বনৈঃ (বংশী-ধ্বনিদ্বারা) গাঃ সুধুয়ন্ (ধেনুগণকে স্থির করিয়া) পাথঃ (জল) পায়য়িত্বা (পান করাইয়া) পৃথক্ গুচ্ছান্ গুচ্ছান্ (পৃথক্ পৃথক্ গুচ্ছসমূহ) অরচয়ৎ (রচনা করিলেন [এবং]) হৃদি (নিজ বক্ষঃস্থলে) নানাবর্ণৈঃ (নানাবর্ণ) মণিভিঃ (মণিরাশিদ্বারা নির্মিত) যা মালা (যে মালা) আসীৎ (ছিল), তয়া (সেই মালাদ্বারা) অসৌ (তিনি) নানাবর্ণান্ (নানাবর্ণ-

বিলিখিয়া) স্বান্ (স্বীয়) ধেনুবৃন্দান্ (ধেনুগণের
যূথসমূহের) আগণয়ৎ আশু (গণনা করিয়াছিলেন) ॥৭৭॥
সঃ (তিনি) স্বস্য কিম্বা সখীনাং (নিজের কিম্বা
সহচরগণের) সর্বাং (ধেনুগণের) সংখ্যাপূর্তৌ
(গণনাদ্বারা সংখ্যাপূরণ হইলে) মুদিতঃ ভবতি
(সন্তুষ্ট হইতে লাগিলেন, [আর]) সংখ্যান্যূনে
(সংখ্যাগত ন্যূনতা ঘটিলে) সপদি (তৎক্ষণাৎ)
বেণুসঙ্কেতনাদৈঃ (বংশীর সঙ্কেত ধ্বনিদ্বারা)
~~তত্তন্নাম্না (বিভিন্ন নামে)~~ স্বগণ-বিযুতাঃ (নিজ নিজ
যূথ হইতে বিচ্যুত) তাঃ গাঃ (সেই ধেনুগণকে)
শীঘ্রং (সত্বর) ~~আহূয়~~ তত্তন্নাম্না (তাহাদের
নামানুসারে) আহূয় (আহ্বান করিয়া) ~~চলতি~~
তত্তদ্‌যূথে (নিজ নিজ ~~স্বগণের~~ যূথমধ্যে) ঘটয়ন্
(প্রবেশ করাইয়া) তান্ চালয়ন্ (তাহাদিগকে
চালনা করিয়া) ব্রজায় চলতি (ব্রজের দিকে
চলিতে লাগিলেন)॥৭৮॥
শ্রীধেনুরেণু-শারিশিক্তারিতাঙ্গ-গুঞ্জা-বনস্রগণস্তুর-
চম্পক-কেশপিঞ্ছঃ (ধেনুগণের খুরোত্থিত ধূলি-
রাশিদ্বারা যাঁহার অঙ্গ, গুঞ্জামালা, বনমালা,

বস্ত্র, চন্দন অলঙ্কারাদি, বেণু ও ময়ূরপুচ্ছ সম্পূর্ণ-
রূপে পিঙ্গলবর্ণ হইয়াছে), নির্মোক-পাল-মুরলী-দল-
যষ্টি-শৃঙ্গী (যিনি বেণুগণের পাদবন্ধন রজ্জু, মুরলী,
দল, যষ্টি ও শৃঙ্গদ্বারা শোভা পাইতেছেন [এবং])
লোলারুণাতিবিপুলায়ত-পক্ষলাক্ষঃ (যাঁহার লোম-
রাজিশোভিত নয়নযুগল চঞ্চল, অরুণবর্ণ ও অতি-
বিস্তৃত হইয়াছে), বনাটন-শ্রমজ-কান্ত্যমৃতাতি-
বর্ষা-সংসিক্ত-সর্বজন-নেত্র-চকোরবৃন্দঃ (যিনি বন-
ভ্রমনহেতু পরিশ্রমজনিত তাৎকালিক কান্তিরূপ
অমৃতধারার বর্ষণদ্বারা জনগণের নয়নরূপ চকোর-
বৃন্দকে অভিষিক্ত করিতেছিলেন [এবং]) বংশী-
কলাকৃত-বিঘূর্ণিত-যোষিতালিঃ (বংশীর কলধ্বনি-
দ্বারা যুবতীগণের আকর্ষণ ও ঘূর্ণিসঞ্চার করিতে-
ছিলেন), সঃ (সেই) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) স্বসখৈঃ
(আত্মতুল্য) বয়স্যৈঃ (বয়স্যগণের সহিত)
ঘোষং (ব্রজমধ্যে) আবিশৎ (প্রবেশ করিলেন)॥৭৯-৮০॥
কান্তিশোচিঃ (শ্রীকৃষ্ণের দীপ্তিরূপ) জলধরমালা
(মেঘমালা) ব্রজভুবি (ব্রজভূমিতে) উদয়ন্তী
(উদয়োন্মুখী হইয়া) বিশ্বক্-পাতিঃ (সর্বত্র প্রসার-
শালী) বংশীধ্বনামৃত-মধুরাসারৈঃ (বংশীধ্বনিরূপ

অমৃতের মধুর ধারাবর্ষণদ্বারা) তাং (ব্রজভূমিকে)
সংসিঞ্চন্তী (সম্যক্ভাবে সিক্ত করিয়া) স্ববিরহ-
দাবোচ্ছেত্রী (কৃষ্ণবিরহ রূপ দাবানলের উচ্ছেদ-
সাধন পূর্বক) রেজে (বিরাজ করিয়াছিল)॥৮১॥

এই শ্লোকে 'জলধর-মালা' নামক ছন্দঃ জ্ঞাতব্য।

শ্রীকৃষ্ণাগম-ভূপতেঃ (শ্রীকৃষ্ণের আগমন রূপ
নরপতির) মার্দঙ্গ-শৃঙ্গাদি কোলাহলং (মৃদঙ্গ-
গণের সৈন্যরূপ শৃঙ্গ প্রভৃতির কোলাহল) শ্রুত্বা
(শ্রবণ করিয়া [এবং]) উদ্যৎসুরভী-রজোধ্বজ-
চয়ান্ (ধেনুগণের সমুত্থিত ধূলিরূপ ধ্বজসমুদয়)
দূরাৎ বিলোক্য (দূর হইতে দর্শন করিয়া)
তদ্বিরহাখ্য-দস্যুনৃপতিঃ (কৃষ্ণবিরহনামক
দস্যুরাজ) উদ্বিগ্নঃ (উদ্বিগ্নচিত্তে) চিন্তা-তানব-
দীনতাতিজড়তার্ত্যুদ্বেগ-সেনান্বিতঃ (চিন্তা, কৃশতা,
দৈন্য, অতি-জড়তা, পীড়া ও উদ্বেগ রূপ স্বীয় সেনা-
গণের সহিত) ক্ষণাৎ (ক্ষণকাল মধ্যেই) ঘোষাৎ
(ব্রজধাম হইতে) অপযাতঃ (পলায়ন করিয়াছিল)॥৮২॥

শ্রীহরেঃ (শ্রীকৃষ্ণের) আগমাখ্যে (আগমনরূপ)
প্রাবৃট্কালে (বর্ষাকাল) গবাং (ধেনুগণের)

ধূলীজালাব্দমালে (খুরোত্থিত ধূলিজালরূপ মেঘমালায় সজ্জিত [এবং]) হম্বারাব-স্তনিতবলিতে (হম্বাধ্বনিরূপ গর্জনযুক্ত হইয়া) বংশীগানামৃতবৃষ্টি (বংশীসঙ্গীতরূপ জলবর্ষণ সহকারে) অভ্যুদয়তি (উদিত হইলে) সর্বতঃ (চারিদিক্ হইতে) ব্রজজনততিঃ (ব্রজবাসিগণ-স্বরূপ) প্রোদ্যত্তৃষ্ণা (তৃষ্ণার্ত) ইয়ং (এই) চাতকালিঃ (চাতকগণ) উন্মুখী চ (উন্মুখ হইয়া) মুদা (হৃষ্টচিত্তে) অভ্যুপেতা ([তাঁহার] নিকটে উপস্থিত হইল) ॥৮৩॥

ব্রজেশঃ (শ্রীনন্দমহারাজ) ভ্রাতৃভিঃ গোপৈঃ (ভ্রাতা গোপগণের) সহ (সহিত [এবং]) ব্রজেশা (শ্রীযশোদা) যাতৃভিঃ (জা'গণের সহিত) দূরাৎ (দূর হইতে) তূর্ণং (সত্বর) সমভ্যেত্য (নিকটে আসিয়া) তনয়ৌ (পুত্রদ্বয়কে) পরিষস্বজে (আলিঙ্গন করিলেন) ॥৮৪॥

রোহিণী (রোহিণীদেবী) রসবতীং (পাকশালা) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) তদবেক্ষণে (তাহার পরিদর্শনে) দাসীঃ (দাসীগণকে) সংস্থাপ্য (সেখানে রাখিয়া) অতুলয়া (অতুলার সহিত) অভ্যেত্য (নিকটে আসিয়া) তৌ সুতৌ (পুত্রদ্বয়কে) আলিঙ্গ্য (আলিঙ্গন পূর্বক) ননন্দ (আনন্দিতা হইলেন) ॥৮৫॥

সুস্মিত-বদনা: (সুহাস্য দন্তরাজির শোভাযুক্তা),
~~ব্রজাম্বিম্ববদনা: (ব্রজের সুন্দরীগণ)~~
ব্রজবিম্ববদনা: (ব্রজের চন্দ্রমুখী সুন্দরীগণ) মুরলী-
~~নদনাৎ (মুরলীর (মুরলীর ধ্বনিশ্রবণে~~
নদনাৎ (মুরলীর ধ্বনি শ্রবণে) উল্লসিত মদনা: (কন্দর্প-
ভাবের উদয়হেতু) গদ্গদবদনা: (গদ্গদভাষিণ),
স্খলিতবসনা: (শিথিল বসন [এবং]) অপকদনা:
(চিত্ত মনস্তাপের উপশম-সংকোচের) সদনাৎ সদনাৎ
(প্রতি গৃহ হইতে) যযু: (সমাগত হইলেন) ॥৮৬॥
বত (অহো!) কৃষ্ণে চিত্রভানৌ (শ্রীকৃষ্ণরূপ সূর্য)
পুরস্তাৎ (সম্মুখভাগে) উদয়তি (উদিত হইলে)
ব্রজবসতি-জনানাং (ব্রজবাসী জনগণের) অম্বুজদলে
(নয়নরূপ উৎপলের) ফুল্লতা অভূৎ (প্রফুল্লভাব
উদিত হইল [এইরূপ]) স্মিত-কুমুদবিকাশ:
(হাস্যরূপ কুমুদগণের বিকাশ), অঙ্গেন্দুকান্তে:
(দেহরূপ চন্দ্রকান্তমণির) স্বিন্নতা (স্বেদস্রাব [এবং])
বিরহদহনতপ্তং (বিরহানল-সন্তপ্ত) জীবনং চ
(জীবন) শীতলং (শীতল [হইয়াছিল]) ॥৮৭॥
বত (অহো!) কৃষ্ণে (শ্রীকৃষ্ণরূপ) নিত্যপূর্ণে
(চির পূর্ণতাশালী) অদ্ভুতেন্দৌ (বিচিত্র চন্দ্রের)

উদয়তি (উদয় হইলে) ব্রজযুবতি-জনানাং (ব্রজের যুবতীগণের) মুখাব্জং (মুখকমল) ফুল্লং আসীৎ (উৎফুল্ল হইয়াছিল), অরতি-বিধুতি-চিন্তা-ঘূকপালী (পীড়া, বিরহ ও চিন্তারূপ ~~ত্র~~ পেচকরাজি) নিলীনা (লুক্কায়িত হইল [এবং]) তনু-কোকী-সংহতিঃ (দেহরূপ চক্রবাকীগণ) প্রাণকোকৈঃ (প্রাণরূপ চক্রবাকগণের সহিত) মিলতি চ (মিলিত হইয়াছিল) ॥৮৮॥

ব্রজাঙ্গনা-দৃক্-তৃষিতালিমালা (ব্রজাঙ্গনাগণের দৃষ্টিরূপ তৃষ্ণার্ত ভ্রমরীগণ) সমুজ্জ্বলৎ-কান্তি-মরন্দ-লুব্ধা (উজ্জ্বলিত কান্তিরূপ মকরন্দ পানের লালসায়) লজ্জা-প্রতিকূল-বাত্যাং (লজ্জারূপ প্রতিকূল বাত্যা) বিলঙ্ঘ্য (অতিক্রমপূর্বক) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) মুখারবিন্দে (মুখকমলে) পপাত (পতিত হইয়াছিল) ॥৮৯॥

লতান্তরালস্থিত-বল্লবীনাং (লতাদির অন্তরালে অবস্থিতা গোপসুন্দরীগণের) বক্ত্রাণি (মুখ-মণ্ডলকে) বিকচাম্বুজানি (বিকশিত পদ্মশ্রেণি) মত্বা (মনে করিয়া) শৌরেঃ (শ্রীকৃষ্ণের) লুব্ধা (লুব্ধ) দৃগালিদ্বয়ী (নয়নযুগলরূপ ভ্রমরযুগল) হ্রী-বাত্যয়া (লজ্জারূপ বাত্যাদ্বারা) সংভ্রামিতা অপি (অতিশয়

ঘূর্ণিত হইয়াও) ইহ (তন্মধ্যে) পপাত (পতিত হইয়াছিল)॥ ১০॥

গোপিকাভ্যঃ (গোপীগণ) শ্রীহরেঃ (শ্রীকৃষ্ণের) বদন-কমলং (মুখকমল) দর্শং দর্শং (দেখিয়া দেখিয়া), তদ্বপুঃস্পর্শিবাতং (তদীয় অঙ্গসংস্পৃষ্ট বায়ু) স্পর্শং স্পর্শং (স্পর্শ করিয়া করিয়া), তনুপরিমলং (দেহের সৌরভ) ঘ্রায়ং ঘ্রায়ং (আঘ্রাণ করিয়া করিয়া), তদধরমধু-স্ফীত-বংশী-নিনাদং ([এবং] তাঁহার অধরের মধুসংস্পর্শে স্ফীত বংশীধ্বনি) স্বাদং স্বাদং (আস্বাদ করিয়া করিয়া) স্বানি (নিজ নিজ) পঞ্চ ইন্দ্রিয়াণি (পঞ্চ ইন্দ্রিয়কে) অধিকং মুহুর্মুহুঃ (সমধিক-ভাবে পরিপুষ্ট করিয়াছিলেন [এস্থলে 'স্বাদং স্বাদং' এই শব্দদ্বয়ে অধরের মধুর আস্বাদহেতু রসনা এবং বংশীধ্বনির আস্বাদনে কর্ণের পোষণ উদ্দিষ্ট হওয়ায় পঞ্চ ইন্দ্রিয়ের পোষণ সিদ্ধ হইতেছে]) ॥ ১১॥

শ্রীরাধিকাপাঙ্গ-বিলোকনেষুনা (শ্রীরাধার কটাক্ষ-দৃষ্টিরূপ বাণে) সংস্পৃষ্ট-মর্মা (মর্মস্থল স্পর্শ করিতেই) সঃ (শ্রীকৃষ্ণ) যথা (যেরূপ) আকুলঃ অভবৎ (আকুল হইয়াছিলেন), অন্যাঙ্গনা-

শ্রেণী-কটাক্ষ-শরালীভিঃ (অপর সকল রমণীগণের
কটাক্ষরূপ বাণরাজি দ্বারা) সংভিন্ন-মর্মাবয়বঃ অপি
(মর্মদেশে সম্যক্‌ভাবে বিদ্ধ হইয়াও) অসৌ (তিনি)
তথা ন (সেরূপ আকুল হন নাই)॥ ৬২॥

সঃ (শ্রীকৃষ্ণ) রাধিকায়াঃ (শ্রীরাধার) বক্ত্রেন্দু-মন্দ-
হসিতামৃত-লেশ-সেকাৎ (মুখচন্দ্রের ঈষৎ হাস্যরূপ
অমৃতের সংকিঞ্চিৎ সেচনহেতুই) যদ্বৎ (যেরূপ)
সুনির্বৃতিং অবাপ (পরম সুখ অনুভব করিয়াছিলেন),
গোপ-সুদৃশাং (নিখিল গোপসুলোচনাগণের)
বদনেন্দু-বৃন্দ-প্রোদ্যৎ-স্মিতামৃত-সর-প্রকরাবগাহাৎ
(মুখচন্দ্ররাজি হইতে প্রকৃষ্টরূপে উদগত হাস্যামৃত-
রাশির নির্ঝর-সমূহে অবগাহনহেতুও) তদ্বৎ ন
(তাদৃশ সুখ অনুভব করেন নাই)॥ ৬৩॥ (গোকুলৈঃ (কাষ্ঠদ্বারা))

গোকুলেশ্বরঃ ([অনন্তর] গোকুলপতি) গোকুল-
স্ত্রীণাং (গোকুল-রমণীগণের) গো-কুলং (ইন্দ্রিয়-
অর্থাৎ নয়নযুগল) হরন্ (আকর্ষণ করিতে করিতে), গো-কুলৈঃ
(শব্দসমূহ দ্বারা অর্থাৎ 'হিহী' ইত্যাদি সম্বোধনজনক
শব্দ দ্বারা) গো-কুলৈঃ (বলীবর্দ প্রভৃতি 'গো'
গণের সহিত) গো-কুলং (ধেনুগণকে) গোকুলং
নিন্যে (গোকুলে আনয়ন করিলেন)॥ ৬৪॥

পিতরৌ (শ্রীযশোদা ও শ্রীনন্দমহারাজ) কাননাৎ
(বন হইতে) সমাগলন্তং (সমাগত), ভাবিক-বলিতং
(মঙ্গলযুক্ত), প্রাণ-প্রাণং (প্রাণাধিক প্রিয়) তং
(শ্রীকৃষ্ণকে) দূরতঃ গতং (দূর-গত, [অথচ সম্প্রতি])
হস্তং আপ্তং (হস্তপ্রাপ্ত) নিধিং ইব (নিধির ন্যায়)
অগ্রে (সম্মুখে) আসাদ্য (লাভ করিয়া) চুম্বন্তৌ
(চুম্বন করিতে করিতে) হৃদি (হৃদয়ে) নিদধতৌ
(ধারণপূর্বক) তদাস্যং (তাঁহার মুখ) লোকয়ন্তৌ
(নিরীক্ষণে [এবং]) শিরাংসি (মস্তক) সংজিঘ্রন্তৌ
(আঘ্রাণ করিয়া) বাঞ্ছিতানি (সকল অভীষ্ট)
প্রাপতুঃ (লাভ করিয়াছিলেন)॥ ৩৫॥

তৌ পিতরৌ (মাতা শ্রীযশোদা ও পিতা শ্রীনন্দমহারাজ)
সূনোঃ (পুত্র শ্রীকৃষ্ণের) সবর্হকান্ (ময়ূরপুচ্ছ-
সহিত) গোধূলি-ধূম্রান্ (গোধূলি-ধূমর) অলকান্
(অলকরাজি) বসনাঞ্চলেন (বস্ত্রাঞ্চলদ্বারা)
বিশুদ্ধয়ন্তৌ (পরিষ্কৃত করিতে করিতে) স্তন-দৃক্-
পয়ঃ প্রবৈঃ (স্তনদুগ্ধ ও নয়নের জলধারায়)
তদঙ্গানি (তদঙ্গসমূহের) প্রক্ষালয়ন্তৌ (প্রক্ষালন-
সহকারে) ননন্দতুঃ (আনন্দ লাভ করিয়াছিলেন)॥ ৩৬॥

অধুনা আসী (সম্প্রতি সন্ধ্যাকালেও) বকীরিপো: (শ্রীকৃষ্ণের) তাতাদি-লোকৈ: (পিতাপ্রভৃতি সকল লোকের সহিত) মিলনং (মিলন) প্রাতর্বৎ (প্রাত:-কালের ন্যায়ই) আসীৎ (হইয়াছিল), কিন্তু (কিন্তু) প্রাতস্তনং (প্রাত:কালীন) তৎ (মিলনের) তদ্‌বিরহক্লমোত্তরং (উত্তরকালে শ্রীকৃষ্ণের বিরহ-জনিত ক্লান্তি সংঘটিত হয়), সায়ন্তনং ([আর] সন্ধ্যাকালীন মিলনের) সংস্ফূর্তি-সংমদোত্তরং (উত্তরকালে মিলনজনিত প্রমোদেরই সঞ্চার হয়)।।২৭।।

অথ (অনন্তর) অংশুমান্ (সূর্য) স্বপ্রবেশত: (নিজ প্রবেশ দ্বারা) অস্তাচলে গোজালং সংকলয্য ইব (যেরূপ অস্তাচলে কিরণরাশিকে সংযত করিয়া [প্রবেশ করাইয়া থাকেন, সেইরূপ]) কেশব: (শ্রীকৃষ্ণ [নিজ-প্রবেশদ্বারা]) গোশালে (গো-শালায় [গোজালং অর্থাৎ গো-সমূহকে সংযত করিয়া]) বলয়াম্বাস (প্রবেশ করাইয়াছিলেন)।।২৮।।

অসৌ (শ্রীকৃষ্ণ [গোশালার মধ্যে]) যথাস্থানং (যথাস্থানে) পৃথক্‌ পৃথক্‌ (পৃথক্‌ পৃথক্‌ভাবে) ধেনূ: (নবপ্রসূতা গাভী), বষ্কয়নী: (চিরপ্রসূতা

গাভী), বৎসতরী: (ধেনুবৎসা), গৃষ্টী: (অলৌকিকী ধেনু), পরেষ্টুকা: (অনেকবার প্রসূতা গাভী), সন্ধিনী: (গর্ভনাশ-কারিনী গাভী), উপসর্যা: (ঋতুমতী গাভী), প্রষ্ঠৌহী: (বাল-গর্ভিনী গো), বৃষান্ (বৃষ), বৎসতরান্ (বৎসতর), পণ্ডান্ (পণ্ড), যুগ্য-প্রাসঙ্গ্য-শাকটান্ (যুগ্য অর্থাৎ যোয়াল-বাহক, প্রাসঙ্গ্য অর্থাৎ যুগ ও যোয়ালবাহক এবং শকটবাহক গোসমূহকে) নিবেশ্য (প্রবেশ করাইয়া) তর্ণকান্ (বৎসগণকে) পায়য়ামাস (মাতৃস্তন পান করাইয়া ছিলেন)॥ ৯৯-১০০॥

তল্লালনায় (শ্রীকৃষ্ণের লালনের জন্য) উৎসুক-মানসাভ্যাং (চিত্তের ঔৎসুক্য নিবন্ধন) পিতৃভ্যাং (মাতা পিতা) মুহুঃ (বারবার) অর্থিত: অপি (প্রার্থনা করিলেও) অসৌ (শ্রীকৃষ্ণ) গবালী-দোহোৎসুক: (ধেনুগণের দোহনবিষয়ে উৎসুক হইয়া) যদা (যখন) গৃহং গন্তুং (গৃহগমনে) ন ঐচ্ছৎ (ইচ্ছুক হইলেননা), তদা (তখন) জনক: (পিতা শ্রীনন্দমহারাজ) তং আহ (তাঁহাকে বলিলেন)॥ ১০১॥

গাবঃ (ধেনুগণ) ক্ষণং (ক্ষণকাল) বিশ্রাম্যন্তু (বিশ্রাম করুক), তর্ণকাঃ (বৎসগণ) পয়ঃ পিবন্তু (দুগ্ধ পান করুক), অহং (আমি) অত্র (এখানে) আস্মি (রহিয়াছি [এবং]) এতে (এই) গোপাঃ (গোপগণও) গোদোহনোৎসুকাঃ সন্তি (গো-দোহনে উৎসুকই রহিয়াছে)॥১০২॥

[অতএব] বৎসৌ (হে বৎস রামকৃষ্ণ!) শ্রান্তৌ যুবাং (তোমরা উভয়ে পরিশ্রান্ত বলিয়া) গৃহং যাতং (গৃহে যাও), মাত্রা (জননীকর্তৃক) অত্র (গৃহে) স্নানাদ্যৈঃ (স্নানাদিদ্বারা) লালিতৌ (লালিত হইয়া) গতশ্রমৌ (পরিশ্রম দূর হইলে) গোদোহায় (গো-দোহনের জন্য) পুনঃ (পুনরায়) আয়াতং ([এখানে] আসিবে)॥১০৩॥

[তখন] বটুঃ (মধুমঙ্গল) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) কর্ষন্ (আকর্ষণ করিয়া) প্রাহ (বলিলেন), কৃষ্ণ (হে শ্রীকৃষ্ণ!) বয়ং (আমরা) ক্ষুত্তৃড্‌ভ্যাং (ক্ষুধা তৃষ্ণায়) বাধিতাঃ (পীড়িত হইয়াছি), গৃহং এহি ([তুমি] গৃহে আস), পান-ভোজনৈঃ (পান-ভোজনে) নঃ (আমাদের) প্রাণান্ রক্ষ (জীবন রক্ষা কর)॥১০৪॥

বৎসলয়া (বাৎসল্যযুক্তা) বলাম্বয়া (রোহিণীদেবী)
আম্রেড়িতঃ (দুই তিনবার বলিলে), ব্রজেন্দ্রেণ
(শ্রীনন্দমহারাজ) মুহুঃ (বারবার) কৃতাগ্রহোৎকরঃ
(বহু আগ্রহ প্রকাশ করিলে [এবং]) নিজাম্বয়া
(মাতা শ্রীযশোদা) আকৃষ্টকরঃ (হাত ধরিয়া
আকর্ষণ করিলে) সহাগ্রজঃ (অগ্রজ বলদেবের
সহিত) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) সাম্মিতিঃ (সহচরগণের
সঙ্গে মিলিত হইয়া) নিজালয়ং (নিজগৃহে)
প্রতস্থে (গমন করিলেন) ॥১০৫॥

অন্যে (অন্যে) সর্বান্ (শ্রীকৃষ্ণের সকল সহচরগণকে) স্বগৃহং
নয়ন্তীং ব্রজেশ্বরীং (ব্রজেশ্বরী নিজগৃহে লইয়া
যাইতে আরম্ভ করিলে) হরেঃ (শ্রীকৃষ্ণের) সখি-
মাতরঃ (সহচরগণের মাতৃগণ) তাঁদের অনীশাঃ
অপি (ব্রজেশ্বরীর সঙ্গত্যাগে অসামর্থ্যসত্ত্বেও)
মার্গে (পথমধ্যে) সংপ্রার্থ্য (অনেক
প্রার্থনা করিয়া) অনীশ্বরং অপি স্বস্বাত্মজং
(শ্রীকৃষ্ণের সঙ্গত্যাগে] অসমর্থ নিজ নিজ পুত্রকেও)
নিজালয়ং নিন্যুঃ (নিজ নিজ গৃহে
লইয়া গেলেন) ॥১০৬॥

ব্রজেশয়া (ব্রজেশ্বরী) সবসৌ সবলে ([illegible]
ও বলদেবের সহিত) হরী (শ্রীকৃষ্ণকে) গৃহে
(গৃহে) নীতে (লইয়া গেলেন) বলাম্বা
(রোহিণীদেবী) অতুলয়া (অতুলার সহিত)
ধৌতপাদা (পাদপ্রক্ষালনপূর্বক) রসবতীং যযৌ
(পাকশালায় গমন করিলেন)॥১০৭॥

গোকুলেশো: (শ্রীগোকুলচন্দ্রের) লোকনাৎ
(দর্শনহেতু) শমিতবিরহতাপা: (যাঁহাদের
বিরহতাপ উপশমিত হইয়াছিল [এবং])
আব্রজান্ত: (ব্রজের শেষ) ভাগপর্যন্ত) বীহিত-
তদনুযানা: (তাঁহার অনুগমনহেতু) প্রহৃষ্টা:
([যাঁহারা] অতিশয় হর্ষান্বিতা হইয়াছিলেন,
[সেই]) রাধিকাদ্যা: (শ্রীরাধা প্রভৃতি গোপ-
বধূগণ) তদুপকলন-বিচ্ছেদার্তি-সংবিগ্নচিত্তা:
~~(চিত্তে তাঁহার দর্শনবিচ্ছেদহেতু~~
(~~চিত্তে~~ তাঁহার ভাবী দর্শনবিচ্ছেদহেতু চিত্ত পীড়ায়
উদ্বিগ্ন হইয়া) নিজনিজভবনং (নিজ-
নিজ গৃহে) যযীয়ু: (প্রস্থান
করিয়াছিলেন)॥১০৮॥

অপুত্রাণাং (অপুত্রক ব্যক্তিগণের পক্ষে) সুতঃ
(পুত্রের), অধনিনাং (দরিদ্রগণের পক্ষে)
বহুকনকবৃষ্টেঃ (প্রভূত সুবর্ণবৃষ্টির [এবং])
দাবানল-বলিত-বনাশ্রিতিমূষাং (দাবানলাক্রান্ত
বনমধ্যে অবস্থিত প্রাণিগণের পক্ষে) মহাবৃষ্টেঃ
(প্রবল বৃষ্টির) অকস্মাৎ লব্ধিঃ (অকস্মাৎ
লাভ) যথা (যেরূপ) পরমানন্দজননী
(অতিশয় আনন্দজনক হয়), ঘোষস্থানাং
(ব্রজবাসিগণের পক্ষেও) পুনঃ অপি (পুনরায়)
হরেঃ সংপ্রাপ্তিঃ (শ্রীকৃষ্ণের সমাগম) তথা
অভূৎ (সেইরূপ পরমানন্দজনক হইয়াছিল) ।।১০৭।।

শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে
(যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মের ভ্রমর-
স্বরূপ শ্রীরূপগোস্বামীর সেবার ফলস্বরূপ),
শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে (পরমসুপণ্ডিত
শ্রীরঘুনাথ দাস গোস্বামী যাহার উপদেশ
করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদ্গতে (শ্রীমান্

জীব গোস্বামীর সঙ্গহেতু যাহার উদয় হইয়াছে
[এবং]) শ্রীরঘুনাথভট্টবরতো (শ্রীরঘুনাথভট্ট-
গোস্বামীর বর বা অনুগ্রহহেতু যাহার প্রকাশ
হইয়াছে), গোবিন্দলীলামৃতে ~~কাব্যে~~ (শ্রীগোবিন্দ-
লীলামৃতনামক [সেই]) কাব্যে (কাব্যের
অন্তর্গত রূপে) অপরাহ্নকেলিবলিত: (অপরাহ্ন-
কেলির বর্ণনাময়) অসৌ (সুপ্রসিদ্ধ)
ঊনবিংশতিতম: (ঊনবিংশ-সংখ্যক) সর্গ:
অগাৎ (সর্গ পরিসমাপ্ত হইল) ॥ ১৯ ॥

বিংশ সর্গ

[যিনি] সায়ং (সন্ধ্যাকালে) নিজরমণকৃতে (নিজ প্রিয়তমের জন্য) স্বসখ্যা (নিজ সখীদ্বারা) প্রেষিতানেকভোজ্যাং (অনেক প্রকার ভোজ্য দ্রব্য প্রেরণ করিয়া) সখ্যানীতেশশেষাশনমুদিতহৃদং (সখীকর্তৃক আনীত প্রিয়তমের ভুক্তাবশেষ আস্বাদনপূর্বক অন্তরে হর্ষলাভ করিয়াছিলেন, এইরূপ) তাং রাধাং চ (শ্রীরাধাকে [এবং যিনি]) সুস্নাতং (সুন্দররূপে স্নান), রম্যবেশং (রম্য বেশ পরিধান [করিয়া]), গৃহং অনু (নিজ গৃহে) জননীলালিতং (জননীর লালন প্রাপ্তির পশ্চাৎ) প্রাপ্তগোষ্ঠং (গোষ্ঠে যাইয়া) নির্ব্যূঢ়োস্রালিদোহং (গো-সমূহের দোহনকার্য সম্পাদনপূর্বক) পুনঃ (পুনরায়) স্বগৃহং অনু (নিজ গৃহে আসিয়া) ভুক্তবন্তং (ভোজন করিয়াছিলেন), তং (সেই) ব্রজেন্দুং চ (শ্রীগোকুলচন্দ্রকে) স্মরামি (স্মরণ করিতেছি) ॥১॥

অথ (অনন্তর) সা ব্রজেশ্বরী (ব্রজেশ্বরী) সদনং আগতা (গৃহে আসিয়া) সুতৌ (পুত্রদ্বয়কে) আপ্লববেদিকাং গতৌ বিধায় (স্নানবেদিকায় উপনীত করিয়া) দাসান্ (ভৃত্যগণকে) তন্নিষেবণে (তাঁহাদের সেবায়) নিযুজ্য আশু (নিয়োগপূর্বক) নিশান্তিক-

স্থিতাং (নিজের নিকটস্থিতা) ধনিষ্ঠিকাং আহ (ধনিষ্ঠাকে বলিলেন) ॥২॥

~~পুত্রি (হে পুত্রি!) (তুমি) রাধাং প্রযাহি (শ্রীরাধার নিকটে যাও), তাং~~

পুত্রি (হে বৎসে!) ত্বং (তুমি) রাধাং প্রযাহি (শ্রীরাধার নিকটে যাও), তাং প্রার্থ্য (তাঁহার নিকট প্রার্থনা করিয়া) অধুনা (সম্প্রতি) তয়া কৃতানি (তাঁহার নির্মিত), কৃষ্ণরুচিদানি (শ্রীকৃষ্ণের রুচিকর [ও]) গুণদানি (হিতজনক) স্বাদূনি (সুস্বাদু) লড্ডুকানি (লড্ডুকসমূহ) বটকৈঃ সহ (বটকসমূহের সহিত) আনয় (লইয়া আস), মে (আমার) সুতৌ (পুত্রযুগল) যদদনাৎ (যাহার ভক্ষণে) চিরজীবিনৌ স্যাতাং (চিরজীবী হইবে) ॥৩॥

সা ([তখন] ধনিষ্ঠা) ব্রজেশ্বর্যাঃ (ব্রজেশ্বরীর) নিদেশতঃ (আদেশানুসারে), এতেষাং স্বয়ং প্রস্থাপনোৎসুকাং (ঐ সকল ভোজ্য বস্তু যিনি স্বয়ংই পাঠাইবার জন্য উৎকণ্ঠিতা ছিলেন), এতাং (সেই) রাধিকাং গত্বা (শ্রীরাধার নিকটে যাইয়া) তানি (ভোজ্য দ্রব্যসমূহ) অযাচত (প্রার্থনা করিলেন) ॥৪॥

তাবৎ (এই সময়েই) বৃন্দয়া প্রহিতা (বৃন্দার প্রেরিতা) সখী (সখী) মালতী অভ্যেত্য (মালতী আসিয়া) শ্রীগোবিন্দস্থলাভিধং (শ্রীগোবিন্দস্থল-নামক) সঙ্কেতকুঞ্জং (সঙ্কেত-কুঞ্জের) আচখ্যৌ (নির্দেশ করিলেন) ।। ৫ ।।

শ্রীরাধিকা অপি (শ্রীরাধাও) তানি (সেই সকল) ভক্ষ্যাণি (ভোজ্য দ্রব্য) বস্ত্রাচ্ছন্নাস্য-সদ্রব্য-মৃৎপাত্রেষু (মুখে বস্ত্র দ্বারা আবৃত মৃন্ময় উত্তম নূতনপাত্রসমূহে) পৃথক্ পৃথক্ (পৃথক্ পৃথগ্‌ভাবে) অলং (যথেষ্টরূপে) ভৃতানি কৃত্বা (পূর্ণ করিয়া) তানি চ (সেসকল মৃৎপাত্রও) চিত্রিতে (চিত্রাঙ্কিত) বিস্তীর্ণে (সুবিস্তৃত) দারুসম্পুটে (কাষ্ঠময় আধারবিশেষে) আধায় (সংস্থাপনপূর্বক) শুক্লাম্বরাবৃতং (শুভ্রবস্ত্রাচ্ছাদিত) তং (সেই কাষ্ঠাধারটি) সকস্তূর্যাং তুলস্যাং (তুলসী ও কস্তূরীর নিকট) ন্যস্য (অর্পণ করিয়া [এবং]) অস্যাং (তাঁহাদের নিকট) তাম্বূলবীটিকাঃ চ ন্যস্য (তাম্বূলবীটিকাও প্রদান করিয়া) জ্ঞাতসঙ্কেত-কুঞ্জায়ৈ (সঙ্কেত কুঞ্জের অভিজ্ঞতা-সম্পন্না) ধনিষ্ঠায়ৈ (ধনিষ্ঠার নিকটে) পুনঃ (পুনরায়)

তৎসকলং (পূর্বোক্ত সকল দ্রব্য) সমর্পয়ৎ (অর্পণ করিয়াছিলেন)॥ ৬-৮॥

সা ঐ আলি (ধনিষ্ঠাও) তাভ্যাং (কস্তুরী ও তুলসীর সহিত, অথবা তাঁহাদের দ্বারা) তৎ আনীয় (তৎসমুদয়) আনীয় (আনয়নপূর্বক) ব্রজেশ্বর্য্যৈ (ব্রজেশ্বরীর নিকটে) ন্যবেদয়ৎ (নিবেদন করিলেন), সা ([এবং] ব্রজেশ্বরী) তাভিঃ (তাঁহাদের দ্বারা) তানি (ঐ সকল ভোজ্য বস্তু) পাত্রেষু (বিভিন্ন পাত্রে) পৃথক্ পৃথক্ অকারয়ৎ (পৃথক্ পৃথক্ স্থাপন করাইয়াছিলেন)॥৯॥

তদা (তৎকালে) সা (শ্রীযশোদা) তেষাং (ঐ সকল ভোজ্যবস্তু) তথা (এবং) স্বালয়সংস্কৃতানাং (নিজ গৃহে প্রস্তুত) ~~ভোজ্য বস্তুসমূহের)~~ তদুপায়নানাং (শ্রীকৃষ্ণের উপহার দ্রব্যসমূহের) কিয়ৎ কিয়ৎ (কতক কতক অংশ) পাত্রেষু (বিভিন্ন পাত্রে করিয়া) আদৌ (সর্বাগ্রে) নারায়ণায় অর্পয়িতুং (নারায়ণের উদ্দেশ্যে নিবেদনের জন্য) বটুভ্যঃ দদৌ (ব্রাহ্মণ-বালকগণের নিকটে অর্পণ করিলেন)॥১০॥

[অনন্তর] দাসৈঃ (ভৃত্যগণ) অঙ্গপ্রক্ষালনাভ্যঙ্গোন্মর্দনো-দ্বর্তনাপ্লবৈঃ (অঙ্গপ্রক্ষালন, অভ্যঙ্গ, উন্মর্দন, উদ্বর্তন,

স্নান), মার্জনোদ্গমনীবস্ত্র-নব্যাংশুকসমর্পণৈঃ (মার্জন, নবীন ধৌত বস্ত্র বস্ত্রযুগল সমর্পণ), কেশ-সংস্কার-তিলকালেপ-মাল্য-বিভূষণৈঃ (কেশসংস্কার, তিলক-রচনা, চন্দনাদির আলেপন, মালা ও অলঙ্কার-রাজি দ্বারা) সেবিতাঃ কৃষ্ণাদ্যাঃ (শ্রীকৃষ্ণ প্রভৃতির সেবা করিলে তাঁহারা) ভোক্তুং (ভোজনের জন্য) আসনে (আসনে) নিবিষ্টাঃ (উপবেশন করিলেন)॥১১-১২॥

অথ (অনন্তর) মাতা (মাতা) অগ্রতঃ (সম্মুখে) তেভ্যঃ (তাঁহাদিগকে) ক্রমাৎ (যথাক্রমে) নারিকেলানি (নারিকেল), বিবিধানি (বিবিধ) পানকাদি-রসালাদি-ফলানি (পানক ও রসালা প্রভৃতি এবং ফলসমূহ), পীযূষগ্রন্থি-কর্পূরকেলিকামৃতকেলিকাঃ (পীযূষগ্রন্থি, কর্পূরকেলি, অমৃতকেলি), বটকান্ (বিভিন্ন বটক-সমূহ), লড্ডুকানি (লড্ডুকসমূহ [এবং]) আজ্য-সংস্কৃতান্নাদিকানি চ (ঘৃতপক্ব অন্নপ্রভৃতি) দদৌ (দান করিয়াছিলেন)॥১৩-১৪॥

তে (তাঁহারা) মধুমঙ্গল-নর্মভিঃ (মধুমঙ্গলের পরিহাস বাক্যাদি দ্বারা) হসন্তঃ হাসয়ন্তঃ (স্বয়ং হাস্য করিয়া এবং অপরেরও হাস্য জন্মাইয়া) মুদা (অতিশয় হর্ষ সহকারে)

ভুক্ত্বা পীত্বা (ভোজন ও পানক্রিয়া সমাপন পূর্বক)
আচম্য (আচমনান্তে) সায়ং (সায়ংকালে) তল্পে
(শয্যায়) বিশশ্রমুঃ (বিশ্রাম করিয়াছিলেন) ।।১৫।।
দাসৈঃ (ভৃত্যগণ) তাম্বূল-ব্যজনাদিভিঃ (তাম্বূল ও
ব্যজনাদিদ্বারা) সেবিতাঃ তে এতে (তাঁহাদের
সেবা করিলে সকলে) মিলিতৈঃ মিত্রৈঃ (সম্মিলিত
মিত্রগণের সহিত) গোদোহায় (গো-দোহনের জন্য)
পুনঃ (পুনরায়) গোশালাং (গোশালায়) যযুঃ
(গমন করিয়াছিলেন) ।।১৬।।
ধনিষ্ঠিকা (ধনিষ্ঠা) স্বসখ্যা (নিজসখী) গুণমালয়া
(গুণমালাদ্বারা) তদ্ভুক্তশেষং (শ্রীকৃষ্ণের ভুক্তাব-
শেষ) তৎসর্বং (তৎসমুদয় দ্রব্য) নিভৃতং (গোপনে)
শ্রীরাধিকায়ৈ (শ্রীরাধার নিকটে) প্রেষয়ামাস
(প্রেরণ করিলেন) ।।১৭।।
সালিবৃন্দা (সখীগণের সহিত) সা (শ্রীরাধা)
তৎ (তাহা) আস্বাদ্য (আস্বাদনপূর্বক) চন্দ্রশালিকাং
(চন্দ্রশালায়) আরুহ্য (আরোহণ করিয়া) গোদোহন-
ক্রীড়ং (গোদোহনলীলারত) কৃষ্ণং পশ্যন্তী (শ্রীকৃষ্ণের
প্রতি) পশ্যন্তী (দৃষ্টিপাত করিয়া) ভৃশং মুমুদে

(অতিশয় আনন্দবোধ করিলেন)॥১৮॥
ক্বচিৎ গ্রীষ্মে (কখনও গ্রীষ্মকালে) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ)
পথি (পথে অর্থাৎ গোষ্ঠে প্রবেশ না করিয়া পথমধ্যেই)
জননীং প্রার্থ্য (মাতার নিকটে প্রার্থনা করিয়া) তৈঃ
সখিকুলৈঃ সমং (সহচরগণের সহিত) সংস্নাতুং
(সম্যক্‌প্রকারে স্নান করিবার জন্য) যমুনাং (যমুনায়)
ক্ব অপি সরঃ চ (কখনও বা সরোবরে) যয়াতি
(গমন করিতেন), তদা (তখন) দাসাঃ (ভৃত্যগণ)
মুদিতাঃ (হৃষ্টচিত্তে) মাত্রা অর্পিত-বিবিধ-ভক্ষ্যাণি
(মাতার প্রদত্ত বিবিধ ভোজ্য বস্তু [এবং]) স্নানীয়া-
ভরণ-বসনাদীনি অপি (স্নান দ্রব্য, আভরণ ও বস্ত্রাদি)
গৃহীত্বা (লইয়া) যযুঃ ([তাঁহাদের সঙ্গে] যাইতেন)॥১৯॥
তত্র (সেখানে) স্নাতাঃ সুবেশাঃ তে (তাঁহারা
স্নান ও মনোজ্ঞ বেশধারণ পূর্বক) ভুক্ত্বা পীত্বা
(পান ভোজন করিয়া) গতশ্রমাঃ (বিশ্রামান্তে)
গোদোহায় (গো-দোহনের জন্য) তেন সমং (সেই
সঙ্গেই) পুনঃ (পুনরায়) গবালয়ং যান্তি
(গোশালায় গমন করিতেন)॥২০॥
তদা (তখন) শ্রী রাধা অপি (শ্রীরাধাও) সায়ং স্নান-

ব্যাজাৎ (সন্ধ্যাকালীন স্নানের ছলে) সখীচয়ৈঃ সহ
(সখীগণের সহিত যাইয়া) কৃষ্ণাঙ্গসঙ্গকারিণি
(শ্রীকৃষ্ণের অঙ্গ-সংস্পৃষ্ট জলধারাময়) অনুস্রোতসি
(অনুকূল স্রোতের মধ্যে) স্নাত্বা (স্নান সমাপনপূর্বক)
কুন্দবল্ল্যা (কুন্দলতাদ্বারা) কৃষ্ণায় (শ্রীকৃষ্ণকে)
রহোভক্ষ্যাণি (গোপনীয় ভোজ্যসমূহ) অর্পয়তি
(অর্পণ করিতেন [এবং]) অসৌ (শ্রীরাধা স্বয়ংও)
তয়া আপ্ত-তচ্ছেষং (কুন্দবল্লীর হস্তদ্বারাই প্রাপ্ত
শ্রীকৃষ্ণের ভুক্তাবশেষ) ভুক্ত্বা (ভোজন করিয়া) তং
পশ্যন্তী (শ্রীকৃষ্ণকে দেখিতে দেখিতেই) গৃহং
যাতি (গৃহে গমন করিতেন)।। ২১-২২।।
[শ্রীকৃষ্ণের গোশালায় গমনকালে] তে দাসাঃ
(ভৃত্যগণ) ভৃঙ্গার-তাম্বূল-পাত্র-ব্যজনপাণয়ঃ
(ভৃঙ্গার, তাম্বূলাধার ও ব্যজন হাতে লইয়া [এবং])
নির্যোগ-পাশ-বেত্রাদিধারিণঃ (ধেনুগণের পাদ-
বন্ধন রজ্জু, পাশ ও বেত্রাদি ধারণ করিয়া)
তং (তাঁহার) অন্বয়ুঃ (অনুগমন করিতেন)।।২৩।।
[তৎকালে তিনি] খট্টোপরি ~~[illegible]~~ (খট্টার
উপরে) সন্নিবিশ্য (উপবেশন করিয়া)

গোপান্ চ দাসান্ চ (গোপগণ ও দাসগণকে)
তত্তৎকৃত্যৌ (বিভিন্ন কার্যের) সমাদিশন্তং (আদেশ-
প্রদান পূর্বক) স্বাধ্বনি দত্তদৃষ্টিং (নিজের অর্থাৎ
শ্রীকৃষ্ণের পথের দিকে দৃষ্টিপাত করিতেছিলেন
[এবং]) পুরোকৃতানেক-পয়োঘটালিং (যাঁহার
সম্মুখে বহুসংখ্যক দুগ্ধপূর্ণ কলস স্থাপিত ছিল,
[এইরূপ]) তাতং (শ্রীনন্দমহারাজকে) পশ্যন্
(দর্শন করিয়া, [এবং যাহারা]) হম্বারাবৈঃ
(হম্বাশব্দে) তৃষিত-রুবতঃ (তৃষ্ণার্ত ক্রন্দনরত)
বৎসকান্ (বৎসগণকে) আহ্বয়ন্তীঃ (আহ্বান করিতে
করিতে) উৎকর্ণাস্যাঃ (মুখ ও কর্ণযুগল উত্তোলন-
পূর্বক) স্বপাথি (শ্রীকৃষ্ণের পথের দিকে) নিহিত-
স্বাবলোকোৎকনেত্রাঃ (তাঁহার দর্শনের জন্য
উৎসুক নয়নযুগল নিক্ষেপ করিতেছে), ঊধো-
~~ভারৈঃ স্খলিত-চলনাঃ (পালানের ভারে যাহাদের~~
~~গতি বিচুক~~ ভারৈঃ (স্তনাধারের ভারে) স্খলিত-
চলনাঃ (যাহাদের গমনে বাধা ঘটিতেছে [এবং
যাহারা]) দুগ্ধপূরান্ স্রবন্তীঃ (দুগ্ধ প্রবাহ ক্ষরণ

করিতেছে, [এইরূপ]) কতিচিৎ (কতিপয়)
দুগ্ধাঃ (সমাপ্তদোহনা, [কতিপয়]) দোহ্যাঃ
(দোহন যোগ্যা, [এবং]) অপরাঃ (কতিপয়)
দুহ্যমানাঃ ধেনূঃ চ (দুহ্যমানা ধেনুকে [দর্শন
করিয়া, [এবং যাঁহারা]) তদ্ধেনোঃ (সেই ধেনু-
গণের) হিহী-পূর্বয়া অভিখ্যয়া ("হিহী" এইরূপ
সম্বোধনপূর্বক নির্দিষ্ট নামানুসারে) উৎকাঃ তাঃ
(সেই উৎকণ্ঠিত ধেনুগণকে [এবং]) পুনঃ
(পুনরায়) অভিখ্যয়া (নামোচ্চারণ সহকারে)
তত্তন্মাতুঃ বৎসকান্ চ (সেই সেই মাতা ধেনুর
বৎসগণকে) আহ্বয়ন্তং (আহ্বানপূর্বক) ইহ
(তথায়) গবাং পয়ঃ (ধেনুগণের দুগ্ধ) দোহং
দোহং (দোহন করিয়া করিয়া) ঘটালিং (ঘট-
সমূহ) পূরয়ন্তং (পূরণ করিতে করিতে) স্বকপার্শ্বে
(শ্রীকৃষ্ণের পক্ষের দিকে) বিন্যস্তাক্ষং (দৃষ্টি-
বিন্যাস করিয়া রাখিয়াছেন, [এইরূপ]) গোদুহাং
গণং চ অপি (গোপগণকে [দর্শন করিয়া,
এবং যাঁহারা]) পূর্ণান্ (দুগ্ধপূর্ণ) কুম্ভান্
(কলসসমূহ) গৃহান্ নয়ন্তং (গৃহে লইয়া

যাইতেছেন), শূন্যান্ (শূন্য [কলসসমূহ]) গৃহাৎ
(গৃহ হইতে) গোপসদতেঃ (শ্রীনন্দমহাশয়ের)
পুরস্তাৎ (সম্মুখে) আনয়ন্তং (লইয়া আসিতেছেন,
[যাঁহারা]) স্বদর্শনোৎকং (শ্রীকৃষ্ণের দর্শনের
জন্য উৎকণ্ঠিত, [এইরূপ]) পয়োভারবহং
(দুগ্ধভারবাহী) পরিচারকানাং গণং চ (পরি-
চারকগণকে [দর্শন করিয়া, এবং যাহারা])
শৃঙ্গৈঃ খুরৈঃ (শৃঙ্গ ও খুর দ্বারা) মুহুঃ (বারবার)
ধরাং দারয়তঃ (ধরাতল বিদীর্ণ করিয়া) গম্ভীর-
তার-স্বন-নাদিতাম্বরান্ (গম্ভীর উচ্চশব্দে
আকাশমণ্ডল মুখরিত করিতেছে), বাসিতা-
সঙ্গতয়ে (ঋতুমতী গাভীর সঙ্গমের জন্য)
পরস্পরং (পরস্পর) প্রযুক্তঃ (যুদ্ধরত হইয়া)
ধাবতঃ (ধাবিত হইতেছে), তান্ (এইরূপ)
ষণ্ডবরান্ চ (প্রচণ্ড ষণ্ডগণকে [দর্শন করিয়া,
এবং]) মিথঃ (পরস্পর) মুহুঃ (বারম্বার)
ষণ্ডকাষণ্ডকি (ষণ্ডকে ষণ্ডকে আঘাত করিয়া)

ক্রীড়াযুদ্ধং বিদর্শিতঃ (ক্রীড়াযুদ্ধের আচরণকারী)
বৎসরান্ চ অপি (বৎসতরগণকে) দৃষ্ট্বা (দর্শন
করিয়া) সঃ হরিঃ (সেই শ্রীকৃষ্ণ) মুমুদে
(হর্ষবোধ করিয়াছিলেন) ॥ ২৪ - ২৯ ॥
[অনন্তর] অথো কৃষ্ণঃ (সেই শ্রীকৃষ্ণ) তাতং বিজ্ঞাপ্য
(পিতাকে জানাইয়া) দোহায় গতঃ (দোহনের
জন্য গমন করিয়া), মুদা (প্রীতিভরে) অভিতঃ
(নিকটসমীপে) মিলিতাঃ (সমাগতা) তাঃ গাঃ চ
(সেই ধেনুগণকে) সান্ত্বনৈঃ (সান্ত্বনার উপায়-
সমূহদ্বারা) সান্ত্বয়ামাস (সান্ত্বনা লাভ করাইয়া-
ছিলেন) ॥ ৩০ ॥
[তৎকালে] হরিঃ (শ্রীকৃষ্ণ) শ্রীহস্তমার্জনৈঃ (শ্রীহস্ত-
দ্বারা মার্জন [ও]) কণ্ডূয়নৈঃ (কণ্ডূয়নদ্বারা)
গাঃ প্রীণয়ন্ (ধেনুগণের প্রীতিসঞ্চার পূর্বক)
বৎসান্ পায়য়ন্ (বৎসগণকে পান করাইয়া)
দুদোহ (দুগ্ধ দোহন করিয়াছিলেন [এবং]) তৈঃ
তৈঃ চ (গোপগণের দ্বারাও) দোহয়ামাস
(দোহন করাইয়াছিলেন) ॥ ৩১ ॥

[তৎকালে] বৎসাঃ (বৎসগণ) উদরপূরং (উদর পূর্ণ
করিয়া) নিপীয় (দুগ্ধ পান পূর্ব্বক) উচ্চকৈঃ (অতিশয়)
তুষ্টিং গতাঃ (তুষ্টিলাভ করিয়াছিল), গোপাঃ
(গোপগণ) যথোপ্সিতং (ইচ্ছানুসারে) দুগ্ধ্বা (দোহন
করিয়া) নিবৃত্তাঃ চ (নিবৃত্ত হইলেন), অহো (অহো!)
তথাপি (তথাপি) গবাং (ধেনুগণের) ঊধঃপয়ঃ-
পূর্ত্তিঃ (পালানের দুগ্ধরাশির পূর্ণতা) হীনতাং
ন অবাপ (ক্ষয়প্রাপ্ত হইলনা) ॥ ৩২॥
গোপাঃ ([তৎকালে] গোপগণ) কৃষ্ণাননাব্জার্পিত-
নেত্রচেতসাং (শ্রীকৃষ্ণের মুখপদ্মের প্রতি নয়ন ও
চিত্তসমর্পণকারী) গবাং (ধেনুগণের) স্বয়ং
সংস্রবৎ (স্বয়ং ক্ষরিত) ঊধস্যং পয়ঃ (স্তনদুগ্ধ-
সমূহকে) স্তনাধোধৃত-কুম্ভসঞ্চয়ৈঃ (স্তনের
অধোদেশে ধৃত কলস সকলের মধ্যে) সংভৃত্য
(পূর্ণ করিয়া) ব্রজেশিতুঃ (শ্রীনন্দমহারাজের)
পুরতঃ (সম্মুখে) নিন্যুঃ (লইয়া গিয়াছিলেন) ॥৩৩॥
বলান্বিতঃ (বলদেবের সহিত) অসৌ (সেই)
হরিঃ (শ্রীকৃষ্ণ) গোপৈঃ (গোপগণের দ্বারা)
নিজ মাতৃলালিতান্ (নিজ নিজ মাতৃগণকর্ত্তৃক লালিত)

বৎসান্ (ধেনুবৎসগণকে) বৎসালয়ং (তাহাদের
বাসগৃহে) প্রবেশ্য (প্রবেশ করাইয়া [এবং])
তাঃ গাঃ চ (সেই ধেনুগণকেও) যথাস্থানং (যথাস্থানে)
নিবেশ্য (স্থাপন করিয়া) ব্রজাধিপস্য (শ্রীনন্দ-
মহারাজের) অন্তিকং (নিকটে) অগমৎ
(গমন করিয়াছিলেন)।। ৩৪।।

সঃ ব্রজস্য রাজা (ব্রজেশ্বর শ্রীনন্দমহারাজ)
তারিকৈঃ (তারবাহিগণের দ্বারা) দুগ্ধং (দুগ্ধ~~[illegible]~~)
গৃহং (গৃহে) প্রস্থাপ্য (পাঠাইয়া), গবালয়-দ্বারি
(গোশালার দ্বারসমূহে) কিঙ্করান্ (ভৃত্যগণকে)
নিযুজ্য (নিযুক্ত করিয়া) সুতাভ্যাং ~~[illegible]~~
~~(পুত্রদ্বয়ের সহিত)~~, সুহৃদাং সঙ্ঘৈঃ চ সমং
(পুত্রদ্বয় এবং সুহৃদ্গণের সহিত) আত্মমন্দিরং
(নিজ মন্দিরে) অব্রজৎ (গমন করিয়া-
ছিলেন)।। ৩৫।।

ক্ষালিতাঙ্ঘ্রয়ঃ তে ([অনন্তর] তাঁহারা পাদ প্রক্ষালন
করিয়া), পৃথক্-বটুনা (পৃথক ব্রাহ্মণবালককর্তৃক)
শালগ্রামশিলায়াং (শালগ্রামশিলায়) কৃতং
(অনুষ্ঠিত), হরেঃ (হরির) সান্ধ্যং আরাত্রিকং
(সন্ধ্যারতি) দদৃশুঃ (দর্শন করিয়াছিলেন)।। ৩৬।।

Useful Factors

$(a+b)^2 = a^2 + 2ab + b^2$

$(a-b)^2 = a^2 - 2ab + b^2$

$a^2 - b^2 = (a+b)(a-b)$

$a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$

$a^3 - b^3 = (a-b)(a^2 + ab + b^2)$

$a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$

$a^2(b-c) + b^2(c-a) + c^2(a-b) = -(a-b)(b-c)(c-a)$

$bc(b-c) + ca(c-a) + ab(a-b) = -(a-b)(b-c)(c-a)$

$a(b^2-c^2) + b(c^2-a^2) + c(a^2-b^2) = (a-b)(b-c)(c-a)$

ROUTINE

Days	1st. Hour	2nd. Hour	3rd Hour	4th. Hour	5th. Hour	6th. Hour	7th. Hour
Monday							
Tuesday							
Wednesday							
Thursday							
Friday							
Saturday							

ধ্বনিটিরে প্রতিধ্বনি সদা ব্যঙ্গ করে

ধ্বনি কাছে ঋণী সে যে পাছে ধরা পড়ে"

—রবীন্দ্রনাথ

শ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ

8

Sulekha

মোট ১৯খানা খাতার মধ্যে (১৭টি)
খাতা নং — ১৭

~~Out of 19 Khatas~~ Khata no — 17

মোট ১৮ খানা
খাতার মধ্যে
খাতা নং— ১৭

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের অন্বয় ও বঙ্গানুবাদ :

দ্বিতীয় সর্গ (Contd)

ব্রজাধীশ: (ব্রজরাজ), মদগোষু উপাবিষ্টেষু (মদগণের সভায় উপবেশন করিলে) ব্রজেশ্বর্যা (ব্রজেশ্বরী) রমাপতে: (নারায়ণের) নৈবেদ্যানি (নৈবেদ্যের প্রসাদস্বরূপ) যানি (যে সকল) নানাবিধানি (বিবিধ) সার্পিষ্কানি (ঘৃতপক্ব ভক্ষ্য বস্তু), ঐক্ষবাণি (ইক্ষুজাত বস্তু), ফলানি চ (ফলরাশি [এবং]) স্রগ্‌গন্ধবীটিকাদীনি (মাল্য, গন্ধদ্রব্য ও তাম্বূলবীটিকা প্রভৃতি) প্রহিতানি (প্রেরণ করিয়াছিলেন), তানি (তৎসমুদয়) মুদা (আনন্দের সহিত) সর্বেভ্য: ব্যতরৎ (সকলের মধ্যে বিতরণ করিয়া দিলেন) ॥৩৭।৩৮॥

সুহৃল্লোকা: (সুহৃদ্ ব্যক্তিগণ) ক্ষণং (ক্ষণকাল) ইষ্টগোষ্ঠীং কৃত্বা (ইষ্টগোষ্ঠী অর্থাৎ অভীষ্ট লোক জনের সহিত সদালাপ করিয়া) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের দর্শন) ত্যক্তুং অক্ষমা: (ত্যাগ করিতে অসমর্থ হইয়া) কৃষ্ণে ন্যস্তেন্দ্রিয়প্রাণা: (ইন্দ্রিয়বর্গ ও প্রাণকে শ্রীকৃষ্ণে ন্যস্ত করিয়াই) গৃহং গতা: (গৃহে গমন করিলেন) ॥৩৯॥

এষ: রাজা (শ্রীনন্দমহারাজ) কৃষ্ণেন সমাযে

(শ্রীকৃষ্ণের সহিত ভোজনের জন্য) সুভদ্রাদীন্,
(সুভদ্র প্রভৃতি) ভ্রাতৃপুত্রান্ (ভ্রাতুষ্পুত্রগণকে)
সদা (প্রত্যহ [এবং]) স্বজনান্ তু (নিজ সম্বন্ধের-
গণকে) ক্বচিৎ ক্বচিৎ (কোন কোন দিন) নিমন্ত্রয়তি
(নিমন্ত্রণ করিতেন) ॥৪০॥দ্বি
সঃ (শ্রীনন্দমহারাজ) তদ্দিনে (সে দিন) তান্
সর্বান্ তু (তাঁহাদের সকলকেই) নিমন্ত্র্য (নিমন্ত্রণ
করিয়া) তেষাং (তাঁহাদের) ভোজনসিদ্ধয়ে
(ভোজনের ব্যবস্থা সম্পাদনের জন্য) বটু দ্বারা
(বটুমঙ্গলের দ্বারা) স্বগৃহেশ্বরীং (নিজ গৃহকর্ত্রী
শ্রীযশোদাদেবীকে) সমাদিশৎ (আদেশ প্রেরণ
করিয়াছিলেন) ॥৪১॥
ততঃ (অনন্তর) ব্রজেশ্বরী (ব্রজেশ্বরী) তুঙ্গীং
(তুঙ্গী), পীবরীং (পীবরী) তথা (এবং)
কুবলাং (কুবলা-নাম্নী) স্বযাতৄঃ (নিজ
জা'গণকে) তত্তৎস্নুষা-পুত্র্যাদি-সংযুতাঃ
(তাঁহাদের পুত্রবধূগণ ও কন্যাপ্রভৃতির সহিত)
আহ্বয়ৎ (নিমন্ত্রণ করিয়াছিলেন) ॥৪২॥
[অনন্তর] রাজ্ঞ্যা (ব্রজেশ্বরী) বটুনা (বটুমঙ্গলের

দ্বারা) আহূতাঃ (আহ্বান করাইলে [সকলে]) তত্র
(সেখানে) প্রক্ষালিতাঙ্ঘ্রয়ঃ (পাদপ্রক্ষালন পূর্ব্বক)
ব্রজেশ্বরং (ব্রজরাজকে) মধ্যে কৃত্বা (মধ্যস্থলে
উপবেশন করাইয়া) ভোজনায় (ভোজনের জন্য)
উপাবিবিশুঃ (উপবেশন করিলেন) ।।৪৩।।
অস্য (শ্রীনন্দমহারাজের) দক্ষিণে (দক্ষিণ ভাগে)
অগ্রজৌ (তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতৃদ্বয়), বামে (বামভাগে)
অনুজৌ (কনিষ্ঠ ভ্রাতৃদ্বয়), পুরঃ ([এবং] সম্মুখ-
ভাগে) পুত্রৌ (পুত্রদ্বয়) স্থিতৌ (উপবেশন
করিলেন। [আর]) সুভদ্রাদ্যাঃ (সুভদ্রপ্রভৃতি)
হরেঃ (শ্রীকৃষ্ণের বামভাগে [এবং]) বটবঃ
(ব্রাহ্মণবালকগণ) বলদক্ষিণে (বলদেবের
দক্ষিণ ভাগে [উপবেশন করিয়াছিলেন]) ।।৪৪।।
[তখন] জননীতিবিজ্ঞা (লৌকিকনীতিজ্ঞানসম্পন্না) সুভদ্র-
জননী (সুভদ্র-জননী) তুঙ্গী (তুঙ্গী) পরিবেশনায়
(পরিবেশনের জন্য) ব্রজপয়া (ব্রজেশ্বরীকর্তৃক)
বিজ্ঞাপিতা (অনুরুদ্ধা হইয়া) সরোহিণীকা (শ্রীরোহিণী-
দেবীর সহিত মিলিতভাবে) ক্রমাৎ (যথাক্রমে)
বিপ্রাত্মজ-শ্বশুর-দেবর-পুত্রকেভ্যঃ (ব্রাহ্মণবালক-

গণ, নিজ স্বামী, দেবরগণ ও পুত্রগণকে) ভোজ্যং (ভোজ্য বস্তু) পরিবিবেশ (পরিবেশন করিয়াছিলেন)॥৪৫॥

~~তেষু (তাঁহারা সকলে) ভেষৎসু (ভোজন করিতে আরম্ভ করিলে)~~ সা (রোহিণীর সহিত কুন্তী) বিবিধ-ব্যঞ্জন-পাত্রযুক্তৈঃ (বিবিধ ব্যঞ্জনপাত্রের সহিত), সৎসৌরভৈঃ (উত্তমসৌরভযুক্ত), কনকবর্ণ ঘৃতাভিষিক্তৈঃ (স্বর্ণবর্ণ ঘৃতদ্বারা সংসিক্ত), স্তূপীকৃতৈঃ (স্তূপীকৃত), সুমৃদুলৈঃ (অতিকোমল), বিশদৌদনৈঃ (শুভ্র অন্নসমূহ দ্বারা) ভৃতাঃ (পরিপূর্ণ) স্থালীঃ (অন্নপাত্রসমূহ) তেষাং পুরঃ (সকলের সম্মুখে) সন্দানিকোপরি (ত্রিকাষ্ঠিকার উপরে) নিদধে সা (স্থাপন করিয়াছিলেন)॥৪৬॥

তেষু (তাঁহারা সকলে) ভেষৎসু (ভোজন করিতে আরম্ভ করিলে) সা (যশোদা ~~কুন্তী~~) ক্রমাৎ (ক্রমশঃ) শেষাণি (অবশিষ্ট) ভূরি-বিধ-ষড়্রস-তেমনানি ~~[illegible]~~ (ছয়রসযুক্ত বহুপ্রকার ব্যঞ্জনসমূহ), সংযাব-পায়স-লসদ্বটকান্ (সংযাব অর্থাৎ দুগ্ধপক্ক গোধূমচূর্ণ ও পায়সের সহিত বটক-সমূহ), অপূপান্ (বিবিধ পিষ্টক [একং]) সদ্ভাজনান্তর-ধৃতাঃ (উত্তম পাত্রান্তরে রক্ষিত) মৃদু-রোটিকাঃ চ

(কোমল রোটিকাসমূহ) পরিবেশয়াতি ([তুঙ্গী ও
রোহিণীদ্বারা] পরিবেশন করাইয়াছিলেন)॥৪৭॥
অথ (অনন্তর) যস্য যস্য (যাঁহার যাঁহার) যৎ যৎ
(যে যে বস্তু) প্রিয়ং (প্রিয়), তৎ তৎ (তৎসমুদয়)
ব্রজেশ্বর্যাঃ (ব্রজেশ্বরীর) ইঙ্গিতেন (ইঙ্গিতক্রমে)
